লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

HSC সৃজনশীল

# সিলেক্টেড ইজি টু টেস্ট পেপারস

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

দ্বিতীয় পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

# ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১। প্রাকৃতিক দুর্যোগের কারণে সুনামগঞ্জের কৃষকদের ফসল ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। উক্ত কৃষকদের ঋণদান ও কৃষিক্ষেত্রে বিনিয়োগের জন্য বাংলাদেশ ব্যাংকের সহায়তায় 'সন্ধ্যা ব্যাংক লি.' প্রতিষ্ঠিত হয়। ব্যাংকটির আর্থিক কার্যক্রম ধীরে ধীরে বৃদ্ধি পায়। ফলে ব্যবসায় সম্প্রসারণের মাধ্যমে লাভজনকভাবে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ জনসাধারণের কাছ থেকে সঞ্চয় সংগ্রহ করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যাংক কী? ১

খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. প্রতিষ্ঠার শুরুতে 'সন্ধ্যা ব্যাংক লি.' কোন ধরনের ব্যাংকিং শুরু করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনসাধারণের নিকট থেকে সঞ্চয় সংগ্রহের মাধ্যমে 'সন্ধ্যা ব্যাংক লি.' কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থায় প্রবেশ করবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২। জনাব আসলাম 'কচা' ব্যাংকে একটি হিসাব খুলে ব্যবসায়িক কার্যক্রম সম্পন্ন করেন। ব্যাংকটি একটি অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। সম্প্রতি জনাব আসলামের ব্যবসায় পরিসর বেড়ে যাওয়ায় দেশের বিভিন্ন স্থানের ব্যবসায়ীদের সাথে লেনদেন সম্পাদন করতে হচ্ছে। 'কচা' ব্যাংকের ব্যবস্থাপক জনাব আসলামকে অন্য আরেকটি ব্যাংকে হিসাব খোলার পরামর্শ দিলেন।

ক. ব্যাংকিং কী? ১

খ. KYC কেন প্রয়োজন? ২

গ. 'কচা' ব্যাংকটি কাঠামোগতভাবে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. অন্য আরেকটি ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩। কেন্দ্রীয় ব্যাংক একটি দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বৈশ্বিক ঘটনা প্রবাহের কারণে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি তার সুদের হার ২% বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করে। সুদের হার বৃদ্ধির পরও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় ব্যাংকটি ঋণ সরবরাহের ক্ষেত্রে কিছু খাত নির্দিষ্ট করে দেয়। যার ফলে বাজারে স্থিতিশীলতা আসে।

ক. নোট ইস্যুকরণ কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের জন্য প্রথমত কোন ধরনের পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঋণ নিয়ন্ত্রণ করার জন্য কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক গৃহীত সর্বশেষ পদক্ষেপটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। রাকিব রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী। তার বাবা একজন প্রবাসী। রাকিবের পড়াশোনার ব্যয় ও পারিবারিক খরচের অর্থ বিদেশ থেকে ব্যাংকের মাধ্যমে পাঠানোর জন্য তার বাবা একটি ব্যাংক হিসাব খুলতে বলেছে। জমাকৃত টাকা হতে রাকিব প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ টাকা অন্য একটি হিসাবে জমা করার কথা ভাবছে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. ব্যাংক কেন গ্রাহকের হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ২

গ. উদ্দীপকে রাকিবের বাবা কোন ধরনের ব্যাংক হিসাব খোলার পরামর্শ দিলেন এবং কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রাকিব কোন হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা করার কথা ভাবছে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৫। জনাব জুয়েল ঢাকা শহরের একজন বিশিষ্ট ব্যবসায়ী। তার নিকট পাওনা টাকা বাবদ জনাব আজাদের বরাবর ৮ লক্ষ টাকার একটি চেক ইস্যু করেন। চেকটি জনাব জুয়েল ব্যক্তিগত সহকারীর মাধ্যমে প্রেরণ করেন। কিন্তু জনাব জুয়েলের ব্যক্তিগত সহকারী ব্যাংক থেকে টাকা উত্তোলন করে পালিয়ে যায়।

ক. ব্যাংক নোট কী? ১

খ. চেকের ব্যবহার সার্বজনীন কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব জুয়েলের ইস্যুকৃত চেকটি কোন ধরনের চেক ছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জুয়েল আরও কী কী প্রক্রিয়া অবলম্বন করলে প্রতারণার হাত থেকে রক্ষা পেতেন? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬। জনাব রাসেল 'আলফা ব্যাংক লি' এর একজন গ্রাহক। তিনি ব্যাংকিং লেনদেন সহজে সম্পাদন করার জন্য চেকের পরিবর্তে একটি ইলেকট্রনিক কার্ড ব্যবহার করেন। অপরদিকে তার ভাই জনাব ফয়সাল এমন একটি ইলেকট্রনিক কার্ড ব্যবহার করেন যার মাধ্যমে টাকা উত্তোলন, ঋণ গ্রহণ ও জমাদান ছাড়াও অন্যান্য আর্থিক লেনদেন সম্পন্ন করেন।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১

খ. "নিরাপত্তাহীনতাই হলো ইলেকট্রনিক ব্যাংকিংয়ের প্রধান অন্তরায়"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব রাসেলের ইলেকট্রনিক কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব ফয়সাল কর্তৃক ব্যবহৃত ইলেকট্রনিক কার্ডটি ব্যবসায়-বাণিজ্যে কীভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ কর। ৪

৭। জনাব জহিরুল ইসলাম দীর্ঘদিন যাবত ব্যবসায়ের সাথে জড়িত। তিনি তার ব্যবসায়িক কার্যক্রমকে আধুনিকায়নের লক্ষ্যে ইন্টারনেট ব্যাংকিংয়ের সাথে যুক্ত হন। যার ফলে দেশ-বিদেশের সাথে খুব অল্পসময়ে আর্থিক লেনদেন সম্পন্ন করতে পারেন। দিন দিন তার ব্যবসায়ের প্রসার ঘটছে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১

খ. VISA Card কোন ধরনের? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব জহিরুল ইসলাম তার ব্যবসায়ে ইন্টারনেট ব্যবহার করে কোন কোন ধরনের সুবিধা পেতে পারেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জহিরুল ইসলামের ব্যবসায় সম্প্রসারণে ইন্টারনেট ব্যাংকিং কতটা কার্যকর? বিশ্লেষণ কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮। জনাব উসমির একটি গাড়ি আছে। তার গাড়িটির মূল্য ৩০ লক্ষ টাকা নির্ধারণ করে জোনাকি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি করেন। গাড়িটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়। জনাব উসমি বিমা কোম্পানির নিকট সম্পূর্ণ ক্ষতিপূরণ দাবি করেন। বিমা কোম্পানি দাবির যৌক্তিকতা বিবেচনা করে সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করেন। ক্ষতিগ্রস্ত গাড়িটি বিমা কোম্পানি দাবি করলে জনাব উসমি তা হস্তান্তরে অস্বীকৃতি জানালেও পরে তা প্রদানে বাধ্য হন।

ক. প্রিমিয়াম কী? ১

খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২

গ. জনাব উসমি কোন নীতির আওতায় ক্ষতিপূরণ পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ক্ষতিগ্রস্ত গাড়িটি হস্তান্তরে অস্বীকৃতি যৌক্তিক ছিল কি? তোমার মতামত দাও। ৪

৯। জনাব মিরাজ তার আবাসিক ভবনটির জন্য ABC ইন্স্যুরেন্স কোম্পানির সাথে ৬ মাস মেয়াদি বিমাচুক্তি করেন। মেয়াদ শেষ হলে জনাব মিরাজ কোম্পানিটির নিকট বিমাদাবির আবেদন জানায়। ABC কোম্পানি জনাব মিরাজের বিমাদাবি পরিশোধ করতে অস্বীকৃতি জানায়।

ক. ঝুঁকি কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব মিরাজ কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা নীতির আলোকে ABC কোম্পানি কর্তৃক বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা আছে কি? বিশ্লেষণ কর। ৪

১০। জনাব মিজান একজন ব্যবসায়ী। তিনি একটি বিমা কোম্পানি থেকে জীবন বিমা পলিসি গ্রহণ করেন। চুক্তি অনুযায়ী জনাব মিজানের মৃত্যুতে তার স্ত্রী রাতুলকে বিমাদাবি পরিশোধ করা হবে। অপরদিকে, জনাব মিজান তার ব্যবসায় প্রতিষ্ঠানের কর্মীদের জন্যও বিমা পলিসি গ্রহণ করার চিন্তাভাবনা করছেন।

ক. বোনাস কী? ১

খ. সাময়িক বিমাপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব মিজান নিজের জন্য কোন ধরনের জীবন বিমা পলিসি গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মিজান তার প্রতিষ্ঠানের কর্মীদের জন্য কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

১১। জনাব সুজন এবং জনাব সুবেল দুই ভাই। পরিবারের আর্থিক সচ্ছলতার স্বপ্নে তারা দুইজন দশ বছরের জন্য বিদেশে পাড়ি জমান। জনাব সুজন এবং জনাব সুবেল ভবিষ্যতের কথা চিন্তা করে বিমাপত্র গ্রহণ করেন। চুক্তি অনুযায়ী জনাব সুজনের সন্তানেরা তার মৃত্যুতে বিমাদাবির আবেদন করতে পারবে। অন্যদিকে, জনাব সুবেল মারা না গেলেও নির্দিষ্ট সময় শেষে বিমাদাবি পাবেন।

ক. প্রকৃত সামগ্রিক ক্ষতি কী? ১

খ. দ্বৈত বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব সুজন কর্তৃক গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিমাপত্র দুটির মধ্যে কোনটি অধিকতর সুবিধাজনক? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

# রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ জনাব হাফিজ ও তার দুই বন্ধু ইস্ট-ওয়েস্ট ব্যাংকের মালিক। ব্যাংকটি একটিমাত্র কার্যালয়ের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। ব্যাংকটিকে কেন্দ্রীয় ব্যাংকে বিধিবদ্ধ রিজার্ভ সংরক্ষণ করতে হয় না। ইদানীং অন্যান্য ব্যাংকের সাথে ব্যাংকটির আন্তঃব্যাংকিং লেনদেন বৃদ্ধি পেয়েছে। এসব লেনদেন নিষ্পত্তির জন্য ব্যাংকটি সরাসরি কেন্দ্রীয় ব্যাংকের সুবিধা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. মিশ্র ব্যাংক কী? ১

খ. ব্যাংককে অর্থনীতির মূল চালিকাশক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. গঠন কাঠামো অনুযায়ী উদ্দীপকের ইস্ট-ওয়েস্ট ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইস্ট-ওয়েস্ট ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের যে সুবিধা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২ ▸ জনাব আজিজ ব্যাংকিং ও বিমা বিষয়ের একজন শিক্ষক। তিনি ক্লাসে পড়িয়েছেন 'A' ব্যাংক দেশে প্রচলিত ব্যাংকিং আইন অনুযায়ী গঠিত হলেও পরিচালনার ক্ষেত্রে নিজস্ব নিয়মকানুন অনুসরণ করে। অন্যদিকে 'B' ব্যাংক নিয়ন্ত্রণকারী ব্যাংকের অধীনে পরিচালিত হয়। 'B' ব্যাংকটি দেশের বিভিন্ন প্রান্তে অবস্থিত নিজস্ব অফিসের মাধ্যমে আমানত গ্রহণ, ঋণদান এবং ব্যবসায় বাণিজ্যে সহায়তা করে থাকে।

ক. চেইন ব্যাংক কী? ১

খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'A' ব্যাংকটি মালিকানার ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'B' ব্যাংকটির কাঠামো অর্থনৈতিক উন্নয়নে বিশেষ গুরুত্ব পালন করে"– তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ কেন্দ্রীয় ব্যাংক লক্ষ করছে যে বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছে প্রচুর অলস অর্থ পড়ে আছে। এ কারণে ব্যাংকগুলো প্রচুর ঋণ বিতরণ করতে পারছে। ঋণের পরিমাণ কাম্যস্তরে আনার লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক তার তালিকাভুক্ত ব্যাংকগুলোর বিধিবদ্ধ জমার পরিমাণ বৃদ্ধির ঘোষণা দেয়। কিন্তু এই ঘোষণার পরেও ঋণের পরিমাণ কাম্যস্তরে আসছে না। পরবর্তীতে কেন্দ্রীয় ব্যাংক বিপুল পরিমাণ বন্ড ও সিকিউরিটিজ বাজারে বিক্রয় শুরু করে।

ক. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী? ১

খ. "কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পরবর্তীতে ঋণ নিয়ন্ত্রণের কোন সংখ্যাত্মক পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘোষণার মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য সফল না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৪ ▸ দেশের আর্থিক শৃঙ্খলা রক্ষা করা কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম প্রধান উদ্দেশ্য। দেশের অর্থনৈতিক কার্যক্রমকে সুসংহত করার লক্ষ্যে ব্যাংকটি সরকারের পক্ষে বাজারে মুদ্রা সরবরাহের মৌলিক দায়িত্ব পালন করে। সাম্প্রতিক সময়ে দেশের তালিকাভুক্ত ব্যাংকগুলো তারল্য সংকটে পড়লে কেন্দ্রীয় ব্যাংকের শরণাপন্ন হয়। এই সংকট নিরসনে ব্যাংকটি বাণিজ্যিক ব্যাংকগুলোর বিল বাট্টার হার কমিয়ে দেয়। যা তারল্য বৃদ্ধির পাশাপাশি অর্থনীতিকে গতিশীল করে।

ক. নৈতিক প্ররোচনা কী? ১

খ. ঋণ নিয়ন্ত্রণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক সরকারের পক্ষে কোন মৌলিক দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক তারল্য সংকট নিরসনের যে কৌশলটি গ্রহণ করেছে অর্থনীতিতে তার ইতিবাচক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. রফিক দশ বছর পূর্বে চাকরিতে প্রবেশের সময় একটি ব্যাংক হিসাব খুলেছিলেন। উক্ত হিসাবে প্রতি মাসে তার বেতনের টাকা জমা হয় এবং মাঝেমধ্যে তিনি অল্প পরিমাণ টাকা জমা করেন। সংসার খরচের টাকা উত্তোলনের পর তার হিসাবে সব সময় কিছু টাকা উদ্বৃত্ত থাকে। উদ্বৃত্ত অর্থের ওপর ব্যাংক তার হিসাবে কিছু লাভ প্রদান করে। সম্প্রতি তিনি পারিবারিক একটি অলাভজনক সম্পত্তি বিক্রি করে ১০ লক্ষ টাকা পান। জনাব রফিক তার প্রাপ্ত অর্থ একটি লাভজনক খাতে বিনিয়োগ করতে চাচ্ছেন। উক্ত টাকা তিনি এমন একটি নতুন হিসাবে জমা করবেন যেখানে একটি নির্দিষ্ট সময়ের আগে টাকা উঠানো যাবে না এবং সুদের পরিমাণ বেশি পাওয়া যাবে।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব খোলা উত্তম? ২

গ. উদ্দীপকে মি. রফিক কোন ধরনের হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. রফিকের খুলতে চাওয়া নতুন ব্যাংক হিসাবটি তার উদ্দেশ্য পূরণে সহায়ক হবে কি? মতামত দাও। ৪

৬ ▸ জনাব রাহুল পণ্য বিক্রয় বাবদ জনাব স্বপনের কাছ থেকে ১৫-০৩-২০২২ তারিখে ৫,০০,০০০ টাকার একটি চেক পান। চেকটির বাম পাশে আড়াআড়ি দুটি দাগ টানা ছিল। পরবর্তীতে ২১-১২-২০২২ তারিখে চেকটি ব্যাংক হিসাবে জমা দিতে গেলে ব্যাংক তা ফেরত দেয়।

ক. চেক কী? ১

খ. বাহক চেক কম নিরাপদ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাহুল যে চেক পেয়েছেন তা কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ব্যাংক কর্তৃক চেক ফেরত দেওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জনাব হাসানকে তার হিসাবকারী ব্যাংক একটি কার্ড সরবরাহ করে। এই কার্ডটি দিয়ে তিনি হিসাবে টাকা থাকা সাপেক্ষে বিভিন্ন কেনাকাটা ও বিল পরিশোধ করতে পারছেন। অন্যদিকে জনাব জামান ব্যাংকে হিসাব না থাকা সত্ত্বেও এমন একটি কার্ড ব্যবহার করছেন যা নির্দিষ্ট সীমা পর্যন্ত অর্থ ব্যয়ের সুযোগ দেয়।

ক. ATM-এর পূর্ণরূপ কী? ১

খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২

গ. উদ্দীপকে জনাব হাসানের ব্যবহৃত কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জামানের ব্যাংক হতে প্রাপ্ত সুবিধা, ঋণ প্রাপ্তিকে সহজ করেছে। উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▸ মি. সিনহা তার পণ্যের গুদামের জন্য ১২ লক্ষ টাকার অগ্নি বিমা পলিসি গ্রহণ করেন। ঝুঁকির আধিক্য বিবেচনায় তিনি উক্ত সম্পত্তির জন্য অন্য বিমা কোম্পানির সাথে সমপরিমাণ মূল্যের আরেকটি অগ্নি বিমা পলিসি সম্পাদন করেন। অগ্নিকাণ্ডজনিত কারণে ৩ লক্ষ টাকা মূল্যের সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয় এবং দুটি বিমা কোম্পানি মি. সিনহাকে সমান হারে ক্ষতিপূরণ প্রদান করে। ক্ষতিগ্রস্ত সম্পত্তির অবশিষ্টাংশ বিমা কোম্পানিগুলো দাবি করলে মি. সিনহা তা দিতে অস্বীকৃতি জ্ঞাপন করে।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে ক্ষতিপূরণ প্রদানের ক্ষেত্রে বিমার কোন নীতি অনুসৃত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিমা কোম্পানিগুলোর দাবির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মি. আকিজ একটি দোকান চালু করেন। তিনি বন্ধুর পরামর্শে পদ্মা কোম্পানির সাথে ১ বছর মেয়াদি ২ লক্ষ টাকার একটি অগ্নি বিমাচুক্তি সম্পাদন করেন। এজন্য মি. আকিজ পদ্মা কোম্পানিকে এককালীন ২০ হাজার টাকা প্রদান করেন। পরবর্তীতে অগ্নিজনিত ক্ষতি হলে বিমা কোম্পানি ক্ষতিপূরণ প্রদান করে।

ক. বিমাকারী কে? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে পদ্মা কোম্পানিকে প্রদত্ত অর্থকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বিমা হলো সম্ভাব্য ক্ষতির বিপরীতে আর্থিক নিরাপত্তা ব্যবস্থা"– উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

১০ ▸ জনাব আলম পর্বতারোহণে যাত্রার প্রাক্কালে তার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে ৮ মাস মেয়াদি একটি বিমাপত্র গ্রহণ করেন। চুক্তি অনুযায়ী উক্ত সময়ের মধ্যে জনাব আলম মারা গেলেই কেবল তার সন্তানরা বিমাদাবি পাবেন। অপরদিকে তার বন্ধু আফসার ১০ বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। সেক্ষেত্রে শুধু মেয়াদ শেষে বিমাদাবি পাওয়া যাবে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে জনাব আলমের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আফসারের বিমাপত্রের জন্য নমিনির প্রয়োজনীয়তা আছে কি? মতামত দাও। ৪

১১ ▸ জনাব আনাস ও আকসা 'ইকরা বিমা কোম্পানির' সাথে ১৫ বছর মেয়াদি দুটি বিমাচুক্তি সম্পাদন করেন। জনাব আকসা নমিনি হিসেবে তার ছেলেকে মনোনয়ন করেন। তিনি সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করলে তার স্ত্রী বিমাদাবি করেন। অন্যদিকে জনাব আনাস করোনার মহামারিতে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় ৫ বছর পর বিমা প্রিমিয়াম চালিয়ে যেতে অপারগতা প্রকাশ করেন।

ক. মৃত্যুহারপঞ্জি কী? ১

খ. পুনর্বিমা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব আনাসের অপারগতা প্রকাশে বিমা কোম্পানির করণীয় কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব আকসার স্ত্রীর বিমাদাবিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

# যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। M ব্যাংক আর্থিকভাবে শক্তিশালী একটি বাণিজ্যিক ব্যাংক। এই ব্যাংকটি আর্থিকভাবে দুর্বল দুটি ব্যাংক যথাক্রমে P ও Q ব্যাংক লি.-এর অধিকাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে তাদের নিয়ন্ত্রণভার নেওয়ার প্রস্তাব দিলে ব্যাংক দুটি সে প্রস্তাব প্রত্যাখ্যান করে। ব্যাংক দুটি যৌথভাবে ও পরস্পর সহযোগিতার মাধ্যমে একই ব্যবস্থাপনার অধীনে নিজেদের ব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করা শুরু করল।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. বাংলাদেশে কৃষি ব্যাংককে মিশ্র ব্যাংক বলা হয় কেন? ২
গ. M ব্যাংকটি সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক গঠনের প্রস্তাব দিয়েছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. P ও Q ব্যাংক লি. নিজস্ব সত্তা বজায় রাখতে সক্ষম হয়েছে কিনা? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। গঙ্গা ও সুরমা নামক দুটি ব্যাংক অত্যন্ত সুনামের সাথে তাদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। গঙ্গা ব্যাংকটি অভ্যন্তরীণভাবে সকল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে শুধু একটি অফিসের মাধ্যমেই। অন্যদিকে সুরমা নামক ব্যাংকটি দেশের অভ্যন্তর ছাড়াও বিদেশেও তাদের ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রেখেছে।

ক. ব্যাংকিং কী? ১
খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২
গ. সাংগঠনিক কার্যক্রমের ভিত্তিতে গঙ্গা ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে সুরমা ব্যাংক কার্যকরী ভূমিকা পালন করছে কি? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো আবাসন শিল্প খাতে বেশি পরিমাণ ঋণ দেওয়ার ফলে বাজারে মুদ্রাস্ফীতি দেখা দেয়। তাই কেন্দ্রীয় ব্যাংক জমা সঞ্চিতি বাড়ানোর সিদ্ধান্ত নেয়। কিন্তু তাতে ঋণ সরবরাহ পরিস্থিতি তেমন পরিবর্তন না হওয়ায় কেন্দ্রীয় ব্যাংকটি কিছু বেসরকারি বন্ড, শেয়ার, সিকিউরিটি বাজারে ছেড়েছে। এতে গ্রাহকদের মধ্যে যথেষ্ট সাড়া পাওয়া যাচ্ছে।

ক. খোলাবাজার নীতি কী? ১
খ. কোন ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে প্রথম ধাপে কোন পদ্ধতি অবলম্বন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরবর্তী ধাপে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের যে পদ্ধতি অবলম্বন করে তাতে দেশের বিনিয়োগ পরিস্থিতি স্বাভাবিক হবে বলে তুমি মনে কর কি? মতামত দাও। ৪

৪। সম্প্রতি তালিকাভুক্ত কয়েকটি ব্যাংক গ্রাহকদের অধিক ঋণ প্রদানের ফলে বাজারে মুদ্রার সরবারহ বৃদ্ধি পেয়েছে। এই পরিস্থিতিতে মুদ্রাবাজার নিয়ন্ত্রণকারী ব্যাংক CRR ও SLR প্রয়োগের মাধ্যমে এই অবস্থা নিয়ন্ত্রণের চেষ্টা করছে। এছাড়াও আন্তঃব্যাংকিংয়ের ক্ষেত্রে দেনা-পাওনা নিষ্পত্তিতে প্রকট সমস্যা দেখা দিয়েছে। এ সমস্যা মোকাবিলায় তালিকাভুক্ত ব্যাংকগুলো নিয়ন্ত্রণকারী ব্যাংকের শরণাপন্ন হয়।

ক. নিকাশ ঘর কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত নিয়ন্ত্রণকারী ব্যাংকটি কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকগুলোর মধ্যে দেনা-পাওনা নিষ্পত্তিতে নিয়ন্ত্রণকারী ব্যাংকটি কি কার্যকর ভূমিকা রাখতে পারবে? মতামত দাও। ৪

৫। মি. ফারহান একজন চাকরিজীবী। তিনি তার উপার্জিত অর্থের মধ্য থেকে ব্যয় নির্বাহের পর সঞ্চিত অর্থ কপোতাক্ষ ব্যাংকে একটি নির্দিষ্ট সময়ের জন্য জমা করেন। কিছুদিন পর তার অর্থের প্রয়োজন হলে ব্যাংকে অর্থ উত্তোলন করতে গেলে ব্যাংক টাকা প্রদানে অস্বীকৃতি জানায়। এতে তিনি মনঃক্ষুণ্ণ হয়ে অর্থ জমা ও উত্তোলন করা যায় এমন একটি ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. ফারহান ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. ফারহান পরবর্তীতে যে ধরনের ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। মি. জোহা তার এক বন্ধুর কাছ থেকে গত ০১-০৬-২০২১ তারিখে ১ লক্ষ টাকার একটি চেক পান। যার উপরিভাগে বাম কোণে আড়াআড়ি দু'টি সমান্তরাল রেখার মাঝখানে 'অ্যান্ড কোম্পানি' শব্দদ্বয় লেখা আছে। মি. জোহা দীর্ঘদিন বিদেশে অবস্থান করার পর দেশে ফিরে গত ০১-০১-২০২২ তারিখে চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক চেকটি জমা নিতে অপারগতা প্রকাশ করে।

ক. চেক কী? ১
খ. বাহক চেক কেন অধিক জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. জোহা তার বন্ধুর কাছ থেকে কোন ধরনের চেক পেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক কর্তৃক চেকটি জমা নিতে অপারগতা প্রকাশ যৌক্তিক কিনা? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। মিসেস সোনিয়া বর্তমানে সবচেয়ে জনপ্রিয় এবং সহজে বহনযোগ্য যোগাযোগ যন্ত্রের সাহায্যে তার মাকে টাকা পাঠান। তাছাড়া তিনি ব্যক্তিগতভাবে একটি প্লাস্টিক কার্ড ব্যবহার করেন যা তাকে ঋণ সুবিধা প্রদান করে।

ক. ডেবিট কার্ড কী? ১
খ. ATM কার্ডের ব্যবহার এত জনপ্রিয় কেন? ২
গ. মিসেস সোনিয়া কোন ই-ব্যাংকিং প্রযুক্তির মাধ্যমে টাকা পাঠান? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিসেস সোনিয়ার ব্যবহৃত কার্ড কাগজি মুদ্রার ব্যবহার হ্রাস করে, তুমি কি একমত? মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮। জনাব তাহের তার প্রতিষ্ঠানটি ৫০ লক্ষ টাকায় বিমা করেছিলেন। দুর্ঘটনায় প্রতিষ্ঠানটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় এবং জনাব তাহের বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। উদ্ধারকৃত সম্পত্তি বিমা কোম্পানি দাবি করায় জনাব তাহের শুরুতে তা হস্তান্তরে অস্বীকৃতি জানালেও পরবর্তী সময়ে তা প্রদানে বাধ্য হন।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কোন নীতির আওতায় জনাব তাহের বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থ লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার পরেও জনাব তাহেরের সম্পত্তি হস্তান্তরে অস্বীকৃতির সিদ্ধান্ত সঠিক ছিল কিনা? তোমার মতামত দাও। ৪

৯। মি. বাবুল তার বাবার সাথে একই বাড়িতে থাকেন। বাড়িটি বাবুলের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে মি. বাবুল বাড়িটি বিমা করতে চান। বিমা প্রতিষ্ঠানে গেলে তারা বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন মি. বাবুলের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। তারপর মি. বাবুল বিমা প্রতিষ্ঠানকে না জানিয়ে বাড়ির দ্বিতীয় তলার কাজ শুরু করেন। দ্বিতীয় তলার কাজ শেষ হওয়ার পরপরই বাড়িটি এক পাশে হেলে যায়। মি. বাবুলের বাবা বিমাদাবি পেশ করলে বিমা প্রতিষ্ঠান বিমাদাবি পূরণে অস্বীকৃতি জানায়।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমাচুক্তিকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির জন্য মি. বাবুলের প্রস্তাবে বিমা প্রতিষ্ঠান বাড়িটি বিমা করতে সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. বাবুলের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? বিশ্লেষণ কর। ৪

১০। জনাব সাজ্জাদ একটি জীবন বিমাচুক্তি করেছেন। চুক্তিতে তিনি তার স্ত্রীকে মনোনয়ন দেন। চুক্তির শর্তমতে সাজ্জাদকে মৃত্যুর পূর্ব পর্যন্ত নির্দিষ্ট হারে প্রিমিয়াম দিতে হবে। ৫ বৎসর পর নিয়মিত কিস্তি প্রদানের পর সাজ্জাদ মারা যান। মৃত্যুর পর তার স্ত্রী এবং সাবালক ছেলে সুমন পৃথকভাবে বিমা কোম্পানির নিকট বিমাদাবি করে। বিমা কোম্পানি সুমনের দাবি প্রত্যাখ্যান করে এবং স্ত্রীকে বিমাদাবি পরিশোধ করে দেয়।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমায় চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকের বিমাটি কোন ধরনের জীবন বিমা? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক সুমনের বিমাদাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১। ভবিষ্যতের কথা চিন্তা করে মি. জামাল একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। যার উত্তরাধিকারী করা হয় তার স্ত্রীকে। বিমা পলিসি গ্রহণকালে তিনি তার একটি মারাত্মক রোগের কথা গোপন রাখেন। তিনটি প্রিমিয়ামের টাকা প্রদানের পর মি. জামাল মৃত্যুবরণ করেন। মিসেস জামাল বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. স্থলাভিষিক্তকরণ নীতি কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. জামাল কোন ধরনের জীবন বিমা করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি মিসেস জামালের বিমাদাবি প্রত্যাখ্যান করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▶ বাংলাদেশ গ্রামপ্রধান দেশ। এদেশের বেশির ভাগ মানুষ গ্রামে বসবাস করে এবং তারা কৃষির ওপর নির্ভরশীল। দেশের সরকার কৃষকদের উন্নয়নের কথা চিন্তা-ভাবনা করে তাদের আর্থিক সহায়তা দানের জন্য একটি ব্যাংক প্রতিষ্ঠা করতে চায়, যার প্রধান লক্ষ্য হলো কৃষকদের সহজ শর্তে ঋণদান করা ও পাশাপাশি তাদের যে সাধারণ ব্যাংকিং কার্যক্রম আছে সেটিও প্রদান করা।

ক. বিশেষায়িত ব্যাংক কী? ১
খ. ব্যাংক আর্থিক মধ্যস্থ ব্যবসায় প্রতিষ্ঠান কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ব্যাংকটি কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. কৃষকদের উন্নয়নে সরকারের প্রতিষ্ঠিত ব্যাংকটি কী অবদান রাখতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

২▶ মি. দিপক একজন ব্যবসায়ী। ব্যবসায়িক প্রয়োজনে তিনি তার বন্ধু মি. বাসুর নিকট হতে কিছু টাকা ধার নেন। মি. দিপক ঐ ঋণ পরিশোধের জন্য মি. বাসুর নামে একটি চেক প্রদান করেন। চেকটির উপরিভাগে বাম কোণে অঙ্কিত আড়াআড়ি দুটি সমান্তরাল রেখা টানা ছিল। চেকটি হস্তান্তরের আগেই মি. দিপক তা হারিয়ে ফেলেন। তিনি বিষয়টি দ্রুত ব্যাংক ব্যবস্থাপককে জানান এবং ব্যবস্থাপক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বস্ত করেন।

ক. বাসি চেক কী? ১
খ. চেককে প্রামাণ্য দলিল হিসেবে গণ্য করা হয় কেন? ২
গ. মি. দিপক যে চেক প্রদান করেন সেটি কোন ধরনের চেক? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক ব্যবস্থাপক মি. দিপককে আশ্বস্ত করার যৌক্তিকতা বিশ্লেষণ করে তোমার মতামত দাও। ৪

৩▶ দেশের বাণিজ্যিক ব্যাংকগুলো অতিরিক্ত মুনাফার আশায় বাজারে ঋণের প্রবাহ বাড়িয়েছে। এর ফলে দ্রব্যমূল্যের ওপর বিরূপ প্রভাব পড়ায় কেন্দ্রীয় ব্যাংক বাজারে ঋণের প্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। সে জন্য কেন্দ্রীয় ব্যাংক বাজার হতে আগের তুলনায় বেশি পরিমাণে বিভিন্ন দলিলপত্র, বেসরকারি বন্ড ও সিকিউরিটিজ বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে। এর ফলে বাজারে অতিরিক্ত ঋণের প্রবাহ নিয়ন্ত্রণে আসে।

ক. খোলাবাজার নীতি কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের প্রকল্প সহায়ক ব্যাংক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. ঋণের প্রবাহ নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় ব্যাংক কোন পদ্ধতি ব্যবহার করেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে কতটুকু সফল হবে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৪▶ জনাব তানভীর একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে চাকরি করতেন। গতবছর চাকরি ছেড়ে দিয়ে ব্যবসায় শুরু করেন। চাকরি জীবনের শুরুতে তিনি যে হিসাব পরিচালনা করতেন বর্তমানে তিনি সেই হিসাবের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন করছেন। বর্তমানে তার ব্যবসায়িক লেনদেন পরিচালনা করতে বেশ অসুবিধা হচ্ছে। ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনার জন্য তিনি আরও একটি নতুন হিসাব খোলার চিন্তাভাবনা করছেন।

ক. পেনশন ডিপোজিট হিসাব কী? ১
খ. কোন হিসাবে ব্যাংক কোনো চেক বই প্রদান করে না? ২
গ. জনাব তানভীর কোন ধরনের ব্যাংক হিসাবের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন পরিচালনা করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে জনাব তানভীর যে নতুন হিসাব খোলার চিন্তাভাবনা করছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▶ সম্প্রতি দেশের প্রধানতম Y ব্যাংকটি বেসরকারি খাতে ঋণের যোগান হ্রাসের জন্য মুদ্রানীতি ঘোষণা করেছে। ঋণের লাগাম টেনে ধরার জন্য Y ব্যাংকটি মুদ্রাবাজারে বন্ড, ঋণপত্র, ট্রেজারি বিল বিক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। সরকার প্রত্যাশা করছে যে, এর ফলে মুদ্রাস্ফীতি হ্রাস পাবে এবং অর্থনৈতিক স্থিতিশীলতা বজায় থাকবে।

ক. 'ব্যাংক হার' কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক জমার হার পরিবর্তন করে কেন? ২
গ. উদ্দীপকে Y ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের জন্য কোন সংখ্যাত্মক পদ্ধতি প্রয়োগ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. Y ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থায় ঋণ নিয়ন্ত্রণ কতটুকু কার্যকর হবে? বিশ্লেষণ কর। ৪

৬▶ শুভ ও সজিব দুই বন্ধু। তারা সামান্য পরিমাণ নগদ অর্থ ও ব্যাংকের দেওয়া বিশেষ দুটি চুম্বকীয় কার্ড নিয়ে খুলনা হতে ঢাকায় বেড়াতে এসেছে। শুভর কার্ডটি ব্যবহার করে যে কোনো সময় তার হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করতে পারে। অন্যদিকে সজিবের নিকট যে কার্ডটি রয়েছে সেটির দ্বারা তার হিসাবে পর্যাপ্ত পরিমাণ অর্থ না থাকলেও যাবতীয় কেনাকাটা ও অন্যান্য বিল পরিশোধ করতে পারে। তবে পরবর্তীতে অতিরিক্ত উত্তোলনকৃত অর্থ সুদসহ সজিবকে ব্যাংকে পরিশোধ করতে হয়।

ক. POS-এর পূর্ণরূপ কী? ১
খ. গ্রাহক সেবা নিশ্চিত করতে ই-ব্যাংকিং গুরুত্বপূর্ণ কেন? ২
গ. শুভর ব্যবহৃত কার্ডটির নাম কী? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সজিবের কার্ডটি শুভর কার্ড অপেক্ষা উত্তম। তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭▶ জনাব আহাদ আলী একজন কৃষি কর্মকর্তা। কিছুদিন আগে তিনি চাকরি হতে অবসর গ্রহণ করেন। তিনি অবসর গ্রহণের টাকা সঞ্চয় করতে চান। তাই তিনি এলাকার যমুনা ব্যাংকের ব্যবস্থাপক জনাব আনিস সাহেবের নিকট যান এবং তার পরামর্শক্রমে জনাব আহাদ আলী এমন একটি ব্যাংক হিসাব খুললেন সেখান থেকে একটি নির্দিষ্ট সময় শেষে দ্বিগুণ অর্থ পাবেন। যা তার জন্য উপযোগী ও লাভজনকও বটে।

ক. বাহক চেক কী? ১
খ. একজন ব্যবসায়ীর জন্য কোন হিসাব উত্তম এবং কেন? ২
গ. জনাব আহাদ আলীকে ব্যাংক ব্যবস্থাপক কোন ধরনের হিসাব খুলতে বলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত হিসাব খোলা জনাব আহাদ আলীর জন্য কতটুকু যৌক্তিক হবে? তোমার মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮▶ জিসান গার্মেন্টস কারখানায় প্রায়ই বিভিন্ন ধরনের দুর্ঘটনা সংঘটিত হয়। ঐ কারখানার শ্রমিকরা আর্থিক নিরাপত্তার জন্য আন্দোলন করে আসছে। মালিকপক্ষ তাদের আন্দোলন মেনে নিয়ে কর্মরত সকল শ্রমিকদের কল্যাণের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। হঠাৎ দুর্ঘটনায় একজন শ্রমিকের মৃত্যু ও সাতজন শ্রমিক আহত হয়। জিসান গার্মেন্টসের মালিক নিহত ও আহত শ্রমিকদের পক্ষে বিমা কোম্পানির নিকট বিমাদাবি পেশ করেছেন।

ক. মেয়াদি বিমাপত্র কী? ১
খ. জীবন বিমার জন্য ডাক্তারি পরীক্ষা রিপোর্ট সংগ্রহ করা হয় কেন? ২
গ. জিসান গার্মেন্টসের মালিক শ্রমিকদের পক্ষে কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত শ্রমিকগণ কতটুকু ক্ষতিপূরণ পেতে পারে? তোমার মতামত দাও। ৪

৯▶ মি. রাজু একজন শিক্ষক। ভবিষ্যতের কথা ভেবে তিনি তার স্ত্রীকে নমিনি করে শাপলা বিমা কোম্পানি থেকে ১৮ বছরের জন্য ৬ লক্ষ টাকার একটি বিমাপত্র গ্রহণ করেন। প্রতি ৬ মাস অন্তর অন্তর ৬ হাজার টাকা করে প্রিমিয়াম প্রদান করার চুক্তি থাকলেও ৮ বছর পর হঠাৎ তিনি শারীরিকভাবে অক্ষম হয়ে পড়েন এবং শিক্ষকতা ছেড়ে দেন। তিনি বিমা কোম্পানির নিকট বিমাদাবির জন্য আবেদন করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে ও তাকে তার জমাকৃত অর্থের অংশবিশেষ ফেরত দেয়।

ক. গোষ্ঠী বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. মি. রাজু কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি মি. রাজুকে যে অর্থ প্রদান করেছে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০▶ জনাব আরমান মণ্ডল তার ২০ লক্ষ টাকা মূল্যের একটি গাড়ির আর্থিক নিরাপত্তার জন্য প্রথমে শাপলা ইন্স্যুরেন্স কোম্পানির নিকট ২০ লক্ষ টাকার বিমাচুক্তি করলেন। পরবর্তীতে তিনি পলাশ ইন্স্যুরেন্স কোম্পানির নিকট একই গাড়ির জন্য ২০ লক্ষ টাকার বিমাচুক্তি করলেন। দ্বিতীয় চুক্তি সম্পাদনের ৬ মাস পর জনাব আরমান মণ্ডলের গাড়িটি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হলো। জনাব আরমান মণ্ডল উভয় কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করলেন। শাপলা কোম্পানি ১০ লক্ষ টাকা এবং পলাশ কোম্পানি ১০ টাকা ক্ষতিপূরণ প্রদান করে।

ক. বিমাযোগ্য স্বার্থ কী? ১
খ. বিমাচুক্তি কি লিখিত হওয়া আবশ্যক? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আরমান মণ্ডল কোন ধরনের বিমাচুক্তি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আরমান মণ্ডল কি সঠিক পরিমাণ ক্ষতিপূরণ পেয়েছেন? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১▶ রাকিব সাহেবের একটি প্লাস্টিক কারখানা আছে। দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কায় তিনি একটি প্রতিষ্ঠিত বিমা কোম্পানির নিকট ৮০ লক্ষ টাকার বিমা করেছিলেন। হঠাৎ ভয়াবহ দুর্ঘটনায় কারখানাটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হওয়ায় তিনি ক্ষতিপূরণের জন্য বিমা কোম্পানিতে যান এবং বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি তাকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেয়। এদিকে ক্ষতিগ্রস্ত কারখানার যন্ত্রাংশ ও অন্যান্য সম্পত্তি এক লক্ষ টাকায় বিক্রয় করা হলে রাকিব সাহেব প্রথমে তা হস্তান্তর করতে অস্বীকৃতি জানালেও পরবর্তীতে তা প্রদানে বাধ্য হন।

ক. বৈধ চুক্তি কী? ১
খ. বিমাচুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. রাকিব সাহেবকে ক্ষতিপূরণ প্রদান করা বিমার কোন নীতির সাথে মিল রয়েছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ক্ষতিগ্রস্ত হওয়া সম্পত্তির বিক্রয়মূল্য হস্তান্তরে অস্বীকৃতির সিদ্ধান্ত সঠিক ছিল কিনা? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▶ জনাব জাহিদ যে ব্যাংকে কর্মরত আছেন সেই ব্যাংকটি একটি অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। অপরদিকে, জনাব ওয়াহেদ যে ব্যাংকে কর্মরত সেই ব্যাংকটি দেশে-বিদেশে বিভিন্ন অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. ব্যাংক হার কী? ১
খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব জাহিদের ব্যাংকটি কাঠামোগতভাবে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব ওয়াহেদের ব্যাংকটির দেশে-বিদেশে বিভিন্ন অফিসের মাধ্যমে কার্যক্রম পরিচালনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২▶ 'A' একটি বড় ব্যাংক যার কাজ হচ্ছে নোট ও মুদ্রা ছাপানো এবং ঋণ নিয়ন্ত্রণ করা। অপরদিকে, 'B' ব্যাংকের মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা। এই ব্যাংক বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ দিয়ে সহায়তা করে থাকে। দেশে দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে উভয় ব্যাংকই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. ব্যাংকিং কী? ১
খ. বিশেষায়িত ব্যাংক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'A' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুইটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ৪

৩▶ জনাব রায়হান একজন আম চাষি। একটি বিশেষ ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা করে এমন ব্যাংকে তিনি লেনদেন করেন। পরবর্তীতে তিনি ভিন্ন একটি ব্যাংকে লেনদেন শুরু করেন, যেখানে ব্যাংকের সকল প্রকার সুযোগ-সুবিধা রয়েছে। তার মতে ব্যাংক বলতে মূলত পরবর্তী ব্যাংককেই বোঝায়।

ক. ব্যাংকার কে? ১
খ. ব্যাংক কেন সঞ্চয় সংগ্রহ করে? ২
গ. জনাব রায়হানের প্রথম ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরবর্তীতে লেনদেনকৃত ব্যাংক সম্পর্কে জনাব রায়হানের ধারণার সাথে তুমি কি একমত? তোমার মতামত দাও। ৪

৪▶ 'X' ব্যাংক অন্যান্য ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে। দেশের অর্থবাজার স্থিতিশীল রাখা এবং দেশের উন্নয়নে সরকারকে সহযোগিতা করা এর মূল উদ্দেশ্য। অন্যদিকে, 'Y' ব্যাংক 'X' ব্যাংকের বিধি-বিধান মেনে কার্যক্রম পরিচালনা করে।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. খোলাবাজার নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'Y' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'X' ব্যাংকটি কীভাবে অন্যান্য ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে? বিশ্লেষণ কর। ৪

৫▶ মি. অরুন একজন পোশাক রপ্তানিকারক। তার ব্যাংক হিসাবে পঁচিশ লক্ষ টাকা স্থিতি আছে। ব্যবসায়িক প্রয়োজনে যখন তিনি ত্রিশ লক্ষ টাকা ব্যাংক থেকে উত্তোলনের প্রস্তাব করলে ব্যাংক ব্যবস্থাপক তাতে সম্মতি দেয়। পরে কোনো এক সময় পনেরো লক্ষ টাকা একই হিসাবে দীর্ঘমেয়াদে জমা রাখতে চাইলে ব্যবস্থাপক অন্য একটি হিসাব খোলার পরামর্শ দেন।

ক. আমানত কী? ১
খ. সঞ্চয়ী হিসাব বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মি. অরুন কোন হিসাবে লেনদেন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক অরুনকে অন্য একটি ব্যাংক হিসাব খোলার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬▶ মি. আকমল তার দেনাদারের কাছ থেকে পাঁচ লক্ষ টাকার একটি চেক গ্রহণ করল। চেকটির বাম কোণে দুইটি সমান্তরাল রেখার মাঝখানে 'সোনালী ব্যাংক লি.' কথাটি লেখা ছিল। আকমল সাহেব চেকটি তার অগ্রণী ব্যাংক শাখায় উপস্থাপন করলে ব্যাংক ব্যবস্থাপক তাকে চেকটি সোনালী ব্যাংক শাখায় উপস্থাপনের পরামর্শ দিলেন।

ক. চেকের আদেষ্টা কে? ১
খ. চেকের অনুমোদনের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. আকমল চেকটি অগ্রণী ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক ব্যবস্থাপক তাকে চেকটি সোনালী ব্যাংকে উপস্থাপনের পরামর্শ দিলেন কেন? বিশ্লেষণ কর। ৪

৭▶ কয়েক বছর আগেও ঢাকায় ব্যাংকের মাধ্যমে টাকা পাঠালে প্রাপকের হাতে টাকা পৌছাতে বেশ কয়েকদিন সময় লাগত। বর্তমানে ঢাকায় ব্যাংকের মাধ্যমে টাকা পাঠালে প্রাপক কয়েক মিনিটের মধ্যে হাতে টাকা পেয়ে যায়। কোনো চেকেরও প্রয়োজন হয় না।

ক. ডেবিট কার্ড কী? ১
খ. মোবাইল ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন ধরনের ব্যাংকিংয়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "একালের ব্যাংক ব্যবস্থা, সেকালের ব্যাংক ব্যবস্থার চেয়ে উন্নত।"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▶ জনাব সুমন একজন সফল ব্যবসায়ী। তার ব্যবসায়ে পঞ্চাশ লক্ষ টাকার ঋণ আছে, যা কিস্তিতে পরিশোধ করতে হয়। তিনি এখন ঋণের কিস্তি পরিশোধ করতে ব্যর্থ হচ্ছেন। এদিকে তার ত্রিশ লক্ষ টাকা দামের বিমাকৃত গাড়িটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়। বিমা প্রতিষ্ঠানের নিকট বিমাদাবি পেশ করলে, বিমা প্রতিষ্ঠান সম্পূর্ণ ক্ষতিপূরণ দেয়।

ক. বিমা কী? ১
খ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২
গ. জনাব সুমনের ঋণের কিস্তির অর্থ পরিশোধ করতে না পারা কোন ধরনের ঝুঁকির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সুমনকে বিমা প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করা কী যৌক্তিক? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯▶ 'X' এবং 'Y' দুই ভাই দশ বছর মেয়াদি দশ লক্ষ টাকা করে আলাদা দুইটি বিমাচুক্তি সম্পাদন করেন। 'X' তার বিমার প্রিমিয়াম নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত পরিশোধ করতে পারলেও 'Y' পাঁচ বছর পর আর্থিক সংকটের কারণে বিমার প্রিমিয়াম পরিশোধে ব্যর্থ হন।

ক. আজীবন বিমাপত্র কী? ১
খ. বিমার প্রিমিয়াম পরিশোধ করতে হয় কেন? ২
গ. উদ্দীপকের 'X' বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে কোন ধরনের সুবিধা পাবেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই ভাইয়ের প্রাপ্ত বিমা সুবিধার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

১০▶ জনাব আজম ও তার স্ত্রী স্বল্প প্রিমিয়ামে একটি বিমাপত্রে বিমাচুক্তি সম্পাদন করেন। কিছুদিন পর জনাব আজম মৃত্যুবরণ করলে তার স্ত্রী বিমা কোম্পানির নিকট বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি দাবি পূরণে অস্বীকৃতি জানাল এবং তাকে জানানো হলো বিমার অর্থ আপনার মৃত্যুর পর আপনার সন্তানগণ এ অর্থ পাবে।

ক. প্রিমিয়াম কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ ছাড়া কী বিমাচুক্তি সম্ভব? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আজম কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে বিমা কোম্পানি কর্তৃক জনাব আজম সাহেবের স্ত্রীর বিমাদাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

১১▶ একজন কারখানার মালিক তার কারখানার সম্ভাব্য ক্ষতির কথা ভেবে কারখানার জন্য ৫ লক্ষ টাকার বিমা করেছিলেন। কারখানাটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হয় এবং মালিক বিমার দাবি পেশ করেন। বিমা কোম্পানি সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করেন। দুর্ঘটনায় কারখানা আংশিক ক্ষতিগ্রস্ত সম্পত্তি বিমা কোম্পানি দাবি করায় প্রথমে মালিক তা হস্তান্তর করতে অস্বীকৃতি জানালেও পরবর্তীতে তা বিমা কোম্পানিকে হস্তান্তর করেন।

ক. স্থলাভিষিক্তকরণের নীতি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সম্পত্তি হস্তান্তর বিমার কোন নীতির সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার পরেও মালিকের সম্পত্তি হস্তান্তরে অস্বীকৃতির সিদ্ধান্ত সঠিক ছিল কি? তোমার মতামত দাও। ৪

# সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। জনাব বাবুল হোসেন একটি খ্যাতনামা বেসরকারি ব্যাংকের শাখা ব্যবস্থাপক। তার বন্ধু জনাব শাহাদাত হোসেন খান সেই শাখায় লেনদেন করেন। জনাব শাহাদাত হোসেন খানের স্ত্রী একটি সরকারি বিদ্যালয়ে কর্মরত। তিনি তার বেতন সেই শাখা হতে উত্তোলন করেন। একদিন জনাব শাহাদাত হোসেন খান শাখা ব্যবস্থাপক জনাব বাবুল হোসেনের নিকট এসে তার স্ত্রীর ব্যাংক হিসাবে কত টাকা আছে জানতে চাইলে, জনাব বাবুল হোসেন সেই তথ্য জানাতে অপারগতা প্রকাশ করেন। অপরদিকে ব্যাংকটি গ্রাহকদের বিভিন্ন ধরনের সেবা প্রদানের মাধ্যমে ভ্যাট ও উৎসে কর কর্তন করে তা নিয়মিত সরকারি কোষাগারে জমা দেয়। এসব কারণে ব্যাংকটি বেশ সুনাম অর্জন করেছে।

ক. ব্যাংক কী? ১

খ. ব্যাংক কেন দেউলিয়া হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতির কারণে জনাব বাবুল হোসেন তার বন্ধুকে চাহিদামতো ব্যাংক হিসাবের তথ্য জানাতে অপারগতা প্রকাশ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে ব্যাংকটি কীভাবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

২। উন্নয়নশীল দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকিং ব্যবসায় অত্যন্ত জনপ্রিয়তা অর্জন করেছে। বর্তমানে বলেশ্বর ব্যাংক লি. ও কীর্তনখোলা ব্যাংক লি. বাংলাদেশের অন্যতম দুটি সমৃদ্ধশালী ব্যাংক। বলেশ্বর ব্যাংক লি. একটিমাত্র অফিসের মাধ্যমেই দেশের অভ্যন্তরে তাদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। অন্যদিকে, কীর্তনখোলা ব্যাংক লি. দেশে-বিদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে।

ক. ব্যাংকিং কী? ১

খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বলেশ্বর ব্যাংক লি. সাংগঠনিক দিক থেকে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিকতর ভূমিকা রাখছে? তোমার মতামত দাও। ৪

৩। মি. আলম সাহেব একজন চাকরিজীবী। তিনি 'A' ব্যাংকের 'B' শাখায় একটি সঞ্চয়ী হিসাব খুললে ব্যাংক তাকে একটি চেক বই প্রদান করে। তাছাড়া জরুরি প্রয়োজনে লেনদেনের সুবিধার্থে ব্যাংক কর্তৃপক্ষ তাকে একটি বিশেষ কার্ড সরবরাহ করে। উক্ত কার্ড ব্যবহার করে তিনি ATM বুথ থেকে যেমনি টাকা উত্তোলন করতে পারেন তেমনি যাবতীয় কেনাকাটাও সম্পন্ন করতে পারেন। অন্যদিকে, তার বন্ধু মি. আনিস সাহেব এমন একটি কার্ড ব্যবহার করেন যা দ্বারা যাবতীয় কেনাকাটা নগদে ও বাকিতে সম্পন্ন করতে পারেন। তাছাড়া এ ধরনের কার্ড দিয়ে ঋণ সুবিধাও পাওয়া যায়।

ক. ই-ব্যাংকিং কী? ১

খ. "ব্যাংক ধার করা অর্থের ধারক"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. আলম সাহেবের ব্যবহৃত কার্ডটি কী ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবহৃত দুটি কার্ডের মধ্যে কোন কার্ডটি তোমার কাছে উত্তম? বিশ্লেষণ কর। ৪

৪। মি. সাকিল তার ব্যবসায়িক লেনদেন নিষ্পত্তি বাবদ মি. শামীমকে বিশ লক্ষ টাকার একটি চেক প্রদান করলেন। চেকটিতে গ্রাহকের নাম হিসেবে মি. শামীমের পাশাপাশি 'অথবা বাহককে' শব্দদ্বয় উল্লেখ ছিল। অন্যদিকে, মি. সুজন এস এস ফ্যাশন লি. থেকে লভ্যাংশ বাবদ একটি চেক পান যেখানে লেখা ছিল মি. সুজনকে ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা প্রদান করুন।

ক. চেকের আদেষ্টা কে? ১

খ. বিনিময় বিল অপেক্ষা চেকের ব্যবহার সার্বজনীন কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. শামীমের চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. সুজনের চেকটি তুলনামূলকভাবে বেশি নিরাপদ"— তুমি কি একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫। বর্তমানে দেশে মূলধনের সংকট থাকায় শিল্পায়ন প্রক্রিয়া মারাত্মকভাবে বাধাগ্রস্ত হচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য সরকার তার প্রতিনিধিত্বকারী 'P' ব্যাংককে বিষয়টি সমাধানে নির্দেশনা প্রদান করে। 'P' ব্যাংক দেশের সকল বাণিজ্যিক ব্যাংকের আমানতের হারের পরিবর্তনের মাধ্যমেই উক্ত সংকট মোকাবিলা করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. ব্যাংক হার নীতি কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মূলধন সংকট মোকাবিলায় সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত 'P' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সংকট থেকে উত্তরণের জন্য 'P' ব্যাংকের ভূমিকা কতটুকু কার্যকরী হবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৬। কেন্দ্রীয় ব্যাংক দেশের অর্থবাজারের ঋণপ্রবাহ নিয়ন্ত্রণ করতে চায়। এজন্য ব্যাংকটি আর্থিক বাজার থেকে আগের তুলনায় অধিক পরিমাণ বেসরকারি বন্ড, সিকিউরিটিজ এবং বিভিন্ন দলিলপত্র ক্রয় করার সিদ্ধান্ত গ্রহণ করে। এতে ঋণপ্রবাহ নিয়ন্ত্রণে ব্যাপক সফলতা আসে।

ক. খোলাবাজার নীতি কী? ১

খ. "কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক"— ব্যাখ্যা কর। ২

গ. কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। মি. আবির একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি ভবিষ্যতের কথা চিন্তা করে তার চাকরির অবসরের টাকা সঞ্চয় করতে আগ্রহী। এজন্য তিনি সাগরিকা ব্যাংকের ব্যবস্থাপকের পরামর্শ অনুযায়ী একটি হিসাব খুললেন যেখানে একটি নির্দিষ্ট সময় শেষে জমাকৃত অর্থ দ্বিগুণ পাবেন। যা তার জন্য অত্যন্ত উপযুক্ত ও লাভজনক।

ক. বিশেষ চলতি হিসাব কী? ১

খ. ব্যাংক কেন হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সাগরিকা ব্যাংকের ব্যবস্থাপক মি. আবিরকে কোন ধরনের হিসাব খোলার পরামর্শ দিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. আবিরের জন্য উক্ত হিসাব খোলা কতটা যৌক্তিক হবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮। মি. আকাশ একটি পোশাক শিল্পের মালিক। তার পোশাক শিল্প এবং শিল্পের মূল্যবান যন্ত্রপাতির জন্য তিনি বিমা কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করেন। বিমাচুক্তিতে পোশাক শিল্প ও শিল্পের যন্ত্রপাতির যথাযথ মূল্য বিমাপত্রে উল্লেখ না থাকায় বিমা কোম্পানি তার সাথে সম্পাদিত বিমাচুক্তিটি বাতিল করে দেয়।

ক. মৌলিক ঝুঁকি কী? ১

খ. "বিমা বাজি বা জুয়া খেলা নয়"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. আকাশ কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কোন নীতির অসংগতির কারণে বিমা কোম্পানি বিমাচুক্তিটি বাতিল করেছে? বিশ্লেষণ কর। ৪

৯। জনাব নাবিল একজন আমদানিকারক। সমুদ্রপথে রাশিয়া হতে গম আমদানি করেন। সামুদ্রিক ঝুঁকি মোকাবিলার জন্য তিনি সানসী ইন্স্যুরেন্স কোম্পানির সাথে ২ কোটি টাকা পর্যন্ত ক্ষতিপূরণের শর্তে ২৫ হাজার টাকা প্রিমিয়ামের বিনিময়ে বিমাচুক্তিতে আবদ্ধ হয়েছেন। জাহাজ সমুদ্রপথে বন্দরে আসাকালীন হঠাৎ সমুদ্রে নিমজ্জিত বরফের সাথে ধাক্কা লেগে জাহাজ ও প্রায় ১০ লক্ষ টাকার গম ক্ষতিগ্রস্ত হয়।

ক. প্রিমিয়াম কী? ১

খ. বিমাচুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব নাবিল কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব নাবিল কি বিমা কোম্পানির নিকট হতে সম্পূর্ণ ক্ষতিপূরণ পাবেন? তোমার মতামত দাও। ৪

১০। জনাব রাহাত একজন ব্যবসায়ী। তিনি প্রতি মাসে মুনাফার অর্থ হতে কিছু টাকা প্রিমিয়াম হিসেবে জমা দেওয়ার শর্তে একটি বিমা কোম্পানির সাথে চুক্তিতে আবদ্ধ হন। বিমাপত্রটির মেয়াদ ১০ বছর। মেয়াদ পূর্ণ হওয়ার দিন জনাব রাহাত মারা যান। তার স্ত্রী এবং ছেলে উভয়ই বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি তার ছেলেকে বিমাদাবি পরিশোধ করেন।

ক. দ্বৈত বিমা কী? ১

খ. "জীবন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়" কেন? ২

গ. উদ্দীপকের আলোকে জনাব রাহাত কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা কোম্পানি জনাব রাহাতের স্ত্রীকে বিমাদাবি না দিয়ে ছেলেকে দেওয়ার যথাযথ কারণ বিশ্লেষণ কর। ৪

১১। বিশিষ্ট ব্যবসায়ী মি. খান ভবিষ্যতের কথা চিন্তা করে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। বিমা পলিসিতে তিনি তার একমাত্র ছেলে মি. রাকিবকে উত্তরাধিকারী করেন। কিন্তু তিনি একটি দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত থাকা সত্ত্বেও তথ্য গোপন করে বিমা পলিসি গ্রহণ করেন। চারটি প্রিমিয়াম প্রদানের পর মি. খান মৃত্যুবরণ করেন। মৃত্যু পরবর্তীকালীন মি. রাকিব বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি দাবি পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. মৃত্যুহারপঞ্জি কী? ১

খ. জীবন বিমায় বোনাস দেওয়া হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. মি. খান কোন ধরনের জীবন বিমা করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি মি. রাকিবকে বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানায় কেন? যুক্তিসহ মতামত দাও। ৪

# বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◆ সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১▶ 'A' ব্যাংক দেশের বিভিন্ন অঞ্চলে জনগণের আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করে। পরবর্তীতে তাদের কার্যক্রম দেশের বাইরেও বিস্তৃত করে। অপরদিকে 'Z' ব্যাংক, শুধু রাজশাহীতে অবস্থিত একমাত্র অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. ব্যাংক কী? ১
খ. KYC ফরম কেন গুরুত্বপূর্ণ? ২
গ. কাঠামোর ভিত্তিতে 'Z' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'A' ব্যাংক 'Z' ব্যাংকের তুলনায় দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে।– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▶ রকিব সাহেব খুলনায় থাকেন এবং ব্যাংকে তার একটি সঞ্চয়ী হিসাব আছে। হঠাৎ করে বাড়িতে তার বাবা অসুস্থ হয়ে পড়লে তার টাকা উত্তোলনের প্রয়োজন হয়। কিন্তু তার হিসাবে যথেষ্ট টাকা থাকা সত্ত্বেও ব্যাংক তার উত্থাপিত বৈধ চেকের টাকা পরিশোধ করতে অপারগতা জানায়। এজন্য পরবর্তীতে তিনি এমন একটি ব্যাংকে হিসাব খুলবেন যাতে তিনি প্রয়োজনের সময় টাকা উত্তোলন করতে পারেন।

ক. গারনিশি আদেশ কী? ১
খ. ব্যাংক বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির কারণে ব্যাংক রকিব সাহেবকে অর্থ পরিশোধে ব্যর্থ হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরবর্তীতে ব্যাংক নির্বাচনে রকিব সাহেব ব্যাংকের কোন নীতিকে প্রাধান্য দিবেন? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৩▶ 'S' ব্যাংক ও 'T' ব্যাংক ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। 'S' ব্যাংককে তার আমানতের একটি নির্দিষ্ট অংশ 'T' ব্যাংকে বাধ্যতামূলক জমা রাখতে হয়। 'T' ব্যাংক কর্তৃক বিভিন্ন নিয়ম-কানুনের মধ্য থেকে 'S' ব্যাংক লি. কে তার দৈনন্দিন কার্য পরিচালনা করতে হয়। 'T' ব্যাংকের নির্দেশনার বাইরে 'S' ব্যাংক লি. কোনো কাজ করতে পারে না।

ক. ব্যাংক হার কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'T' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'S' ব্যাংকটি 'T' ব্যাংকের নির্দেশনা মানতে বাধ্য।– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪▶ জনাব জহির ১ লক্ষ টাকা জনাব দবিরের নিকট থেকে পাবেন। জনাব জহির একটি পত্র মারফত ৯০ দিনের মধ্যে পরিশোধ করার জন্য আদেশ প্রদান করেন। জনাব দবির পত্রটি পেয়ে 'স্বীকৃতি' লিখে জনাব জহিরের নিকট প্রেরণ করেন। অপরদিকে জনাব দবির জনাব সিজারের পাওনা বাবদ ২ লক্ষ টাকা দুই মাসের মধ্যে প্রদানের জন্য ওয়াদা করে একটি পত্র প্রেরণ করেন।

ক. চেকের অনুমোদন কী? ১
খ. "হস্তান্তরযোগ্য নহে"– এ কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব জহিরের পত্রটি কোন ধরনের হস্তান্তরযোগ্য দলিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব জহির ও জনাব দবিরের পত্র দুটি হস্তান্তরযোগ্য দলিলের ভিত্তিতে তুলনামূলক মূল্যায়ন কর। ৪

৫▶ ফরিদ সাহেব একজন ব্যবসায়ী। তার BD ব্যাংকে একটি হিসাব আছে। এই হিসাবে তিনি দিনে কয়েকবার অর্থ জমা করতে পারেন কিন্তু সপ্তাহে দুইবারের বেশি টাকা তুলতে পারেন না। তিনি এই হিসাবটি তার ব্যবসায়িক লেনদেনে ব্যবহার করতে পারবে কিনা এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপকের পরামর্শ চাইলে ব্যবস্থাপক তাকে অন্য একটি ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেন।

ক. চলতি হিসাব কী? ১
খ. নমুনা স্বাক্ষর বলতে কী বোঝায়? ২
গ. ফরিদ সাহেবের হিসাবটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যবস্থাপকের পরামর্শটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬▶ মি. বাঁধন তার দেনাদার রাফসানের নিকট থেকে ০১-০৬-২০২১ তারিখে ১ লক্ষ টাকার একটি চেক পান। চেকটির উপরিভাগে বাম কোণে অঙ্কিত আড়াআড়ি দুটি সমান্তরাল রেখার মাঝখানে 'অ্যান্ড কোম্পানি' শব্দদ্বয় লেখা আছে। মি. বাঁধন দীর্ঘদিন বিদেশে অবস্থান করার পর দেশে ফিরে গত ০২-০২-২০২২ ইং তারিখে চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক টাকা প্রদান করতে অপরাগতা প্রকাশ করে।

ক. চেক কী? ১
খ. চেকের আদিষ্ট কে? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. বাঁধন তার দেনাদারের নিকট হতে কোন ধরনের চেক পেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অর্থ পরিশোধে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭▶ সামাদ ও রাহাতের ডেল্টা ব্যাংকে হিসাব আছে। ব্যাংক তাদেরকে দুটি প্লাস্টিক কার্ড প্রদান করে। তারা শপিংমলে কেনাকাটা করতে যায়। তাদের কাছে নগদ অর্থ না থাকলেও প্লাস্টিক কার্ডের মাধ্যমে তারা কেনাকাটা করতে সক্ষম হন। এক্ষেত্রে সামাদের ব্যাংক হিসাবে টাকা থাকলেও রাহাতের ব্যাংক হিসাবে টাকা ছিল না।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. মোবাইল ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. ব্যাংকের কোন প্লাস্টিক কার্ডের কারণে রাহাত কেনাকাটা করতে সক্ষম হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্লাস্টিক কার্ড দুটোর মধ্যে কোন কার্ডটির সুযোগ-সুবিধা তুলনামূলক বেশি? বিশ্লেষণ কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮▶ জাহিদ তার বাবার সাথে একই বাড়িতে থাকেন। বাড়িটি জাহিদের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে জাহিদ বাড়িটি বিমা করতে যান। কিন্তু বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন জাহিদের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। তারপর জাহিদ বিমা কোম্পানিকে না জানিয়ে বাড়ির ২য় তলার কাজ শুরু করেন। ২য় তলার কাজ শেষ হওয়ার পরপরই বাড়িটি ধসে পড়ে। জাহিদের বাবা বিমাদাবি করলে বিমা কোম্পানি দাবি পূরণে অস্বীকৃতি জানায়।

ক. বিমাগ্রহীতা কে? ১
খ. বিমাচুক্তির ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. বিমার কোন নীতির জন্য জাহিদের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জাহিদের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? বিশ্লেষণ কর। ৪

SURE SUCCESS

৯▶ ফরিদ সাহেবের একমাত্র সন্তান জলি। জলি বিবাহিতা। ফরিদ সাহেব তার বিবাহিতা কন্যার ভবিষ্যতের কথা চিন্তা করে জলির নামে একটি জীবন বিমা পলিসি খুলতে চাইলে বিমা কোম্পানি অস্বীকৃতি জানায়। অন্যদিকে, জলির স্বামী রনি জলির নামে একটি জীবন বিমা পলিসি খোলেন। তবে পলিসি খোলার সময় রনি জলির অসুস্থতার কথা বিমা কোম্পানির কাছে তুলে ধরেননি।

ক. প্রিমিয়াম কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রনি জলির নামে জীবন বিমা পলিসি খোলার সময় বিমার কোন নীতি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ফরিদ সাহেব জলির নামে জীবন বিমা পলিসি খুলতে বিমা কোম্পানির অস্বীকৃতির যৌক্তিকতা বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▶ তরুণ ১০ বছরের জন্য ৪ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি সম্পাদন করেন। ৫ বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থ্যের কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং প্রিমিয়াম আদায়ের জন্য আবেদন করেন।

ক. আজীবন বিমাপত্র কী? ১
খ. বোনাস বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. তরুণ কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের তরুণ বিমা কোম্পানির নিকট প্রিমিয়াম ফেরত পাওয়ার অধিকারী হবেন কি? তোমার সপক্ষে যুক্তি দেখাও। ৪

১১▶ হাসান সাইকেল তৈরিকারী HD কোম্পানির মালিক। হাসান তার কোম্পানির ১,০০০ শ্রমিকের নিরাপত্তার জন্য একক বিমাপত্রের অধীনে 'গ্রীন লাইফ বিমা কোম্পানির' সাথে একটি বিমাচুক্তি করেন। 'গ্রীন লাইফ বিমা কোম্পানি' আবার একই বিমা বিষয়বস্তুর ওপর 'শীতল বিমা কোম্পানির' সাথে একটি বিমাচুক্তি করেন।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত HD কোম্পানির মালিক হাসান কোন ধরনের বিমাচুক্তি করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'গ্রীন লাইফ বিমা কোম্পানি' 'শীতল বিমা কোম্পানির' সঙ্গে বিমাচুক্তির মূল্যায়ন কর। ৪

# দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১▶ রমনা ব্যাংক সারা দেশে তাদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। পরবর্তীতে বিদেশেও তাদের কার্যক্রম বিস্তৃত করেছে। অপরদিকে 'ময়নামতি ব্যাংক' শুধু কুমিল্লায় অবস্থিত একমাত্র অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. ব্যাংক কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'রমনা ব্যাংকটি' কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'ময়নামতি ব্যাংক' থেকে 'রমনা ব্যাংক' দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে।"– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▶ বাংলাদেশ ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক। এই ব্যাংকের একটি বিশেষ কক্ষ রয়েছে, যেখানে তালিকাভুক্ত ব্যাংকসমূহের পারস্পরিক দেনা-পাওনার নিষ্পত্তি হয়। সাম্প্রতিককালে দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি সুদের হার ৫.৫% থেকে ৬% এ উন্নীত করে। তার পরেও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় বাংলাদেশ ব্যাংক CRR বৃদ্ধির সিদ্ধান্ত নেয়।

ক. কেন্দ্রীয় ব্যাংক কী? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের কোন বিশেষ কক্ষের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য যে দুটি পদ্ধতি গ্রহণ করেছে তাদের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩▶ বাণিজ্যিক ব্যাংকসমূহের অত্যধিক ঋণদান কার্যক্রমের কারণে বাজারে মুদ্রাস্ফীতি দেখা দেয়। এতে দ্রব্যমূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায়। এমতাবস্থায়, কেন্দ্রীয় ব্যাংক CRR পূর্বের তুলনায় ২% বাড়িয়ে দেয়। কিন্তু কিছু কিছু ব্যাংক এ নির্দেশ অমান্য করায় কেন্দ্রীয় ব্যাংক তাদের বিল বাট্টাকরণে অস্বীকৃতি জানায়। ফলে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ নির্দেশ পালনে বাধ্য হয়, বাজারে মুদ্রা সরবরাহ ও ঋণের পরিমাণ কাম্যস্তরে ফিরে আসে।

ক. SLR-এর পূর্ণরূপ লেখ। ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত প্রথম পদক্ষেপ ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মূল্যস্তরের স্থিতিশীলতা আনয়নে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত ব্যবস্থা কতটুকু যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

৪▶ মি. খোরশেদ প্রতিমাসে তার ব্যাংক হিসাবে কিছু টাকা জমা রাখেন। প্রয়োজনে সেখান থেকে উত্তোলন করে থাকেন। ব্যাংক তাকে অল্প পরিমাণ মুনাফা দিয়ে থাকে। তিনি বাংলাদেশ হার্ট ফাউন্ডেশন লটারির ২৫,০০,০০০ টাকা পুরস্কার পেলেন। এখন তিনি এই টাকাগুলো দিয়ে অধিক পরিমাণ মুনাফার হিসাব খুলতে চান।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. ব্যাংক কেন হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. খোরশেদ কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. খোরশেদের লটারির টাকা কোন হিসাবে রাখা অধিকতর মুনাফা অর্জনে সহায়ক হবে? ব্যাখ্যা কর। ৪

৫▶ জনাব সারওয়ার চাকরি থেকে গ্র্যাচ্যুইটি বাবদ প্রাপ্ত ১৫ লক্ষ টাকা অধিক মুনাফার আশায় একটি ব্যাংক হিসাবে জমা করেন। এক্ষেত্রে ব্যাংক চেক বইয়ের পরিবর্তে তাকে একটি Receipt প্রদান করে। প্রাত্যহিক খরচ নির্বাহে ব্যাংক কর্মকর্তার পরামর্শে তিনি একটি নতুন হিসাব খোলেন। যেখানে আগের হিসাবের অর্জিত মুনাফা জমা হবে এবং প্রয়োজন অনুযায়ী তিনি উক্ত হিসাব থেকে টাকা উত্তোলন ও টাকা জমা করতে পারবেন। জনাব সারওয়ার বিশেষ প্রয়োজনে নতুন হিসাবের স্থিতির অতিরিক্ত ৫০,০০০ টাকা উত্তোলনের জন্য একটি চেক নিয়ে গেলে ব্যাংক কর্মকর্তা তাতে অস্বীকৃতি জ্ঞাপন করে।

ক. ব্যাংক হিসাব বিবরণী কী? ১
খ. মূলধন গঠনে স্থায়ী হিসাবের ভূমিকা লেখ। ২
গ. উদ্দীপকে সারওয়ার প্রথম পর্যায়ে কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক কর্তৃক জনাব সারওয়ারের চেক প্রত্যাখ্যাত হওয়ার যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬▶ জনাব শারমিন তার দেনাদার শিরিনের কাছ থেকে ৫,০০,০০০ টাকার একটি চেক পান। টাকা উত্তোলনের জন্য তিনি ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা চেকের অর্থ নগদে পরিশোধ না করে চেকটি শারমিনের যেকোনো ব্যাংক হিসাবে জমা করার জন্য বলেন। জনাব শারমিন তাৎক্ষণিক টাকার প্রয়োজনের কথা জানালে ব্যাংক কর্মকর্তা তাকে চেকের ধরন পরিবর্তনের পরামর্শ দেয়।

ক. বাসি চেক কী? ১
খ. হুকুম চেক বাহক চেক থেকে অধিকতর নিরাপদ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনার্ব শারমিনের প্রাপ্ত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক কর্মকর্তার পরামর্শ অনুযায়ী তাৎক্ষণিক টাকার প্রয়োজন মেটানোর জন্য জনাব শারমিনের করণীয় কী হতে পারে বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

৭▶ মি. সাকিব একজন ব্যবসায়ী। মার্চেন্ট ব্যাংক কর্তৃপক্ষ লেনদেনের সুবিধার্থে তাকে একটি প্লাস্টিক কার্ড ইস্যু করে যা ব্যবহার করে নগদ টাকা উত্তোলন ছাড়াও কেনাকাটা করতে পারেন। কিন্তু তিনি ব্যবসায়িক প্রয়োজনে জমার অধিক টাকার লেনদেন করতে ব্যর্থ হন। ব্যাংকে অভিযোগ করলে ব্যাংক তাকে নতুন আরেকটি কার্ড ইস্যু করে যা তিনি সকল কাজে ব্যবহার করে থাকেন।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১
খ. বর্তমানে ATM-এর ব্যবহার এত জনপ্রিয় কেন? ২
গ. ব্যাংক কর্তৃক ইস্যুকৃত মি. সাকিবের কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. সাকিবের নতুন প্রাপ্ত কার্ডটি তার ব্যবসায়ে কীভাবে অধিক ভূমিকা রাখতে পারবে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮▶ মি. শাহীন তার মালিকানাধীন গুদামঘরটি শাপলা ট্রেডার্সের নিকট ভাড়া প্রদান করে। শাপলা ট্রেডার্স গুদামে ব্যবসায়িক মালামাল রাখে এবং একটি বিমা কোম্পানির সাথে আগুনে বিনষ্ট হওয়ার ঝুঁকির বিপক্ষে একটি বিমাচুক্তি সম্পাদন করে। জানা গেছে যে, মি. শাহীন গুদামে রক্ষিত মালামালের জন্য বিমাচুক্তি সম্পাদন করতে গেলে কোম্পানি অস্বীকৃতি জানায়। একদিন গুদামঘরে আগুন লেগে মালামাল পুড়ে ছাই হয়ে যায় এবং বিমা কোম্পানি চুক্তি মোতাবেক যাবতীয় ক্ষতিপূরণ প্রদান করে। পরবর্তীতে দেখা গেল পুড়ে যাওয়া মালামালের ধ্বংসস্তূপের নিচে কিছু আংশিক ভালো মাল রয়েছে যা একজন ব্যবসায়ী ৫০ হাজার টাকায় ক্রয়ে সম্মত আছেন।

ক. বিমা কী? ১
খ. বিমাকে ঝুঁকি বণ্টনের ব্যবস্থা বলা হয় কেন? ২
গ. বিমার কোন বৈশিষ্ট্যের অভাবে বিমা কোম্পানি মি. শাহীনের সাথে বিমাচুক্তি করতে সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. পুড়ে যাওয়া আংশিক মালামাল বিক্রির অর্থ কে পাবে? বিমার নীতির আলোকে মন্তব্য কর। ৪

৯▶ জনাব রিমন তার বাবার সাথে একই বাড়িতে বসবাস করেন। বাড়িটি তার বাবার নামে। ভূমিকম্পনজনিত ক্ষতির কারণে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এ আশঙ্কা হতে জনাব রিমন বাড়িটি বিমা করতে গেলে বিমাকারী প্রতিষ্ঠান বিমা গ্রহণে অস্বীকৃতি জানায়। তাই রিমনের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। পরবর্তীতে রিমনের বাবা বিমা প্রতিষ্ঠানকে না জানিয়ে বাড়িটি আকৃতিগত কিছু পরিবর্তন সাধন করে। এতে বাড়িটি এক পার্শ্বে হেলে যায়। রিমনের বাবা বিমাদাবি পেশ করলে বিমাকারী প্রতিষ্ঠান তা দিতে অস্বীকৃতি জানায়।

ক. দায় বিমা কী? ১
খ. "কিছু কিছু ঝুঁকি নিয়ন্ত্রণ অযোগ্য"– ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির জন্য জনাব রিমনের প্রস্তাবে বিমা প্রতিষ্ঠান বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব রিমনের বাবা কি বিমাদাবি পাবার যোগ্য? বিশ্লেষণ কর। ৪

১০▶ মি. নয়ন একটি জীবন বিমা পলিসি গ্রহণের চিন্তা করছেন। তিনি চুক্তি অনুযায়ী এককালীন একটিমাত্র কিস্তির মাধ্যমে প্রিমিয়াম পরিশোধ করবেন এবং তার মৃত্যুর পর মনোনীত ব্যক্তিকে বিমা কোম্পানি বিমাদাবি পরিশোধ করবে। তিনি বিষয়টি তার বন্ধুকে জানালে বন্ধু ১০ বছর মেয়াদি বার্ষিক প্রিমিয়াম পরিশোধের ভিত্তিতে বিমাচুক্তি সম্পাদন করার পরামর্শ দিলেন।

ক. মৃত্যুহার পঞ্জি কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. মি. নয়ন কোন ধরনের বিমাপত্র গ্রহণ করার চিন্তা করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. নয়নের বন্ধুর পরামর্শটি মূল্যায়ন কর। ৪

১১▶ মি. জয়নাল AB ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একটি চুক্তি সম্পাদন করেছেন। চুক্তিপত্রে মি. জয়নালের মনোনীত নমিনি হলেন তার স্ত্রী। চুক্তি অনুযায়ী মি. জয়নাল মৃত্যুর পূর্ব পর্যন্ত কিস্তি দিয়ে যাবেন। কিন্তু জীবিত অবস্থায় কোনো বিমাদাবি পাবেন না। তিনি মাত্র ৫ বছর কিস্তি প্রদানের পর মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর পর স্ত্রী ও একমাত্র ছেলে সাব্বির আলাদাভাবে কোম্পানির নিকট বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি সাব্বিরের দাবি প্রত্যাখ্যান করেন। কিন্তু তার স্ত্রীর দাবি গ্রহণ করে সমুদয় অর্থ পরিশোধ করেন।

ক. প্রিমিয়াম কী? ১
খ. "জীবন বিমার চূড়ান্ত সদ্বিশ্বাস প্রয়োজন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিমাপত্রটি কোন ধরনের জীবন বিমাপত্র? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক সাব্বিরের বিমাদাবি প্রত্যাখ্যান হওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ বাংলাদেশ ব্যাংক বিভিন্ন ধরনের আধুনিক ব্যাংকিং সেবা ও সুবিধা প্রদান করছে। এ ধরনের সুবিধা পেয়ে বাণিজ্যিক ব্যাংকগুলো ব্যাপক আকারে জনগণকে ঋণ প্রদান করতে শুরু করেছে। এমতাবস্থায় যেকোনো সময় অর্থনৈতিক বিপর্যয়ের আশঙ্কা করা হচ্ছে। তাই বাংলাদেশ ব্যাংক সুদের হার ৮% থেকে বাড়িয়ে ১০% করে। এর পরেও বাণিজ্যিক ব্যাংকগুলো ঋণ প্রদান অব্যাহত রাখলে বাংলাদেশ ব্যাংক প্রথম শ্রেণির শেয়ার ও ঋণপত্র বিক্রয় শুরু করে।

ক. কেন্দ্রীয় ব্যাংক কী? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে গৃহীত বাংলাদেশ ব্যাংকের প্রথম পদক্ষেপটি কোন ধরনের পদক্ষেপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের গৃহীত দ্বিতীয় পর্যায়ের কার্যক্রমটি মূল্যায়ন কর। ৪

২ ▸ সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো বিলাসবহুল দ্রব্য ক্রয়ে অধিক পরিমাণে ঋণ দেওয়ায় বাজারে মুদ্রাস্ফীতি দেখা দেয়। তাই কেন্দ্রীয় ব্যাংক জমা সঞ্চিতি বাড়ানোর সিদ্ধান্ত নেয়। কিন্তু তাতে ঋণ সরবরাহ পরিস্থিতি তেমন পরিবর্তন হয়নি। তাই ব্যাংকটি ঋণের বিপক্ষে জামানতের পরিমাণ বাড়িয়ে দেয়। এতে গ্রাহকদের মাঝে ঋণ গ্রহণ প্রবণতা কমে যায়।

ক. CRR-এর পূর্ণরূপ কী? ১
খ. নোট ইস্যুকরণ বলতে কী বোঝায়? ২
গ. কেন্দ্রীয় ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণে সর্বপ্রথম কোন পদ্ধতি অবলম্বন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেন্দ্রীয় ব্যাংকটির ঋণ নিয়ন্ত্রণের পরবর্তী পদ্ধতিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব জসিম একজন ব্যবসায়ী। তার একটি ব্যাংক হিসাব আছে। কিন্তু সেটা দিয়ে তার ব্যবসায়িক চাহিদা মিটছে না। এক্ষেত্রে তিনি নতুন করে একটি ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। তিনি এমন একটি হিসাব খুলতে চান যেখানে যতবার ইচ্ছা টাকা তোলা ও জমা দেওয়ার সুযোগ ছাড়াও অন্যান্য আধুনিক ব্যাংকিং সুযোগ-সুবিধা পাওয়া যাবে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. KYC বলতে কী বোঝ? ২
গ. জনাব জসিমের বর্তমান ব্যাংক হিসাবটির ধরন কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জসিমের নতুন ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয়তা কতটুকু যৌক্তিক মূল্যায়ন কর। ৪

৪ ▸ জনাব জহির তার পাওনাদার জনাব তরিকুলকে ৫ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। জনাব জহির চেকের ওপর বাম কোণে দুটি আড়াআড়ি দাগ টেনে 'প্রাপকের হিসাব' লিখে দেন। জনাব তরিকুল তার পাওনাদার কবিরকে দুই মাসের মধ্যে ১ লক্ষ টাকা পরিশোধের ওয়াদাপত্র প্রেরণ করেন।

ক. চেকের প্রত্যাখ্যান কী? ১
খ. বিনিময় বিল অপেক্ষা চেকের ব্যবহার সার্বজনীন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব জহির কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত তরিকুলের ওয়াদাপত্রটি বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. আলম একজন এনজিও কর্মকর্তা। তিনি 'চিত্রা ব্যাংক লি.'-এ একটি হিসাব পরিচালনা করেন। যার বিপরীতে একটি সাংকেতিক নম্বরযুক্ত বিশেষ ধরনের প্লাস্টিক কার্ড রয়েছে। এই কার্ড দিয়ে তিনি জমাকৃত অর্থ উত্তোলন ছাড়াও পণ্যসামগ্রী ক্রয় করে মূল্য পরিশোধ করতে পারেন, কিন্তু তিনি মাত্রাতিরিক্ত ব্যস্ত থাকার কারণে গ্যাস, পানি, বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিষয়টি তিনি তার ব্যাংককে অবহিত করেন। ব্যাংক ব্যবস্থাপক বিষয়টির গুরুত্ব অনুধাবন করে মি. আলমকে ব্যাংকের ওয়েবসাইটে নাম ও নির্দিষ্ট পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে ব্যাংকিং সেবা গ্রহণে উৎসাহিত করেন।

ক. SWIFT-এর পূর্ণরূপ কী? ১
খ. বিক্রয় সেবা বিন্দু (POS) বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মি. আলম ব্যাংক হতে কোন প্লাস্টিক কার্ড পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'চিত্রা ব্যাংক লি.'-এর ব্যবস্থাপক মি. আলমকে যে পরামর্শ দিয়েছেন সেটি কি তার সমস্যা সমাধানে সক্ষম বলে তুমি মনে কর? সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▸ মহানন্দা ব্যাংক লি. গার্মেন্টস শিল্পসহ বিভিন্ন শিল্প কারখানায় সহযোগিতা ও ঋণ দেয়। গত বছরের করোনা মহামারী ও এ বছরের বিশ্ববাজারে অস্থিতিশীলতার জন্য ব্যবসায়ীরা ঠিকমতো ব্যবসায় করতে না পারায় মারাত্মক ক্ষতির সম্মুখীন হয় এবং অনেকেই ব্যবসায় গুটিয়ে নেয়। ফলে ব্যাংকের ঋণের টাকা ঠিকমতো আদায় হচ্ছে না। অপরদিকে, আমানতকারিগণ তাদের জমাকৃত টাকা ফেরত নেওয়ার জন্য ব্যাংককে তাগাদা দিচ্ছে। তবে ব্যাংকটি অর্থ প্রদানে অপারগতা প্রকাশ করছে।

ক. ব্যাংক কী? ১
খ. গ্রুপ ব্যাংকিংয়ের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকটির সমস্যা ব্যাংকের মূলনীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ মি. আযাদ XYZ ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খোলেন। ব্যাংক তাকে চেক বই ছাড়াও জরুরি লেনদেনের প্রয়োজনে একটি বিশেষ কার্ড সরবরাহ করেন। যা দিয়ে তিনি কেনাকাটা করতে পারেন এবং এই কার্ড দিয়ে ঋণের সুবিধা পান এবং নির্দিষ্ট সীমা পর্যন্ত বাকিতে পণ্য কিনতে পারেন। মি. আযাদ গোপন নাম্বার ব্যবহার করে কার্ডটি দিয়ে টাকা উত্তোলন করেন। এই জন্য তাকে একটি ছোট ঘরে থাকা ম্যাগনেটিক মেশিন ব্যবহার করতে হয়।

ক. হোম ব্যাংকিং কী? ১
খ. ইলেকট্রনিক ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কার্ডটির গোপন নাম্বার ব্যবহারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কার্ডটি ব্যবহার করে কি অর্থ উত্তোলন সম্ভব? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : বিমা

৮ ▸ জনাব কামাল দীর্ঘদিন ধরে দুরারোগ্য রোগে আক্রান্ত। তিনি এ বিষয়টি গোপন করে নিজের পরিবার ও সন্তানের আর্থিক নিরাপত্তার জন্য জীবন বিমা করেন। কয়েকটি কিস্তি দেওয়ার পর কামাল সাহেব মারা গেলে তার পরিবার বিমা কোম্পানির কাছে বিমাদাবি পেশ করলে বিমা কোম্পানি দাবি পূরণে অসম্মতি প্রদান করে বিমাচুক্তিটি বাতিল করেন।

ক. প্রিমিয়াম কী? ১
খ. ঝুঁকি বলতে কী বোঝায়? ২
গ. জনাব কামাল বিমাচুক্তির কোন পক্ষ? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক চুক্তিটি বাতিলের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ জনাব মামুন ১০ বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। বিমাচুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে মারা যান তাহলে তার পরিবার বিমাদাবি পাবেন অথবা মেয়াদ শেষে তিনি পাবেন। মেয়াদ শেষে বিমাদাবি উত্থাপন করলে বিমা প্রতিষ্ঠান জানতে পারে তার বয়স ৪৫ হলেও তিনি বিমাপত্রে ৪০ বছর উল্লেখ করেছেন।

ক. পুনর্বিমা কী? ১
খ. দ্বৈত বিমা কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব মামুন কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব মামুন বিমাদাবি পাওয়ার যোগ্য কী? বিমার নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব মাহবুব একজন সরকারি কর্মকর্তা। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে নিজ নামে একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। তিনি তার স্ত্রীকে বিমাপত্রের নমিনি করেন। ৪ বছর পর বিমাপত্রের কিস্তি প্রদান করতে তিনি ব্যর্থ হন। এখন তিনি কিস্তির টাকা ফেরত চান।

ক. বোনাস কী? ১
খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব মাহবুব কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মাহবুবের কিস্তির টাকা ফেরতের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব শাহরুখ তার বাবার সাথে একই বাড়িতে বসবাস করেন। বাড়িটি শাহরুখের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে জনাব শাহরুখ বাড়িটি বিমা করতে গেলে বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন জনাব শাহরুখের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। তারপর জনাব শাহরুখ বিমা কোম্পানিকে না জানিয়ে বাড়ির ২য় ও ৩য় তলার কাজ শেষ করেন। ২য় ও ৩য় তলার কাজ শেষ হওয়ার পরপরই বাড়িটি ধসে পড়ে। জনাব শাহরুখের বাবা বিমাদাবি করলে বিমা কোম্পানি দাবি পূরণে অস্বীকৃতি জানায়।

ক. ঝুঁকি কী? ১
খ. "বিমাচুক্তি বাজি ধরার চুক্তি নয়"— ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির জন্য জনাব শাহরুখের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব শাহরুখের বাবা কী বিমাদাবি পাওয়ার যোগ্য? তোমার মতামত দাও। ৪

SURE SUCCESS

# ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◐ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১▶ 'ক' একটি ব্যাংক যার প্রধান উদ্দেশ্য জনকল্যাণ। অপরপক্ষে 'খ' অন্য একটি ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। উক্ত ব্যাংকটি বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ দিয়ে ব্যবসায় বাণিজ্যে সহায়তা করে থাকে। সম্প্রতি দেশে দ্রব্যসামগ্রীর দাম বৃদ্ধি পেতে থাকলে তা নিয়ন্ত্রণে উভয় ব্যাংক সহায়তা করে।

ক. ব্যাসেল-২ কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'ক' ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যাংক দুটির কার্যাবলির মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

২▶ বাংলাদেশ ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক। এই ব্যাংকের একটি বিশেষ কক্ষ রয়েছে, যেখানে তালিকাভুক্ত ব্যাংকসমূহের পারস্পরিক দেনা পাওনার নিষ্পত্তি হয়। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটির সুদের হার ৫% থেকে ৬% এ উন্নীত করে। তবুও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ না হওয়ায় বাংলাদেশ ব্যাংক CRR বৃদ্ধির সিদ্ধান্ত নেয়।

ক. বিধিবদ্ধ তারল্য সংরক্ষণ হার কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের কোন বিশেষ কক্ষের কথা উল্লেখ রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য যে দুটো পদ্ধতি গ্রহণ করেছে তাদের মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩▶ অষ্টম শ্রেণির ছাত্র সুমন ঢাকার একটি হোস্টেলে থেকে পড়ার সিদ্ধান্ত হয়। ব্যাংক হিসাব খোলার জন্য সে বাবার সাথে ব্যাংকে যায়। ব্যাংক ম্যানেজার তাকে হিসাব খোলার একটি মূল আবেদন ফরম সরবরাহ করেন। সাথে একটি কার্ড ও অপর আরেকটি ফরম পূরণ করতে বলেন যা খুবই গুরুত্বপূর্ণ।

ক. ঋণ আমানতি হিসাব কী? ১
খ. ব্যাংক কেন হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সুমনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সুমনকে প্রদত্ত ফরমটি কেন গুরুত্বপূর্ণ তা বিশ্লেষণ কর। ৪

৪▶ দেওয়ান সাহেব একজন সিনিয়র ব্যাংক কর্মকর্তা। তিনি একটি ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন গ্রহণ করেন। কিছুদিন পর তার কর্মদক্ষতার জন্য ব্যাংক তাকে পুরস্কারস্বরূপ মোটা অঙ্কের বোনাস প্রদান করে। তিনি বোনাসের টাকাটা পূর্বের হিসাবে না রেখে নতুন একটি ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্ত নেন, যা পূর্বের হিসাবের তুলনায় লাভজনক।

ক. মিশ্র ব্যাংকিং কী? ১
খ. বিমা সঞ্চয়ী হিসাব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে দেওয়ান সাহেব বোনাসের টাকা কোন হিসাবে রাখার সিদ্ধান্ত নিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দেওয়ান সাহেবের ব্যাংকে হিসাব থাকা সত্ত্বেও পরবর্তীতে অপর একটি হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▶ জনাব মাসুদ একজন ঠিকাদার। তিনি তার পাওনাদার জনাব রাসেলকে এক লক্ষ টাকার এমন একটি চেক প্রদান করেন যা নিরাপদ বলে বিবেচিত। কিন্তু দুর্ভাগ্যবশত জনাব রাসেল উক্ত চেকটি হারিয়ে ফেললে মাসুদ সাহেবের শরণাপন্ন হন। জনাব মাসুদ রাসেলকে বিচলিত না হয়ে জনাব রাসেলের নামের শেষে 'আদেশ অনুসারে' কথাটি লিখে নতুন একটি চেক ইস্যু করেন।

ক. ভ্রমণকারীর চেক কী? ১
খ. চেকের অনুমোদনের প্রয়োজন হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব মাসুদ রাসেলকে প্রথমে কোন ধরনের চেক প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মাসুদ কর্তৃক প্রদত্ত প্রথম ও দ্বিতীয় চেকের মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪

৬▶ জনাব রহমান একজন বিশিষ্ট ব্যবসায়ী। তিনি ব্যাংকে হিসাব খুলতে গেলে ব্যাংক তাকে চেক বইয়ের সাথে একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ড সরবরাহ করে। যার মাধ্যমে তিনি ব্যাংকে না গিয়েও টাকা উত্তোলন করতে পারেন। হঠাৎ ব্যবসায়িক প্রয়োজনে বিদেশ গমনকালে জমাতিরিক্ত টাকার দরকার হলে তিনি ব্যাংক থেকে আরও একটি চুম্বকীয় প্লাস্টিক কার্ড সংগ্রহ করেন যার সাথে তার উক্ত ব্যাংক হিসাবের কোনো সম্পর্ক নেই। কিন্তু এই কার্ড ব্যবহার করে তিনি বিদেশে তার যাবতীয় খরচাদি সম্পন্ন করতে পারবেন।

ক. SWIFT কী? ১
খ. ই-ব্যাংকিং কেন জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহমানকে ব্যাংক প্রথমে কোন ধরনের কার্ড সরবরাহ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রহমানের ১ম কার্ডের সাথে ২য় কার্ডের তুলনামূলক বিশ্লেষণ করে তুমি কোন কার্ডটি উত্তম বলে মনে কর? মতামত দাও। ৪

৭▶ রহিমা গ্রাম থেকে শহরে এসে 'TNM' নামে একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকরি নেয়। চাকরির প্রয়োজনে তাকে শহরে অবস্থান করতে হয়। প্রতি মাসে বেতন পেয়ে সে বাড়িতে তার বাবাকে চিকিৎসা খরচ পাঠানো নিয়ে খুবই চিন্তিত থাকে। তার এক বান্ধবী ব্যাপারটি জানতে পেরে তাকে বিশেষ এক তারবিহীন ই-প্রযুক্তিতে টাকা পাঠানোর জন্য পরামর্শ দেয়। যার ফলশ্রুতিতে রহিমা ব্যাংকে না গিয়েও গ্রামে তার বাবাকে প্রতি মাসে টাকা পাঠাতে পারে এবং সাথে সাথে প্রাপ্তি সংবাদও পায়। এতে রহিমা অনেকটা স্বস্তিবোধ করে।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. "স্বয়ংক্রিয় নিকাশ ঘর আন্তঃলেনদেন সহজ করেছে"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রহিমা কোন ই-ব্যাংকিং পদ্ধতিতে গ্রামে তার বাবাকে টাকা পাঠায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে রহিমার অনুসৃত পদ্ধতিটি বর্তমানে অধিক জনপ্রিয়? বিশ্লেষণ কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮▶ মি. রকিব EPZ এ অবস্থিত একটি সাইকেল কারখানার মালিক। তিনি তার কারখানার জন্য 'X' বিমা কোম্পানি ও 'Y' বিমা কোম্পানির সাথে পৃথকভাবে ত্রিশ লক্ষ টাকার দুটি বিমাচুক্তি করেন। পরবর্তীতে দুর্ঘটনাজনিত কারণে তার কারখানায় ৪ লক্ষ টাকার ক্ষতি সাধিত হয়। মি. রকিব 'X' বিমা কোম্পানি ও 'Y' বিমা কোম্পানি উভয়ের নিকট হতে পৃথকভাবে ৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. বিমাচুক্তি কী? ১
খ. কোন নীতির আলোকে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর বিমা করতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. রকিব কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি কর্তৃক মি. রকিবের বিমাদাবি প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৯▶ জনাব রায়হান একটি প্রাইভেট ফার্মে চাকরি করেন। তিনি "ডেলটা লাইফ ইন্স্যুরেন্স কো." এর সাথে পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে ১৫ বছরের জন্য ২০ লক্ষ টাকার একটি জীবন বিমাচুক্তি করেন। ৫ বছর প্রিমিয়াম পরিশোধ করার পর হঠাৎ তিনি চাকরি হারান। ফলশ্রুতিতে তার আর্থিক সমস্যার কারণে তিনি বিমা পলিসিটি চালাতে অসমর্থ হন। বিষয়টি তিনি বিমাকারী প্রতিষ্ঠানকে অবহিত করেন এবং তার পরিশোধিত প্রিমিয়ামের সম্পূর্ণ অংশ ফেরত পাবার জন্য আবেদন করেন।

ক. বোনাস কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বিমা ব্যবসায়ে কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রায়হান কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রায়হানের বিমাকারী প্রতিষ্ঠানের নিকট সম্পূর্ণ প্রিমিয়ামের অর্থ ফেরত চাওয়া কতটুকু যৌক্তিক? বিশ্লেষণ কর। ৪

১০▶ মি. কায়সার একটি শিপিং কোম্পানির কর্ণধার। তিনি তার জাহাজগুলোর জন্য বিমা করেন। সম্প্রতি ঘূর্ণিঝড়ের কবলে তার একটি জাহাজ ডুবে যায়। তিনি বিমাদাবি পেশ করলে বিমাকারী প্রতিষ্ঠান সম্পূর্ণ অর্থ বিমাদাবি হিসেবে পরিশোধ করেন। পরবর্তীতে জাহাজটি উদ্ধার করা হলে বিমাকারী প্রতিষ্ঠান জাহাজটি ভগ্নাংশ হিসেবে একজন ব্যবসায়ীর নিকট বিক্রয় করে। বিষয়টি জেনে মি. কায়সার উক্ত বিক্রয়লব্ধ অর্থ দাবি করলে বিমা প্রতিষ্ঠান তার দাবি প্রত্যাখ্যান করে।

ক. ঝুঁকি কী? ১
খ. "বিমাচুক্তি পরম বিশ্বাসের চুক্তি"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. কায়সার কোন নীতির আলোকে বিমাকারী প্রতিষ্ঠান থেকে বিমাদাবি লাভ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি কর্তৃক মি. কায়সারের পরবর্তী অর্থ দাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▶ আসিফ ও খসরু দুজনই একই প্রতিষ্ঠানে কর্মরত। তাদের মধ্যে আসিফ তার সন্তানদের কথা চিন্তা করে দু'বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। অপরদিকে খসরু তার সন্তানের লেখাপড়ার স্বার্থে ১০ বছর মেয়াদি একটি বিশেষ ধরনের বিমাপত্র গ্রহণ করেন যার শর্ত হিসেবে বিমাকারী মেয়াদ শেষে তার সন্তানকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত মাসিক বৃত্তি প্রদান করবে।

ক. IDRA কী? ১
খ. গ্রুপ বিমা কাদের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আসিফের গৃহীত বিমাপত্রটি কোন ধরনের জীবন বিমাপত্র ব্যাখ্যা কর। ৩
ঘ. আসিফ ও খসরুর গৃহীত দুটি জীবন বিমাপত্রের মধ্যে কোনটি অধিক লাভজনক বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

# রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▶ শফিক ও রফিক দুই জনই সদ্য MBA পাস করেছেন। উভয়ের লক্ষ্য ভালো কোনো ব্যাংকে চাকরি করা। সে লক্ষ্যে শফিক একটি ব্যাংকে সিনিয়র এক্সিকিউটিভ পদে যোগদান করেন। যেটি শুধু দেশের শিল্পায়নে কাজ করে। অপরদিকে রফিকও একটি ব্যাংকে যোগদান করেন। ব্যাংকটির মূল কাজ কৃষি খাতের উন্নয়ন এবং কৃষকদের আর্থিক সহায়তা প্রদান করা।

ক. ব্যাংক কী? ১

খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত শফিকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রফিকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাংকের কার্যক্রম শ্রেণির ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

২ ▶ ঢাকার মতিঝিলে এমন একটি ব্যাংক আছে যাকে অন্যান্য ব্যাংকের অভিভাবক বলা হয়। ব্যাংকটি তার প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশের বিভিন্ন জায়গায় এর শাখা রয়েছে। প্রতিটি শাখায় একটি নির্দিষ্ট কক্ষ রয়েছে। আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তির জন্য যেখানে প্রতিদিন বিভিন্ন ব্যাংকের চেক, ড্রাফট ইত্যাদি এসে জমা হয়।

ক. নিকাশ ঘর কী? ১

খ. ঋণের বরাদ্দকরণ নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তির বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মি. রানা বিদেশ থেকে এসে ব্যবসা করতে চান। সে লক্ষ্যে তিনি ৪০ লক্ষ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। তাই তিনি তার ব্যবসায়িক কাজের জন্য ব্যাংকে একটি হিসাব খুললেন। ব্যাংক তাকে একটি চেক বই প্রদান করেন। তিনি চেকের থেকেও সহজে বহন করা যায় ও নিরাপদ এমন কিছু ব্যাংক থেকে দাবি করেন। ব্যাংক মি. রানার চাহিদা মোতাবেক একটা প্লাস্টিক কার্ড সরবরাহ করেন। তিনি কার্ডটি ব্যবহার করে দেশের বিভিন্ন স্থান থেকে সবসময় অর্থ উত্তোলন করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. কোন চেক অধিক নিরাপদ? ২

গ. উদ্দীপকে মি. রানা যে হিসাব খোলেন সেটি কোন ধরনের হিসাব এবং কেন? ৩

ঘ. উদ্দীপকের মি. রানা তার প্লাস্টিক কার্ড ব্যবহার করে কি সবসময় অর্থ উত্তোলন করতে পারবেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪ ▶ জনাব আব্দুল্লাহ একজন ব্যাংক কর্মকর্তা। প্রতিদিন তিনি বিভিন্ন ধরনের লেনদেন সম্পন্ন করেন। যেমন অর্থ জমাদান, উত্তোলন, অর্থ স্থানান্তর ইত্যাদি। একজন গ্রাহক ব্যাংকে একটি অধিক নিরাপদ চেক উপস্থাপন করেন যার মাধ্যমে অধিক অর্থ উত্তোলন করা যায়। জনাব আব্দুল্লাহ লক্ষ করলেন গ্রাহকের উপস্থাপিত চেকে আদেষ্টার স্বাক্ষর ও ব্যাংকে রক্ষিত নমুনা স্বাক্ষরের গরমিল আছে। তখন তিনি ম্যানেজারের সাথে চেকটির ব্যাপারে কথা বলেন। পরবর্তীতে ম্যানেজারের আদেশে চেকটি প্রত্যাখ্যান করা হয়।

ক. খোলা চেক কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের গ্রাহক কোন ধরনের চেক উপস্থাপন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে চেক প্রত্যাখ্যান করা হয়েছে সেটি কি যৌক্তিক? তোমার মতামতের ভিত্তিতে ব্যাখ্যা দাও। ৪

৫ ▶ মি. রুমি একটি কোম্পানির একজন কর্মকর্তা। তিনি সুরমা ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। ব্যাংক তার হিসাব ব্যবহারের সুবিধার জন্য একটি কার্ড প্রদান করেন। তিনি সেই কার্ড দিয়ে বাকিতে পণ্য ক্রয় করতে পারেন। তিনি ব্যাংকের নিকট আরও বেশি সুবিধা চান যেমন, ব্যাংকের কোনো শাখায় না গিয়ে একাউন্ট ব্যালেন্স জানা, টাকা জমা ও উত্তোলন, অন্য হিসাবে অর্থ প্রেরণ করা, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করতে পারা।

ক. হোম ব্যাংকিং কী? ১

খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. রুমি যে কার্ড ব্যবহার করেন সেটি কোন ধরনের কার্ড? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে আধুনিক ব্যাংকিং জগৎ মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব সাজীন একজন স্বল্প আয়ের লোক। তিনি তার স্ত্রীর নামে ব্যাংকে একটি হিসাব খুলতে চান। ব্যাংক ব্যবস্থাপক তার স্ত্রীর জন্য একটি তালাবদ্ধ কৌটায় টাকা জমাতে বললেন। অপরদিকে জনাব সাজীনের ১০ম শ্রেণিতে পড়ুয়া ছেলের নামে অন্য একটি হিসাব খুলে দেন।

ক. KYC কী? ১

খ. নমুনা স্বাক্ষর বলতে কী বোঝায়? ২

গ. জনাব সাজীন তার ছেলের জন্য কোন ধরনের হিসাব খুলেন? ৩

ঘ. জনাব সাজীনের স্ত্রীর নামে ব্যাংকে হিসাব কি খুলতে পারবেন? তোমার মতামত দাও। ৪

৭ ▶ চিত্রা ও মহানন্দা ব্যাংক লি. বাংলাদেশের অন্যতম দুটি ব্যাংক। চিত্রা ব্যাংক লি. দেশে-বিদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। অন্যদিকে মহানন্দা ব্যাংক একটি অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। দুটি ব্যাংকই উদ্দেশ্য অর্জনে সফল।

ক. আধুনিক ব্যাংকের পূর্বসূরি কারা? ১

খ. গারনিশি আদেশ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের মহানন্দা ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংক দুটির কোন ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিকতর ভূমিকা পালন করে বলে তুমি মনে কর? ব্যাখ্যা দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▶ জনাব শাহাবুর তার বাড়িটির জন্য 'বাধন' কোম্পানির সাথে ৬ মাস মেয়াদি বিমাচুক্তি করেন। মেয়াদ শেষ হলে জনাব শাহাবুর 'বাধন' কোম্পানির নিকট বিমাদাবি চায়। 'বাধন' কোম্পানি বিমাদাবি পরিশোধ করতে অস্বীকৃতি জানায়।

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বিমাচুক্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব শাহাবুর বিমাচুক্তির কোন পক্ষ? বর্ণনা কর। ৩

ঘ. 'বাধন' কোম্পানির বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানো যৌক্তিক হয়েছে কী? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ জনাব তারেক স্টার মিলস্ লি. এর মালিক। দীর্ঘদিন তিনি ব্যবসায়ের কাজে নিয়োজিত আছেন। তিনি লক্ষ করেন যে, মানুষের জীবন ও সম্পদকে ঘিরে রয়েছে অনেক ঝুঁকি ও অনিশ্চয়তা। তবে সব ধরনের ঝুঁকি থেকে প্রতিরক্ষার উপায় হিসেবে এক ধরনের ব্যবস্থার আবির্ভাব হয়েছে। তাই জনাব তারেক সকল দিক বিবেচনা করে তিনি তার উৎপাদিত সকল পণ্যের মূল্য-হ্রাস, পুড়ে যাওয়া, নষ্ট হওয়া প্রভৃতি ঝুঁকির জন্য 'AB' কোম্পানির সাথে চুক্তি করেন।

ক. ঝুঁকি কী? ১

খ. অনিশ্চয়তা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব তারেক কোন ধরনের প্রতিরক্ষা ব্যবস্থা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব তারেকের 'AB' কোম্পানির সাথে চুক্তি করার যৌক্তিকতা বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▶ জনাব আমিন একটি ছোট চাকরি করেন। তার স্ত্রী গৃহিণী। তার মৃত্যুর পর স্ত্রীর কী হবে এই ভেবে সে চিন্তায় পড়ে যায়। তিনি ভাবলেন যে, এখন আমার বিমা পলিসি খোলা উচিত। এতে প্রিমিয়াম জমা দিলে নির্দিষ্ট সময় টাকা পাওয়া যায়। বাঁচলেও টাকা পাওয়া যাবে আর মারা গেলে স্ত্রী পাবে। এর মধ্যে তার এক বন্ধু বলল তোমাকে অনেক প্রিমিয়াম দিতে হবে। তুমি যেহেতু মৃত্যু ঝুঁকির বিপক্ষে বিমা করবা তাই এমন বিমাপত্র খোল যাতে খুব কম প্রিমিয়ামে মৃত্যু ঝুঁকি বিমা করা যায়। তবে এটা প্রতিবছর নবায়ন করতে হবে।

ক. জীবন বিমা কী? ১

খ. সাময়িক বিমাপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের জনাব আমিন প্রথমে কোন ধরনের পলিসি খুলতে চেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আমিন পরবর্তীতে যে বিমা করেন তার সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▶ জনাব রাফসান তার নিজের জীবনের জন্য বিমা করতে চান। তিনি 'মেখলা' জীবন বিমা অফিস থেকে একটি ফরম নিয়ে পূরণ করে জমা দেন। বিমা প্রতিষ্ঠান ইহা গ্রহণ করে তাকে একটি নির্দিষ্ট হারে প্রতিদান জমা দিতে অনুরোধ করে।

ক. বোনাস কী? ১

খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ফরমটি পূরণ করে জমা দেওয়া বিমাচুক্তি সম্পাদনের কোন ধরনের প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা প্রতিষ্ঠানটির প্রতিদান চাওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ পূর্বাচল ব্যাংক লি. সরকার কর্তৃক পরিচালিত ও নিয়ন্ত্রিত একটি ব্যাংক। ব্যাংকটি দেশের অভ্যন্তরে ও বাহিরে শাখা স্থাপন করে জনগণকে বিভিন্ন ধরনের ব্যাংকিং সেবা প্রদান করছে। অন্যদিকে ব্রহ্মপুত্র ব্যাংক লি. কতিপয় ব্যক্তির উদ্যোগে ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ অনুসারে গঠিত হয়েছে। ব্যাংকটির উদ্দেশ্য হলো গ্রাহক সন্তুষ্টি অর্জনের মাধ্যমে মুনাফা অর্জন করা।

ক. গ্রাহক কে? ১
খ. 'ব্যাসেল ২' এর ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. মালিকানার ভিত্তিতে পূর্বাচল ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্রহ্মপুত্র ব্যাংক লি. এর পক্ষে কি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা সম্ভব? উদ্দীপকের আলোকে যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২▸ চিত্রা ব্যাংক লি. ময়মনসিংহ সদরে একটি অফিসের মাধ্যমে স্থানীয় গ্রাহকদেরকে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। ব্যাংকটি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসলেও কোভিড-১৯ পরবর্তী সময়ে ভালোভাবে কার্যক্রম পরিচালনা করতে ব্যর্থ হচ্ছে। এরূপ পরিস্থিতিতে চিত্রা ব্যাংকসহ অনুরূপ আরও তিনটি ব্যাংক একত্রিত হয়ে তিস্তা ব্যাংক লি. এর অধীনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেয়।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ব্যাংককে কেন নিরাপত্তার প্রতীক বলা হয়? ২
গ. কাঠামোর ভিত্তিতে চিত্রা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের তিস্তা ব্যাংক লি. এর পক্ষে নিয়ন্ত্রকের ভূমিকা পালন করা সম্ভব? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৩▸ সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার সার্বভৌম বন্ড 'সুকুক' ইস্যু করেছে। সাম্প্রতিককালে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদান কার্যক্রম বেড়ে যাওয়ায় দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক ব্যাংকিং খাতের অতিরিক্ত অর্থ কমানোর উদ্দেশ্যে সকল বাণিজ্যিক ব্যাংকগুলোকে 'সুকুকে' বিনিয়োগের নির্দেশনা দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে। এর পরেও মুদ্রাস্ফীতি কাটিয়ে উঠা সম্ভব না হওয়ায় কেন্দ্রীয় ব্যাংক আমানতী অর্থের জমার হার বৃদ্ধি করা হয়।

ক. ব্যাংক রেট কী? ১
খ. "কেন্দ্রীয় ব্যাংক আন্তর্জাতিক মুদ্রার রিজার্ভ নিয়ন্ত্রণ করে"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের নীতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের গৃহীত দ্বিতীয় পদক্ষেপটি কি দেশের মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সক্ষম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪▸ ঈদ উৎসবকে কেন্দ্র করে নগদ অর্থের লেনদেন বৃদ্ধি পাওয়ায় দেশের অর্থবাজারে কলমানি রেট ৩.০০% থেকে বৃদ্ধি পেয়ে ৪.০০% হয়েছে। ফলে অর্থবাজারে ব্যাংক সুদের হারও ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এরূপ পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় ব্যাংক ভোগ্যপণ্যের ঋণের হার ৬% থেকে হ্রাস করে ৫% করার সিদ্ধান্ত নিয়েছে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন পরিমাণগত পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত সিদ্ধান্তটি দেশের অর্থ বাজারে নগদ অর্থের যোগান বৃদ্ধিতে সহায়ক? মতামত দাও। ৪

৫▸ জনাব সিফাত একজন চাকরিজীবী। তিনি বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পেয়ে থাকেন। তিনি তার ব্যাংক হিসাবে দৈনিক ব্যাংকিং কর্মঘণ্টায় যতবার ইচ্ছা টাকা জমা দিতে পারেন এবং সপ্তাহে দুবার টাকা উত্তোলন করতে পারেন। তিনি তার ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা নিয়ে খুব চিন্তিত। তার ব্যাংকার ভাই তাকে ১২ বছর মেয়াদি একটি স্কীম খোলার পরামর্শ দিলেন যেটিতে প্রতি মাসে পাঁচ হাজার টাকা করে জমা রাখতে হবে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. চলতি ব্যাংক হিসাব কীভাবে বন্ধ করতে হয়? ২
গ. উদ্দীপকে জনাব সিফাত কোন ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতা পেয়ে থাকেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব সিফাতের ব্যাংকার ভাইয়ের পরামর্শটি কি তার ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা সৃষ্টি করতে পারবে? মতামত দাও। ৪

৬▸ জনাব আমীন পণ্য বিক্রয় বাবদ ক্রেতা জনাব হামীমের নিকট হতে একটি চেক পেয়েছেন। চেকটিতে "জনাব আমীন অথবা বাহককে টাকা পাঁচ লক্ষ মাত্র দেওয়া হউক" লেখা ছিল। বড় অঙ্কের চেক হওয়ায় তিনি চেকটির উপরিভাগের বাম কোণে দু'টি রেখা অঙ্কন করেন এবং অফিস সহায়ককে সেটি তার ব্যাংক হিসাবে জমা করে দেওয়ার জন্য নির্দেশনা দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. চেককে প্রামাণ্য দলিল বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব আমীন ক্রেতা জনাব হামীমের নিকট হতে কোন ধরনের চেক পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আমীনের চেকের অর্থ উত্তোলনের পদক্ষেপটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ কাপ্তাই ব্যাংক লি. এর গ্রাহকরা এটির যেকোনো শাখার মাধ্যমে সকল ধরনের ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করতে পারেন। সম্প্রতি ব্যাংকটির পরিচালনা পর্ষদের সভায় ব্যাংকিং সুবিধার বাইরে থাকা জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। তারই ধারাবাহিকতায় ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক মোবাইল প্রযুক্তির মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছেন।

ক. বিক্রয় সেবা বিন্দু কী? ১
খ. ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকরা কি ঋণ সুবিধা পায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কাপ্তাই ব্যাংক লি. তার গ্রাহকদেরকে কোন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সুবিধা প্রদান করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ব্যাংকিং সুবিধা প্রদানের উদ্যোগটি কি যথার্থ হয়েছে? তোমার মতামত ব্যক্ত কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ জনাব রেজা তার ব্যক্তিগত গাড়ির জন্য পনেরো (১৫) লক্ষ টাকার একটি বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি হঠাৎ সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। বিমা কোম্পানির নিকট তিনি বিমাদাবি উপস্থাপন করার পর সম্পূর্ণ ক্ষতিপূরণ পান। অতঃপর বিমা কোম্পানি ক্ষতিগ্রস্ত গাড়িটি দুই (২) লক্ষ টাকায় বিক্রি করে দেয়। জনাব রেজা বিমা কোম্পানির নিকট গাড়ি বিক্রির টাকা দাবি করলে বিমা কোম্পানি তা প্রদান করতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমা নীতির প্রত্যক্ষ কারণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রেজা কোন ধরনের সাধারণ বিমা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রেজার বিমাদাবিটি বিমা কোম্পানি কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার যৌক্তিকতা বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব আসিফ একজন মোটর যন্ত্রাংশ উৎপাদনকারী। তিনি একটি নতুন যন্ত্র ক্রয়ের জন্য ব্যাংক হতে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। এছাড়া তিনি তার প্রতিষ্ঠানের স্থাবর অস্থাবর সম্পত্তির জন্য একটি বিমা করেন।

ক. দায় বিমা কী? ১
খ. বিমার আনুপাতিক অংশগ্রহণের নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আসিফ ব্যাংক ঋণ গ্রহণ করার কারণে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আসিফ তার সমুদয় সম্পত্তি বিমা করতে পারে কি? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▸ বেসরকারি চাকরিজীবী জনাব শামীম সিটি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি হতে দশ (১০) বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। চুক্তির শর্তানুসারে নির্দিষ্ট মেয়াদের মধ্যে মৃত্যুবরণ করলে তার মনোনীত ব্যক্তিকে এবং উক্ত মেয়াদের পরে জীবিত থাকলে তাকেই বিমাদাবির সম্পূর্ণ অর্থ পরিশোধ করা হবে। তিনি ছয় (৬) বছর পর্যন্ত মাসিক কিস্তি তিন হাজার টাকা নিয়মিত পরিশোধ করেছেন। বর্তমানে ব্যয় বেড়ে যাওয়ায় তিনি নিয়মিত কিস্তি পরিশোধ করতে পারছেন না। তাই তিনি বিমা কোম্পানির নিকট বিমাপত্রটি বাতিলের জন্য আবেদন করেন এবং বিমা কোম্পানি আবেদনপত্রটি গ্রহণ করে।

ক. বোনাস কী? ১
খ. সাময়িক বিমাপত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব শামীম কোন ধরনের মেয়াদি বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমাপত্রটি বাতিলের জন্য জনাব শামীমের আবেদনের প্রেক্ষিতে বিমা কোম্পানি যে পদক্ষেপ গ্রহণ করেছে সেটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব সাঈদ তার কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য একটি একক বিমাপত্রের আওতায় বন্ধন লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির নিকট বিমা করেন। অন্যদিকে কোম্পানির যাবতীয় সম্পত্তির জন্য ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানির নিকট দশ (১০) কোটি টাকার আরও একটি বিমা করেন। পরবর্তীতে ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি উক্ত বিমার বিপরীতে পিপলস্ ইন্স্যুরেন্স কোম্পানির নিকট ছয় (৬) কোটি টাকার বিমা করে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. বোনাস বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব সাঈদ তার কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য কোন ধরনের বিমাপত্র করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি দক্ষতার সাথে ঝুঁকি পুনঃবণ্টন করতে সক্ষম হয়েছে"– বিমার ধরন বিবেচনায় উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◆ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

**ক-বিভাগ : ব্যাংকিং**

১▸ 'M' ব্যাংক দেশের বিভিন্ন জায়গায় তার অফিস স্থাপন করে জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে এবং ঋণদান করে। এই ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। অপরপক্ষে 'Z' ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। এই ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে ভূমিকা রাখে। দেশে দ্রব্যসামগ্রীর দাম বাড়তে থাকলে তা নিয়ন্ত্রণে 'M' ব্যাংকটি 'Z' ব্যাংককে সহযোগিতা করে।

ক. একক ব্যাংক কী? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'M' ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

২▸ পদ্মা লি. একটি বাণিজ্যিক ব্যাংক। যেটা দেশের মুরব্বি ব্যাংকের নিয়ম-নীতি মেনে কাজ পরিচালনা করে। আশা লি. আরও একটি বাণিজ্যিক ব্যাংক, যেটা নিজের নিয়ম দ্বারা পরিচালিত হয়। আবার 'B' ব্যাংক একটি ব্যাংক যেটা সরকারের পক্ষে আর্থিক ও ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে, মুদ্রানীতি বাস্তবায়ন করে এবং বিভিন্নভাবে অন্যান্য ব্যাংককে সহযোগিতা করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংককে বলা হয় এবং কেন? ২

গ. উদ্দীপকের 'B' ব্যাংক কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোন ব্যাংকটি 'B' ব্যাংকের সহযোগিতা পাবে এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৩▸ মি. রাকিব হাসান একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। যে ক্ষেত্রে তিনি যখন ইচ্ছা টাকা জমা দেওয়া ও উত্তোলন করতে পারেন এবং প্রয়োজনে জমার অতিরিক্ত টাকাও ব্যাংক দিয়ে থাকে। তিনি তার ছেলের পড়াশুনার খরচ ঢাকায় পাঠানোর জন্য ছেলেকে ব্যাংকে একটি হিসাব খুলতে বলেন। মি. রাকিব সাহেবের ছেলে ব্যাংকে হিসাব খুলতে গেলে ব্যাংক ম্যানেজার তার জন্য উপযোগী একটি ব্যাংক হিসাব খোলার কথা বলেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. কোন হিসাবে ব্যাংক চেক বই প্রদান করে না? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক ম্যানেজার মি. রাকিব হাসানের ছেলেকে কোন হিসাব খোলার পরামর্শ দিলেন? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মি. রাকিব সাহেব ব্যবসায়ের জন্য যে হিসাব পরিচালনা করেন তা যেকোনো ব্যবসায়ীর জন্যই সর্বোত্তম– বিশ্লেষণ কর। ৪

৪▸ মি. ফাহিম ১৫-০২-২০২১ ইং তারিখে তার দেনাদারদের কাছ থেকে একটি চেক পেলেন। চেকে প্রাপকের নামের স্থানে মি. ফাহিম অথবা 'আদেশানুসারে' কথাটি লেখা ছিল। জনাব ফাহিম ব্যস্ততার কারণে চেকটি ব্যাংকে জমা দিতে ভুলে যান। পরবর্তীতে ২৫-১০-২০২১ ইং তারিখে চেকটি ব্যাংকে জমা করে টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. ফাঁকা চেক কী? ১

খ. হারানো চেকের জন্য করণীয় ব্যাখ্যা কর। ২

গ. মি. ফাহিম দেনাদারদের কাছ থেকে যে চেক পেয়েছেন তা কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৫▸ মি. 'X' একজন ব্যবসায়ী। তিনি বিভিন্ন প্রকার পণ্য খুচরা ও পাইকারি বিক্রয়ের প্রেক্ষিতে 'Y' ট্রেডার্সের নিকট থেকে ২ লক্ষ ও ৫ লক্ষ টাকার দুটি চেক গ্রহণ করেন। ২ লক্ষ টাকার চেকটি ব্যাংকে জমা দিয়ে নগদ অর্থ উত্তোলন করতে পারলেও ৫ লক্ষ টাকার চেকটি তার হিসাবে জমা করে পরবর্তীতে উত্তোলন করতে পারবেন।

ক. চেকের আদেষ্টা কে? ১

খ. বাসি চেকের টাকা কেন ব্যাংক পরিশোধ করে না? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত ২ লক্ষ টাকার চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ৫ লক্ষ টাকার চেকটি অর্থ সংগ্রহের ক্ষেত্রে অধিক নিরাপদ– ব্যাখ্যা কর। ৪

৬▸ মি. হাসানের প্রত্যয় ব্যাংকে একটি হিসাব আছে। প্রত্যয় ব্যাংক হিসাবের বিপরীতে মি. হাসানকে একটি প্লাস্টিক কার্ড প্রদান করে। যার দ্বারা হিসাবে জমাকৃত টাকার লেনদেন ও উত্তোলন করা সম্ভব। অন্যদিকে মি. জাওয়াদের প্রত্যয় ব্যাংকে কোনো হিসাব নাই। প্রত্যয় ব্যাংক মি. জাওয়াদকে একটি প্লাস্টিক কার্ড প্রদান করে। যার দ্বারা তিনি সর্বোচ্চ ১,০০,০০০ টাকা ব্যবহার করতে পারছে।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১

খ. ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের জন্য PIN কেন গুরুত্বপূর্ণ? ২

গ. মি. জাওয়াদের কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. হাসানের কার্ডের সামর্থ্য তার ব্যাংকের জমাকৃত অর্থের পরিমাণের সাথে সম্পৃক্ত– বিশ্লেষণ কর। ৪

৭▸ বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছে ২০ হাজার কোটি টাকা অলস পড়ে আছে। তাই বাণিজ্যিক ব্যাংকগুলো ইচ্ছামতো ঋণ প্রদান করতে সক্ষম। এই কারণে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকে যে হারে ঋণ প্রদান করত তার শতকরা ২% বৃদ্ধি করে। এতেও বাণিজ্যিক ব্যাংকে ঋণ সামর্থ্যকে প্রভাবিত না করলেও কেন্দ্রীয় ব্যাংক তার কাছে রক্ষিত শেয়ার ও বন্ড সরাসরি বাজারে বিক্রয় শুরু করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ প্রদান ক্ষমতা হ্রাস পেতে থাকে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের জন্য প্রথম পদক্ষেপে কোন পদ্ধতি গ্রহণ করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংকের দ্বিতীয় পদক্ষেপ সফল হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

**খ-বিভাগ : বিমা**

৮▸ জনাব হাবীবের কারখানাটি শিল্পাঞ্চলে অবস্থিত হওয়ার কারণে বাধ্যতামূলকভাবে বিমা করতে হচ্ছে। এই জন্য জনাব হাবীবকে আলফা কোম্পানিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করতে হয়। এই বিষয়টি জানার পর তার ভাই তাকে প্রশ্ন করে "কেন তুমি বিমা কর?" জনাব হাবীব বলেন, "ঝুঁকি কমানোর জন্য।"

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. ক্ষতির নিকটতম কারণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব হাবীব আলফা কোম্পানিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ কেন প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব হাবীব যে উক্তি করেছেন তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব মামুন তার বাবার গাড়ি নিজের নামে বিমা করতে চাইলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে। পরবর্তীতে তার বাবা গাড়িটি বিমা কোম্পানির নিকট হতে বিমাপত্র করিয়ে নেন। কিছুদিন পর গাড়িটি দুর্ঘটনায় পড়ে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। বিমা কোম্পানি সকল টাকা পরিশোধ করে গাড়িটি নিয়ে যায়।

ক. বিমা কী? ১

খ. বিমা কীভাবে ঝুঁকি বণ্টন করে? ২

গ. বিমার কোন নীতির অনুসারে ক্ষতিগ্রস্ত গাড়িটি বিমা কোম্পানি নিজের কাছে নিয়ে যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব মামুন গাড়িটি বিমা করতে যেয়ে ব্যর্থ হয়েছেন কেন? বিশ্লেষণ কর। ৪

১০▸ রনি ও রানা দুইজন চাকরিজীবী। রনি 'X' বিমা কোম্পানির কাছ থেকে এমন একটি বিমাপত্র গ্রহণ করেন যেখানে তার মৃত্যু হলে অথবা মেয়াদান্তে বিমাকারী বিমাকৃত অর্থ পরিশোধ করবে। অপরদিকে রানা যে বিমাপত্র গ্রহণ করেন সেখানে বিমাকৃত সময়ের মধ্যে মারা গেলেই বিমাপ্রতিষ্ঠান বিমাকৃত অর্থ পরিশোধ করবে।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত রানা কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. রনির বিমাপত্রটি আর্থিক নিশ্চয়তার পাশাপাশি সঞ্চয় হিসেবেও ভূমিকা রাখে– বিশ্লেষণ কর। ৪

১১▸ মারুফ সাহেব তার জীবনের ওপর একটি বিমা পলিসি গ্রহণ করেন। বিমাপত্রে তিনি মারা গেলে তার স্ত্রীকে বিমাদাবি পরিশোধ করার কথা বলা হয়। তার মৃত্যুর পর তার সাবালক ছেলে বিমাদাবি উপস্থাপন করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. সমকিস্তি বিমাপত্র কী? ১

খ. কোন বিমায় স্থলাভিষিক্তকরণের নীতি প্রযোজ্য নয়? ব্যাখ্যা কর। ২

গ. মারুফ সাহেব তার নিজের জন্য কোন ধরনের জীবন বিমা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোং কর্তৃক মি. মারুফ সাহেবের ছেলের বিমাদাবি প্রত্যাখ্যান করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১। জনাব রহমান ও তার স্ত্রী একটি বাণিজ্যিক ব্যাংকের সাথে দীর্ঘদিন লেনদেন করে আসছেন। ব্যাংকটি প্রাচীন হলেও মূলধন স্বল্পতার জন্য আধুনিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারছে না। ফলে গ্রাহকসংখ্যা হ্রাস পাচ্ছে। একদিন জনাব রহমান ব্যাংকে গিয়ে তার স্ত্রীর ব্যাংক হিসাবের জমাকৃত টাকার পরিমাণ জানতে চাইলে ব্যাংক তা জানাতে অস্বীকৃতি জ্ঞাপন করে। এতে জনাব রহমান ব্যাংকের প্রতি বিরক্ত হন।

ক. ব্যাংকিং কী? ১
খ. "ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায় করে।"– ব্যাখ্যা কর। ২
গ. ব্যাংকটি আধুনিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারছে না কেন? ব্যাংক নীতির আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. স্ত্রীর ব্যাংক হিসাবের টাকার পরিমাণ জানাতে ব্যাংকের অস্বীকৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। জনাব সাইফুল একজন অবসরপ্রাপ্ত কর্মকর্তা। তিনি স্থানীয় ব্যাংক 'গোমতীর' সাথে লেনদেন করে সন্তুষ্ট। ব্যাংক একদিকে উত্তম সেবা দিচ্ছে অন্যদিকে মুনাফাও তুলনামূলক ভালো দিচ্ছে। কিন্তু তার বন্ধু দুলাল গোমতী ব্যাংকের সাথে লেনদেনে বিশেষ করে টাকা বিভিন্ন স্থানে পাঠানোর ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। তাই তিনি 'প্রগতি' ব্যাংকে হিসাব খোলেন। প্রগতি ব্যাংকের মাধ্যমে তিনি দ্রুত দেশে-বিদেশে অর্থ আদান-প্রদান করতে সমর্থ হন। উল্লেখ্য যে, প্রগতি ব্যাংকটি প্রধান অফিসের নির্দেশনায় পরিচালিত হয়ে থাকে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. "ব্যাংক বিনিময় মাধ্যম সৃষ্টি করে।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব সাইফুল কোন ধরনের ব্যাংকের সাথে লেনদেন করছেন? ব্যাংকের সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩
ঘ. বৈশিষ্ট্যের ভিত্তিতে উদ্দীপকের ব্যাংক দুটির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩। 'রমনা' ব্যাংক দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্প্রতি দেশে নগদ অর্থের প্রবাহ বৃদ্ধি পাওয়ায় রমনা ব্যাংক তার নিয়ন্ত্রণাধীন ব্যাংকগুলোকে গাড়ি, ফ্রিজ, টিভি, আসবাবপত্র প্রভৃতি ক্রয়ের জন্য প্রদত্ত ঋণের কিস্তির সংখ্যা হ্রাস করার নির্দেশনা দেয়। এছাড়া উচ্চ সুদের হারে ট্রেজারি বিল, বন্ড, ঋণপত্র প্রভৃতি বিক্রয়ের ঘোষণা দেয়।

ক. BEFTN এর পূর্ণরূপ কী? ১
খ. খোলাবাজার নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. রমনা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. দ্রুততার সাথে অর্থের নগদ প্রবাহ নিয়ন্ত্রণের জন্য উদ্দীপকে বর্ণিত কোন কৌশলটি অধিকতর উপযোগী? বিশ্লেষণ কর। ৪

৪। ফেনীর ব্যবসায়ী জনাব নবী ঢাকার চক বাজারের ব্যবসায়ী জনাব করিমকে পাওনা টাকা পরিশোধের নিমিত্তে ১ জানুয়ারি, ২০২২ তারিখে একটি চেক প্রদান করে। জনাব করিম ১ আগস্ট তারিখে চেকটি নিয়ে ব্যাংকে গিয়ে টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. উপহার চেক কী? ১
খ. "বাহক চেক কম নিরাপদ।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেকটির টাকা প্রদানে ব্যাংকের অপারগতার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব করিমের পক্ষে তার প্রাপ্য টাকা আদায় করা সম্ভব কি না? এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৫। জহির সাহেব একজন ব্যবসায়ী। তার একটি ব্যাংক হিসাব রয়েছে, যা থেকে তিনি নির্দিষ্ট হারে সুদ পান। তবে তিনি ব্যাংক হিসাব থেকে বার বার অর্থ উত্তোলন করতে পারেন না। বর্তমানে ব্যবসায়ের পরিধি বৃদ্ধি পাওয়ায় অসুবিধা হচ্ছে। নগদ অর্থের সংকট মোকাবিলায় জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায় না। ফলে চড়াসুদে মহাজন থেকে ঋণ নিতে হয়। এহেন অসুবিধা দূরীকরণে ও দক্ষতার সাথে সাশ্রয়ী উপায়ে ব্যাংকের সহযোগিতা পাওয়ার জন্য জহির সাহেবকে নতুন একটি ব্যাংক হিসাব শুরু করার জন্য তার ব্যাংকার বন্ধু পরামর্শ দিলেন। তবে এতে কোনো সুদ পাওয়া যাবে না।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. "ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে KYC ফর্মটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জহির সাহেব কোন ধরনের ব্যাংক হিসাবে লেনদেন করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জহির সাহেবের বন্ধুর পরামর্শটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৬। জনাব আলম একজন চাকরিজীবী। তিনি লটারিতে ১০ লক্ষ টাকা পুরস্কার পেয়ে একটি হিসাবের মাধ্যমে ব্যাংকে পুরো অর্থ জমা রাখেন। ব্যাংক জমার রসিদ প্রদান করলেও কোনো চেক বই ইস্যু করেনি। মেয়াদ শেষে উচ্চ হারে সুদসহ সমুদয় অর্থ তিনি একসাথে উত্তোলন করতে পারবেন। জনাব আলম দুই বছর পূর্বে ব্যাংকে আর একটি হিসাব খুলেছিলেন। ব্যাংক ঐ সময় তাকে চেক বই দিয়েছিল। তিনি প্রয়োজনে তা ব্যবহার করে সপ্তাহে দুই বার অর্থ উত্তোলন করতে পারেন। জমা অর্থের উপর সুদও প্রদান করে ঐ হিসাবটি।

ক. পাস বই কী? ১
খ. "চেক বিনিময়ের নিরাপদ মাধ্যম।"– ব্যাখ্যা কর। ২
গ. দুই বছর পূর্বে জনাব আলম কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিয়মিত লেনদেনের সুবিধার্থে জনাব আলমের জন্য কোন হিসাবটি উত্তম? বিশ্লেষণ কর। ৪

৭। জনাব মহসিন তার পাওনাদার জনাব তাহসিনকে এক লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। জনাব মহসিন চেকের উপর বাম কোণে দুটি আড়াআড়ি দাগ টেনে "প্রাপকের হিসাব" লিখে দেন। জনাব তাহসিন চেকটি নিয়ে ব্যাংকে গেলে ব্যাংক কর্তৃপক্ষ চেকটি তার ব্যাংক হিসাবে জমা দেওয়ার পরামর্শ দেন।

ক. MICR এর পূর্ণরূপ কী? ১
খ. "ধারক হলেন চেকের দখলপ্রাপ্ত বাহক।"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব মহসিন কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের দাগকাটা চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চেকটি ব্যাংকের ঋণদান সামর্থ্যকে বৃদ্ধি করে– বিশ্লেষণ কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮। জনাব হাবিব ৩০ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি ক্রয় করেন। উক্ত গাড়িটির জন্য তিনি ২৫ লক্ষ টাকার একটি বিমা করেন। হঠাৎ এক দুর্ঘটনায় তার গাড়িটি ক্ষতিগ্রস্ত হয় এবং তিনি নিজেও মারাত্মকভাবে আহত হন। দুর্ঘটনার পর জনাব হাবিব বিমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে গাড়ির জন্য ক্ষতিপূরণ পেলেও নিজের চিকিৎসা ব্যয় বাবদ কোনো ক্ষতিপূরণ পাননি।

ক. সেবার নীতি কী? ১
খ. "বিমা হলো পরম বিশ্বাসের চুক্তি।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব হাবিবকে তার গাড়ির জন্য ক্ষতিপূরণ প্রদানের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমাকারী প্রতিষ্ঠান কর্তৃক দুর্ঘটনাজনিত কারণে জনাব হাবিবকে ক্ষতিপূরণ প্রদান না করার সিদ্ধান্ত ছিল যৌক্তিক– তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৯। জনাব সাকিব ৫ লক্ষ টাকার ১২ বছর মেয়াদি একটি বিমাচুক্তি সম্পাদন করেন। চার বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসচ্ছলতার কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানান এবং বিমাদাবি আদায়ের জন্য আবেদন করেন।

ক. সমকিস্তি বিমাপত্র কী? ১
খ. নিশ্চয়তার চুক্তি বলতে কী বোঝায়? ২
গ. জনাব সাকিব কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সাকিব কি বিমাকারী কোম্পানি থেকে বিমাদাবি পাওয়ার অধিকারী হবেন? যুক্তি দাও। ৪

১০। AB লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি প্রিমিয়ামের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে বিমাদাবির সাথে বিমাপ্রতিষ্ঠানের সম্ভাব্য বিভিন্ন খরচ যোগ করে। মুনাফাযুক্ত পলিসির ক্ষেত্রে মুনাফার পরিমাণ যোগ করে প্রিমিয়াম ধার্য করে থাকে।

ক. গোষ্ঠী বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. প্রিমিয়াম নির্ধারণের পদ্ধতি বিবেচনায় AB ইন্স্যুরেন্স কোম্পানির ধার্যকৃত প্রিমিয়াম কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্ভাব্য খরচ ও মুনাফা বিবেচনা না করে কীভাবে প্রিমিয়াম নির্ধারণ সম্ভব? বিশ্লেষণ কর। ৪

১১। জনাব রিমন তার বাবার সাথে একই বাড়িতে বসবাস করেন। বাড়িটি তার বাবার নামে। ভূমিকম্পনজনিত ক্ষতির কারণে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এ আশঙ্কা হতে জনাব রিমন বাড়িটি বিমা করতে গেলে বিমাকারী প্রতিষ্ঠান অস্বীকৃতি জানায়। তাই রিমনের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। পরবর্তীতে রিমনের বাবা বিমা প্রতিষ্ঠানকে না জানিয়ে বাড়িটির আকৃতিগত কিছু পরিবর্তন সাধন করেন। এতে বাড়িটি এক পাশে হেলে যায়। রিমনের বাবা বিমাদাবি পেশ করলে বিমাকারী প্রতিষ্ঠান তা দিতে অস্বীকৃতি জানায়।

ক. দায় বিমা কী? ১
খ. "কিছু কিছু ঝুঁকি নিয়ন্ত্রণ অযোগ্য"– ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির জন্য জনাব রিমনের প্রস্তাবে বিমাপ্রতিষ্ঠান বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব রিমনের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? বিশ্লেষণ কর। ৪

# সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। 'আলো' আর্থিকভাবে সচ্ছল একটি ব্যাংক। ব্যাংকটি দীর্ঘমেয়াদি ঋণ প্রদান, প্রত্যয়পত্র ইস্যু, বৈদেশিক বাণিজ্যের দেনা পাওনা নিষ্পত্তি, অবলেখন কার্যাবলি সম্পাদন করে থাকে। বর্তমানে ব্যাংকটি ব্যাংকিং জগতে আধিপত্য বিস্তার করার লক্ষ্যে অপেক্ষাকৃত স্বল্প মূলধনি শাপলা ব্যাংক ও গোমতী ব্যাংক দুটিকে তাদের নিয়ন্ত্রণযোগ্য শেয়ার ক্রয়ের প্রস্তাব দিলে ব্যাংকদ্বয় তা গ্রহণ না করে; বরং ব্যাংক দুইটি পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে একই ব্যবস্থাপনার অধীনে নিজেদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. একক ব্যাংক কী? ১

খ. "ব্যাংক হচ্ছে অর্থ ও ঋণের ব্যবসায়ী।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'আলো' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? তা কার্যভিত্তিক ব্যাংকের ধরনের ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলো ব্যাংকের প্রস্তাব গ্রহণ না করে শাপলা ব্যাংক ও গোমতী ব্যাংক অন্য যে ধরনের ব্যাংক গঠনের সিদ্ধান্ত গ্রহণ করল, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। গোলাপ ব্যাংক দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষা, দেশের সরকারকে আর্থিক বিষয়ে পরামর্শ প্রদানসহ মুদ্রাবাজারের নিয়ন্ত্রক হিসেবে দায়িত্ব পালন করে থাকে। ব্যাংকটির কয়েকটি শাখাও রয়েছে। অপরদিকে 'জবা' ব্যাংক তাদের বিভিন্ন শাখার মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলের জনগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে দেশের মূলধন গঠনে সহায়তা করে থাকে। ব্যাংকটি দেশের শুধু শিল্প খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে। এছাড়াও ব্যাংকটি দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করে থাকে।

ক. ব্যাংকের গোপনীয়তার নীতি কী? ১

খ. "ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে।"– তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জবা ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? তা ব্যাংকের কার্যাবলির ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে অধিকতর মুখ্য ভূমিকা পালন করে? তা বিশ্লেষণ কর। ৪

৩। জনাব সৈকত একজন অবসরপ্রাপ্ত অধ্যাপক। তার হাতে বর্তমানে ৫ লক্ষ টাকা রয়েছে। তিনি এ অর্থ ব্যাংকে জমা রাখতে ইচ্ছুক। তার বন্ধু রাজন তাকে এমন একটি হিসাব খোলতে অনুরোধ করেন, যার মুনাফার হার সর্বোচ্চ হবে এবং বার বার টাকা দেওয়ার ঝামেলা নেই, তবে নির্দিষ্ট মেয়াদের পূর্বে জমাকৃত অর্থ উত্তোলন করা যাবে না। অবশেষে সৈকত সাহেব এমন একটি হিসাব খোলেন যেখান থেকে তিনি সপ্তাহে দুইবার পর্যন্ত নির্দিষ্ট পরিমাণ অর্থ উত্তোলনের সুবিধা পান, এছাড়াও মুনাফা পাওয়া যায়।

ক. ডিপিএস (DPS) কী? ১

খ. "ব্যাংক হিসাব হলো ব্যাংকিং সেবা গ্রহণের প্রবেশদ্বার।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রাজন সাহেব জনাব সৈকতকে কোন ধরনের ব্যাংক হিসাব খুলতে অনুরোধ করেছিলেন? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সৈকত যে ধরনের ব্যাংক হিসাব খোলেন, উদ্দীপকের আলোকে তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। জনাব মনির একজন চাকরিজীবী। তিনি ভবিষ্যতের কথা চিন্তা করে ব্যাংকে একটি হিসাব খুলে প্রতিমাসে কিছু টাকা জমা রাখেন। এ হিসাব হতে তিনি মুনাফাও পেয়ে থাকেন। মাঝে মাঝে টাকার প্রয়োজন হলে তিনি তার ব্যাংক হিসাব হতে টাকা উত্তোলন করেন। এবার তিনি জাতীয় ক্রীড়া সংস্থার লটারি কিনে সৌভাগ্যক্রমে দশ লক্ষ টাকা পেলেন। এখন তিনি ভাবছেন আপাতত সম্পূর্ণ টাকা এককালীন ব্যাংকে একটি বেশি আয়ের হিসাব খুলে তাতে জমা রাখবেন।

ক. ব্যাংক হিসাব বিবরণী কী? ১

খ. সঞ্চয়ী হিসাব চলতি হিসাব থেকে পৃথক কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব মনির কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মনির লটারির টাকা ব্যাংকের কোন হিসাবে রাখার বিষয়ে ভাবছেন বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৫।

হিসাবে প্রদেয়

ইছামতি ব্যাংক লি.
রাজগঞ্জ, রাজবাড়ী।
সঞ্চয়ী হিসাব : ১২৩৫৮
তারিখ : ২৫-০৩-২০২২
রহমানকে অথবা বাহককে
এক লক্ষ টাকা মাত্র প্রদান করুন।
১,০০,০০০
করিম
স্বাক্ষর

সোনালী ব্যাংক লি.

মেঘনা ব্যাংক লি.
মেঘমালা, কুমিল্লা
সঞ্চয়ী হিসাব : ৩৪৫৮৯
তারিখ : ২৮-০৩-২০২২
তুষারকে অথবা বাহককে
তিন লক্ষ টাকা মাত্র প্রদান করুন।
৩,০০,০০০
জামাল
স্বাক্ষর

ক. বিনিময় বিল কী? ১

খ. "হুকুম চেক বাহক চেক অপেক্ষা অধিকতর নিরাপদ।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ১নং চিত্রের চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উভয় চেকের বৈশিষ্ট্যাদির তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৬। জনাব বেলাল তার মেয়ে রিমির ১৫তম জন্মদিনে ১২-০১-২০২১ তারিখের একটি চেক প্রদান করেন এবং তাকে তার ইচ্ছামতো টাকার অঙ্ক লিখে নিতে বলেন। রিমি চেকের মধ্যে দুই লক্ষ লিখে ব্যাংক হতে টাকা উত্তোলনের জন্য তার বান্ধবী তৃণাকে ১৫-৯-২০২১ তারিখে পাঠালে ব্যাংক চেকটি প্রত্যাখ্যান করে। যদিও চেকে অথবা 'বাহককে' শব্দটি লেখা ছিল।

ক. চেকের আদেষ্টা কে? ১

খ. চেকের প্রকৃত ধারক বলতে কী বোঝায়? তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের চেকটি ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। সবুজের বৃদ্ধা মা রাত ২ ঘটিকায় হঠাৎ অসুস্থ হলে তার চিকিৎসার জন্য তাৎক্ষণিক টাকার প্রয়োজন পড়লে সবুজ তার ব্যাংক হিসাবে জমাকৃত বিশ হাজার টাকা ব্যাংক কর্তৃক সরবরাহকৃত কার্ড ব্যবহার করে উত্তোলন করে। তার কার্ড ব্যবহার করে আরও বেশি টাকা উত্তোলন করা সম্ভব ছিল না। কিন্তু চিকিৎসার জন্য আরও টাকা প্রয়োজন পড়লে সে তার বন্ধু মামুনের নিকট গেলে সেও একটি কার্ড ব্যবহার করে পঞ্চাশ হাজার টাকা উত্তোলন করে সবুজকে প্রদান করল এবং মামুন আরও বলল যে, ব্যাংকে তখন তার জমার পরিমাণ ছিল মাত্র পনেরো হাজার টাকা।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১

খ. "সাধারণ চেক অপেক্ষা MICR চেক অধিকতর সুবিধাজনক।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সবুজ কোন ধরনের কার্ড ব্যবহার করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সবুজ ও মামুনের কার্ডের মধ্যে কোন ধরনের কার্ডটি উত্তম? তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮। নোমান সাহেব তার নিজের, স্ত্রী ও পুত্র তিনজনের জীবনের উপর একত্রে নির্দিষ্ট মেয়াদের জন্য একটি বিমাপত্র ক্রয় করেন। ১ম কিস্তির প্রিমিয়ামের টাকা জমাদানের পরপরই নোমান সাহেবের স্ত্রী সড়ক দুর্ঘটনায় মারা গেলে নোমান সাহেব বিমাদাবির সম্পূর্ণ অর্থই পেয়ে যান। তার কিছুদিন পর নোমান সাহেব তার নিজের জন্য ২০ লক্ষ টাকার একটি মেয়াদি বিমাপত্র ক্রয় করেন এবং তিনি তিন বছর পর্যন্ত নিয়মিত বিমা প্রিমিয়াম প্রদানের পর আর্থিক সংকটের কারণে তিনি বিমা প্রিমিয়াম প্রদানে অক্ষম হয়ে পড়েন। এমতাবস্থায় তিনি বিমাকারী প্রতিষ্ঠানের নিকট বিমাপত্র ও প্রিমিয়াম প্রদানের রসিদ নিয়ে গিয়ে বিমা চালানোর অক্ষমতা প্রকাশ করলে বিমাকারী প্রতিষ্ঠান তাকে কিছু টাকা প্রদান করবেন বলে জানান। তবে তা নোমান সাহেব কর্তৃক বিমা প্রিমিয়াম হিসেবে প্রদত্ত অর্থের চেয়ে অনেক কম। এতে তিনি খুবই মর্মাহত হন।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. "জীবন বিমা আর্থিক নিশ্চয়তার চুক্তি।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের নোমান সাহেব প্রথমে কোন ধরনের মেয়াদি বিমাপত্র ক্রয় করেছিলেন? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে নোমান সাহেবের খুবই মর্মাহত হওয়ার বিষয়টি বিশ্লেষণ কর। ৪

৯। জনাব আলাল একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি স্ত্রী ও সন্তানদের আর্থিক নিরাপত্তার জন্য মাসিক ২,০০০ টাকা প্রিমিয়াম প্রদানের শর্তে একটি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি করেন। এতে তিনি দুশ্চিন্তামুক্ত।

ক. মৌলিক ঝুঁকি কী? ১

খ. বিমা কীভাবে বৈদেশিক বাণিজ্যের প্রসার ঘটায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আলাল কোন ধরনের বিমাচুক্তি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আলালের অবর্তমানে উক্ত বিমা পলিসি কি তার স্ত্রী ও সন্তানদের কোনো উপকারে আসবে? যুক্তি দাও। ৪

১০। জনাব হোসেনের ৩০ লক্ষ টাকা মূল্যের গাড়িটি তার ছোট ভাই মনির ব্যবহার করেন, তাই মনির গাড়িটি বিমা করতে চাইলে বিমাকারী প্রতিষ্ঠান তা করতে অস্বীকৃতি জ্ঞাপন করে। অপরদিকে ঐ ঘটনা ঘটার দুই মাস পর জনাব হোসেন ঐ গাড়িটি রূপকথা ও ঝলক নামক দুটি বিমাকারী প্রতিষ্ঠানের নিকট পৃথক পৃথক দুটি বিমাচুক্তি করেন। দুর্ঘটনায় গাড়িটির ১০ লক্ষ টাকার ক্ষতি হলে জনাব হোসেন রূপকথার নিকট হতে ক্ষতিপূরণের টাকা বাবদ ১০ লক্ষ টাকা আদায় করেন। অতঃপর আবার ঝলকের নিকট হতে একই দুর্ঘটনার জন্য অনুরূপ ক্ষতিপূরণের টাকা বাবদ ১০ লক্ষ টাকা দাবি করলে ঝলক তা দিতে অস্বীকৃতি জানায়।

ক. নিট প্রিমিয়াম কী? ১

খ. "জীবন বিমায় নৈতিক ঝুঁকি কম।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মনিরের বিমা প্রস্তাবে বিমাকারী প্রতিষ্ঠানের অস্বীকৃতি জানানোর কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ঝলক বিমাকারী প্রতিষ্ঠানের বিমাদাবি প্রদানে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

১১। জনাব কাশেম একজন অধ্যাপক। তিনি কিছুদিন পূর্বে তার বয়স্ক বাবা-মাসহ নিজে কক্সবাজারে বেড়াতে গিয়েছিলেন। সেখানে তার বন্ধু সৈকতের সাথে দেখা হয়। তিনি পেশায় একজন পাইলট। সৈকত সাহেবের ৩ বছর বয়সে তার বাবা-মা দুজনেই যক্ষা রোগে আক্রান্ত হয়ে মার যান। দুই বন্ধুই পরিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তার কথা ভেবে ২০ লক্ষ টাকার দুটি পৃথক পৃথক বিমাপত্র ক্রয় করেন। বিমাচুক্তির শর্তানুসারে তাদের আমৃত্যু বিমা প্রিমিয়াম প্রদান করে যেতে হবে। তাদের উত্তরাধিকারীকে তাদের মৃত্যুর পর বিমাদাবি প্রদান করা হবে। উল্লেখ্য যে, দুইজনের বয়স একই হওয়া সত্ত্বেও বিমা প্রিমিয়ামের পরিমাণ জনাব কাশেমের চেয়ে সৈকতের বেশি হওয়ায় সৈকত মর্মাহত।

ক. মৃত্যুহার পঞ্জি কী? ১

খ. "জীবন বিমা মানসিক উৎকর্ষতা বৃদ্ধি করে।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব কাশেম ও তার বন্ধু সৈকত কোন ধরনের বিমাপত্র ক্রয় করেছিলেন? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সৈকতের মর্মাহত হওয়ার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

# বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▶ জনাব মাহমুদ একজন আমেরিকা প্রবাসী ব্যবসায়ী। ডালাস শহরের একটি নামকরা ব্যাংকে তার একটি হিসাব রয়েছে। ব্যাংকটি একটিমাত্র অফিসের মাধ্যমে শহরের জনগণকে নিবিড়ভাবে বিভিন্ন ধরনের ব্যাংকিং সুবিধা প্রদান করে থাকে। জনাব মাহমুদের ব্যবসায়িক প্রয়োজনে দেশে বিদেশে বিভিন্ন জায়গায় যেতে হয় বিধায় অপর একটি ব্যাংকে হিসাব খোলেন। প্রথম ব্যাংকটি নির্দিষ্ট এলাকার বাইরে ব্যাংকিং সুবিধা প্রদানে ব্যর্থ হলেও দ্বিতীয় ব্যাংকটি একটি প্রধান অফিসের অধীনে একই নামে দেশে-বিদেশে বিভিন্ন স্থানে ব্যাংকিং সুবিধা প্রদানে সক্ষম।

ক. মিশ্র ব্যাংকিং কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দ্বিতীয় ব্যাংকটি সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. গঠন প্রকৃতির কারণেই প্রথম ব্যাংকটি নির্দিষ্ট এলাকার বাইরে ব্যাংকিং কার্যক্রম সম্পাদনে অক্ষম— বিশ্লেষণ কর। ৪

২▶ বর্তমান বিশ্বায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকার জন্য ব্যাংকগুলো বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের কৌশল অবলম্বন করছে। কখনো একটি শক্তিশালী ব্যাংক কতকগুলো দুর্বল ব্যাংকের অধিকাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে তাদের নিয়ন্ত্রণভার গ্রহণ করছে। আবার কখনো সমজাতীয় কতিপয় ব্যাংক নিজেদের স্বাধীন সত্তা বজায় রেখে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে একটি ব্যবস্থাপনার অধীনে যৌথভাবে ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করছে। গঠন প্রকৃতি যাইহোক না কেন ব্যাংকগুলোর মুখ্য উদ্দেশ্য হচ্ছে সেবাদানের মাধ্যমে অধিক মুনাফা অর্জন করা।

ক. ব্যাংকিং কী? ১
খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি সাংগঠনিক প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত শক্তিশালী ব্যাংকটির অধীনে দুর্বল ব্যাংকগুলো তাদের নিজস্ব পরিচালনা ও নিয়ন্ত্রণ ক্ষমতা হারিয়েছে— তুমি কি একমত? যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৩▶ X ব্যাংক দেশের নোট ও মুদ্রার প্রচলন করে এবং মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষায় কার্যকর ভূমিকা পালন করে। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে X ব্যাংকটি অন্যান্য ব্যাংককে প্রদত্ত ঋণের সুদের হার বাড়িয়ে দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করছে।

ক. মুদ্রাস্ফীতি কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত X ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে X ব্যাংক কর্তৃক গৃহীত ব্যবস্থার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪▶ জনাব সৌরভ তার দুজন পাওনাদার কমল ও আকাশকে দুটি চেক প্রদান করেন। কমলকে প্রদত্ত চেকের বামকোণায় দুটি আড়াআড়ি সমান্তরাল দাগ কেটে দাগের মাঝে প্রাইম ব্যাংক লি. শব্দগুলো লিখে দেন। আকাশকে প্রদত্ত চেকে প্রাপকের নামের শেষে "অথবা বাহককে" শব্দগুলো লিখা ছিল। আকাশ চেকটি ব্যাংকে জমা দিয়ে টাকা উত্তোলন করেন। অপরদিকে কমল চেকটি ডাচ্-বাংলা ব্যাংকে তার হিসাবে জমা করতে চাইলে ব্যাংক তা গ্রহণে অস্বীকৃতি জানায়।

ক. হুকুম চেক কী? ১
খ. বিনিময় বিল অপেক্ষা চেকের ব্যবহার সার্বজনীন কেন? ব্যাখ্যা কর। ২
গ. আকাশের চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ডাচ্-বাংলা ব্যাংক কর্তৃক চেক গ্রহণের অস্বীকৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▶ জামান তার বিয়ে উপলক্ষে সোনার বাংলা ব্যাংক লি. টাঙ্গাইল শাখায় কিছু টাকা জমা করেন এবং বিয়ের কেনাকাটা করার জন্য ঢাকায় যান। নগদ টাকা বহন করা ঝুঁকিপূর্ণ বিধায় সে একটি ব্যাংক চেক ও একটি বিশেষ ধরনের কার্ড সঙ্গে নেন। ঢাকায় গিয়ে সোনার বাংলা ব্যাংক লি. নিউমার্কেট শাখায় চেকটি জমা দিয়ে দ্রুত সমুদয় টাকা উত্তোলন করে কেনাকাটা শুরু করেন। এক পর্যায়ে নগদ অর্থ শেষ হয়ে গেলে জামান ব্যাংক কর্তৃক প্রদত্ত ইলেক্ট্রনিক কার্ড যা ঋণ সুবিধা প্রদান করে তার মাধ্যমে কেনাকাটা সম্পন্ন করেন।

ক. ATM কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থার কারণে জামান ঢাকায় গিয়ে চেকের মাধ্যমে দ্রুত অর্থ উত্তোলন করতে সক্ষম হয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জামান কর্তৃক ব্যবহৃত কার্ড নগদ অর্থ ব্যবহারের ঝুঁকি ও ব্যাংক জমার সীমাবদ্ধতাকে অতিক্রম করেছে— একমত হলে যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

৬▶ জনাব আব্দুর রহমান সাহেব একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। বয়সের কারণে তার পক্ষে ব্যাংকে গিয়ে আর্থিক লেনদেন করা কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। এ ব্যাপারে ব্যাংকে যোগাযোগ করা হলে ব্যাংক কর্মকর্তাগণ জনাব আব্দুর রহমানের ব্যক্তিগত কম্পিউটারে একটি সফটওয়্যার স্থাপন করে একটি PIN সরবরাহ করেন। এখন ইন্টারনেট ব্যবহার করে কম্পিউটারের মাধ্যমে তিনি তার ব্যাংক হিসাবের যাবতীয় তথ্য জানতে পারেন এবং বিভিন্ন ধরনের বিল পরিশোধ করতে পারেন। ব্যাংক কর্মকর্তা তাকে আরও জানান যে, তাদের ব্যাংক ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, অনলাইন ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং ইত্যাদির মাধ্যমে গ্রাহকদেরকে অত্যাধুনিক সেবা প্রদান করছে।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১
খ. বর্তমানে ATM কার্ড ব্যবহার এত জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আব্দুর রহমান কোন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকিং ব্যবস্থাসমূহ আমাদের জীবনযাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭▶ জনাব তানভীর ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব খুলতে চান। হিসাব খোলার জন্য তাকে সাধারণ আবেদন ফরমের সাথে বিশেষ তথ্য সংবলিত আরেকটি ফরম বাধ্যতামূলকভাবে পূরণ করতে হয়। দেশে মানি লন্ডারিং আইন প্রবর্তনের পর থেকে এ ধরনের ফরম পূরণ বাধ্যতামূলক করা হয়েছে। জনাব তানভীর এমন একটি হিসাব খোলেন যেখানে দিনে যতবার ইচ্ছা ততবার টাকা জমা ও উত্তোলন করতে পারবেন এবং প্রয়োজনে জমাতিরিক্ত ঋণ গ্রহণ করতে পারবেন।

ক. ব্যাংক জমা রসিদ কী? ১
খ. ব্যাংক কেন গ্রাহকের হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. জনাব তানভীর ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিশেষ তথ্য সংবলিত ফরমটি জালিয়াতি ও অবৈধ লেনদেন রোধে কার্যকর ভূমিকা রাখবে— একমত হলে যুক্তিসহ উপস্থাপন কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▶ মি. আবির দেখতে পেলেন তার বন্ধুর একটি গাড়ি দুর্ঘটনায় কবলিত হওয়ার পর বিমা কোম্পানি গাড়ির মোট ক্ষতি বাবদ ৩ লক্ষ টাকা প্রদান করে এবং গাড়িটি বিমা কোম্পানি নিয়ে যায়। পরবর্তীতে মি. আবির তার কাছে থাকা ২০১৫ সালের প্রথম রেজিস্ট্রিকৃত গাড়ি ২০১৯ সালে প্রথম রেজিস্ট্রেশন হয়েছে দেখিয়ে বিমাপত্র গ্রহণ করে। পরবর্তীতে গাড়িটি দুর্ঘটনায় পড়লে বিমা কোম্পানি বিমাদাবি যাচাই-বাছাই করতে গিয়ে অতীত সকল তথ্য তাদের কাছে চলে আসে। তাই বিমা কোম্পানি বিমাদাবি প্রত্যাখ্যান করে।

ক. ঝুঁকি কী? ১
খ. "বিমাচুক্তি বাজি ধরার চুক্তি নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিমার কোন নীতির বলে আবিরের বন্ধুর গাড়িটি নিয়ে যেতে সক্ষম? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক আবিরের ক্ষতিপূরণ প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

৯▶ জাহাঙ্গীর ও সোলায়মান ঘনিষ্ঠ বন্ধু। সোলায়মান বন্ধুর কল্যাণের কথা চিন্তা করে জাহাঙ্গীরের ব্যক্তিগত গাড়িটি বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবটি প্রত্যাখ্যান করে। পরবর্তীতে জাহাঙ্গীর নিজেই তার গাড়িটি X ও Y নামক দুটি বিমা কোম্পানির সাথে সমান অঙ্কে মোট দশ লক্ষ টাকার পৃথক পৃথক দুটি বিমাচুক্তি সম্পাদন করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্ত হয়। পরবর্তীতে জাহাঙ্গীর বিমাদাবি উত্থাপন করলে X বিমা কোম্পানি তাকে ৫ লক্ষ টাকা প্রদানে সম্মত হয়।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. বিমাচুক্তি ক্ষতিপূরণের চুক্তি— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বিমা কোম্পানি কর্তৃক সোলায়মানের প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. Y বিমা কোম্পানি জাহাঙ্গীরের বিমাদাবির বাকি অংশ পূরণে বাধ্য— তুমি কি একমত? বিমা নীতিমালার আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▶ জনাব রওশন মৃত্যুর আগ পর্যন্ত নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদানের শর্তে এমন একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন যেখানে তার মৃত্যুর পর মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধ করা হবে। অপরদিকে জনাব সামিউল নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদানের শর্তে ৭ বছর মেয়াদি একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। ৭ বছর পর তিনি অথবা তার মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধ করা হবে। অর্থনৈতিক সংকটের কারণে জনাব সামিউলের পক্ষে প্রিমিয়াম চালিয়ে যাওয়া সম্ভব নয় বিধায় ছয় মাস পর তিনি বিমাপত্রটি বিমা কোম্পানির নিকট উপস্থাপন করেন এবং তিনি প্রিমিয়ামের টাকা ফেরত চাইলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. জীবন বিমাকে কেন নিশ্চয়তার চুক্তি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রওশন কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব সামিউলের আবেদন নাকচ করার যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১▶ রায়হান ও সুজন দুই বন্ধু। রায়হান নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদানের শর্তে দুই বছরের জন্য একটি মেয়াদি বিমাপত্র গ্রহণ করে। চুক্তির শর্তানুসারে ২ বছরের মধ্যে তার মৃত্যু হলে মনোনীত ব্যক্তি বিমাদাবি পাবে। তবে মৃত্যু না হলে কেউ কোনো অর্থ পাবে না। অপরদিকে সুজন যে বিমাপত্রটি গ্রহণ করেছেন তার মেয়াদ ১০ বছর। মেয়াদের মধ্যে সুজন মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমাদাবি আদায় করতে পারবে অথবা তিনি বেঁচে থাকলে বিমাদাবি আদায় করতে পারবেন।

ক. পুনর্বিমা কী? ১
খ. মৃত্যুহার পঞ্জি কেন ব্যবহার করা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত রায়হানের বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুজন কর্তৃক গৃহীত বিমাপত্রটি নমিনীর জন্য আর্থিক নিরাপত্তা ও সুজনের জন্য সঞ্চয় বিশ্লেষণ কর। ৪

# দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ➤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. রহমত 'P' ব্যাংকের একজন গ্রাহক। ব্যাংকটি গ্রাহকদের থেকে সঞ্চয় সংগ্রহ, গ্রাহকদের ঋণ প্রদান, অর্থ স্থানান্তর এবং বৈদেশিক বাণিজ্যে লেনদেনে সাহায্য করে থাকে। অন্যদিকে মি. সৈকত 'Q' ব্যাংকের একজন গ্রাহক। ব্যাংকটি নির্দিষ্ট এলাকার গ্রাহকদের নিকট হতে সঞ্চয় সংগ্রহ, ঋণ প্রদান করলেও, বিভিন্ন অঞ্চলে অর্থ স্থানান্তর ও বৈদেশিক বাণিজ্যে লেনদেনে সাহায্য করতে পারে না।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ব্যাংককে ঋণের ব্যবসায়ী বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'P' ব্যাংক কাঠামোভিত্তিক কোন ধরনের ব্যাংক? বর্ণনা কর। ৩
ঘ. অর্থনৈতিক উন্নয়নে 'Q' ব্যাংকের তুলনায় 'P' ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২ ▸ মুদ্রাস্ফীতি ও মুদ্রা সংকোচন যেকোনো দেশের অর্থনীতির জন্য খারাপ সংকেত বহন করে। তাই সরকার মুদ্রাস্ফীতি কমানোর জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ প্রদান করে। তাই ঋণ প্রবাহ কমানোর মাধ্যমে মুদ্রাস্ফীতি কমানোর উদ্দেশ্যে তালিকাভুক্ত ব্যাংকগুলো কেন্দ্রীয় ব্যাংক হতে ঋণ নেওয়ার ক্ষেত্রে সুদের হার ৪% থেকে বাড়িয়ে ৬% করে। এমতাবস্থায় ব্যাংকগুলোর পর্যাপ্ত তারল্য থাকায় এতে তেমন কোনো কার্যক্রমের সুফল পরিলক্ষিত হয়নি। পরবর্তীতে তালিকাভুক্ত ব্যাংকগুলো গ্রাহকদের ঋণ দেওয়ার ক্ষেত্রে জামানত সম্পদের বিপরীতে ঋণ মার্জিনের হার কেন্দ্রীয় ব্যাংক বৃদ্ধি করার নির্দেশ দেন।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. বাংলাদেশ ব্যাংক প্রথম ঋণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে দ্বিতীয় পদ্ধতিটি অধিক কার্যকর ভূমিকা পালনে সক্ষম– এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. কামাল একজন পাইকারি চালের ব্যবসায়ী। তিনি সালামের নিকট বাকিতে বিক্রয়কৃত ১ লক্ষ টাকার মালের মূল্য বাবদ ৩ মাস পরে দেয় সালামের স্বাক্ষরিত একটি দলিল প্রাপ্ত হন। কিছু দিন পর মি. কামালের নগদ অর্থের প্রয়োজন হলে দলিলটি ব্যাংকে বাট্টাকরণের মাধ্যমে নগদ অর্থপ্রাপ্ত হন। তাছাড়া, ০১-০৪-২০ তারিখে প্রাপ্ত চেকটির টাকা উত্তোলনের জন্য ১৫-১১-২০ তারিখে ব্যাংকে উপস্থাপন করলে চেকের অন্য সব শর্তপূরণ এবং হিসাবে পর্যাপ্ত অর্থ থাকলেও ব্যাংক চেকটি প্রত্যাখ্যান করে।

ক. আদেষ্টা কে? ১
খ. চেকের অনুমোদন কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. কামাল কোন ধরনের দলিল প্রাপ্ত হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংক কর্তৃক চেকটি প্রত্যাখ্যান হওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মি. সায়েম একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। কর্মব্যস্ততার কারণে ব্যাংক হতে সরাসরি টাকা উত্তোলন না করে ব্যাংক কর্তৃক সরবরাহকৃত প্লাস্টিক কার্ড দ্বারা 'ATM' বুথ হতে টাকা উত্তোলন এবং কেনাকাটার ক্ষেত্রে কার্ডটি ব্যবহার করেন। তবে হিসাবে জমাকৃত টাকার অতিরিক্ত ব্যবহার করতে পারেন না। এই সমস্যা সমাধানের জন্য ব্যাংকে গেলে ব্যাংক কর্মকর্তা আরেকটি প্লাস্টিক কার্ড সরবরাহ করেন। বর্তমানে তিনি কার্ডটি দ্বারা হিসাবে জমাকৃত টাকার অতিরিক্ত নির্দিষ্ট পরিমাণ টাকা উত্তোলন বা কেনাকাটার কাজে ব্যবহারের সুযোগ পান। তবে উত্তোলনকৃত অতিরিক্ত অর্থ পরবর্তীতে সুদসহ ব্যাংককে পরিশোধ করতে হয়।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১
খ. ইলেকট্রনিক ব্যাংকিং, ব্যাংক ব্যবসায়ে গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. সায়েমকে প্রথমে কোন ধরনের প্লাস্টিক কার্ড সরবরাহ করেন? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংক কর্তৃক প্রদত্ত দ্বিতীয় কার্ডটি লেনদেনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– এ বিষয়ের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ মি. রহমান একজন চাকরিজীবী ছিলেন। তখন তিনি লেনদেনের জন্য ব্যাংকে একটি হিসাব খোলেন। প্রয়োজনে এ হিসাব হতে মাঝে মাঝে তিনি টাকা উত্তোলন করতেন এবং কিছু সুদও এ হিসাবে জমা হতো। অবসরে যাওয়ার পর তিনি একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। কিন্তু ব্যবসায়ের লেনদেনের প্রয়োজনে বারবার চেকের মাধ্যমে এ হিসাব হতে টাকা তুলতে গেলে, হিসাবে পর্যাপ্ত টাকা থাকা সত্ত্বেও ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি প্রকাশ করে। এ অসুবিধা দূরকল্পে স্বাভাবিক লেনদেনের জন্য ব্যাংক কর্মকর্তা তাকে একটি নতুন হিসাব খোলার পরামর্শ দেন। যাতে তিনি দিনে যতবার খুশি টাকা জমা ও উত্তোলন করতে পারবেন।

ক. চেক কী? ১
খ. KYC ফরম কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. রহমান কোন ধরনের ব্যাংক হিসাব পরিচালনা করতেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যবসায়ে স্বাভাবিক লেনদেন বজায় রাখতে ব্যাংক কর্মকর্তার পরামর্শটি সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. ইমন একজন ব্যবসায়ী। তিনি স্ত্রীকে নমিনি করে তার নিজের জন্য একটি জীবন বিমাপত্র পলিসি গ্রহণ করেন। তবে বিমা পলিসির চুক্তি অনুযায়ী যতদিন বেঁচে থাকবে ততদিন প্রিমিয়াম দিতে হবে এবং তিনি মারা গেলে নমিনিকে দাবি পরিশোধ করবে। কিন্তু ৩ বছর প্রিমিয়াম দেওয়ার পর অসুস্থতার কারণে এখন আর প্রিমিয়াম দিতে পারছেন না। এমতাবস্থায় বিমার দাবির আবেদন করলে বিমা কোম্পানি প্রত্যাখ্যান করে এবং তাকে তার প্রদত্ত অর্থের অংশবিশেষ ফেরত দেয়।

ক. পুনর্বিমা কী? ১
খ. জীবন বিমা কি ক্ষতিপূরণের চুক্তি? ব্যাখ্যা কর। ২
গ. মি. ইমন কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. ইমনের বিমার দাবি প্রত্যাখ্যান করে বিমা কোম্পানি যে অর্থ ফেরত দেন তার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ মি. আনিস ব্যবসায়ের কাজে একটি গাড়ি ব্যবহার করেন। গাড়িটি তার বাবার নামে। গাড়িটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের আশায় বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়। পরবর্তীতে তার বাবা গাড়িটির বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে বিমাকারী বিমাগ্রহীতাকে সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। ক্ষতিগ্রস্ত গাড়িটি বিমা কোম্পানি বিক্রয় করলে বিমাগ্রহীতা বিক্রয়লব্ধ অর্থ দাবি করলে বিমা কোম্পানি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বাংলাদেশের বিমা ব্যবসায় নিয়ন্ত্রক সংস্থার নাম কী? ১
খ. ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে বিমা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. আনিস বিমার কোন নীতির কারণে বিমা করতে পারেনি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমাগ্রহীতার সর্বশেষ দাবি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিমার নীতির আলোকে মূল্যায়ন কর। ৪

৮ ▸ মি. রাতুল একটি আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠানের মালিক। ব্যবসায়িক কাজে ৩ মাসের জন্য বিদেশে যাওয়ার আগে পরিবারের ভবিষ্যতের চিন্তা করে ৩ মাস মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করে। তাছাড়া তার প্রতিষ্ঠানে রক্ষিত গুদামে পণ্য ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের লক্ষ্যে 'X' বিমা কোম্পানি ও 'Y' কোম্পানির নিকট বিমাপত্র গ্রহণ করে।

ক. প্রিমিয়াম কী? ১
খ. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথব্যবস্থা বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মি. রাতুল মেয়াদের ভিত্তিতে কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. অধিক নিরাপত্তার ভিত্তিতে উদ্দীপকের প্রতিষ্ঠানের জন্য গৃহীত বিমাপত্রটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৯ ▸ দেশের গ্রামীণ অর্থনীতি উন্নয়নের জন্য বাংলাদেশ ব্যাংক তালিকাভুক্ত ব্যাংকসমূহকে কৃষি এবং বিভিন্ন কর্মসংস্থানমূলক ক্ষেত্রে অধিক ঋণ দেওয়ার নির্দেশ প্রদান করে। কিন্তু কিছুসংখ্যক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের এই নির্দেশ অমান্য করে লাভজনক খাতে ঋণ দেওয়ার প্রবণতা বজায় রাখে। এমতাবস্থায় কেন্দ্রীয় ব্যাংক অমান্যকারী ব্যাংকগুলোকে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে আন্তঃব্যাংকিং লেনদেনের নিষ্পত্তির সুবিধা স্থগিত করে।

ক. বিশেষায়িত ব্যাংক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতি অনুসরণ করেছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের শেষ কার্যক্রমটি ব্যাংকিং লেনদেন প্রসারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১০ ▸ মি. 'S' একজন পাইকারি ব্যবসায়ী। তিনি অনেক সময় বাকিতে বিক্রয়কৃত পণ্যের মূল্য বাবদ চেক গ্রহণ করেন। তিনি ক্রেতা মি. আরিফের নিকট হতে একটি চেক প্রাপ্ত হন। চেকটিতে গ্রাহকের নাম হিসাবে মি. 'S'-এর পাশাপাশি অথবা আদেশানুসারে শব্দদ্বয় উল্লেখ ছিল। অপর ক্রেতা মি. হাসেমের নিকট হতে বিক্রীত পণ্যের মূল্য বাবদ আরেকটি চেক প্রাপ্ত হন। চেকটির বামকোণে আড়াআড়ি সমান্তরাল দুটো রেখা টানা ছিল। মি. 'S' ব্যাংক থেকে টাকা উত্তোলনের জন্য চেকটি ব্যাংকে উপস্থাপন করেন। চেকটি উপস্থাপন করলে কর্তৃপক্ষ তাকে তার হিসাবে জমা দিতে বলে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. ব্যাংক কেন হিসাবের গোপনীয়তা রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. 'S'-এর প্রাপ্ত প্রথম চেকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মি. 'S'-এর প্রাপ্ত ২য় চেকটি অধিক নিরাপদ– এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'R' এমন একটি ব্যাংক যার উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। এই ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য ঋণ নিয়ন্ত্রণ ও অন্যান্য ব্যাংকগুলোর কার্যক্রম নিয়ন্ত্রণ করে। অপরপক্ষে, 'S' ব্যাংক যার মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা এবং জনগণের নিকট হতে আমানত সংগ্রহ, বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ সহায়তা প্রদান করা। তাছাড়া অনেক সময় 'S' ব্যাংক 'R' ব্যাংক হতে ঋণ সহায়তা নিয়ে থাকে।

ক. তারল্য কী? ১
খ. ব্যাংককে নিরাপত্তার প্রতীক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কার্যভিত্তিক 'S' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'R' ব্যাংকটি দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– এ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো থেকে যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ রূপসা ব্যাংক লি. দেশের বিভিন্ন স্থানে শাখা স্থাপন করে মক্কেলদের নিকট হতে আমানত সংগ্রহ করে। মুনাফা অর্জন করা এই ব্যাংকের মূল উদ্দেশ্য। অন্যদিকে মেঘনা ব্যাংক লি. যার মুনাফা অর্জন মূল উদ্দেশ্য নয়। মেঘনা ব্যাংক লি. ঋণ নিয়ন্ত্রণে বিরাট ভূমিকা রাখে। দ্রব্যের মূল্য বৃদ্ধির সময় রূপসা ব্যাংক লি. মেঘনা ব্যাংক লি.-কে সহায়তা করে।

ক. ব্যাংকিং কী? ১

খ. KYC ফরম কেন গুরুত্বপূর্ণ? ২

গ. রূপসা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংক দুটির মধ্যে কোন ব্যাংক দেশের উন্নয়নে এবং ব্যাংক ব্যবস্থার শৃঙ্খলা রক্ষায় অধিক ভূমিকা রাখে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▶ ঢাকায় একটি ব্যাংক আছে যাকে সকল ব্যাংকের মুরুব্বি বলা হয়। ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন শহরে এটির আঞ্চলিক কার্যালয় আছে যেগুলো এটির কার্যক্রম পরিচালনায় সহায়তা করে। সব আঞ্চলিক কার্যালয়ে একটি নির্দিষ্ট কক্ষ থাকে যেখানে আন্তঃলেনদেন নিষ্পত্তি করা হয়। সব ব্যাংকের চেক ও ড্রাফটগুলো এখানে নিষ্পত্তির জন্য আনা হয়।

ক. ব্যাংক হার কী? ১

খ. খোলাবাজার কার্যক্রম বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে এটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "অন্যান্য ব্যাংকগুলো এইরূপ কাজ করতে পারে না"— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ তামান্না এ বছর রাজশাহী মেডিক্যাল কলেজে ভর্তি হয়েছে। টাকা পাঠানোর জন্য তার বাবা তাকে একটি ব্যাংক হিসাব খুলতে বলল। এজন্য সে একটি ব্যাংকের ব্যবস্থাপকের নিকট গেল এবং ব্যাংক ব্যবস্থাপক তাকে একটি হিসাব খোলার উপদেশ দিল যেটি তার জন্য উপযোগী।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. চলতি হিসাব কি সুদ প্রদান করে? ২

গ. ব্যাংক ব্যবস্থাপক তামান্নাকে কোন ব্যাংক হিসাব খোলার পরামর্শ দিল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংক হিসাবটির গ্রহণযোগ্যতা সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৪ ▶ মি. আবেদ একজন ব্যবসায়ী। তিনি মাল বিক্রয় করে করিমের নিকট হতে চেকের মাধ্যমে অর্থ সংগ্রহ করেন। তিনি দুটি চেক সংগ্রহ করেন যার একটি ৩ লক্ষ টাকার এবং অন্যটি ৮ লক্ষ টাকার। ৩ লক্ষ টাকার চেকটি হতে তিনি সরাসরি অর্থ সংগ্রহ করতে পারেন। কিন্তু ৮ লক্ষ টাকার চেকটি হতে সরাসরি অর্থ সংগ্রহ করতে পারেন না। এই ৮ লক্ষ টাকা তার ব্যাংক হিসাবে জমা হয়।

ক. চেক কী? ১

খ. বিনিময় বিল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আলোকে ৮ লক্ষ টাকার চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. "৮ লক্ষ টাকার চেকটি ৩ লক্ষ টাকার চেক অপেক্ষা অধিক নিরাপদ"— উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

৫ ▶ মি. সিদ্দীক একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবস্থাপককে তার দেনাদারের নিকট ৪০,০০,০০০ টাকার চেক সংগ্রহের জন্য পাঠালেন। কিন্তু তিনি বেশ উদ্বিগ্ন ছিলেন কারণ টাকার পরিমাণ অনেক বেশি (বড়) ছিল। চেকের বাম কোণে সমান্তরাল রেখা দেখে তিনি আশ্বস্ত হলেন।

ক. নিকাশ ঘর কী? ১

খ. ব্যাংক নোট ও সরকারি নোট কি একই জিনিস? ২

গ. উদ্দীপকের আলোকে এটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. এই চেকটির কোনো তাৎপর্য আছে কি? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ মি. ফুয়াদ চুম্বকীয় কার্ড দিয়ে টাকা উত্তোলন করতে পারেন। অন্যদিকে মি. রুহুল একই কার্ড ব্যবহার করে পণ্য কিনতে ও বিল পরিশোধ করতে পারেন। তার হিসাব থেকে অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারেন। পরে এই অর্থ সুদসহ পরিশোধ করতে হয়।

ক. EFT এর পূর্ণরূপ কী? ১

খ. এজেন্ট ব্যাংকিং বলতে কী বোঝ? ২

গ. মি. ফুয়াদ কোন ধরনের কার্ড ব্যবহার করেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. কোন কার্ডটি উত্তম? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ বাজারে যাওয়ার সময় রুবিয়ার বাবা তাকে ৫ টাকা এবং ১০ টাকার কিছু নোট দিল। সে নোটগুলোতে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম এবং বাংলাদেশ ব্যাংক গভর্নরের স্বাক্ষর লক্ষ করে। আবার তার মা তাকে ২ টাকার কিছু নোট দিল যেখানে সে অর্থ সচিবের স্বাক্ষর এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার লেখা দেখতে পেল।

ক. ব্যাংক ড্রাফট কী? ১

খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২

গ. রুবিয়া তার মায়ের নিকট হতে কোন ধরনের নোট পেল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. বড় অঙ্কের অর্থ লেনদেনের ক্ষেত্রে রুবিয়ার বাবার দেওয়া নোট তার মায়ের দেওয়া নোট থেকে অধিক গুরুত্বপূর্ণ— উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৮ ▶ মি. আবিরের একটি রপ্তানিমুখী গার্মেন্টস আছে। তিনি ১,০০,০০,০০০ টাকা দিয়ে একটি বিমা কোম্পানির নিকট বিমা করেন। প্রতিষ্ঠানটি দুর্ঘটনায় পুরোপুরি ধ্বংস হয় এবং মি. আবির বিমাদাবি উপস্থাপন করলেন। বিমাকারী দাবির সমুদয় অর্থ পরিশোধ করলেন। শুরুতে তিনি উদ্ধারকৃত দ্রব্যগুলো বিমা কোম্পানিকে হস্তান্তর করতে অস্বীকৃতি জানালেও কিন্তু শেষে বাধ্য হন।

ক. ঝুঁকি কী? ১

খ. বিমাকে কেন ক্ষতিপূরণের চুক্তি বলা হয়? ২

গ. উপরিউক্ত সম্পত্তি হস্তান্তর বিমার কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "মি. আবিরের উদ্ধারকৃত দ্রব্য দাবি করার কোনো অধিকার নাই"— তুমি কি এই উক্তিটির সাথে একমত? মন্তব্য কর। ৪

৯ ▶ মি. রশিদ ১,০০,০০০ টাকা দিয়ে একটি বিমাচুক্তি করলেন এটা ভেবে যে ভবিষ্যতে তার অনুপস্থিতিতে তার সন্তানেরা এই বিমা পলিসি দ্বারা সুবিধা পাবেন। অন্যদিকে মি. জব্বার ১,০০,০০০ টাকার একটি বিমাচুক্তি করলেন। এই বিমাটি প্রিমিয়ামভিত্তিক এবং প্রতি বছর শেষে ৫,০০০ টাকা করে ২০ বছর প্রিমিয়াম দিতে হবে।

ক. বিমাচুক্তি কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝ? ২

গ. মি. রশিদ কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করলেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "ব্যক্তিগত সুবিধা বিবেচনায় মি. জব্বারের বিমা পলিসি মি. রশিদ অপেক্ষা উত্তম"— তুমি কি এই উক্তিটির সাথে একমত? ব্যাখ্যা কর। ৪

১০ ▶ মি. জাওয়াদ একটি কোম্পানির মালিক। নির্দিষ্ট বিমা পলিসির ভিত্তিতে তিনি তার ৫,০০০ কর্মীর নিরাপত্তার জন্য জনতা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করলেন। আবার জনতা লাইফ ইন্স্যুরেন্স কোং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একই বিষয়বস্তুর উপর একটি বিমাচুক্তি করল।

ক. জীবন বিমা কী? ১

খ. গ্রুপ বিমা বলতে কী বোঝ? ২

গ. মি. জাওয়াদ কোন ধরনের বিমা করলেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রগতি লাইফ ইন্স্যুরেন্স কোং জনতা লাইফ ইন্স্যুরেন্স কোং এর সাথে কোন ধরনের বিমা করল? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মি. আমিন ভবিষ্যতের কথা ভেবে একটি জীবন বিমা করলেন। বিমার মেয়াদ ১০ বছর। কিন্তু মেয়াদপূর্তির পূর্বেই তিনি হার্ট অ্যাটাকে মারা যান। তার কোনো নমিনি ছিল না তবে ১৭ বছর বয়েসি এক পুত্র ছিল।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. পুনর্বিমা বলতে কী বোঝ? ২

গ. মি. আমিন যে বিমা করেছিলেন তার সুবিধাগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. আর্থিক দাবি নিষ্পত্তিতে কোন অবস্থার সৃষ্টি হবে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

# ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'বাংলাদেশ ব্যাংক' কত সনে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭২ L ১৯৭০
M ১৯৭১ N ১৯৭৩

**২. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিক সুবিধাজনক?**
K শাখা L একক
M মিশ্র N চেইন

**৩. গারনিশি অর্ডার জারি করে কে?**
K ব্যাংক L গ্রাহক
M আদালত N পাওনাদার

**৪. বাণিজ্যিক ব্যাংকের সূত্রপাত করেছিল—**
i. ব্যবসায়ী শ্রেণি
ii. মহাজন শ্রেণি
iii. শিল্পপতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আশরাফ বৃহৎ একটি ব্যাংকে চাকরি করেন। যেখানে তাকে বিভিন্ন ব্যাংকের দেনা-পাওনা নিষ্পত্তিতে কাজ করতে হয়। ব্যাংকটি মুদ্রাবাজারও নিয়ন্ত্রণ করে থাকে।

**৫. মি. আশরাফ কোন ব্যাংকে চাকরি করেন?**
K অগ্রণী ব্যাংক L ডাচ-বাংলা ব্যাংক
M বাংলাদেশ ব্যাংক N AB ব্যাংক

**৬. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির কাজ হলো—**
i. খাদ্য নিয়ন্ত্রণ করা
ii. ঋণ আমানত সৃষ্টি করা
iii. মুদ্রা প্রচলন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. ব্যাংক হার বাড়লে—**
K সুদের হার কমে
L সুদের হার বাড়ে
M বৈদেশিক বাণিজ্য বাড়ে
N সুদের হার স্থির থাকে

**৮. নিকাশ ঘর ব্যবস্থা প্রথম চালু হয় কোন দেশে?**
K জাপানে L বাংলাদেশে
M যুক্তরাষ্ট্রে N যুক্তরাজ্যে

**৯. নিচের কোন হিসাবে সুদের হার সবচেয়ে কম?**
K স্থায়ী হিসাব L সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব
N পেনশন সঞ্চয়ী হিসাব

**১০. একজন ছাত্রের জন্য কোন হিসাব উপযোগী?**
K স্থায়ী হিসাব L সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব
N পেনশন সঞ্চয়ী হিসাব

**১১. ব্যাংক পাস বই প্রদান করে—**
K আমানতকারী L সরকার
M ব্যাংক N ঋণদাতা

**১২. ব্যাংক মক্কেলের হিসাবের গোপনীয়তা প্রকাশ করতে পারে—**
i. মক্কেলের নির্দেশে
ii. আদালতের নির্দেশে
iii. জনস্বার্থে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. কোন ধরনের চেকে ঝুঁকি বেশি থাকে?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N বিশেষ চেক

**১৪. বিনিময় বিলে কে স্বীকৃতি প্রদান করে?**
K ব্যাংক L আদেষ্টা
M আদিষ্ট N প্রাপক

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহমান মি. হকের কাছ থেকে ১,০০,০০০ টাকার একটি চেক পেয়েছিলেন। কিন্তু ভুলক্রমে তিনি তা ব্যাংকে উপস্থাপন করেননি। কিছুদিন পর তিনি চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক টাকা প্রদানে অস্বীকৃতি জানায়।

**১৫. জনাব রহমানের চেকটি কোন ধরনের চেক?**
K বাসি চেক L মার্কেট চেক
M উপহার চেক N ভ্রমণকারীর চেক

**১৬. জনাব রহমান কত দিন পর চেকটি ব্যাংকে জমা দিয়েছিলেন?**
K ৩ মাস পর L ৪ মাস পর
M ৫ মাস পর N ৬ মাস পর

**১৭. মোবাইল ব্যাংকিং হলো—**
K একক ব্যাংকিং L শাখা ব্যাংকিং
M গ্রুপ ব্যাংকিং N শাখাবিহীন ব্যাংকিং

**১৮. বিক্রয় বিন্দু সেবার সংশ্লিষ্ট উপকরণ হলো—**
i. এটিএম বুথ
ii. এটিএম কার্ড
iii. কার্ড একটিভেটেড টার্মিনাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. SWIFT কী?**
K একটি ব্যাংকিং সংস্থা
L একটি পরিশোধ পদ্ধতি
M ক্রেডিট রেটিং সংস্থা
N একটি আন্তর্জাতিক ব্যাংক

**২০. বাংলাদেশে প্রথম মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু করে—**
K ব্র্যাক ব্যাংক L বাংলাদেশ ডাকঘর
M ডাচ-বাংলা ব্যাংক N ইউসিবিএল

**২১. নিচের কোনটি সামাজিক বিমা?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M জীবন বিমা N স্বাস্থ্য বিমা

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইসলাম তার পাটের গুদাম বিমা করেছিলেন। কিন্তু পাটের সঠিক পরিমাণ উল্লেখ না করার কারণে বিমা কোম্পানি তার বিমাচুক্তি বাতিল করেছে।

**২২. মি. ইসলাম কোন ধরনের বিমা করেছিলেন?**
K জীবন বিমা L অগ্নি বিমা
M নৌ বিমা N দুর্ঘটনা বিমা

**২৩. মি. ইসলাম বিমার কোন নীতিটি ভঙ্গ করেছেন?**
K প্রত্যক্ষ কারণ L বিমাযোগ্য স্বার্থ
M নির্দিষ্টতা N চূড়ান্ত সদ্বিশ্বাস

**২৪. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝায়?**
K বিমাকৃত ব্যক্তির সংখ্যা
L বার্ষিক মৃত্যুর সংখ্যা
M হাজারপ্রতি মৃত্যু হার
N জনপ্রতি মৃত্যু হার

**২৫. বিমাচুক্তির বৈশিষ্ট্য হলো—**
i. ঝুঁকি বণ্টন
ii. মানসিক প্রশান্তি
iii. মানব কল্যাণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. কোন ধরনের বিমাপত্রে বোনাস প্রদান করা হয়?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M শস্য বিমা N জীবন বিমা

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস নিশাত দশ লক্ষ টাকার জীবন বিমাপত্র খুলতে চান, যাতে মেয়াদ শেষে বেঁচে থাকলেও তিনি বিমার অর্থ পেতে পারেন। এ ধরনের বিমাপত্রে প্রিমিয়ামের পরিমাণ বেশি জেনেও তিনি খুলতে রাজি হয়েছেন।

**২৭. মিসেস নিশাত কোন ধরনের বিমাপত্র খুলতে আগ্রহী?**
K সাময়িক L এককালীন
M বৃত্তি N মেয়াদি

**২৮. এ ধরনের বিমাপত্রে প্রিমিয়ামের পরিমাণ বেশি, কারণ—**
i. সঞ্চয় ও বিনিয়োগের সুবিধা
ii. ঋণ প্রাপ্তির সুযোগ
iii. বিমাদাবি প্রাপ্তি নিশ্চিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. নিচের কোনটি বহুজীবন বিমা?**
K দ্বৈত বিমা L গ্রুপ বিমা
M বৃত্তি বিমা N জীবন বিমা

**৩০. সাময়িক বিমাপত্রের মেয়াদ সর্বোচ্চ কত বছর হতে পারে?**
K ১ বছর L ২ বছর
M ৫ বছর N ১০ বছর

# রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. এশিয়ান উন্নয়ন ব্যাংক (ADB) কোন ধরনের ব্যাংক?**
K গোষ্ঠী উন্নয়ন L আঞ্চলিক
M দেশীয় N আন্তর্জাতিক

**২. ব্যাংক ব্যবস্থার পূর্বসূরি হলো—**
i. মহাজন
ii. পুরোহিত
iii. স্বর্ণকার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K শাস্তী ব্যাংক
L ব্যাংক অব ভেনিস
M ব্যাংক অব ইংল্যান্ড
N ব্যাংক অব সানজর্জিও

**৪. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি?**
K জমার হার পরিবর্তন নীতি
L ব্যাংক হার নীতি
M খোলাবাজার নীতি
N জামানতি ঋণের প্রান্তিক হার পরিবর্তন নীতি

**৫. বিমা কোম্পানি কর্তৃক অন্যের ঝুঁকি বহনের বিনিময় মূল্যকে কী বলে?**
K মুনাফা L প্রিমিয়াম
M বৃত্তি N বোনাস

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' ব্যাংক সরকারি মালিকানাধীন জনকল্যাণমুখী একটি একক আর্থিক প্রতিষ্ঠান যেটি নোট ও মুদ্রার প্রচলন, ঋণ নিয়ন্ত্রণ ও বৈদেশিক বিনিময় হার এবং আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংক আন্তঃব্যাংকিং কার্যাবলিতে জড়িত থাকলেও 'খ' নামক অন্য আরেকটি ব্যাংক তাতে উপস্থিত থাকে না।

**৬. উদ্দীপকে উল্লিখিত 'ক' ব্যাংকটি কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক?**
K সমবায় L বিশেষায়িত
M কেন্দ্রীয় N বাণিজ্যিক

**৭. 'খ' ব্যাংক আন্তঃব্যাংকিং কার্যাবলিতে উপস্থিত থাকে না, কারণ এটি—**
K কেন্দ্রীয় ব্যাংক L অ-তালিকাভুক্ত ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N তালিকাভুক্ত ব্যাংক

**৮. কোন ধরনের হিসাব গ্রহীতাকে ব্যাংক চেকবই সরবরাহ করে না?**
K চলতি L সঞ্চয়ী
M বিশেষ চলতি N স্থায়ী

**৯. বিনিময় বিলে সাধারণত কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ১০নং প্রশ্নের উত্তর দাও :**
চট্টগ্রামের পাহাড়তলী বাজারের ব্যবসায়ী জনাব মমিন তার চালের গুদাম বিমা করেছিলেন। কিন্তু বিমাচুক্তিতে চালের পরিমাণ সঠিকভাবে উল্লেখ না করায় কয়েকদিন পর বিমা কোম্পানি তার বিমাচুক্তি বাতিল করেছে।

**১০. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি নিচের কোন নীতির কারণে বিমাচুক্তি বাতিল করেছে?**
K প্রত্যক্ষ কারণ L সদ্বিশ্বাসের সম্পর্ক
M স্থলাভিষিক্তকরণ N আনুপাতিক অংশগ্রহণ

**১১. KYC-এর পূর্ণরূপ কী?**
K Know Your Consumer
L Know Your Company
M Know Your Creditor
N Know Your Customer

**১২. নমুনা স্বাক্ষর কার্ডের অন্তর্ভুক্ত বিষয় হলো—**
i. হিসাবের শিরোনাম
ii. স্বাক্ষরকারীর নাম ও নমুনা দস্তখত
iii. নমিনির নাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাসুদ একজন ব্যবসায়ী। ব্যবসার প্রয়োজনে তাকে প্রায় প্রতিদিন ব্যাংকে লেনদেন করতে হয়। তাই কারবারের আর্থিক লেনদেনের সুবিধার কথা ভেবে তিনি ব্যাংকে একটি হিসাব খুলেছেন।

**১৩. জনাব মাসুদ কোন ধরনের হিসাব খুলেছেন?**
K সঞ্চয়ী L স্থায়ী
M বিশেষ সঞ্চয়ী N চলতি

**১৪. সঞ্চয়ী হিসাব বন্ধ করার জন্য ব্যাংকে জমা দিতে হবে—**
i. পাস বই
ii. টাকা জমার রশিদ
iii. অব্যবহৃত চেক বই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. জীবন বিমায় ন্যূনতম কতবছর পলিসি চালু থাকলে সমর্পণ মূল্য প্রদান করা হয়?**
K ১ বছর L ২ বছর
M ৩ বছর N ৪ বছর

**১৬. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K সোনালী ব্যাংক লি. L প্রাইম ব্যাংক লি.
M অগ্রণী ব্যাংক লি. N কর্মসংস্থান ব্যাংক

**১৭. ব্যাংকের প্রতি গ্রাহকের অর্থ পরিশোধের লিখিত আদেশকে কী বলে?**
K চেক L বন্ড
M প্রমিসরি নোট N ব্যাংক ড্রাফট

**১৮. চেকে জালিয়াতি ও প্রতারণার বিরুদ্ধে ব্যাংকের রক্ষাকবচ হলো—**
i. চেকে প্রদত্ত স্বাক্ষরের সাথে নমুনা স্বাক্ষর সতর্কভাবে মিলানো
ii. চেকের তারিখের সঠিকতা নিরূপণ
iii. টাকার পরিমাণের সঠিকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাশেদ তার দেনাদার জনাব সাইফুলের কাছ থেকে ২ লক্ষ টাকার একটি চেক পান। তিনি অর্থ সংগ্রহের জন্য তার অফিসের হিসাবরক্ষক মিজানকে চেকটি প্রদান করেন। মিজান টাকা উত্তোলনের জন্য ব্যাংকে যাওয়ার পথে চেকটি হারিয়ে ফেলে।

**১৯. উদ্দীপকে উল্লিখিত মিজান চেকের কোন পক্ষ?**
K অনুমোদনকারী L ধারক
M আদেষ্টা N আদিষ্ট

**২০. চেক হারানোর পর মিজানের তাৎক্ষণিক কী ব্যবস্থা নেওয়া উচিত?**
i. ব্যাংকে জানানো
ii. থানায় জি,ডি করা
iii. কাউকে না জানানো
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. ATM-এর পূর্ণরূপ কোনটি?**
K Accounts Transfer Machine
L Automatic Teller Machine
M Automatic Transfer Machine
N Automated Teller Machine

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
সদ্য প্রতিষ্ঠিত সুরমা ব্যাংক লি. প্রতিযোগিতামূলক বাজারে গ্রাহকদের সর্বোচ্চ সেবা প্রদানের লক্ষ্যে তার সবকটি শাখায় কম্পিউটার প্রযুক্তিনির্ভর একটা নেটওয়ার্ক ব্যবস্থা গড়ে তুলেছে। এ ব্যবস্থায় ব্যাংকটি ইন্টারনেট সংযুক্তির মাধ্যমে প্রতিটি শাখায় দ্রুততম সময়ে সর্বোচ্চ গ্রাহক সেবা নিশ্চিত করছে।

**২২. সুরমা ব্যাংক লি.-এর উল্লিখিত ব্যবস্থাটিকে কী নামে অভিহিত করা হয়?**
K হোম ব্যাংকিং L মোবাইল ব্যাংকিং
M অনলাইন ব্যাংকিং N সিস্টেম ব্যাংকিং

**২৩. সুরমা ব্যাংক লি.-এর এই ব্যবস্থার সুবিধা হলো—**
i. সহজে অর্থ স্থানান্তর
ii. প্রশাসনিক খরচ কমে যায়
iii. প্রতিযোগিতার সক্ষমতা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. কোন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলে?**
K জীবন L অগ্নি
M নৌ N শস্য

**২৫. IDRA-এর পূর্ণরূপ কী?**
K Insurance Development and Regulatory Agency
L Insurance Development and Regulatory Authority
M Insurance Development and Reconstruction Authority
N Insurance Development and Reconstruction Agency

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরিফ একটা শিপইয়ার্ডের মালিক। তিনি তার শিপইয়ার্ডের শ্রমিকদের জীবনের নিরাপত্তার কথা ভেবে একই বিমাপত্রের অধীনে সব শ্রমিকদের জন্য একটি জীবন বিমা করতে চান।

**২৬. জনাব আরিফ কোন ধরনের বিমা করতে চাচ্ছেন?**
K যুগ্ম L দ্বৈত
M গোষ্ঠী N পুনর্বিমা

**২৭. শ্রমিকদের জন্য এ ধরনের বিমা উপকারী কারণ, এতে—**
i. বিমা খরচ কম
ii. প্রিমিয়ামের হার অনেক কম
iii. সঞ্চয় ও বিনিয়োগ সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. বাংলাদেশের মুদ্রাবাজারের নিয়ন্ত্রক কোনটি?**
K বাংলাদেশ ব্যাংক
L অগ্রণী ব্যাংক লি.
M সোনালী ব্যাংক লি.
N বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি.

**২৯. CRR-এর পূর্ণরূপ কী?**
K Cash Requirement Ratio
L Cash Reserve Requirement
M Cash Requirement Reserve
N Cash Reserve Ratio

**৩০. প্রত্যাশার চেয়ে অতিরিক্ত কোনোকিছু পাওয়াকে কী বলে?**
K বোনাস L বার্ষিক বৃত্তি
M মুনাফা N প্রিমিয়াম

# যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নমুনা স্বাক্ষর কার্ডে কার স্বাক্ষরের নমুনা থাকে?**
K আমানতকারীর L ব্যাংকারের
M ম্যানেজারের N ক্যাশিয়ারের

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
অধিক নিরাপদ করার জন্য জনাব হিশাম তার বাহক চেকের বাম কোণায় আড়াআড়ি ২টি সমান্তরাল সরলরেখা অঙ্কন করলেন। এই চেকের প্রাপক জনাব জিশান তার ব্যাংক হিসাবে চেকটি জমা দিয়ে টাকা সংগ্রহ করলেন।

**২. জনাব হিশাম তার চেকটিকে কী চেকে পরিণত করলেন?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N ফাঁকা চেক

**৩. চেকটির প্রাপক জনাব জিশানের ব্যাংক হিসাব না থাকলে কী অসুবিধা হতো?**
K চেক হস্তান্তর করা যেত না
L চেকের টাকা পেতে দেরি হতো
M চেকের টাকা সংগ্রহ করা যেত না
N তার ব্যবসায় ঝুঁকির মধ্যে পড়ে যেত

**৪. যে কারণে চেকের অমর্যাদা হয়–**
i. তারিখ না লিখলে
ii. টাকার অঙ্ক না লিখলে
iii. আমানতকারীর স্বাক্ষর না থাকলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৫. একটি বৈধ চেকের মেয়াদ কত দিন?**
K ১৮০ L ৮০ M ৬০ N ৩০

**৬. একজন রপ্তানিকারকের জন্য কোন হিসাব সবচেয়ে উপযোগী?**
K চলতি L স্থায়ী
M বিশেষ সঞ্চয়ী N সঞ্চয়ী

**৭. যেকোনো ব্যক্তি ATM কার্ড ব্যবহার করতে না পারার কারণ কোনটি?**
K ইন্টারলিঙ্কড পদ্ধতি
L নির্দিষ্ট পিন নম্বর প্রদান
M সিকিউরিটি এলার্ম পদ্ধতি
N ম্যাগনেটিক আবরণ

**৮. MICR কোনটির সাথে সম্পৃক্ত?**
K প্রত্যয়পত্র L চেক
M ডেবিট কার্ড N ক্রেডিট কার্ড

**৯. ইলেকট্রনিক ব্যাংকিংয়ের মাধ্যমে গ্রাহক যে সুবিধা পায়–**
i. Debit কার্ড
ii. ATM কার্ড
iii. FDR
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. 'Bank' শব্দটি কোন দেশীয় শব্দ হতে এসেছে?**
K ফ্রেঞ্চ L ইংলিশ
M ইতালিয়ান N জার্মান

**১১. কে গারনিশি অর্ডার জারি করেন?**
K আদালত L গ্রাহক
M দেনাদার N পাওনাদার

**১২. আধুনিক ব্যাংকের পূর্বসূরি বহির্ভূত কোনটি?**
K পুরোহিত L মহাজন শ্রেণি
M স্বর্ণকার N বণিক সংঘ

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব পিকু 'B' নামক একটি ব্যাংকে কাজ করেন। দেশের সমগ্র অঞ্চলে তার ব্যাংকের কার্যক্রম চলমান রয়েছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে বর্তমানে জনাব পিকুর ব্যাংকের অর্থনৈতিক মন্দাভাব চলছে। ফলশ্রুতিতে ঐ ব্যাংকটির তারল্য সংকট চরমে পৌঁছেছে।

**১৩. জনাব পিকু যে ব্যাংকে চাকরি করেন সেটি কোন ধরনের ব্যাংক?**
K চেইন ব্যাংক L একক ব্যাংক
M শাখা ব্যাংক N গোষ্ঠী ব্যাংক

**১৪. 'B' ব্যাংক লি.-এর তারল্য সংকট হয়েছে, কারণ–**
i. নতুন করে আমানত আসছে না
ii. বাজারে খাদ্যের দাম বেড়ে গেছে
iii. ঋণের টাকা অনাদায়ি থাকছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. দেশের প্রধান ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের সংখ্যাত্মক পদ্ধতি কোনটি?**
K ঋণের বরাদ্দকরণ নীতি
L জামানত ঋণের প্রান্তিক হার
M নৈতিক প্ররোচনা N খোলাবাজার নীতি

**১৬. কোন বিমায় বিমাদাবি পরিশোধ করা হয় ব্যক্তির মৃত্যুর পরে?**
K আজীবন বিমাপত্রে
L সাধারণ মেয়াদি বিমায়
M নির্দিষ্ট মেয়াদি বিমায়
N গোষ্ঠী বিমায়

**১৭. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থার নাম কী?**
K IDRA L BIDC
M BIDA N BIA

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কিসমত একজন পুস্তক ব্যবসায়ী। তিনি এর আগে কখনো বিমা করেননি। তিনি বর্তমানে এমন একটি জায়গায় গুদাম ভাড়া নিয়েছেন তার পাশেই রয়েছে দাহ্য বস্তুর গুদাম। তিনি শঙ্কিত হলেন এবং একজন বিমা প্রতিনিধির পরামর্শ নিলেন। বিমা প্রতিনিধির পরামর্শে তিনি বিমা করতে সম্মত হলেন।

**১৮. জনাব কিসমত কোন প্রকল্পের বিমা করতে সম্মত হলেন?**
K দুর্ঘটনা বিমা L অগ্নি বিমা
M জীবন বিমা N নৌ-বিমা

**১৯. জনাব কিসমত আগে কখনো বিমা করেননি। এর সম্ভাব্য কারণ–**
i. সম্পদের ক্ষতিপূরণ বিষয়ে অবহিত ছিলেন না
ii. বিমা করার মতো কোনো বিষয়বস্তু ছিল না
iii. বিমার ভালো দিকগুলো সম্পর্কে ধারণা ছিল না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২০. বিমাযোগ্য স্বার্থ বিমাগ্রহীতার কোনটির ওপর নির্ভরশীল?**
K উদ্দেশ্য L বিষয়বস্তু
M আর্থিক সুবিধা N সুনাম

**২১. কোন বিমায় আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদান করা হয়?**
K পুনর্বিমা L যুগ্ম বিমা
M গোষ্ঠী বিমা N দ্বৈত বিমা

**২২. যে বিষয়গুলো জীবন বিমার প্রিমিয়ামের হার নির্ধারণের ক্ষেত্রে বিবেচ্য–**
i. বিমাগ্রহীতার বয়স
ii. বিমাগ্রহীতার সামাজিক মর্যাদা
iii. বিমাপত্রের মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৩. কোনটিতে বোনাস প্রদান করা হয়?**
K অগ্নি বিমায় L জীবন বিমায়
M নৌ বিমায় N শস্য বিমায়

**২৪. কেন্দ্রীয় ব্যাংক কোনটি দ্বারা পরিচালিত হয়?**
K শিল্প মন্ত্রণালয় L পরিকল্পনা মন্ত্রণালয়
M বাণিজ্য মন্ত্রণালয় N অর্থ মন্ত্রণালয়

**২৫. SLR-এর পূর্ণরূপ কী?**
K Statutory Liquidity Ratio
L Standard Liquidity Reserve
M Statutory Liquidity Reserve
N Standard Liquidity Rate

**২৬. যে বিষয়গুলোর ওপর খোলাবাজার নীতির কার্যকারিতা নির্ভরশীল–**
i. জনগণের সঞ্চয়ের প্রবণতার ওপর
ii. বিনিয়োগের সুযোগের ওপর
iii. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের মাত্রার ওপর
**নিচের কোনটি সঠিক?**
K ii ও iii L i ও ii M i ও iii N i, ii ও iii

**২৭. কোন নীতি অনুসরণ করে কেন্দ্রীয় ব্যাংক নোট ইস্যু করে থাকে?**
K জমা হার নীতি L ঋণ হার নীতি
M ভারসাম্য নীতি N তারল্য নীতি

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস তানজিন একজন চাকরিজীবী। সংসারের প্রতিদিনের খরচ নির্বাহের জন্য তার নগদ টাকার প্রয়োজন হয়। তিনি ভাবলেন, প্রতিদিনের এই নগদ টাকার যোগান তিনি ব্যাংক হিসাবের মাধ্যমে মেটাবেন। ফলে তিনি একটি ব্যাংক হিসাব খুললেন এবং হিসাব খোলার সময় প্রয়োজনীয় সকল কাগজপত্র ব্যাংকে জমা দিলেন।

**২৮. মিসেস তানজিন যে হিসাব খুলেছেন তার নাম কী?**
K সঞ্চয়ী হিসাব L চলতি হিসাব
M স্থায়ী হিসাব N বিশেষ চলতি হিসাব

**২৯. ব্যাংক হিসাবটি খোলার জন্য মিসেস তানজিনের যেসব কাগজপত্র জমা দিতে হয়েছে–**
i. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
ii. পাসপোর্ট সাইজের ছবি
iii. হিসাব পরিচালনার প্রাতিষ্ঠানিক প্রত্যয়নপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. কোন আইন অনুযায়ী KYC ফরম পূরণ করা বাধ্যতামূলক?**
K ব্যাংক কোম্পানি আইন
L মানি লন্ডারিং প্রতিরোধ আইন
M কোম্পানি আইন N অর্থ আইন

# কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. জীবন বিমার বৈশিষ্ট্য কোনটি?**
K বৈধ চুক্তি L লিখিত চুক্তি
M ক্ষতিপূরণের চুক্তি N বিমাযোগ্য স্বার্থ

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস আমিনা সুরমা ইন্স্যুরেন্স লি.-এর নিকট হতে একটি চেক পান। চেকটির বাম কোণায় আড়াআড়ি দাগের মাঝে 'সোনালী ব্যাংক' শব্দগুলো লেখা ছিল। তিনি চেকটি সোনালী ব্যাংকে তার হিসাবে জমা করেন।

**২. উদ্দীপকে উল্লিখিত চেকের ক্ষেত্রে সুরমা ইন্স্যুরেন্স কোম্পানি হচ্ছে চেকের–**
K আদেষ্টা L আদিষ্ট
M প্রাপক N বাহক

**৩. চেকটি কোন ধরনের চেক?**
K সাধারণ দাগকাটা L বিশেষ দাগকাটা
M হুকুম N অনুমোদনপ্রাপ্ত

**৪. বিমাগ্রহীতার মৃত্যুতে কোন বিমার দাবি পরিশোধ করা হয়?**
K আজীবন বিমা
L বিশুদ্ধ মেয়াদি বিমা
M শিক্ষা বিমা
N বহুমুখী উদ্দেশ্যসম্পন্ন বিমা

**৫. নিচের কোনটি ই-ব্যাংকিং সেবার অন্তর্ভুক্ত নয়–**
K চেকের মাধ্যমে ব্যাংকিং L মোবাইল ব্যাংকিং
M অনলাইন ব্যাংকিং N ইন্টারনেট ব্যাংকিং

**৬. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K বাংলাদেশ কৃষি ব্যাংক L বাংলাদেশ ব্যাংক
M জনতা ব্যাংক N ডাচ্-বাংলা ব্যাংক

**৭. বিমাগ্রহীতা ঝুঁকি হস্তান্তরের বিনিময়ে বিমাকারীকে কী প্রদান করে?**
K বৃত্তি L প্রিমিয়াম
M বোনাস N বিমাদাবি

**৮. বিমাচুক্তির বিশেষ উপাদান কোনটি?**
K দুটিপক্ষ L বৈধ প্রতিদান
M লিখিত চুক্তি N বিমাযোগ্য স্বার্থ

**৯. কোন চুক্তি অনুযায়ী বাংলাদেশে বিদ্যমান ব্যাংকসমূহের পরিশোধিত মূলধন কমপক্ষে চারশত কোটি টাকা?**
K ব্যাসেল-১ L ব্যাসেল-২
M ব্যাসেল-৩ N ব্যাসেল-১ ও ব্যাসেল-৩

**১০. ব্যাংকার গ্রাহকের সম্পর্কের পরিসমাপ্তি ঘটবে–**
i. গ্রাহকের মৃত্যু হলে
ii. গ্রাহক দেউলিয়া ঘোষিত হলে
iii. গ্রাহকের হিসাবে পর্যাপ্ত অর্থ না থাকলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি নয় কোনটি?**
K ঋণ বরাদ্দকরণ নীতি
L ব্যাংক হার নীতি
M ভোক্তা ঋণ নিয়ন্ত্রণ
N প্রত্যক্ষ শাস্তিমূলক ব্যবস্থা

**১২. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো–**
i. নোট ও মুদ্রার প্রচলন
ii. ঋণ নিয়ন্ত্রণ
iii. আমানত সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y ও Z ব্যাংক স্বতন্ত্রভাবে জনগণের নিকট হতে আমানত সংগ্রহ, ঋণদান এবং অন্যান্য ব্যাংকিং কার্যাবলি সম্পাদনের মাধ্যমে মুনাফা অর্জন করে। প্রতিযোগিতায় টিকে থাকার জন্য ব্যাংকগুলো স্বাধীন সত্তা বজায় রেখে একই ব্যবস্থাপনার অধীনে তাদের কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করে।

**১৩. প্রাথমিক পর্যায়ে X, Y ও Z ব্যাংক কোন ধরনের ব্যাংক ছিল?**
K গ্রুপ ব্যাংক L মিশ্র ব্যাংক
M চেইন ব্যাংক N বাণিজ্যিক ব্যাংক

**১৪. পরিবর্তিত পরিস্থিতিতে ব্যাংকগুলোর বর্তমান কাঠামো হচ্ছে–**
K চেইন ব্যাংক L গ্রুপ ব্যাংক
M মিশ্র ব্যাংক N শাখা ব্যাংক

**১৫. তালিকাভুক্ত ব্যাংক নয় কোনটি?**
K সোনালী L অগ্রণী
M গ্রামীণ N ইসলামি

**১৬. চাহিবামাত্র অর্থ প্রদানের আদেশদানের আইনগত ক্ষমতা কোন পক্ষের?**
K প্রাপক L দেনাদার
M ব্যাংক N গ্রাহক

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
K & Q লি. একটি অংশীদারি ব্যবসা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিদেশ থেকে পণ্য আমদানি করে দেশে বিক্রয় করেন। প্রতিষ্ঠানটি এমন একটি ব্যাংক হিসাব খুলতে চান যার মাধ্যমে প্রয়োজনে জমাতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়।

**১৭. প্রতিষ্ঠানটির জন্য কোন হিসাবটি উপযোগী?**
K চলতি হিসাব L স্থায়ী হিসাব
M সঞ্চয়ী হিসাব N বিশেষ হিসাব

**১৮. ব্যাংক হিসাব খোলার জন্য প্রতিষ্ঠানটির প্রয়োজন–**
i. চুক্তিপত্র
ii. ট্রেড লাইসেন্স
iii. স্মরকলিপি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. মানি লন্ডারিং ও অবৈধ লেনদেন বন্ধের জন্য হিসাব খোলার সময় ব্যাংক কর্তৃক সরবরাহকৃত যে ফরমটি গ্রাহককে বাধ্যতামূলকভাবে পূরণ করতে হয়, সেটি হচ্ছে–**
K সাধারণ আবেদন ফরম L নমুনা স্বাক্ষর কার্ড
M KYC ফরম N YKC ফরম

**২০. ই-ব্যাংকিংয়ের সুবিধা হলো–**
i. অর্থ স্থানান্তর
ii. বিল পরিশোধ
iii. ব্যয়হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. আদেষ্টা চেকের উল্টো পিঠে কোনোকিছু না লিখে শুধু তার স্বাক্ষর প্রদান করলে সেটি হবে–**
K ফাঁকা অনুমোদন L বিশেষ অনুমোদন
M সীমিত অনুমোদন N শর্তসাপেক্ষে অনুমোদন

**২২. বিনিময় বিলের পক্ষসমূহ হচ্ছে–**
i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. আমানতদার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. PIN-এর পূর্ণরূপ হচ্ছে–**
K Personal Identification Number
L Personal Information Number
M Password Information Number
N Password Identification Number

**২৪. ইলেকট্রনিক ব্যাংকিংয়ের ক্ষেত্রে যেসব উপকরণের ব্যবহার গ্রাহকের লেনদেনকে সহজ ও গতিময় করেছে?**
i. আইডি কার্ড
ii. ডেবিট কার্ড
iii. ক্রেডিট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
রায়হানের বাবা পেনশনের টাকা দিয়ে একটি হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করেন। বাবার অসুস্থতার কারণে রায়হান নিজেই খামারটি পরিচালনা করে। ভাইরাসের আক্রমণে হাঁস-মুরগির ক্ষতি হতে পারে এমন আশঙ্কা থেকে রায়হান খামারটি নিজের নামে বিমা করতে চাইলে বিমা কোম্পানি অপারগতা প্রকাশ করে।

**২৫. কোন নীতির কারণে বিমা কোম্পানি চুক্তি সম্পাদনে অপারগতা প্রকাশ করে?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস L বিমাযোগ্য স্বার্থ
M আনুপাতিক অংশগ্রহণ N স্থলাভিষিক্তকরণ

**২৬. হাঁস-মুরগির খামারটি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থেকে উদ্ভূত ঝুঁকিগুলো হচ্ছে–**
i. আর্থিক ঝুঁকি
ii. বিমাযোগ্য ঝুঁকি
iii. অনার্থিক ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. জীবন বিমাচুক্তির অপরিহার্য উপাদান কোনটি?**
K ক্ষতিপূরণ L বিমাযোগ্য স্বার্থ
M স্থলাভিষিক্তকরণ N বোনাস

**২৮. কোন ধরনের ব্যাংক হিসাবে গ্রাহককে চেক বই প্রদান করা হয় কিন্তু অর্থ উত্তোলনের ব্যাপারে বাধ্যবাধকতা রয়েছে–**
K সঞ্চয়ী L স্থায়ী
M পেনশন সঞ্চয়ী N চলতি

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
সুরমা ইন্স্যুরেন্স লি. বিমাগ্রহীতাদের প্রদত্ত অর্থ একটি লাভজনক খাতে বিনিয়োগ করে মুনাফা অর্জন করে এবং অর্জিত মুনাফার একটি অংশ বিমাগ্রহীতাদের মাঝে বণ্টন করে। অন্যদিকে জনার সুমন বিমাচুক্তির দুই বছর পর প্রিমিয়াম প্রদানে অক্ষমতা প্রকাশ করলে বিমা কোম্পানি কিছু অর্থ ফেরত দেয় তবে সেটি প্রদত্ত প্রিমিয়ামের চেয়ে কম।

**২৯. সুরমা ইন্স্যুরেন্স লি. বিমাগ্রহীতাদের মাঝে কী বণ্টন করে?**
K লভ্যাংশ L বৃত্তি
M বোনাস N প্রিমিয়াম

**৩০. জনাব সুমনের প্রাপ্ত অর্থ নির্ণয় বিবেচ্য বিষয়সমূহ–**
i. প্রাথমিক খরচের পরিমাণ
ii. সমর্পণ খরচের পরিমাণ
iii. প্রকৃত মৃত্যুহার নির্বাচন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় PIN-এর পূর্ণরূপ কোনটি?**
K Private Identification Number
L Personal Identification Number
M Public Identification Number
N Personnel Identification Number

**২. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের প্রধান নির্বাহীর পদ কোনটি?**
K মহাব্যবস্থাপক　L ব্যবস্থাপক প্রশাসন
M সিইও　N গভর্নর

**৩. কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবায় গ্রাহক নিজেই ফান্ড ট্রান্সফার করতে পারে?**
K হোম ব্যাংকিং　L অনলাইন ব্যাংকিং
M ATM　N ওয়ান স্টপ সার্ভিস

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ ব্যাংক অর্থ ও ঋণের সহজলভ্যতা এবং ব্যবসায়-বাণিজ্যকে চাঙ্গা করার জন্য সুদের হার কমিয়ে দেয়। ফলে বাণিজ্যিক ব্যাংকগুলো হতে সুলভে জনগণ ঋণ নিতে পারছে ও ব্যবসায়-বাণিজ্যে এ অর্থ বিনিয়োগ করতে সক্ষম হচ্ছে।

**৪. উদ্দীপকে বর্ণিত বাংলাদেশ ব্যাংকের এরূপ কার্যক্রম ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির মধ্যে পড়ে?**
K ব্যাংক হার নীতি
L জমার হার পরিবর্তন নীতি
M খোলাবাজার নীতি
N ঋণের বরাদ্দকরণ নীতি

**৫. বাংলাদেশ ব্যাংকের এরূপ কার্যক্রমের ফলে—**
K মানুষের ক্রয় ক্ষমতা হ্রাস পাবে
L বাজারে ঋণের পরিমাণ কমবে
M মুদ্রাস্ফীতি হ্রাস পাবে
N বাণিজ্যিক ব্যাংকের ঋণদান ক্ষমতা বৃদ্ধি পাবে

**৬. POS সংশ্লিষ্ট উপকরণ হলো—**
i. ATM বুথ
ii. ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড
iii. কার্ড একটিভেটেড টারমিনাল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

**৭. বিমার বৈশিষ্ট্য হচ্ছে—**
i. বৈধ চুক্তি
ii. স্থলাভিষিক্ততা
iii. স্বার্থ হাসিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

**৮. KYC-এর পূর্ণরূপ কোনটি?**
K Know Your Consumer
L Know Your Criteria
M Know Your Customer
N Knock Your Customer

**৯. MICR নিচের কোনটির সাথে সম্পর্কিত?**
K ডেবিট কার্ড　L ক্রেডিট কার্ড
M চেক　N প্রত্যয়পত্র

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রিপন তার গার্মেন্টসে ব্যবহৃত মেশিনের যেকোনো দুর্ঘটনার হাত থেকে রক্ষার জন্য একটি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি সম্পাদন করেন। একটি কক্ষে আগুন লেগে তৈরি পোশাকের যাবতীয় মজুদ পুড়ে বিনষ্ট হয়ে যায়। তিনি বিমা কোম্পানির নিকট বিমাদাবি পেশ করলে তা প্রত্যাখ্যাত হয়।

**১০. রিপন কোন ধরনের বিমা করেছিলেন?**
K অগ্নি　L সম্পত্তি
M নৌ　N ব্যক্তিগত দুর্ঘটনা

**১১. বিমাদাবি প্রত্যাখ্যাত হওয়ায় পেছনে বিমার কোন নীতিটি কাজ করেছে?**
K স্থলাভিষিক্ততার নীতি　L সদ্বিশ্বাসের নীতি
M বিমাযোগ্য স্বার্থের নীতি　N প্রত্যক্ষ কারণ নীতি

**১২. বাংলাদেশে পূর্ণাঙ্গ বাস্তবায়ন আছে—**
i. ব্যাসেল-১
ii. ব্যাসেল-২
iii. ব্যাসেল-৩
**নিচের কোনটি সঠিক?**
K i　L ii　M i ও ii　N ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
X একটি চেক প্রস্তুত করে Y কে প্রদান করে। Y চেকটি Z এর নিকট অনুমোদন করে এবং অনুমোদনের সময় চেকের উল্টো পিঠে W এর নাম লিখে দেয়। ফলে Z চেকটি হস্তান্তর করতে চাইলেও ব্যর্থ হয়।

**১৩. চেকের আদেষ্টা কে?**
K X　L Y
M Z　N ব্যাংক

**১৪. চেকটিতে Y কোন ধরনের অনুমোদন করেছিলেন?**
K পূর্ণ　L শর্তসাপেক্ষ
M ফাঁকা　N সীমিত

■ **উদ্দীপকটি পড়ে ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. হারুন যুক্তরাষ্ট্রে বসবাস করেন। তিনি সেখানে এমন একটি ব্যাংকে হিসাব খোলেন, যে ব্যাংকের কোনো শাখা নেই। শুধু একটি অফিসের মাধ্যমে ব্যাংকটি গ্রাহকদের সেবা দিয়ে থাকে।

**১৫. নিচের কোনটি সঠিক?**
K চেইন ব্যাংকিং　L গ্রুপ ব্যাংকিং
M একক ব্যাংকিং　N শাখা ব্যাংকিং

**১৬. বিমা ব্যবসায়ের উৎপত্তির ধারাবাহিকতা হলো—**
K নৌ-অগ্নি-জীবন-দুর্ঘটনা
L অগ্নি-নৌ-জীবন-দুর্ঘটনা
M নৌ-জীবন-অগ্নি-দুর্ঘটনা
N জীবন-নৌ-অগ্নি-দুর্ঘটনা

**১৭. প্রতিশ্রুতিপত্রের ক্ষেত্রে প্রয়োজন হয় না কোনটির?**
K গ্রাহকের　L প্রস্তুতকারীর
M ব্যাংক হিসাবের　N স্বাক্ষরের

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X সিঙ্গাপুর প্রবাসী। তিনি সিঙ্গাপুর যাওয়ার সময় অল্প প্রিমিয়ামের একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। দেশে ফিরে এসে তিনি বিমাপত্রটি আবার নবায়ন করলেন।

**১৮. মি. X কোন ধরনের জীবন বিমা পলিসি গ্রহণ করেছেন?**
K আজীবন　L সাময়িক
M সাধারণ মেয়াদি　N বিশুদ্ধ মেয়াদি

**১৯. মি. X কে তুলনামূলক কম পরিমাণ প্রিমিয়াম দিতে হয়েছে, কারণ—**
i. শুধু মারা গেলে বিমাদাবি প্রদান করা হয়
ii. স্বল্পসময়ের জন্য বিমা পলিসি গ্রহণ করেছেন
iii. এ ধরনের বিমা পলিসির ক্ষেত্রে মারা না গেলে নবায়ন করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

**২০. বিশেষ দাগকাটা চেকের উদ্দেশ্য হলো—**
i. জালিয়াতি রোধ
ii. প্রামাণ্য দলিল
iii. দ্রুত অর্থ সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

**২১. আজীবন বিমাপত্র জনপ্রিয়তার কারণ—**
i. প্রিমিয়ামের হার কম
ii. বিমাপত্রের অর্থ পাওয়া সহজ
iii. বোনাস ও বৃত্তির সুবিধা রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মনির কোনো এক ছুটিতে সপরিবারে ঢাকা থেকে কক্সবাজার বেড়াতে যান। একটি কার্ডের মাধ্যমে তিনি সেখানকার যাবতীয় ব্যয় পরিশোধ করেন। এমনকি তিনি নগদ অর্থও ঐ কার্ড ব্যবহার করে উত্তোলন করেন।

**২২. জনাব মনির কর্তৃক ব্যবহৃত কাজটি হলো—**
K ক্রেডিট কার্ড　L ডেবিট কার্ড
M ডিসকাউন্ট কার্ড　N এন আইডি কার্ড

**২৩. ব্যাংক অব ইংল্যান্ড কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৪৯৪　L ১৫৯৪
M ১৬৯৪　N ১৭৯৪

**২৪. 'Bank' শব্দটি কোন শব্দ থেকে এসেছে?**
K জার্মান　L ইংরেজি
M ইতালি　N অস্ট্রীয়

**২৫. নিকাশ ঘরের বৈশিষ্ট্য হলো—**
i. এটি আন্তঃব্যাংকিং দেনা-পাওনার নিষ্পত্তিস্থল
ii. এটি প্রাত্যহিক লেনদেনের নিষ্পত্তি ব্যবস্থা
iii. এটি কেন্দ্রীয় ব্যাংকের পাওনা আদায় পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

**২৬. বিমাগ্রহীতার মৃত্যুতে বিমাকৃত অর্থ পাবে কে?**
K স্ত্রী　L পুত্র
M উত্তরাধিকার　N মনোনীত ব্যক্তি

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
নিপু একাদশ শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখায় অধ্যয়নরত। বৃত্তির টাকা পাওয়ার জন্য সে ব্যাংকে একটি হিসাব খুলল। সে তার ব্যাংক হিসাব থেকে সপ্তাহে, দুই বারের বেশি টাকা উঠাতে পারবে না, তবে যতবার ইচ্ছা জমা দিতে পারবে। অন্যদিকে নিপুর বাবা বিদেশ থেকে এসে ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব খোলেন যা নিপুর ব্যাংক হিসাবের মতো নয়। তাঁর ব্যাংক হিসাব থেকে তিনি কোনো মুনাফা পাবেন না।

**২৭. নিপু কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছে?**
K চলতি　L সঞ্চয়ী
M স্থায়ী　N পেনশন সঞ্চয়ী

**২৮. নিপুর বাবার ব্যাংক হিসাব নিপুর ব্যাংক হিসাব থেকে সম্পূর্ণ ভিন্ন, কারণ—**
i. তিনি যতবার ইচ্ছা ব্যাংক হিসাব থেকে টাকা উত্তোলন করতে পারবেন
ii. তিনি জমার অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারবেন
iii. তিনি জমাকৃত টাকার ওপর বার্ষিক সুদ পাবেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L ii ও iii　M i ও iii　N i, ii ও iii

**২৯. একটি চেকের মেয়াদকাল কত মাস?**
K ৩　L ৪
M ৫　N ৬

**৩০. অলস অর্থ রয়েছে এমন ব্যক্তির জন্য কোন ধরনের হিসাব উত্তম?**
K সঞ্চয়ী　L চলতি
M স্থায়ী　N বিশেষ ধরনের

SureSuccess

# সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কেন চেকে দাগকাটা হয়?**
K সরকারের নির্দেশ
L চেক বাতিলকরণ
M সহজে অর্থ উত্তোলন
N জালিয়াতি ও প্রতারণা রোধ

**২. নিচের কোনটি সঠিক দাগকাটা চেকের নমুনা?**
K জনতা ব্যাংক লি. মিরপুর শাখা
L জনতা ব্যাংক লি. মিরপুর শাখা
M জনতা ব্যাংক লি. মিরপুর শাখা
N জনতা ব্যাংক লি. মিরপুর শাখা

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
বন্ধন ব্যাংক লি. এমন এক ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা চালু করেছে যার মাধ্যমে গ্রাহকরা মুঠোফোনের নম্বর দিয়ে হিসাব খুলতে এবং ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করতে পারবে।

**৩. উদ্দীপকে বন্ধন ব্যাংক লি. কোন ইলেকট্রনিক ব্যাংকিং সুবিধা চালু করেছে?**
K হোম ব্যাংকিং L টেলি ব্যাংকিং
M মোবাইল ব্যাংকিং N অনলাইন ব্যাংকিং

**৪. উদ্দীপকের উল্লিখিত ইলেকট্রনিক ব্যাংকিংয়ের সুবিধাসমূহ হলো–**
i. অর্থ স্থানান্তর
ii. অর্থ উত্তোলন ও জমা
iii. বিভিন্ন বিল পরিশোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অনলাইন ব্যাংকিং অধিক সুবিধাজনক?**
K গ্রুপ L শাখা
M একক N চেইন

**৬. নিচের কোনটি বিমাচুক্তির বিশেষ উপাদান?**
K লিখিত চুক্তি L স্থলাভিষিক্তকরণ
M একাধিক পক্ষ N প্রস্তাব ও স্বীকৃতি

**৭. দুজন বিমাকারীর মধ্যে কোন বিমাচুক্তি সম্পাদিত হয়?**
K দ্বৈত বিমা L পুনর্বিমা
M যৌথ বিমা N গোষ্ঠী বিমা

**৮. ঋণের সুদ ও আসল পরিশোধ করা নিয়ে অনিশ্চয়তা দেখা দিলে কোন ঝুঁকির সৃষ্টি হয়?**
K ব্যবসায়িক L আর্থিক
M বাজার N ফটকা

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সফি পনেরো বছর ধরে একটি বাসায় ভাড়া থাকেন। তিনি নিজ নামে বাড়িটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়।

**৯. উদ্দীপকে জনাব সফি কোন ধরনের বিমা করতে চেয়েছেন?**
K দায় বিমা L জীবন বিমা
M সম্পত্তি বিমা N সামাজিক বিমা

**১০. বিমা কোম্পানি কর্তৃক বিমা প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কোনটি?**
K ঝুঁকির আধিক্য
L বৈধ প্রতিদান নেই
M প্রত্যক্ষ কারণের অনুপস্থিতি
N বিমাযোগ্য স্বার্থের অভাব

**১১. দ্বৈত বিমার ক্ষেত্রে প্রযোজ্য হলো–**
i. একাধিক বিষয়
ii. একক বিমাগ্রহীতা
iii. একাধিক বিমাকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. নিচের কোন বিমার ক্ষেত্রে বার্ষিক বৃত্তি প্রদান করা হয়?**
K জীবন বিমা L শস্য বিমা
M অগ্নি বিমা N নৌ বিমা

■ **উদ্দীপকটি পড়ে ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
গোলপাতা লি. একটি অগ্নি বিমাপত্র গ্রহণ করেছে। অগ্নিকাণ্ড সংঘটিত হওয়ার পর বেশি আর্থিক সুবিধা পাওয়ার প্রত্যাশায় কোম্পানিটি ক্ষতির পরিমাণ বাড়িয়ে দেখায়। বিমাকারী প্রতিষ্ঠান তা জানতে পেরে বিমাদাবি বাতিল করে।

**১৩. উদ্দীপকে গোলপাতা লি. বিমার কোন মৌলিক নীতিটি ভঙ্গ করেছে?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস L বিমাযোগ্য স্বার্থ
M প্রত্যক্ষ কারণ N ক্ষতিপূরণ

**১৪. প্রিমিয়াম কী?**
K বিমাপত্রের মূল্য L বিমার প্রতিদান
M বিমাদাবির পরিমাণ N বিমাকৃত সম্পত্তির মূল্য

**১৫. অভিভাবকের মৃত্যুর পর সন্তানদের লেখাপড়ার ব্যয় নির্বাহের জন্য যে বিমা করা হয় তাকে কী বলে?**
K বিশুদ্ধ মেয়াদি বিমা L শিক্ষা বৃত্তি বিমা
M যৌথ মেয়াদি বিমা N বিবিধ সুবিধা বিমা

**১৬. নিচের কোনটি গোষ্ঠী উন্নয়ন ব্যাংক?**
K বিশ্ব ব্যাংক
L এশিয়ান উন্নয়ন ব্যাংক
M আফ্রিকান উন্নয়ন ব্যাংক
N ইসলামি উন্নয়ন ব্যাংক

**১৭. কোন ব্যাংকিং ব্যবস্থায় অনেকগুলো ব্যাংক একটি হোল্ডিং কোম্পানির অধীনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে?**
K গ্রুপ ব্যাংক L শাখা ব্যাংক
M একক ব্যাংক N চেইন ব্যাংক

**১৮. শাখা ব্যাংকের বৈশিষ্ট্য হলো–**
i. অধিক আমানত সংগ্রহ
ii. সহজে অর্থ স্থানান্তর
iii. অভিন্ন পরিচালনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
পূর্বাচল ব্যাংক লি. সিলেট সদরে একটিমাত্র কার্যালয়ের মাধ্যমে স্থানীয় গ্রাহকদেরকে ব্যাংকিং সেবা দিয়ে আসছে।

**১৯. উদ্দীপকের পূর্বাচল ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক?**
K শাখা ব্যাংক L গ্রুপ ব্যাংক
M একক ব্যাংক N চেইন ব্যাংক

**২০. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির সীমাবদ্ধতাসমূহ হলো–**
i. তারল্য সমস্যা
ii. সীমিত মূলধন
iii. ঝুঁকি বণ্টন করা যায় না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. সম্প্রতি কেন্দ্রীয় ব্যাংক ভোক্তাদের কিস্তিতে দ্রব্য ক্রয়ের ক্ষেত্রে ডাউন পেমেন্টের পরিমাণ বৃদ্ধি এবং কিস্তির সংখ্যা হ্রাস করার জন্য বাণিজ্যিক ব্যাংকগুলোকে নির্দেশনা দেয়। এটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির মধ্যে পড়বে?**
K ব্যাংক হার L খোলাবাজার কার্যক্রম
M ঋণের বরাদ্দকরণ N ভোগ্য ঋণ নিয়ন্ত্রণ

**২২. নগদ জমার অনুপাত (CRR) বৃদ্ধির প্রভাব কী?**
K ঋণের পরিমাণ বাড়বে
L ঋণের পরিমাণ স্থির থাকবে
M মুদ্রাস্ফীতি বৃদ্ধি পাবে
N ব্যাংকগুলোর সুদের হার বাড়বে
*[বি. দ্র. : **সঠিক উত্তর :** ঋণের পরিমাণ কমবে]

**২৩. নিচের কোনটি বাংলাদেশ ব্যাংকের কাজ?**
K বিনিয়োগ L আমানত সংগ্রহ
M নোট ও মুদ্রা প্রচলন N ঋণ আমানত সৃষ্টি

**২৪. কোন ধরনের ব্যাংক হিসাবে প্রাপ্ত সুদের পরিমাণ সবচেয়ে কম?**
K স্কুল সঞ্চয়ী
L বিশেষ চলতি
M বিমা সঞ্চয়ী
N ডিপোজিট পেনশন স্কীম

**২৫. নমুনা স্বাক্ষর কার্ড কী?**
K যে কার্ডে গ্রাহকের নাম ও স্বাক্ষর থাকে
L যে কার্ডে গ্রাহক সম্পর্কিত তথ্য থাকে
M যে কার্ড ব্যবহার করে গ্রাহক কেনাকাটা করে
N যে কার্ড ব্যবহার করে গ্রাহক অর্থ উত্তোলন করে

**২৬. MICR-এর পূর্ণরূপ কী?**
K Magnetic Ink Cheque Registration
L Magnetic Ink Cheque Recognition
M Magnetic Ink Character Registration
N Magnetic Ink Character Recognition

**২৭. চেকের আদেষ্টা কী?**
K ধারক L বাহক
M প্রাপক N হিসাবের ধারক

**২৮. কোন ধরনের চেকের জন্য নিকাশঘর ব্যবস্থার সহায়তা প্রয়োজন হয়?**
K ফাঁকা L হুকুম
M বাহক N দাগকাটা

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শরীফ একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করেন। তার ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য তিনি একটি ব্যাংক হিসাব খুলতে চান।

**২৯. উদ্দীপকে উল্লিখিত জনাব শরীফের জন্য কোন ব্যাংক হিসাব উপযোগী?**
K স্থায়ী L ডিপিএস
M চলতি N সঞ্চয়ী

**৩০. উদ্দীপকে জনাব শরীফের ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব খোলার জন্য প্রয়োজনীয় দলিলসমূহ হলো–**
i. চুক্তিপত্র
ii. স্মারকলিপি
iii. ট্রেড লাইসেন্স
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

SURE SUCCESS

# বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ৫০০ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?**
K অর্থ সচিব L অর্থ উপদেষ্টা
M গভর্নর N অর্থমন্ত্রীর

■ **উদ্দীপকটি পড়ে ২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব হারুন তার প্রতিষ্ঠানের কর্মীদের জন্য একটি পলিসির অধীনে জীবন বিমাচুক্তি সম্পাদন করেছেন।

**২. জনাব হারুন তার কর্মীদের জন্য কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K দ্বৈত L গোষ্ঠী
M যুগ্ম N ভাসমান বিমা

**৩. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিকতর সুবিধাজনক?**
K একক L শাখা
M গ্রুপ N চেইন ব্যাংকিং

**৪. ব্যাসেল-২ এর ভিত্তি (Pillar) কয়টি?**
K ১ L ২
M ৩ N ৪

**৫. বাংলাদেশে বিদ্যমান বিমা ব্যবসায়ের সমস্যার সমাধান হচ্ছে—**
i. বিমা ব্যবসায়ের আধুনিকীকরণ
ii. বিমা শিক্ষাকে সার্বজনীন করা
iii. অধিক শিল্প-কারখানা প্রতিষ্ঠা করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬নং প্রশ্নের উত্তর দাও :**
ক, খ ও গ নামের কতকগুলো ব্যাংক 'M' নামক ব্যাংকের দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়।

**৬. এক্ষেত্রে ক, খ ও গ নামের ব্যাংকগুলো কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থার আওতাভুক্ত?**
K গ্রুপ L চেইন
M একক N মিশ্র ব্যাংকিং

**৭. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের নির্বাচনমূলক (Selective) পদ্ধতি কোনটি?**
K ব্যাংক হার নীতি
L খোলাবাজার
M জমার হার পরিবর্তন
N ঋণের বরাদ্দকরণ নীতি

**৮. বিমাচুক্তির অপরিহার্য উপাদান হিসেবে কোনটি বিবেচিত হয়?**
K ক্ষতিপূরণ L প্রিমিয়াম
M বোনাস N সমর্পণ মূল্য

**৯. বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য কোনটি?**
K নোট ও মুদ্রা ছাপানো
L মুনাফা অর্জন
M জনকল্যাণ
N ঋণদান

**১০. ক্রেডিট কার্ডের মাধ্যমে যেসব সুবিধা পাওয়া যায় তা হচ্ছে—**
i. জমানো টাকা উত্তোলন করা যায়
ii. জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়
iii. জামানত হিসেবে ব্যবহার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. কোন ধরনের হিসাব শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের জন্য অধিকতর উপযোগী?**
K স্থায়ী L সঞ্চয়ী
M চলতি N বিশেষ স্কীম হিসাব

**১২. বিমাগ্রহীতাকে প্রিমিয়াম পরিশোধ করতে হয়—**
i. এককালীন
ii. কিস্তিভিত্তিক
iii. ব্যাংকের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৩. কোন দলিল স্বীকৃতির পর আইনসম্মত দলিলে পরিণত হয়?**
K বিনিময় বিল L চেক
M অঙ্গীকারপত্র N ব্যাংক নোট

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রজত সাহা তার জীবনের জন্য 'XYZ' কোম্পানির কাছ থেকে ১৫,০০,০০০ টাকার এবং 'PQR' কোম্পানির কাছ থেকে ১৮,০০,০০০ টাকার জীবন বিমাপত্র গ্রহণ করেছেন। এ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অত্যন্ত খোশ মেজাজে আছেন।

**১৪. মি. রজত কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K পুনর্বিমা L দ্বৈত বিমা
M যৌথ বিমা N গোষ্ঠী বিমা

**১৫. মি. সাহার উক্ত বিমা করার উদ্দেশ্য হচ্ছে—**
i. ঝুঁকি বণ্টন
ii. সম্পর্ক দৃঢ়করণ
iii. অধিক লাভের নিশ্চয়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব নিখিল একজন ব্যবসায়ী। তিনি লেনদেনের সবিধার্থে ব্যাংকে একটি হিসাব খুলেছেন।

**১৬. জনাব নিখিল ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন?**
K সঞ্চয়ী L স্থায়ী
M ডিপোজিট পেনশন স্কীম
N চলতি হিসাব

**১৭. 'বাংলাদেশ ব্যাংক' প্রতিষ্ঠিত হয় কোন সালে?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৭৩ N ১৯৭৪

**১৮. বিশ্বের প্রথম সনদপ্রাপ্ত বাণিজ্যিক ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব বার্সিলোনা
L ব্যাংক অব ইংল্যান্ড
M ব্যাংক অব সুইডেন
N ব্যাংক অব আমস্টার্ডাম

**১৯. আর্থিক ক্ষতির সম্ভাবনাকে কী বলে?**
K অপচয় L অবচয়
M লভ্যাংশ N ঝুঁকি

**২০. ঋণ নিয়ন্ত্রণ করার মূল দায়িত্ব কোন ব্যাংকটির?**
K বাণিজ্যিক ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M উন্নয়ন ব্যাংক N সমবায় ব্যাংক

**২১. বাংলাদেশে 'ব্যাংকিং কোম্পানি আইন' কত সালে প্রবর্তিত হয়?**
K ১৯৯০ L ১৯৯১
M ১৯৯২ N ১৯৯৩

**২২. ব্যাংকের মালিকানাভিত্তিক শ্রেণিবিভাগ হচ্ছে—**
i. সরকারি ব্যাংক
ii. বেসরকারি ব্যাংক
iii. স্বায়ত্তশাসিত ব্যাংক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৩. মেয়াদভিত্তিক বিমাপত্র কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**২৪. CRR শব্দ সংক্ষেপের পূর্ণরূপ কী?**
K Cash Reserve Rate
L Cash Reserve Ratio
M Cash Requirement Rate
N Cash Requirement Ratio

**২৫. নিচের কোনটি ক্ষতিপূরণের চুক্তি নয়?**
K জীবন বিমা L নৌ বিমা
M অগ্নি বিমা N দুর্ঘটনা বিমা

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**




**২৬. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক?**
K বিশেষভাবে দাগকাটা চেক
L সাধারণ চেক
M সাধারণ দাগকাটা চেক
N উপহার চেক

**২৭. উদ্দীপকে প্রদর্শিত চেকের ক্ষেত্রে—**
i. জনাব জামিলের এ চেককে দাগবিহীন চেকে রূপান্তর করতে পারেন
ii. নির্দিষ্ট কোনো ব্যাংকে জামিল সাহেবের হিসাবে জমা দিয়ে টাকা উত্তোলন করা যায়
iii. এ চেকের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করা যাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৮. 'গারনিশি আদেশের' পক্ষ কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**২৯. ব্যাংক যেসব ক্ষেত্রে গ্রাহকের হিসাব বন্ধ করে তা হলো—**
i. গ্রাহকের মৃত্যু হলে
ii. গ্রাহক পাগল হলে
iii. গ্রাহক হিসাব বন্ধ করার নোটিশ দিলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৩০. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIBM L IDA
M IDRA N ADAB

# দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
K আমানত গ্রহণ L বিল বাট্টাকরণ
M অর্থ স্থানান্তর
N নোট ও মুদ্রার প্রচলন

**২. বিশ্বের প্রথম বাণিজ্যিক ব্যাংক হলো–**
K ব্যাংক অব সুইডেন
L ব্যাংক অব ইংল্যান্ড
M ব্যাংক অব ভেনিস
N ব্যাংক অব জেনোয়া

**৩. ব্যাংকের হার বাড়ালে–**
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ হ্রাস পায়
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K সোনালী L রূপালী
M জনতা N কৃষি

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y এবং Z তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ একসাথে কাজ করার জন্য সিদ্ধান্ত নেয় যে, ব্যাংক 'Y' প্রধান ব্যাংক হিসাবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে অধীনস্থ ব্যাংক।

**৫. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K গ্রুপ L শাখা
M চেইন N একক

**৬. উদ্দীপকে Y ব্যাংকের বৈশিষ্ট্য হলো–**
i. পৃথক সত্তা বজায় থাকে
ii. ব্যাংকিং জোট গঠিত হয়
iii. তারল্য সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K মহাব্যবস্থাপক L গভর্নর
M সিইও N চেয়ারম্যান

**৮. কোন ব্যাংক ঋণদানের শেষ আশ্রয়স্থল হিসাবে কাজ করে?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M বিনিয়োগ ব্যাংক N ঋণদানকারী ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
'M' ব্যাংক লি. নিয়মিত আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে থাকে। আর একটি ব্যাংক 'N' ব্যাংক এ সকল কার্যাবলিতে উপস্থিত থাকে না।

**৯. 'M' ব্যাংকের আন্তঃব্যাংকিং কার্যাবলি হলো–**
K বিনিময়ের মাধ্যম L নিকাশ ঘর
M আস্থা অর্জন N সনদপত্র প্রদান

**১০. উদ্দীপকের 'M' ব্যাংকের আন্তঃব্যাংকিং কার্যাবলির বৈশিষ্ট্য হলো–**
K বাণিজ্যিক ব্যাংকগুলোর আন্তঃদেনাপাওনা নিষ্পত্তি করা
L ঋণ নিয়ন্ত্রণে সহায়তা করা
M ঋণ আমানত সৃষ্টি করা
N বিনিময় বিলে স্বীকৃতি দেওয়া

**১১. একজন চাকরিজীবীর জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উত্তম?**
K চলতি L সঞ্চয়ী
M স্থায়ী N বিশেষ চলতি

**১২. একটি ব্যাংক হিসাব বন্ধ হয়ে যায়–**
i. আদালতের নির্দেশ পেলে
ii. গ্রাহক ইচ্ছা পোষণ করলে
iii. ব্যাংক ইচ্ছা পোষণ করলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করে। তার ব্যবসায়ের জন্য একটি ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। তাই সে একটি ব্যাংকের শরণাপন্ন হলো।

**১৩. রফিকের মতো ব্যবসায়ীদের কোন হিসাব বেশি উপযোগী?**
K চলতি হিসাব L বিশেষ হিসাব
M স্থায়ী হিসাব N সঞ্চয়ী হিসাব

**১৪. রফিকের ব্যবসায়ের হিসাব খোলার জন্য প্রয়োজন হবে–**
i. ট্রেড লাইসেন্স
ii. চুক্তিপত্র
iii. স্মারকলিপি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. চেকে দাগ কাটার সুবিধা–**
K দ্রুত অর্থ সংগ্রহ L নিরাপত্তা বিধান
M অবাধে হস্তান্তর N সহজ লেনদেন

**১৬. ATM কার্ড কোন ক্ষেত্রে ব্যবহার করা হয়?**
K বিল বাট্টাকরণ L ঋণ নিয়ন্ত্রণ
M অর্থ উত্তোলন N মূলধন গঠন

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
ফয়সাল সাহেব ১০ মে ২০২৩ তারিখের একটি চেক ২ মে ২০২৩ তারিখে ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক তাকে টাকা প্রদানে অস্বীকৃতি জানালেন।

**১৭. ফয়সাল সাহেবের এই চেকটি–**
K পূর্ববর্তী তারিখের চেক
L পরবর্তী তারিখের চেক
M বাতিল চেক N ফাঁকা চেক

**১৮. ব্যাংক টাকা প্রদানে অস্বীকৃতি জানানোর কারণ–**
K নির্ধারিত তারিখের পূর্বে চেকটি উপস্থাপন
L হিসাবে যথেষ্ট পরিমাণ টাকা না থাকা
M চেকে তারিখ ভুল থাকা
N নমুনা স্বাক্ষরে মিল না থাকা

**১৯. চেক বই হারিয়ে গেলে তাৎক্ষণিকভাবে কী ব্যবস্থা নিতে হয়?**
i. পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হয়
ii. ব্যাংকে জানাতে হয়
iii. থানায় জিডি করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. মোবাইল ব্যাংকিং সেবা প্রথম কোন সংস্থা চালু করেছে?**
K ডাচ্-বাংলা ব্যাংক L ন্যাশনাল ব্যাংক
M রূপালী ব্যাংক N ব্র্যাক ব্যাংক

**২১. ডেবিট কার্ড ব্যবহারকারীদের কোন ব্যাংক হিসাব থাকতে হয়?**
K ডিপোজিট পেনশন স্কীম
L সাধারণ স্থায়ী হিসাব
M সাধারণ সঞ্চয়ী হিসাব
N বিশেষ স্থায়ী হিসাব

**২২. SWIFT কী?**
K একটি ব্যাংকিং সংস্থা
L ক্রেডিট রেটিং সংস্থা
M একটি পরিশোধ পদ্ধতি
N একটি আন্তর্জাতিক ব্যাংক

**২৩. বিমার বিশেষ উপাদান কোনটি?**
K একাধিক পক্ষ L প্রস্তাব ও স্বীকৃতি
M স্বেচ্ছাসায় N বিমাযোগ্য স্বার্থ

**২৪. কোন নীতির ভিত্তিতে স্বামী তার স্ত্রীর জীবনের ওপর বিমা করতে পারে?**
K সদ্বিশ্বাসের নীতি
L বিমাযোগ্য স্বার্থের নীতি
M আর্থিক ক্ষতিপূরণের নীতি
N প্রত্যক্ষ কারণ নীতি

**২৫. ক্ষতিপূরণের চুক্তি হলো–**
i. জীবন বিমা
ii. নৌ বিমা
iii. অগ্নি বিমা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের?**
K ১৯৩৮ L ১৯৯১
M ১৯৯৩ N ২০১০

**২৭. বিমাচুক্তির অপরিহার্য প্রতিদান হিসেবে বিবেচিত হয়–**
K ক্ষতিপূরণ L প্রিমিয়াম
M বোনাস N সমর্পণ মূল্য

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তারিক তার নিজের জীবনের ওপর ১৫ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন। বিমাপত্রটি খোলার পর তিনি চিন্তামুক্ত জীবনযাপন করছেন।

**২৮. উদ্দীপকের আলোকে জনাব তারিক কোন ধরনের জীবন বিমা খোলেন?**
K মেয়াদি বিমা L সাময়িক বিমা
M আজীবন বিমা N উত্তরজীবী বিমা

**২৯. উদ্দীপকে জনাব তারিকের চিন্তামুক্ত জীবনযাপনের কারণসমূহ হলো–**
i. বিনিয়োগ সুবিধা
ii. নিরাপত্তা ও নিশ্চয়তা পাওয়া
iii. মানসিক প্রশান্তি লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. প্রিমিয়াম কম পরিশোধ করা হয় কোন বিমায়?**
K মেয়াদি বিমায় L গোষ্ঠী বিমায়
M সাময়িক বিমায় N আজীবন বিমাপত্রে

# ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◐ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. গারনিশি আদেশ কে দিতে পারেন?**
K ব্যাংক L গ্রাহক
M পাওনাদার N আদালত

**২. ব্যাংকার-গ্রাহকের সম্পর্কের পরিসমাপ্তি ঘটে—**
i. গ্রাহক ব্যাংকের ওপর আস্থা হারালে
ii. গ্রাহকের মৃত্যুজনিত কারণে
iii. গ্রাহক মানসিক ভারসাম্য হারালে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
X ও Y দুই বন্ধু ব্যাংকের চাকরিতে যোগদান করেছে। কথা প্রসঙ্গে X বলল তার ব্যাংকের লাভের হার সব ব্যাংকের তুলনায় বেশি। প্রতিউত্তরে Y বলল তার ব্যাংকের প্রধান উদ্দেশ্য হলো জনকল্যাণ, মুনাফার্জন নয়।

**৩. কার্যাবলির ভিত্তিতে Y এর ব্যাংকের ধরন কোনটি?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M বিশেষায়িত ব্যাংক N অন্যান্য ব্যাংক

**৪. উদ্দীপকে X ও Y এর ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. উভয় ব্যাংকই বাণিজ্যিক ব্যাংক
ii. X এর ব্যাংক নোট ও মুদ্রার প্রচলন করতে পারে না
iii. Y এর ব্যাংক দেশের ব্যাংক ব্যবস্থা নিয়ন্ত্রণ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. BACPS-পূর্ণরূপ কোনটি?**
K Bangladesh Automated Cheque Processing System
L Bangladesh Automatic Cheque Processing System
M Bangladesh Automated Check Processing System
N Bangladesh Automated Check Procuring System

**৬. কেন্দ্রীয় ব্যাংকের সাধারণ কার্যাবলি নিচের কোনটি?**
K তহবিল সংরক্ষণ L হিসাব সংরক্ষণ
M আমানত সংগ্রহ ও সংরক্ষণ
N মুদ্রামান সংরক্ষণ

**৭. ABC ব্যাংক লিমিটেড কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম ভঙ্গ করায় নিকাশ ঘরের সুবিধা স্থগিত করা হলে সেটি ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের পদ্ধতি?**
K ভোক্তা ঋণ নিয়ন্ত্রণ
L জামানতি ঋণের প্রান্তিক হার পরিবর্তন
M প্রত্যক্ষ ব্যবস্থা গ্রহণ
N নৈতিক প্ররোচনা

**৮. ব্যাংক হার বৃদ্ধির ফলাফল হলো—**
i. দ্রব্যমূল্য হ্রাস
ii. মুদ্রাস্ফীতি হ্রাস
iii. বাজারে ঋণ সরবরাহ হ্রাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৯. স্থায়ী হিসাব খোলার ধাপ কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**১০. সঞ্চয়ী হিসাব ও চলতি হিসাবের মধ্যে সাদৃশ্য হলো—**
i. উভয় হিসাব থেকে চেক বই পাওয়া যায়
ii. উভয় হিসাব থেকে সমহারে মুনাফা পাওয়া যায়
iii. উভয় হিসাব খোলার ধাপ একই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
P যে ব্যাংকে হিসাব পরিচালনা করেন সে ব্যাংক থেকে তার স্ত্রীর ব্যাংক হিসাবের তথ্য তিনি স্ত্রীর সম্মতি ছাড়া গ্রহণ করতে পেরেছেন। অন্যদিকে Q অন্য আরেকটি ব্যাংক থেকে স্ত্রীর ব্যাংক হিসাবের তথ্য চাইলে ব্যাংক কর্তৃপক্ষ অপারগতা প্রকাশ করে।

**১১. Q এর ব্যাংকটি নিচের কোন প্রতীকটি লালন করে?**
K আস্থা ও বিশ্বাসের L ভালোবাসার
M নির্ভরতার N নিশ্চয়তার

**১২. P এর স্ত্রী ব্যাংকের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করতে পারবেন কারণ—**
i. ব্যাংকটি গোপনীয়তা ভঙ্গ করেছে
ii. গ্রাহকের আর্থিক ক্ষতি হয়েছে
iii. গ্রাহকের ঝুঁকির আশঙ্কা আছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. হুকুম চেকের সমস্যা নয় নিচের কোনটি?**
K লিখতে L অর্থ সংগ্রহে
M হস্তান্তরে N নিরাপত্তায়

**১৪. ২০-০৩-২০২৩ তারিখে ইস্যুকৃত চেকে ২০-০২-২০২৩ লেখা থাকলে সেটি কোন ধরনের চেক?**
K ফাঁকা চেক L পূর্ব তারিখের চেক
M পরবর্তী তারিখের চেক N বাসি চেক

■ **উদ্দীপকটি পড়ে ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
A ১,০০,০০০ টাকা মূল্যের পণ্য B এর নিকট ২ মাসের জন্য বাকিতে বিক্রয় করলেন এবং B যথাসময়ে টাকা পরিশোধ করবেন মর্মে নির্ধারিত ফর্মে স্বাক্ষর করলেন।

**১৫. B এর স্বাক্ষরকৃত ফর্মটির নাম কী?**
K বিনিময় বিল L অঙ্গীকারপত্র
M ফাঁকা অনুমোদন N পূর্ণ অনুমোদন

**১৬. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহকের তথ্যের গোপনীয়তা রক্ষার জন্য নিচের কোনটি প্রদান করা হয়?**
K PIN L SMS
M SWIFT N ACH

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' ভ্রমণের সময় চেকবই সাথে রাখেন। যেকোনো শাখা থেকে চেকের মাধ্যমে টাকা উত্তোলন করে প্রয়োজনীয় ব্যয় সম্পাদন করেন। একদিন ব্যাংকিং সময় অতিক্রান্ত হয়ে যাওয়ায় তিনি টাকা তুলতে না পেরে সমস্যায় পড়ে গেলেন।

**১৭. কোন আধুনিক ব্যাংকিং সেবার মাধ্যমে 'ক' যেকোনো শাখা থেকে চেকের মাধ্যমে টাকা উত্তোলন করতে পেরেছিলেন?**
K মোবাইল ব্যাংকিং L অনলাইন ব্যাংকিং
M হোম ব্যাংকিং N সোশ্যাল ব্যাংকিং

**১৮. 'ক' এর সমস্যা সমাধানের জন্য বিকল্প হতে পারে—**
i. ডেবিট কার্ড
ii. ক্রেডিট কার্ড
iii. NID কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. বিমা নিচের কোন প্রতিবন্ধকতা দূর করে?**
K জ্ঞানসংক্রান্ত L ঝুঁকিসংক্রান্ত
M সময়সংক্রান্ত N স্থানসংক্রান্ত

**২০. বিমার বিষয়বস্তুতে বিমাগ্রহীতার কোন স্বার্থকে বিমাযোগ্য স্বার্থ বলে?**
K আর্থিক L সামাজিক
M রাজনৈতিক N মানবিক

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব R কাপড় বোঝাই করার শর্তে জাহাজ কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করলেন। পথিমধ্যে জাহাজটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে, দেখা যায় জাহাজটিতে সিমেন্ট বোঝাই করা হয়েছিল।

**২১. উদ্দীপকে জনাব R বিমার কোন নীতিটি লঙ্ঘন করেছে?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M স্থলাভিষিক্তকরণ N প্রত্যক্ষ কারণ

**২২. উদ্দীপকে উল্লিখিত প্রেক্ষাপটে বিমা প্রতিষ্ঠানের করণীয় কী?**
K বিমাদাবি প্রত্যাখ্যান করা
L সমর্পণ মূল্য পরিশোধ করা
M পূর্ণদাবি পরিশোধ করা
N প্রিমিয়াম ফেরত দেওয়া

**২৩. নিচের কোন বিমাটিকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?**
K জীবন L নৌ
M অগ্নি N শস্য

**২৪. কোন বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতা ও বিমাকারী উভয়ই বিমা কোম্পানি হয়ে থাকে?**
K দায় L গোষ্ঠী
M পুনর্বিমা N দ্বৈত

**২৫. সমর্পণ মূল্য পেতে হলে বিমা প্রিমিয়াম কমপক্ষে কত বছর চালাতে হয়?**
K ১ L ২
M ৩ N ৪

**২৬. 'ব্যাংক' শব্দটি নিচের কোন শব্দদ্বয় থেকে এসেছে?**
K Banke ও Banco L Banka ও Banco
M Banke ও Banko N Banki ও Banko

**২৭. নিচের কোনটি আধুনিক অর্থনীতির স্নায়ুকেন্দ্রের উদাহরণ?**
K বাংলাদেশ জীবন বিমা কর্পোরেশন
L সোনালী ব্যাংক লিমিটেড
M বাংলাদেশ গৃহনির্মাণ ঋণ সংস্থা
N ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড

**২৮. গ্রাহকের পক্ষে চেকের অর্থ আদায়কে কোন ধরনের ব্যাংকার-গ্রাহক সম্পর্ক বলে?**
K পাওনাদার-দেনাদার L গ্রাহকদের অছি
M গ্রাহকদের প্রতিনিধি
N ব্যাংকিং সেবা সরবরাহকারী

■ **উদ্দীপকটি পড়ে ২৯নং প্রশ্নের উত্তর দাও :**




**২৯. উদ্দীপকের চেকটি কোন ধরনের?**
K ভ্রমণকারীর চেক L উপহার চেক
M বিশেষ দাগকাটা চেক
N সাধারণ দাগকাটা চেক

**৩০. হোম ব্যাংকিংয়ের সুবিধা নিচের কোনটি?**
K ওভার ড্রাফট করা যায়
L পে-অর্ডার করা সহজ
M ব্যাংক ড্রাফট করা সহজ
N সহজে LC খোলা যায়

# ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. SWIFT কী?**
K চেইন ব্যাংকিং
L একটি পরিশোধ পদ্ধতি
M স্টক এক্সচেঞ্জ
N বিমা প্রতিষ্ঠান

**২. কোন সংস্থার নিয়ন্ত্রণে বাংলাদেশের অর্থবাজার পরিচালিত হয়?**
K কেন্দ্রীয় ব্যাংক  L স্টক এক্সচেঞ্জ
M অর্থ মন্ত্রণালয়  N বাণিজ্য মন্ত্রণালয়

**৩. মি. 'K' নিচের কোন ব্যক্তির বিমা করতে পারে?**
K ভাই  L বোন
M স্ত্রী  N চাচা

**৪. বিদেশ ভ্রমণ করার জন্য নিচের কোন কার্ডটি উত্তম?**
K ডেবিট কার্ড  L ক্রেডিট কার্ড
M মাস্টার কার্ড  N ভিসা কার্ড

**৫. দেশের প্রয়োজনের তুলনায় নোট ইস্যুর পরিমাণ কম হলে–**
i. মুদ্রাস্ফীতি ঘটে
ii. বিনিয়োগ কমে
iii. বেকার সমস্যা বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**৬. চেকের সবকিছু যথাযথভাবে পূরণ করে শুধু টাকার অঙ্ক না লিখলে তাকে কোন ধরনের চেক বলে?**
K বাহক চেক  L হুকুম চেক
M দাগকাটা চেক  N ফাঁকা চেক

**৭. মি. 'R' এর কিছু পরিমাণ অলস অর্থ আছে। তার কোন ধরনের হিসাব খোলা উচিত?**
K চলতি হিসাব  L সঞ্চয়ী হিসাব
M স্থায়ী হিসাব  N পেনশন সঞ্চয়ী হিসাব

**৮. কোন চেকের অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহ করতে হয়?**
K বাহক চেক  L হুকুম চেক
M মার্কেট চেক  N দাগকাটা চেক

**৯. ব্যবসায়ী শ্রেণির জন্য কোন ধরনের হিসাব উপযোগী?**
K চলতি হিসাব  L সঞ্চয়ী হিসাব
M স্থায়ী হিসাব  N পেনশন সঞ্চয়ী হিসাব

**১০. T.T এর পূর্ণরূপ হচ্ছে–**
K Travellers Transport
L Telegraphic Transfer
M Transfer Technic
N Teachers Training

**১১. নিশ্চয়তার চুক্তি হলো–**
K অগ্নি বিমা  L দুর্ঘটনা বিমা
M জীবন বিমা  N ডাকাতি বিমা

**১২. জীবন বিমার অপরিহার্য উপাদান হলো–**
i. বিমাযোগ্য স্বার্থ
ii. নিশ্চয়তার চুক্তি
iii. স্থলাভিষিক্তকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
X ব্যাংক লি. এর কার্যক্রম সারাদেশে বিস্তৃত। দেশে অর্থনৈতিক মন্দা বিরাজ করায় X ব্যাংক লি. তারল্য সংকটে ভুগছে।

**১৩. X ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক?**
K শাখা ব্যাংক  L একক ব্যাংক
M গ্রুপ ব্যাংক  N চেইন ব্যাংক

**১৪. X ব্যাংক লি. তারল্য সংকটে ভুগছে কারণ–**
i. আমানত সংগ্রহ কম
ii. অধিক মুনাফা করে
iii. ঋণ আদায় কম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**১৫. কোন ব্যাংক বাংলাদেশে প্রথম মোবাইল ব্যাংকিং চালু করে?**
K সোনালী ব্যাংক লি.
L ইসলামী ব্যাংক লি.
M ডাচ্-বাংলা ব্যাংক লি.
N গ্রামীণ ব্যাংক

**১৬. SMS এর পূর্ণরূপ কোনটি?**
K Small message service
L Short message service
M Short market service
N Small market service

**১৭. হস্তান্তরযোগ্য আইন কত সালের?**
K ১৮৮১  L ১৮৮২
M ১৯৯১  N ১৯৯২

**১৮. চেক প্রত্যাখ্যাত হওয়ার কারণ–**
i. আদেষ্টার স্বাক্ষর না থাকলে
ii. অগ্রিম তারিখের চেক হলে
iii. বাসি চেক হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**১৯. সমর্পণ মূল্য কোন বিমায় প্রযোজ্য?**
K অগ্নি বিমা  L জীবন বিমা
M নৌ বিমা  N দুর্ঘটনা বিমা

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সেলিম ১ বছরের জন্য ২ লক্ষ টাকা দিয়ে ইস্ট-ওয়েস্ট বিমা কোং-এর সাথে একটি বিমাচুক্তি সম্পাদন করলেন। নির্দিষ্ট সময় অতিবাহিত হলে তিনি বিমা দাবি করেন।

**২০. মি. সেলিমের বিমাপত্রটি কোন ধরনের?**
K আজীবন বিমা  L মেয়াদি বিমা
M দুর্ঘটনা বিমা  N সাময়িক বিমা

**২১. বিমাদাবি পাবেন কারণ–**
i. প্রিমিয়াম পরিশোধ করেছেন বলে
ii. মি. সেলিম মৃত্যুবরণ করেননি বলে
iii. ক্ষতিপূরণের নীতি প্রযোজ্য নয় বলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**২২. নিচের কোনটি ঋণ নিয়ন্ত্রণের সাধারণ পদ্ধতি?**
K জমার হার পরিবর্তন নীতি
L ঋণের বরাদ্দকরণ নীতি
M জামানতী ঋণের প্রান্তিক হার পরিবর্তন
N প্রচারণা পদ্ধতি

**২৩. নিকাশ ঘর ব্যবস্থার উদ্ভাবক কে?**
K ডি-কক  L মার্শাল
M অরভিল  N স্টিফেন

**২৪. বাংলাদেশে প্রচলিত ব্যাংক কোম্পানি আইন কত সালের?**
K ১৯৮১  L ১৯৯১
M ২০০১  N ২০১০

**২৫. নিচের কোনটি আন্তর্জাতিক ব্যাংক?**
K গ্রামীণ ব্যাংক  L ন্যাশনাল ব্যাংক
M বিশ্ব ব্যাংক  N বাংলাদেশ ব্যাংক

**২৬. ব্যাংক হার বৃদ্ধি পেলে–**
i. সুদের হার বৃদ্ধি পায়
ii. সুদের হার অপরিবর্তিত থাকে
iii. ঋণের পরিমাণ হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
'সারদা ব্যাংক লি.' একটি শাখার মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। ব্যাংকটির পরিচালনা পরিষদ সারাদেশে ব্যাংকটির কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেয়। এজন্য ব্যাংকটিকে কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত হতে হবে।

**২৭. 'সারদা ব্যাংক লি.' কোন ধরনের ব্যাংক?**
K একক ব্যাংক  L শাখা ব্যাংক
M মিশ্র ব্যাংক  N চেইন ব্যাংক

**২৮. 'সারদা ব্যাংক লি.' কে তালিকাভুক্ত হতে হলে ন্যূনতম কী পরিমাণ পরিশোধিত মূলধন ও সংরক্ষিত তহবিল থাকতে হবে?**
K ১০০ কোটি টাকা  L ২০০ কোটি টাকা
M ৩০০ কোটি টাকা  N ৪০০ কোটি টাকা

**২৯. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা হচ্ছে–**
K IDRA  L IBRA
M IDRB  N BDRA

**৩০. নিচের কোনটি অ-তালিকাভুক্ত ব্যাংক?**
K রূপালী ব্যাংক লি.  L পূবালী ব্যাংক লি.
M ইসলামী ব্যাংক লি.  N গ্রামীণ ব্যাংক

# রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো ১৫টি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অনলাইন ব্যাংকিং অসুবিধাজনক?**
K শাখা L গ্রুপ
M একক N চেইন

**২. ইলেকট্রনিক ব্যাংকিংয়ের সুবিধাগুলো হলো–**
i. ব্যাংক উদ্বৃত্ত জানা যায়
ii. বিভিন্ন ব্যাংকিং সেবা সম্পর্কে জানা যায়
iii. ডেবিট বা ক্রেডিট কার্ড এর সুবিধা পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কাশেম এসিবি ব্যাংক লি. হতে এমন এক ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করেন যার মাধ্যমে তিনি পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে ব্যাংক ওয়েবসাইটে প্রবেশ করে লেনদেন সম্পাদন করতে পারবেন।

**৩. উদ্দীপকে জনাব কাশেম কোন ধরনের ব্যাংকিং সেবা গ্রহণ করেছেন?**
K হোম ব্যাংকিং L অনলাইন ব্যাংকিং
M এসএমএস ব্যাংকিং N টেলি ব্যাংকিং

**৪. জনাব কাশেম উদ্দীপকে উল্লিখিত ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা হতে যে সুবিধাসমূহ পাবেন–**
i. হিসাব বিবরণী সংগ্রহ
ii. ঋণের কিস্তি পরিশোধ
iii. পাসওয়ার্ড পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. KYC এর পূর্ণরূপ কী?**
K Know Your Customer
L Know Your Consumer
M Know Your Creditor
N Know Your Client

**৬. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K বৃত্তি L বোনাস
M প্রিমিয়াম N নগদ

**৭. বর্তমানে বাংলাদেশে কত সালের বিমা আইন প্রচলিত রয়েছে?**
K ১৯৯১ L ১৯৯৩
M ১৯৯৪ N ২০১০

**৮. নিচের কোন বিমার ক্ষেত্রে গ্রুপ বিমা প্রযোজ্য?**
K জীবন বিমা L অগ্নি বিমা
M বন্যা বিমা N শস্য বিমা

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আজিম তার নিজের জীবনের ওপর ১০ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন। বিমাপত্রটি খোলার পর তিনি চিন্তামুক্ত জীবনযাপন করছেন।

**৯. উদ্দীপকে জনাব আজিম কোন ধরনের জীবন বিমা খোলেন?**
K মেয়াদি বিমা L সাময়িক বিমা
M আজীবন বিমা N উত্তরজীবী বিমা

**১০. উদ্দীপকে জনাব আজিমের চিন্তামুক্ত জীবনযাপনের কারণসমূহ হলো–**
i. বিনিয়োগ সুবিধা
ii. নিরাপত্তা ও নিশ্চয়তা পাওয়া
iii. মানসিক প্রশান্তি লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. নিচের কোন ক্ষেত্রে বিমাযোগ্য স্বার্থ বিদ্যমান রয়েছে?**
K বন্ধুর জীবনে বন্ধুর L স্বামীর জীবনে স্ত্রীর
M বন্ধকদাতার জীবনে বন্ধকগ্রহীতার
N পাওনাদারের জীবনে দেনাদারের

**১২. আজীবন বিমাপত্রের সুবিধা হলো–**
i. প্রিমিয়াম কম
ii. দাবি নির্ণয় সহজ
iii. পরিবারের সদস্যদের নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. একজন ব্যবসায়ী পাঁচ লক্ষ টাকার ঋণ গ্রহণ করলে নিচের কোন ঝুঁকির সম্মুখীন হবেন?**
K আর্থিক ঝুঁকি L ব্যবসায়িক ঝুঁকি
M ফটকা ঝুঁকি N বিশেষ ঝুঁকি

**১৪. বিমাচুক্তির সাধারণ উপাদান কোনটি?**
K প্রস্তাব L ক্ষতিপূরণ
M বিমাযোগ্য স্বার্থ N চূড়ান্ত সদ্বিশ্বাস

**১৫. সর্বপ্রথম কোন বিমা ব্যবস্থার উৎপত্তি হয়?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M শস্য বিমা N জীবন বিমা

**১৬. গারনিশি আদেশ জারি করেন কে?**
K ব্যাংক L দেনাদার
M পাওনাদার N আদালত

**১৭. কোন ধরনের ব্যাংক ভিন্ন নামে স্বাধীনসত্তা বজায় রেখে পারস্পরিক সহযোগিতা ও সমঝোতার ভিত্তিতে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে থাকে?**
K গ্রুপ ব্যাংক L শাখা ব্যাংক
M চেইন ব্যাংক N একক ব্যাংক

**১৮. ব্যাংক হার বৃদ্ধির প্রভাব কী?**
K বাজারে ঋণের পরিমাণ বাড়বে
L বাজারে ঋণের পরিমাণ স্থির থাকবে
M বাণিজ্যিক ব্যাংকগুলোর সুদের হার কমবে
N বাণিজ্যিক ব্যাংকের সুদের হার বৃদ্ধি পাবে

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সায়েম একজন শিল্পোদ্যোক্তা। নতুন একটি বিদ্যুৎ প্লান্ট স্থাপনের জন্য প্রচুর অর্থের প্রয়োজন হলে তিনি বাংলাদেশ শিল্প ব্যাংকের শরণাপন্ন হন।

**১৯. উদ্দীপকে উল্লিখিত বাংলাদেশ শিল্প ব্যাংক কোন ধরনের ব্যাংক?**
K কেন্দ্রীয় ব্যাংক L বাণিজ্যিক ব্যাংক
M আঞ্চলিক ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**২০. উদ্দীপকের ব্যাংক হতে জনাব সায়েম যে সুবিধাসমূহ পাবেন–**
i. আর্থিক প্রণোদনা
ii. বিনিয়োগ বিষয়ক পরামর্শ
iii. স্বল্প ও দীর্ঘমেয়াদি ঋণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. জনগণের প্রোটিনের চাহিদা মিটানোর লক্ষ্যে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে গবাদিপশুর ফার্মে বাধ্যতামূলক ঋণ প্রদানের নির্দেশনা দেয়। এটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির মধ্যে পড়বে?**
K ব্যাংক হার L খোলাবাজার
M ঋণ বরাদ্দকরণ N প্রচারণা পদ্ধতি

**২২. বাংলাদেশ ব্যাংকের কাজ হলো–**
i. নোট ইস্যু
ii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ
iii. আমানত গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদান কার্যক্রমে লাগাম টেনে ধরার উদ্দেশ্যে কেন্দ্রীয় ব্যাংক বাজারে ঋণপত্র ও বিল বিক্রয় শুরু করে। এটি কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন নীতির মধ্যে পড়বে?**
K খোলাবাজার L ব্যাংক হার
M নৈতিক প্ররোচনা N ভোগ্য ঋণ নিয়ন্ত্রণ

**২৪. কোন ধরনের ব্যাংক হিসাবে সুদ প্রদান করা হয় না?**
K স্থায়ী L ডিপিএস
M চলতি N সঞ্চয়ী

**২৫. শিক্ষার্থীদের জন্য কোন ব্যাংক হিসাব উপযোগী?**
K স্কুল সঞ্চয়ী L গৃহ সঞ্চয়ী
M বিমা সঞ্চয়ী N শ্রমিক সঞ্চয়ী

**২৬. কোন ধরনের ব্যাংক হিসাবের অর্থ একবারে জমা দিতে হয় ও উত্তোলন করা হয়?**
K স্থায়ী L সঞ্চয়ী
M চলতি N বিশেষ চলতি

**২৭. একটি বৈধ চেকের মেয়াদকাল কত মাস?**
K ৩ L ৬ M ৯ N ১২

**২৮. চেকে দাগকাটার উদ্দেশ্যসমূহ হলো–**
i. নিরাপত্তা বিধান
ii. জালিয়াতি রোধ
iii. বড় অঙ্কের লেনদেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রিয়াজ একজন ক্রেতার নিকট থেকে ২ জানুয়ারি ২০২২ তারিখে 'জনাব রিয়াজ অথবা বাহককে' লেখা সংবলিত একটি চেক পেলেন। ব্যবসায়িক প্রয়োজনে হঠাৎ তাকে বিদেশ যেতে হয় এবং বিদেশ থেকে ফিরে তিনি ১২ই জুলাই ২০২২ তারিখে চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংক কর্মকর্তা সেটি ফিরিয়ে দেয়।

**২৯. ১২ই জুলাই ২০২২ তারিখে জনাব রিয়াজের ব্যাংকে প্রদত্ত চেকটি কোন ধরনের চেক?**
K বাসি চেক L ফাঁকা চেক
M হুকুম চেক N দাগকাটা চেক

**৩০. জনাব রিয়াজ উক্ত চেকটি নগদায়নের জন্য যা করতে পারেন–**
i. নিকাশঘরের মাধ্যমে নিস্পত্তিকরণ
ii. চেকটি ফেরত দিয়ে নতুন চেক সংগ্রহ
iii. আদেষ্টা কর্তৃক চেকের তারিখ পরিবর্তন করে স্বাক্ষর গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিচের কোনটি ক্ষতিপূরণের চুক্তি সংশ্লিষ্ট?**
K স্বাস্থ্য L ব্যক্তিগত দুর্ঘটনা
M শস্য N গ্রুপ

**২. বিমা হলো—**
K ঝুঁকি প্রতিরোধকারী ব্যবসায়
L ঝুঁকির বিপক্ষে আর্থিক প্রতিরক্ষা ব্যবস্থা
M সম্পত্তির ঝুঁকি মোকাবেলাকারী
N জীবনের ঝুঁকি গ্রহণকারী

**৩. বিমাযোগ্য স্বার্থ বলতে মূলত কার স্বার্থকে বুঝায়?**
K বিমাকারী L বিমাগ্রহীতা
M লেনদেনকৃত ব্যাংক
N বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ই

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সাইদুর রহমান দীর্ঘদিন একটি বাসায় ভাড়া থাকেন। তিনি নিজ নামে বাসাটি বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবে অস্বীকৃতি জানায়।

**৪. মি. সাইদুর রহমান কোন ধরনের বিমা করতে চেয়েছিলেন?**
K জীবন L অগ্নি
M দায় N সম্পত্তি

**৫. বিমা কোম্পানি কর্তৃক প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কী?**
K চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
L বিমাযোগ্য স্বার্থের অভাব
M ঝুঁকির আধিক্য
N প্রত্যক্ষ কারণ সম্পর্কিত সমস্যা

**৬. কোন ধরনের জীবন বিমাপত্রে প্রিমিয়ামের হার বেশি হয়?**
K মেয়াদি L সাময়িক
M আজীবন N গ্রুপ

**৭. সাময়িক বিমাপত্রের মেয়াদ সর্বনিম্ন কত সময়ের জন্য হতে পারে?**
K ১ মাস L ৩ মাস
M ৬ মাস N ১ বছর

**৮. জীবন বিমাচুক্তির অপরিহার্য উপাদানের মধ্যে পড়ে—**
i. বিমাযোগ্য স্বার্থ
ii. সদ্বিশ্বাসের সম্পর্ক
iii. স্থলাভিষিক্তকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. জীবন বিমাপত্রের বিভিন্ন ধরন হলো—**
i. মেয়াদি
ii. আজীবন
iii. সাময়িক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. কোন ধরনের বিমাপত্রে বোনাস প্রদান করা হয়?**
K নৌ L অগ্নি
M শস্য N জীবন

**১১. ব্যাংক অব ভেনিস কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ L ১৪৯৪
M ১৪০১ N ১১৭৭

**১২. বাংলাদেশে ব্যাংক ব্যবসায় গুরুত্বপূর্ণ হওয়ার কারণ—**
i. এটি ঝুঁকিগত প্রতিবন্ধকতা দূর করে
ii. সঞ্চয় সংগ্রহ ও মূলধন গঠন করে
iii. বৈদেশিক বাণিজ্যে সহায়তা করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাসেল একজন ব্যাংকার। তার ব্যাংকের কার্যক্রম সারাদেশে বিস্তৃত। অর্থনৈতিক মন্দার কারণে ব্যাংকটি তারল্য সংকটে ভুগছে।

**১৩. জনাব রাসেলের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K একক L শাখা M গ্রুপ N চেইন

**১৪. উদ্দীপকের ব্যাংকে তারল্য সংকটের কারণ—**
i. নতুন আমাত কম জমা হচ্ছে
ii. প্রদত্ত ঋণ আদায় হচ্ছে না
iii. মিতব্যয়িতার নীতি অনুসৃত হচ্ছে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. CRR এর পূর্ণরূপ কোনটি?**
K Cash Requirement Ratio
L Cash Requirement Reserve
M Cash Reserve Requirement
N Cash Reserve Ratio

**১৬. নগদ জমা ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সম্পর্কিত?**
K ব্যাংক হার নীতি
L খোলাবাজার নীতি
M জমার হার পরিবর্তন নীতি
N জামানতের প্রান্তিক হার পরিবর্তন নীতি

**১৭. নিচের কোনটি নিকাশ ঘরের বৈশিষ্ট্যের আওতায় পড়ে না?**
K নির্ধারিত ঘর
L দেনা-পাওনা নিষ্পত্তি
M প্রাত্যহিক কাজ
N নগদ অর্থের লেনদেন

**১৮. বাংলাদেশ ব্যাংকের কাজ হলো—**
i. নোট ও মুদ্রার প্রচলন
ii. মুদ্রার মান সংরক্ষণ
iii. ঋণ নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M i ও iii N i, ii ও iii

**১৯. কোম্পানির হিসাব খুলতে নিচের কোনটি সংশ্লিষ্ট নয়?**
K ট্রেড লাইসেন্স L চুক্তিপত্র
M নিবন্ধনপত্র N স্মারকলিপি

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
আবিদ একজন শিক্ষার্থী। সে দেখল তার বন্ধু ব্যাংকের ডেবিট কার্ড ব্যবহার করে। সে ভাবল সেও তার বন্ধুর মতো হিসাব খুললে নানান সুবিধা পাবে।

**২০. আবিদের বন্ধু ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছে?**
K চলতি L সঞ্চয়ী
M স্থায়ী N পেনশন সঞ্চয়ী

**২১. আবিদ তার বন্ধুর মতো ব্যাংক হিসাব খুললে যে ধরনের সুবিধা পাবে—**
i. সঞ্চয়ের
ii. ঋণ
iii. অনলাইন ব্যাংকিং
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. অঙ্গীকারপত্রে সাধারণত কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

**২৩. কোন ধরনের চেকের হস্তান্তর সহজ?**
K ব্যাংক L হুকুম
M দাগকাটা N ফাঁকা

**২৪. নতুন ধরনের MICR চেকে কোন ঘর পূরণের প্রয়োজন পড়ে না?**
K তারিখ L হিসাব নং
M টাকার পরিমাণ
N আমানতকারীর স্বাক্ষর

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. বাবুল কবিরকে একটি চেক প্রদান করেন। কবির চেকটি শাহিনকে প্রদান করে। শাহিন চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংকার চেকের অর্থ পরিশোধ করতে অপারগতা প্রকাশ করে।

**২৫. উদ্দীপকে আলোচিত চেকটি কোন ধরনের চেক?**
K দাগকাটা L বাহক
M হুকুম N ভ্রমণকারীর চেক

**২৬. কোন ধরনের চেক হলে শাহিন ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারত?**
K দাগকাটা L বাহক
M হুকুম N বিশেষভাবে দাগকাটা

**২৭. SWIFT এর কার্যক্রম সর্বপ্রথম শুরু হয় কত সালে?**
K ১৯৭০ L ১৯৭৩
M ১৯৭২ N ১৯৯০

**২৮. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহকের জন্য সুবিধা কোনটি?**
K সেবা ব্যয় বৃদ্ধি
L গ্রাহক সেবার পরিমাণ বৃদ্ধি
M প্রতিযোগিতার সামর্থ্য বৃদ্ধি
N কাগজ নির্ভরতা হ্রাস

**২৯. ক্রেডিট কার্ডের মাধ্যমে করা যায়—**
K বিল আদায় L অর্থ স্থানান্তর
M ঋণ পরিশোধ N পণ্য ক্রয়

**৩০. কোন ধরনের বিমা থেকে সঞ্চয় সুবিধা লাভ করা যায়?**
K জীবন L নৌ
M অগ্নি N দুর্ঘটনা

# কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিমাযোগ্য স্বার্থ কোনটিতে আছে?**
K স্বামীর জীবনে স্ত্রীর
L বন্ধুর জীবনে বন্ধুর
M কর্মচারীর জীবনে কর্মকর্তার
N ক্রেতার জীবনে বিক্রেতার

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আকাশ একজন কাপড় ব্যবসায়ী। তিনি তার পণ্যের গুদাম বিমা করেছেন। চুক্তিপত্রে গুদামে রক্ষিত পণ্যের সঠিক পরিমাণ উল্লেখ না করায় বিমা কোম্পানি তার চুক্তি বাতিল করেছে। তিনি অন্য একটি বিমা কোম্পানির সাথে উক্ত বিষয়ে নিজ নামে বিমাচুক্তি করতে চাইলে কোম্পানি তাতে সম্মত হয়নি।

**২. কোন নীতিটি না মানার কারণে মি. আকাশের প্রথম চুক্তিটি বাতিল হয়েছে?**
K প্রত্যক্ষ কারণ L সদ্বিশ্বাস
M স্থলাভিষিক্তকরণ N নির্দিষ্টতা

**৩. কোন নীতির উপস্থিতি থাকলে মি. আকাশের দ্বিতীয় চুক্তিটিতে বিমা কোম্পানি রাজি হতো?**
K সেলামি প্রদান ব্যবস্থা L বিমাযোগ্য স্বার্থ
M চূড়ান্ত সদ্বিশ্বাস N ঝুঁকির স্বল্পতা

**৪. বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি গঠিত হওয়ার সাল কোনটি?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৭৩ N ১৯৭৪

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইদ্রিস একজন কুয়েত প্রবাসী। তিনি বিদেশে যাওয়ার সিদ্ধান্ত নেওয়ার আগেই দেশে নিজের জন্য স্বল্প প্রিমিয়ামে একটি বিমা পলিসি ক্রয় করেছেন। কয়েক বছর পর দেশে বেড়াতে এসে তিনি তার বিমা পলিসিটি নবায়ন করে যান।

**৫. উদ্দীপকের আলোকে জনাব ইদ্রিস কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেছিলেন?**
K বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র
L সাময়িক বিমাপত্র
M সাধারণ মেয়াদি বিমাপত্র
N আজীবন বিমাপত্র

**৬. উদ্দীপকের জনাব ইদ্রিসের বিমা পলিসিতে প্রিমিয়ামের পরিমাণ কম হওয়ার কারণ–**
i. মৃত্যুই বিমাদাবি পূরণের শর্ত
ii. স্বল্প সময়ের জন্য তিনি বিমাপত্র নিয়েছেন
iii. মৃত্যু না ঘটলে বিমা নবায়ন করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৭. যে ঝুঁকির ক্ষেত্রে ক্ষতির আশংকা স্বাভাবিকের চেয়ে কম তাকে কী ঝুঁকি বলা হয়?**
K আদর্শিক L উত্তম আদর্শিক
M উপ-আদর্শিক N অবিমাযোগ্য

**৮. ইতালিয়ান Banco শব্দটি কোন জার্মান শব্দ থেকে এসেছে?**
K Banca L Bancus
M Banke N Banc

**৯. 'নোট ও মুদ্রার প্রচলন' কেন্দ্রীয় ব্যাংকের কী ধরনের কার্যাবলির আওতাভুক্ত?**
K সাধারণ L সরকারের ব্যাংক
M অন্য ব্যাংকের ব্যাংক N উন্নয়নসংক্রান্ত

**১০. কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংক থেকে পৃথক, কারণ–**
i. নোট প্রচলন
ii. নিকাশ ঘর
iii. সরকারের ব্যাংক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ – ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রহিম এবং মি. করিম যথাক্রমে 'A' ব্যাংক লি. ও 'B' ব্যাংক লি. এ চাকরি করেন। দেশব্যাপী 'A' ব্যাংক লি. এর কার্যক্রম চলমান থাকলেও 'B' ব্যাংক লি. কেবল ঢাকার মিরপুর-১০ এলাকায় সেবা প্রদান করে। বছর শেষে দেখা গেল যে, এ বছর প্রাকৃতিক প্রতিকূলতার কারণে দু'টি ব্যাংকই তারল্য সংকটে পড়েছে। তবু বছর শেষে 'A' ব্যাংক লি. 'B' ব্যাংক লি. এর তুলনায় অধিক মুনাফা করেছে।

**১১. 'A' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K চেইন ব্যাংক L শাখা ব্যাংক
M একক ব্যাংক N গোষ্ঠী ব্যাংক

**১২. 'A' ব্যাংক লি. ও 'B' ব্যাংক লি. এর তারল্য সংকট হওয়ার কারণ–**
i. ঋণের টাকা অনাদায়ি থাকছে
ii. দক্ষতার নীতি পালন করা হয়নি
iii. নতুন করে আমানত আসছে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৩. কী কারণে 'A' ব্যাংক লি. এর তুলনায় 'B' ব্যাংক লি. কম মুনাফা করেছে?**
K বৃহদাকার ব্যবসায় প্রতিষ্ঠান
L সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়েছে
M পরোক্ষ ব্যয় বেশি হয়েছে
N মূলধনের গতিশীলতার অভাব

**১৪. কোন ধরনের গ্রাহক সঞ্চয়ী হিসাব খুলতে অধিক যৌক্তিক মনে করে?**
K কৃষক L পণ্য আমদানিকারক
M কায়িক পরিশ্রমী N চাকরিজীবী

**১৫. KYC এর পূর্ণরূপ কী?**
K Know Your Customer
L Know Your Consumer
M Know Your Colleague
N Know Your Criteria

**১৬. একটি ব্যাংক হিসাব বন্ধ হয়ে যায়–**
i. আদালতের নির্দেশ পেলে
ii. গ্রাহক ইচ্ছা পোষণ করলে
iii. ব্যাংক ইচ্ছা পোষণ করলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. কোন হিসাবধারীকে ATM কার্ড সরবরাহ করা হয় না?**
K চলতি L সঞ্চয়ী
M স্থায়ী N বিশেষ চলতি

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কাজলের নিকট থেকে জনাব আজমল একখানা চেক পেয়েছেন। জনাব কাজল চেক প্রস্তুত করতে গিয়ে তারিখের জায়গায় ১২-০৩-২০২২ তারিখ না লিখে ভুলক্রমে ১২-০৪-২০২২ তারিখ লিখেছেন।

**১৮. প্রাপ্ত চেকটি জনাব আজমলের নিকট কোন ধরনের?**
K বাসি চেক L পরবর্তী তারিখের চেক
M পূর্ববর্তী তারিখের চেক N অনুমোদনপ্রাপ্ত চেক

**১৯. জনাব আজমল চেকটির টাকা তুলতে পারবেন–**
i. ১২-০৪-২০২২ তারিখে ব্যাংকে উপস্থাপন করে
ii. ১২-০৪-২০২২ এর পরে ব্যাংকে উপস্থাপন করে
iii. জনাব কাজল কর্তৃক চেকের তারিখ সংশোধিত হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. বাহক চেক ও হুকুম চেকের মধ্যে যে মিল বিদ্যমান–**
i. প্রাপকের নাম উল্লেখ করা আবশ্যক নয়
ii. আদেষ্টাকে স্বাক্ষর করতে হয়
iii. দাগকাটা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২১. সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ বিনিময়ের মাধ্যম কোনটি?**
K চেক L ব্যাংক নোট
M ট্রাভেলার চেক N ড্রাফট

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মি. লোকমান কেনাকাটা করতে বাজারে গিয়ে দেখেন যে, তার কাছে পর্যাপ্ত পরিমাণ নগদ টাকা নেই। এক্ষেত্রে তিনি দ্রব্যের মূল্য বাবদ টাকাগুলো ইলেকট্রনিক প্লাস্টিক কার্ডের মাধ্যমে তার ব্যাংক হিসাব থেকে পরিশোধ করলেন, যদিও মি. লোকমানের ব্যাংক হিসাবে পর্যাপ্ত পরিমাণ টাকা ছিল না।

**২২. উদ্দীপকের আলোকে মি. লোকমান কোন ধরনের কার্ড ব্যবহার করেছেন?**
K সুইফট L ডেবিট
M ক্রেডিট N এটিএম

**২৩. মি. লোকমানের মূল্য পরিশোধটি কোন ধরনের কার্যক্রমের নমুনা?**
K চেইন ব্যাংকিং L ইলেকট্রনিক ব্যাংকিং
M টেলি ব্যাংকিং N মোবাইল ব্যাংকিং

**২৪. হোম ব্যাংকিংয়ের জন্য দরকার হয়–**
i. কম্পিউটার টার্মিনাল
ii. গ্রাহকের PIN নম্বর
iii. ব্যাংকের সরবরাহকৃত সফটওয়্যার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৫. যে চেকের মেয়াদোত্তীর্ণ হয়েছে তার নাম–**
i. বাসি চেক
ii. বাতিল চেক
iii. ফাঁকা চেক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. ব্যাংকের পৌনঃপুনিক হিসাবে–**
i. বারবার অর্থ জমা দেওয়া যায়
ii. যতবার ইচ্ছা উত্তোলন করা যায়
iii. অধিক হারে সুদ পাওয়া যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৭. ইলেকট্রনিক ব্যাংকিং সেবা কোন দেশে প্রথম শুরু হয়?**
K যুক্তরাজ্য L যুক্তরাষ্ট্র
M ইতালি N নিউজিল্যান্ড

**২৮. বিমার ইতিহাসে সর্বপ্রথম উদ্ভব ঘটেছে কোনটির?**
K অগ্নি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N দায় বিমা

**২৯. বাংলাদেশে বিমা ব্যবসায়ের বিদ্যমান সমস্যা রোধে করণীয় হলো–**
i. বিমা শিক্ষার প্রসার
ii. বিমা ব্যবসায়ের আধুনিকীকরণ
iii. গ্রামে ক্ষুদ্র বিমা সেবা চালুকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর বিমাদাবি পরিশোধ করা হয় কোন বিমায়?**
K আজীবন বিমাপত্র L জীবন বিমা
M সাময়িক বিমাপত্র N গোষ্ঠী বিমা

# চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. চেকে উল্লিখিত তারিখ হতে কত দিন পর বাসি চেকে পরিণত হয়?**
K ৩৬৫ L ১৮০
M ৯০ N ৩০

**২. ৫০ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?**
K রাষ্ট্রপতি L অর্থমন্ত্রী
M গভর্নর N অর্থসচিব

■ **উদ্দীপকটি পড়ে ৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সালাহউদ্দিন তার ব্যাংকে যাওয়ার পথে হাতে থাকা চেক বইটি হারিয়ে ফেলে। অনেক খোঁজা-খুঁজির পরও চেক বইটি পাওয়া যায়নি।

**৩. জনাব সালাহউদ্দিনের তাৎক্ষণিক কী ব্যবস্থা নেওয়া উচিত?**
i. পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া
ii. ব্যাংককে জানানো
iii. জি. ডি. করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**




**৪. উদ্দীপকের চেকটি কোন ধরনের?**
K সাধারণ দাগকাটা চেক L বিশেষ দাগকাটা চেক
M বাহক চেক N উপহার চেক

**৫. উদ্দীপকে উল্লিখিত চেকের ক্ষেত্রে—**
i. নির্দিষ্ট ব্যাংকে প্রাপকের হিসাবে জমা দিয়ে অর্থ সংগ্রহ করা যাবে
ii. নির্দিষ্ট ব্যাংকে চেক জমা দিয়ে নগদে অর্থ সংগ্রহ করা যাবে
iii. এ ধরনের চেকের মাধ্যমে ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. গারনিশি আদেশদাতা কে?**
K ব্যাংক L গ্রাহক
M আদালত N পাওনাদার

**৭. KYC এর পূর্ণরূপ কী?**
K Know Your Consumer
L Know Your Company
M Know Your Creditor
N Know Your Customer

**৮. কোন বিমায় বিমা গ্রহীতার মৃত্যু হলেই কেবলমাত্র বিমা দাবি পরিশোধ করা হয়?**
K মেয়াদি বিমা L সাময়িক বিমা
M আজীবন বিমা N পুনঃবিমা

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
৬ বৎসর মেয়াদের জন্য জনাব শফিক একটি জীবন বিমাপত্র গ্রহণ করে। ৩ বৎসর পর হঠাৎ অসুস্থতার কারণে তার অসচ্ছলতা দেখা দেয়। এ অবস্থায় তিনি আর বিমার প্রিমিয়াম প্রদান করতে পারছেন না। তাই তিনি বাধ্য হয়ে বিমাপত্রটি বন্ধ করে বিমা কোম্পানির নিকট থেকে কিছু আর্থিক সুবিধা গ্রহণ করেন।

**৯. জনাব শফিক বিমা কোম্পানি হতে যে অর্থ গ্রহণ করেন তাকে কী বলে?**
K বোনাস L বার্ষিক বৃত্তি
M প্রিমিয়াম N সমর্পণ মূল্য

**১০. উদ্দীপকে উল্লিখিত এ ধরনের আর্থিক সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে—**
i. বিমাপত্রটি কমপক্ষে ২ বছর চালু রাখতে হয়
ii. প্রাপ্ত প্রিমিয়াম হতে একটি অংশ বিমা গ্রহীতাকে দেয়া হয়
iii. মেয়াদি ও আজীবন বিমাপত্রের বেলায়ই এরূপ মূল্য প্রদান করা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. বাংলাদেশে বর্তমানে কত সালের বিমা আইন কার্যকর রয়েছে?**
K ১৯৩২ L ১৯৬৫
M ১৯৯৪ N ২০১০

**১২. ন্যূনতম কত বছর জীবন বিমার পলিসি চালু থাকলে সমর্পণ মূল্য প্রদান করা হয়?**
K ১ L ২
M ৩ N ৪

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রকিব একজন ব্যবসায়ী। তিনি মেঘনা ব্যাংকে একটি হিসাব খোলেন। যাতে তিনি যখন ইচ্ছা টাকা জমা ও উত্তোলন করতে পারেন। পূর্বে তিনি নির্দিষ্ট একটি শাখায় এ লেনদেন করতে পারতেন। কিন্তু বর্তমানে তিনি যে কোনো শাখায় টাকা জমা করতে এবং উঠাতে পারেন।

**১৩. জনাব রকিবের হিসাবটি কোন ধরনের?**
K চলতি হিসাব L স্থায়ী হিসাব
M বিশেষ চলতি হিসাব N সঞ্চয়ী হিসাব

**১৪. উদ্দীপকে উল্লিখিত জনাব রকিব কোন ব্যাংকিং সেবার কারণে যে কোনো শাখায় লেনদেন করতে পারেন?**
K অনলাইন ব্যাংকিং সেবা L নিকাশঘর সেবা
M বিক্রয় সেবা N ওয়ান স্টপ সার্ভিস

**১৫. দ্বৈত বিমার উদ্দেশ্য কোনটি?**
K ঝুঁকি হ্রাস L মূলধন গঠন
M মুনাফা বৃদ্ধি N গ্রাহকের সন্তুষ্টি

■ **উদ্দীপকটি পড়ে ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তুষার ও তার স্ত্রী একত্রে ৬ বছর মেয়াদি একটি বিমাপত্র ক্রয় করেন। জনাব তুষার ৪ বছর পর মারা যান এবং তার স্ত্রী তখনই বিমা কোম্পানির নিকট থেকে সম্পূর্ণ অর্থ পেলেন।

**১৬. জনাব তুষার ও তার স্ত্রী কোন ধরনের জীবন বিমাপত্র ক্রয় করেছিলেন?**
K গোষ্ঠী বিমা L সাময়িক বিমা
M যৌথ বিমা N দ্বৈত বিমা

**১৭. বিমা ব্যবসায়ের উৎপত্তির ক্রম হলো—**
K জীবন → নৌ → অগ্নি → দুর্ঘটনা
L নৌ → অগ্নি → জীবন → দুর্ঘটনা
M নৌ → জীবন → অগ্নি → দুর্ঘটনা
N অগ্নি → নৌ → জীবন → দুর্ঘটনা

**১৮. 'ব্যাংক অব ইংল্যান্ড' কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৬৫৬ L ১৬৬৮
M ১৬৯৪ N ১৬৯৬

**১৯. বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?**
K ব্যাংক অব বাংলাদেশ L সোনালী ব্যাংক
M সেন্ট্রাল ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**২০. PIN এর পূর্ণরূপ কী?**
K Private Identification Number
L Public Identification Number
M Personal Identification Number
N Personnel Identification Number

**২১. ডেবিট কার্ড এর সুবিধা হলো—**
i. ২৪/৭ ব্যাংকিং সুবিধা
ii. ধারে পণ্য ক্রয় সুবিধা
iii. অর্থ স্থানান্তর সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. ব্যাংকগুলোকে CRR সংরক্ষণ করতে হয়—**
K সঞ্চয়পত্রে L বন্ডে
M নগদে ও বন্ডে N নগদে

**২৩. আধুনিক অর্থনীতির জীবনী শক্তি কোনটি?**
K অর্থ L বিনিয়োগ
M মূলধন N ব্যাংক

**২৪. বাংলাদেশে কোন ব্যাংক সাধারণত স্থানীয় পর্যায়ে কেন্দ্রীয় ব্যাংকের পক্ষে নিকাশঘরের দায়িত্ব পালন করে?**
K সোনালী ব্যাংক লি. L জনতা ব্যাংক লি.
M রূপালী ব্যাংক লি. N উত্তরা ব্যাংক লি.

**২৫. কোনটি বাংলাদেশ ব্যাংকের নোট নয়?**
K ১০০ টাকা L ৫০ টাকা
M ১০ টাকা N ২ টাকা

**২৬. ব্যাংকের কাজ হলো—**
i. আমানত সংগ্রহ
ii. ঝুঁকি বন্টন
iii. ঋণদান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. বাংলাদেশের অর্থ বাজারের নিয়ন্ত্রক কে?**
K বিশ্বব্যাংক L বাংলাদেশ ব্যাংক
M সোনালী ব্যাংক N গ্রামীণ ব্যাংক

**২৮. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান লক্ষ্য হচ্ছে—**
i. ঋণ নিয়ন্ত্রণ করা
ii. মুদ্রামান সংরক্ষণ করা
iii. মুনাফা অর্জন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
ফেডারেল ব্যাংক লি. বাংলাদেশে একটি অতি পরিচিত ব্যাংকের নাম। এই ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। মূলধন গঠনে এ ব্যাংকটি গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে।

**২৯. উদ্দীপকে উল্লিখিত ফেডারেল ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K সরকারি ব্যাংক L একক ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N আমানতি ব্যাংক

**৩০. ফেডারেল ব্যাংক কীভাবে মূলধন গঠন করে?**
K সঞ্চয় সংগ্রহের মাধ্যমে
L সঞ্চয় সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে
M সঞ্চয় সংগ্রহ ও বিনিয়োগের মাধ্যমে
N ঋণদান ও বিনিয়োগের মাধ্যমে

# সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ✓ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন নীতি অনুযায়ী বিমাকৃত ক্ষতিগ্রস্ত পণ্য বিমাকারী নিয়ে যায়?**
K স্থলাভিষিক্ততার নীতি
L আনুপাতিক হারের নীতি
M বিমাযোগ্য স্বার্থের নীতি
N চূড়ান্ত সদ্বিশ্বাসের নীতি

**২. জীবন বিমাচুক্তির বিষয়বস্তু হলো–**
K সম্পত্তি L পণ্যসামগ্রী
M জাহাজ N মানবজীবন

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
আকাশ সাহেব ১০ বছর মেয়াদি জীবন বিমা করেছেন। ৫টি প্রিমিয়াম প্রদানের পর তিনি মারা গেলেন। তার মনোনীত ব্যক্তিরা বিমা দাবির টাকা চাইলে বিমা কোম্পানি তা দিতে অস্বীকৃতি জানালেন।

**৩. আকাশ সাহেব কোন বিমা করেছিলেন?**
K সাধারণ মেয়াদি বিমাপত্র
L বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র
M সাময়িক বিমাপত্র
N বিলম্বিত মেয়াদি বিমাপত্র

**৪. কোন বিমা করলে আকাশ সাহেবের মনোনীত ব্যক্তিরা বিমা দাবি আদায় করতে পারতেন?**
K সাধারণ মেয়াদি বিমাপত্র
L বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র
M যৌথ জীবন বিমাপত্র
N মুনাফাযুক্ত বিমাপত্র

**৫. সমর্পণ মূল্য হলো–**
i. প্রিমিয়ামের একটি অংশ
ii. বিমাকারী বিমা গ্রহীতাকে দেয়
iii. মোট প্রিমিয়ামের চেয়ে কম হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. কোন বিমায় বিমাগ্রহীতা একই বিষয়বস্তু একাধিক কোম্পানির সাথে বিমা করতে পারে?**
K দ্বৈত বিমা L দ্বিবিধ বিমা
M প্রত্যাশিত বিমা N মুনাফাযুক্ত বিমা

**৭. কোন দেশে সর্বপ্রথম জীবন বিমা প্রতিষ্ঠান চালু হয়?**
K যুক্তরাষ্ট্র L যুক্তরাজ্য
M ফ্রান্স N ইতালি

**৮. চেকে যিনি আদেশপ্রাপ্ত হন তাকে কী বলে?**
K আদেষ্টা L আদিষ্ট
M প্রাপক N ধারক

**৯. প্রমিসরি নোট–**
K হস্তান্তরযোগ্য দলিল
L হস্তান্তর অযোগ্য দলিল
M শর্তসাপেক্ষ দলিল N অবৈধ ঋণ দলিল

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
আমান সাহেব ২০ আগস্ট তারিখের একটি চেক ১ আগস্ট তারিখে ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক তাকে টাকা প্রদানে অস্বীকৃতি জানালেন।

**১০. আমান সাহেবের এই চেকটি–**
K পূর্ববর্তী তারিখের চেক
L পরবর্তী তারিখের চেক
M বাতিল চেক N ফাঁকা চেক

**১১. ব্যাংক টাকা প্রদানে অস্বীকৃতি জানানোর কারণ–**
K নির্ধারিত তারিখের পূর্বেই উপস্থাপন
L হিসাবে যথেষ্ট পরিমাণ টাকা না থাকা
M তারিখ ভুল থাকা
N নমুনা স্বাক্ষরে মিল না থাকা

**১২. কোন ব্যক্তি বিমাচুক্তি সম্পাদনের অযোগ্য?**
K প্রাপ্তবয়স্ক L সচ্ছল
M প্রকৃতস্থ N দেউলিয়া

**১৩. বিমাগ্রহীতার ক্ষেত্রে বিমার উদ্দেশ্য হলো –**
i. আর্থিক নিরাপত্তা
ii. মুনাফা অর্জন
iii. সঞ্চয়ে সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. Lloyd's Act কত সালে ইংল্যান্ডে পাস হয়?**
K ১৭৭১ সালে L ১৮৭১ সালে
M ১৮৭৩ সালে N ১৮৩৭ সালে

**১৫. ব্যাংক কত ধরনের হিসাব পরিচালনা করে?**
K এক ধরনের L দুই ধরনের
M তিন ধরনের N চার ধরনের

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
হাসান সাহেবের কাছে কিছু অলস টাকা আছে। তিনি এই অর্থ দীর্ঘমেয়াদে জমা রাখতে চান। ব্যাংক ব্যবস্থাপকের পরামর্শে তিনি ব্যাংকে একটি হিসাব খুললেন এবং টাকা জমা রাখলেন।

**১৬. হাসান সাহেব কোন হিসাব খুলেছেন?**
K স্থায়ী হিসাব L সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব N DPS হিসাব

**১৭. হাসান সাহেব উক্ত হিসাব থেকে কীভাবে টাকা উত্তোলন করতে পারবেন?**
K সপ্তাহে দুইবার L যতবার খুশি
M মেয়াদ শেষে N বছরে একবার

**১৮. ব্যাংক মক্কেলের হিসাবের গোপনীয়তা প্রকাশ করতে পারে–**
i. মক্কেলের নির্দেশে
ii. আদালতের নির্দেশে
iii. জাতীয় স্বার্থে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. ATM এর পূর্ণরূপ কী?**
K Automated Teller Machine
L Audiovisual Teller Machine
M Alternative Teller Machine
N Automic Teller Machine

**২০. গ্রাহক সেবার মান উন্নয়নে ব্যাংক যে সব প্রযুক্তি ব্যবহার করে–**
i. ডেবিট কার্ড
ii. ক্রেডিট কার্ড
iii. স্মার্ট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. ডেবিট কার্ডের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায়–**
i. ঋণ সুবিধা
ii. শপিংয়ের সুবিধা
iii. ভ্রমণের সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. মোবাইল ব্যাংকিং হচ্ছে–**
K একক ব্যাংকিং L শাখা ব্যাংকিং
M গ্রুপ ব্যাংকিং N শাখাবিহীন ব্যাংকিং

**২৩. চৈনিক সভ্যতায় যে ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল তার নাম–**
K গভর্নর ব্যাংক L ব্যাংক অব চায়না
M শাসী ব্যাংক N মহাজনী ব্যাংক

**২৪. স্বর্ণকার শ্রেণিকে আধুনিক ব্যাংকের পূর্বসূরি বলার কারণ তারা–**
i. সুদের ব্যবসায় করত
ii. বিত্তশালী ও সৎ ছিল
iii. অন্যের স্বর্ণালংকার গচ্ছিত রাখত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
আলফা ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের অধীনে প্রতিষ্ঠিত একটি নতুন ব্যাংক। ব্যাংকটি জনগণের অলস অর্থ আমানত হিসাবে জমা রাখে এবং অধিক সুদে ঋণ প্রদান করে। ব্যাংকটি নতুন নতুন কৌশলের মাধ্যমে ব্যাংকিং জগতে বেশ সুনাম কুড়িয়েছে।

**২৫. আলফা ব্যাংকের প্রধান উদ্দেশ্য–**
K আমানত গ্রহণ L ঋণদান
M সুদ গ্রহণ N মুনাফা অর্জন

**২৬. আলফা ব্যাংক কোন কৌশলের মাধ্যমে সুনাম অর্জন করেছে?**
K নতুন শাখা প্রতিষ্ঠা
L নতুন বিজ্ঞাপন দেওয়া
M গ্রাহক সেবার মান কমানো
N সনাতন ব্যাংকিং চালু করা

**২৭. কেন্দ্রীয় ব্যাংক সরকারকে পরামর্শ প্রদান করে–**
i. বৈদেশিক বাণিজ্যে
ii. মুদ্রানীতিতে
iii. মূল্যস্তরে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. Mother of Central Bank বলা হয় কাকে?**
K ব্যাংক অব ভেনিস L ব্যাংক অব নিউইয়র্ক
M ব্যাংক অব ইংল্যান্ড N ব্যাংক অব সুইডেন

**২৯. বাংলাদেশের অর্থবাজার নিয়ন্ত্রণ করে কে?**
K অর্থ মন্ত্রণালয় L বাংলাদেশ ব্যাংক
M BSEC N ঢাকা স্টক এক্সচেঞ্জ

**৩০. সরকারের কোন মন্ত্রণালয়ের অধীনে কেন্দ্রীয় ব্যাংক নিয়ন্ত্রিত হয়?**
K শিক্ষা মন্ত্রণালয় L শিল্প মন্ত্রণালয়
M অর্থ মন্ত্রণালয় N পরিকল্পনা মন্ত্রণালয়

# বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়—২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. একজন গ্রাহকের নিকট ব্যাংক হিসাব নির্বাচনের বিবেচ্য বিষয় হলো—**
i. ব্যাংকের অবস্থান
ii. গ্রাহকের পেশা
iii. সেবা ও লেনদেনের ধরন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. বাংলাদেশে বহাল ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের কত নং ধারায় বিনিময় বিলের উল্লেখ আছে?**
K ৩ L ৪
M ৫ N ৬

**৩. জীবন বিমায় ন্যূনতম কত বৎসর পলিসি চালু থাকলে সমর্পণ মূল্য প্রদান করা হয়?**
K ১ L ২
M ৩ N ৪

**৪. যে সকল গ্রাহক ব্যাংকের মাধ্যমে লেনদেনে আগ্রহী এবং যাদের প্রচুর অলস অর্থ রয়েছে তাদের জন্য কোন ধরনের হিসাব উপযোগী?**
K সাধারণ সঞ্চয়ী হিসাব L বিশেষ সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব N স্থায়ী হিসাব

**৫. কেন্দ্রীয় ব্যাংক সরকারের ব্যাংক হিসাবে নিচের কোন কাজটি সম্পাদন করে?**
i. সরকারের উপদেষ্টা ও প্রতিনিধি
ii. সরকারের আর্থিক নীতিমালা বাস্তবায়ন
iii. বিদেশি ব্যাংকের সাথে সম্পর্ক রক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আবিদ একজন ব্যাংকার। তাদের কার্যক্রম দেশব্যাপী বিস্তৃত। তিনি গ্রাহকদের অধিকতর সেবাদানের লক্ষ্যে এমন একটি ব্যাংকিং পদ্ধতি প্রণয়ন করতে চান যেখানে গ্রাহকরা ঘরে বসে কিংবা যে কোনো ব্যাংক শাখায় গিয়ে তাদের নানা ধরনের ব্যাংকিং লেনদেন সম্পন্ন করতে পারেন।

**৬. জনাব আবিদের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K একক ব্যাংক L শাখা ব্যাংক
M গ্রুপ ব্যাংক N চেইন ব্যাংক

**৭. জনাব আবিদ কোন ধরনের ব্যাংকিং সেবা দিতে চাচ্ছেন?**
i. মোবাইল ব্যাংকিং
ii. অনলাইন ব্যাংকিং
iii. লিজিং সার্ভিস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. বিমাযোগ্য ঝুঁকির বৈশিষ্ট্য হলো—**
i. পরিমাপযোগ্য
ii. অনিশ্চয়তার ফসল
iii. পরিহারযোগ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. বাংলাদেশে কোন ব্যাংক সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু করে?**
K ডাচ বাংলা ব্যাংক L স্ট্যান্ডার্ড ব্যাংক
M প্রাইম ব্যাংক N এক্সিম ব্যাংক

**১০. 'উপাসনালয় ব্যাংকিং' কোন সভ্যতায় ব্যাপক খ্যাতি লাভ করে?**
K গ্রিক সভ্যতা L চৈনিক সভ্যতা
M রোমান সভ্যতা N ব্যাবিলনীয় সভ্যতা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রহমান সদ্য অবসরপ্রাপ্ত একজন সরকারি কর্মকর্তা। তিনি ভাবলেন পেনশনের টাকা ব্যাংকে জমা রেখে অর্জিত আয় দ্বারা ঝুঁকিমুক্ত জীবনযাপন করবেন। সেজন্য তিনি ব্যাংক ম্যানেজারের পরামর্শ নিলেন। ব্যাংক ম্যানেজার তাকে দু'ধরনের হিসাব খোলার পরামর্শ দিলেন। দু'ধরনের হিসাব কেন? এমন প্রশ্ন করলে ম্যানেজার বললেন, পরের হিসাবটা ছাড়া তিনি চলতে পারবেন না।

**১১. ব্যাংক ম্যানেজার জনাব রহমানকে কোন দু'ধরনের হিসাব খুলতে পরামর্শ দিয়েছেন?**
K চলতি ও স্থায়ী L সঞ্চয়ী ও স্থায়ী
M স্থায়ী ও চলতি N স্থায়ী ও সঞ্চয়ী

**১২. পরের হিসাবটি খুলে জনাব রহমান যে সকল সুবিধা পাবেন—**
i. প্রথম হিসাবের আয় দ্বিতীয় হিসাবে স্থানান্তর করতে পারবেন
ii. চেক কেটে অর্থ সংগ্রহ ও পারিবারিক ব্যয় নির্বাহ করতে পারবেন
iii. বিভিন্ন ব্যাংকিং সেবা সুবিধাও লাভ করতে পারবেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. নিচের কোনটি আঞ্চলিক ব্যাংকের উদাহরণ?**
K Asian Development Bank (ADB)
L Islamic Development Bank (IDB)
M Investment Corporation of Bangladesh (ICB)
N Bangladesh Shilpo Bank (BSB)

**১৪. Banke কোন দেশীয় শব্দ থেকে আগত?**
K ইতালীয় শব্দ L ফরাসি শব্দ
M জার্মান শব্দ N রোমান শব্দ

**১৫. স্থলাভিষিক্তের নীতি কোন বিচার ক্ষেত্রে প্রযোজ্য হয়?**
K সম্পত্তি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N দুর্ঘটনা বিমা

**১৬. বিমা বিকাশের ক্রমানুসারে নিচের কোন ক্রমটি সঠিক?**
K জীবন বিমা → নৌ বিমা → দুর্ঘটনা বিমা → অগ্নি বিমা
L নৌ বিমা → দুর্ঘটনা বিমা → অগ্নি বিমা → জীবন বিমা
M অগ্নি বিমা → জীবন বিমা → নৌ বিমা → দুর্ঘটনা বিমা
N নৌ বিমা → অগ্নি বিমা → জীবন বিমা → দুর্ঘটনা বিমা

**১৭. যে চেকে কেবল আদেষ্টার স্বাক্ষর থাকে কিন্তু টাকার অঙ্ক লেখা থাকে না তাকে বলে—**
K খোলা চেক L ফাঁকা চেক
M বাসি চেক N ভ্রমণকারীর চেক

**১৮. নিকাশ ঘরের কাজ হলো—**
i. আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি
ii. নগদ অর্থ লেনদেনের পরিমাণ বৃদ্ধি
iii. ব্যাংকিং ব্যবস্থাকে গতিশীল করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIA L BIDC
M IDRA N BIDA

**২০. শাস্ত্রী ব্যাংক কোন যুগে প্রতিষ্ঠিত হয়?**
K প্রাগৈতিহাসিক L প্রাচীন যুগ
M মধ্যযুগ N আধুনিক যুগ

**২১. প্রকৃতির দিক থেকে কোন ধরনের বিমাপত্র সাময়িক বিমাপত্রের ঠিক বিপরীত?**
K বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র
L শিক্ষাবৃত্তি বিমাপত্র
M সমকিস্তি সম্পন্ন বিমাপত্র
N রূপান্তরযোগ্য সাময়িক বিমাপত্র

**২২. একজন গ্রাহকের জমাতিরিক্ত ঋণ সুবিধা পাওয়ার জন্য কী ধরনের ব্যাংক হিসাব খোলা প্রয়োজন?**
K সাধারণ সঞ্চয়ী হিসাব L বিশেষ সঞ্চয়ী হিসাব
M চলতি হিসাব N স্থায়ী হিসাব

**২৩. হুকুম চেকের অসুবিধা হলো—**
i. এটি সহজে হস্তান্তর করা যায় না
ii. ব্যাংক হিসাবে জমা দিয়ে এর টাকা সংগ্রহ করতে হয়
iii. যে কেউ একে বাহক চেকে রূপান্তর করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. ১৬৯৬ সালে ইংল্যান্ডে যে জীবন বিমা প্রতিষ্ঠান চালু হয় তার নাম হলো—**
K Hand by Hand L Met Life
M Hand in Hand N Alico

**২৫. কত সালে 'ব্যাংক অব ভেনিস' প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৫ L ১১৫৬
M ১১৫৭ N ১১৫৮

**২৬. কেন্দ্রীয় ব্যাংক ব্যাংক হার হ্রাস করার ফলে—**
i. বিনিয়োগ বৃদ্ধি পায়
ii. মুদ্রাস্ফীতি হ্রাস পায়
iii. বেকার সমস্যা হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. জীবনবিমার দাবি আদায়ের ক্ষেত্রে নিচের কোনটি প্রয়োজন?**
i. বিমা গ্রহীতার মৃত্যুর প্রমাণপত্র
ii. বয়সের প্রমাণপত্র
iii. উত্তরাধিকার সনদপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮.**


**উপরের কোনটি বিশেষভাবে দাগকাটা চেকের নমুনা?**
K ১ L ২
M ৩ N ৪

**২৯. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের পরিমাণগত পদ্ধতি হলো—**
i. ব্যাংক হার নীতি
ii. খোলাবাজার নীতি
iii. ঋণের বরাদ্দকরণ নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. বাংলাদেশ ব্যাংক কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৭৩ N ১৯৭৪

# দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'ব্যাংক' শব্দটি ইতালির কোন শব্দ থেকে এসেছে?**
K Banke L Banco
M Bang N Bancos

**২. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কাজ কোনটি?**
K তহবিল সংরক্ষণ
L অর্থনৈতিক গবেষণা
M ঋণদান
N নোট ও মুদ্রার প্রচলন

**৩. বিশেষায়িত ব্যাংক কোনটি?**
K সোনালী ব্যাংক লি. L ব্যাংক এশিয়া লি.
M বাংলাদেশ কৃষি ব্যাংক N মেঘনা ব্যাংক লি.

**৪. ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কার্যাবলি হলো—**
i. গ্রাহকদের পক্ষে অর্থ আদায় ও পাওনা পরিশোধ
ii. শেয়ার ও সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়
iii. বুলেটিন প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. বর্তমানে বাংলাদেশে কত সালের বিমা আইন প্রচলিত?**
K ১৯৩২ L ১৯৯১
M ১৯৯৪ N ২০১০

**৬. নিচের কোনটি বিমাচুক্তির আইনগত উপাদান?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M প্রস্তাব ও স্বীকৃতি N প্রিমিয়াম প্রদান

**৭. SLR এর পূর্ণরূপ কোনটি?**
K Surplus Liquid Rate
L Statutory Liquid Ratio
M Standard Liquid Rate
N Statutory Liquidity Reserve

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' ব্যাংক 'খ' ব্যাংকের, খ ব্যাংক 'গ' ব্যাংকের কয়েকটি চেক বিশেষ ব্যবস্থাপনায় একটি অফিসের নির্দিষ্ট স্থানে উপস্থাপন করে। ব্যাংক দুটি তাদের পরস্পরের লেনদেন নিস্পত্তির জন্য 'চ' ব্যাংকের তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে একত্রিত হয়।

**৮. কোন ব্যাংকটির সাথে 'চ' ব্যাংকের মিল আছে?**
K পূবালী ব্যাংক L অগ্রণী ব্যাংক
M সোনালী ব্যাংক N বাংলাদেশ ব্যাংক

**৯. উদ্দীপকে উল্লিখিত 'চ' ব্যাংকের পরিচালিত বিশেষ ব্যবস্থাকে কী বলে?**
K পর্যবেক্ষণ L নিকাশ ঘর
M সমন্বয় N অডিটিং

**১০. বিমাকৃত ব্যক্তির মৃত্যুতে বিমাদাবি পরিশোধের জন্য প্রয়োজন—**
i. বিমাকৃত ব্যক্তির মৃত্যু সম্পর্কে অবহিতকরণ
ii. শিক্ষাগত যোগ্যতার সনদ
iii. মনোনীত ব্যক্তির প্রমাণ দাখিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. কোন সময়ে চেক, ব্যাংক ড্রাফ্ট ইত্যাদির প্রচলন ঘটেছিল?**
K ব্যবিলনীয় সভ্যতায় L রোমান সভ্যতায়
M গ্রিক সভ্যতায় N চৈনিক সভ্যতায়

**১২. নিচের কোনটি ঋণ নিয়ন্ত্রণের সংখ্যাত্মক পদ্ধতি?**
K নৈতিক প্ররোচনা
L ঋণের বরাদ্দকরণ নীতি
M ব্যাংক হার নীতি N প্রচারণা পদ্ধতি

**১৩. কোন চেকের অর্থ প্রাপকের ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহ করা হয়?**
K ভ্রমণকারীর চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N বাহক চেক

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
নতুন প্রজন্মের ব্যাংক কর্ণফুলি ব্যাংক লি. তাদের সব শাখায় ইন্টারনেট প্রযুক্তি সংযুক্ত করেছে। এ ব্যবস্থায় ব্যাংকটি নেটওয়ার্ক সিস্টেমের মাধ্যমে যেকোনো শাখা থেকে গ্রাহকদেরকে নিত্যনতুন উন্নতমানের ব্যাংকিং সেবা দিতে পারছে।

**১৪. কর্ণফুলি ব্যাংক লি.-এর উল্লিখিত ব্যবস্থাটিকে কী নামে অভিহিত করা হয়?**
K ই-ব্যাংকিং L গতানুগতি ব্যাংকিং
M রিটেইল ব্যাংকিং N ওয়ানস্টপ সার্ভিস

**১৫. কর্ণফুলি ব্যাংক লি.-এর এই ব্যবস্থার অসুবিধা হলো—**
i. নিরাপত্তার অভাব
ii. অর্থ উত্তোলনে সময় ব্যয়
iii. অনুন্নত সফ্টওয়্যার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৬. কেন্দ্রীয় ব্যাংক কখন ঋণ নিয়ন্ত্রণ করে?**
K বাজার স্থিতিশীল থাকলে
L দ্রব্যমূল্য হ্রাস পেলে
M মুদ্রাস্ফীতি দেখা দিলে
N ঋণের পরিমাণ স্বাভাবিক থাকলে

**১৭. বিমা ব্যবসায়ের মূলনীতিসমূহ হলো—**
i. বিমাযোগ্য স্বার্থের নীতি
ii. মুনাফা নীতি
iii. আনুপাতিক অংশগ্রহণের নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৮. আধুনিক ব্যাংকিং ব্যবস্থায় PIN শব্দের পূর্ণরূপ কী?**
K Private Identification Number
L Personnel Identification Number
M Personal Identification Number
N Permanent Identification Number

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাশেদ একজন স্বল্প বেতনভুক্ত বেসরকারি প্রতিষ্ঠানের কর্মচারী। গত কয়েক বছরে তার প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা খারাপ থাকায় তিনি চাকরি হারান। এ অবস্থায় তার পক্ষে জীবন বিমা পলিসির প্রিমিয়ামের টাকা পরিশোধ করা সম্ভব নয়।

**১৯. বিমাপত্র চালু রাখতে অসমর্থ ব্যক্তিকে বিমা কোম্পানি যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?**
K সমর্পণ মূল্য L মুনাফা
M বৃত্তি N বোনাস

**২০. উদ্দীপকে উল্লিখিত জনাব রাশেদ জীবন বিমা পলিসি কতদিন চালানোর পর বন্ধের আবেদন করতে পারেন?**
K ৬ মাস L ন্যূনতম ১ বছর
M ন্যূনতম ২ বছর N ন্যূনতম ৩ বছর

**২১. চেক হারিয়ে গেলে আমানতকারীর প্রথম করণীয় কী?**
K পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া
L ব্যাংককে অবহিত করা
M কাউকে না জানানো
N হারানো চেক খুঁজে বের করার চেষ্টা করা

**২২. কোনটি ই-ব্যাংকিং সেবার অন্তর্ভুক্ত নয়?**
K কার্ডের মাধ্যমে ব্যাংকিং
L বিক্রয় বিন্দু সেবা
M এসএমএস ব্যাংকিং
N চেকের মাধ্যমে ব্যাংকিং

**২৩. একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের হিসাব উপযুক্ত?**
K সঞ্চয়ী L স্থায়ী
M চলতি N বিশেষ হিসাব

**২৪. নমুনা স্বাক্ষর কার্ডের অন্তর্ভুক্ত বিষয় হলো—**
i. হিসাবের শিরোনাম
ii. নমিনীর নাম ও স্বাক্ষর
iii. গ্রাহকের স্বাক্ষর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. KYC এর পূর্ণরূপ কী?**
K Know Your Consumer
L Know Your Criteria
M Know Your Customer
N Know Your Creditor

**২৬. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**
K অগ্নি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N দুর্ঘটনা বিমা

**২৭. প্রিমিয়াম পরিশোধের ভিত্তিতে জীবন বিমাপত্র কত প্রকার?**
K ২ L ৩ M ৪ N ৫

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মহসিন তার পাওনাদার জামিলকে একটি চেক প্রদান করেন। তিনি চেকের উপরে বাম কোণে আড়াআড়িভাবে দুটি রেখা টেনে দেন। জামিল চেকটি নিশাতকে দেয়। নিশাত অর্থ উত্তোলনের জন্য ব্যাংকে জমা দিলে ব্যাংকার তাৎক্ষণিক চেকের অর্থ পরিশোধে অপারগতা প্রকাশ করে।

**২৮. উদ্দীপকে উল্লিখিত চেকটি কোন ধরনের চেক ছিল?**
K বাহক চেক L হুকুম চেক
M বাসি চেক N দাগকাটা চেক

**২৯. কোন ধরনের চেক হলে নিশাত ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারত?**
K দাগকাটা চেক L ভ্রমণকারীর চেক
M বাহক চেক N উপহার চেক

**৩০. বিনিময় বিলে সাধারণত কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩ M ৪ N ৫

# ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 3

সময়–২০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **১৫টি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাংক অব ইংল্যান্ড কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ L ১৪০১
M ১৬৯৪ N ১৮০০

**২. ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি হলো–**
i. ব্যাংক হার নীতি
ii. অর্থবাজার নীতি
iii. খোলাবাজার নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বানিজ একজন প্রতিষ্ঠিত ব্যাংকার। তার কর্মরত ব্যাংকটি মুদ্রাবাজার নিয়ন্ত্রণের পাশাপাশি নোট ইস্যুর একক অধিকার ভোগ করে। তিনি উক্ত ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ কার্যাবলিতে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন।

**৩. জনাব বানিজ কোন ব্যাংকের ব্যাংকার হিসাবে কর্মরত?**
K ঢাকা ব্যাংক L বাংলাদেশ ব্যাংক
M ন্যাশনাল ব্যাংক N সমবায় ব্যাংক

**৪. জনাব বানিজের কর্মরত ব্যাংকটি ভূমিকা রাখে–**
i. আন্তঃব্যাংকিং দেনা পাওনা নিষ্পত্তিতে
ii. সরকারি তহবিল ও উদ্বৃত্ত সংরক্ষণে
iii. গ্রাহকের ব্যাংক হিসাব সুষ্ঠু পরিচালনায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. কোন হিসাবে ব্যাংক কোনো সুদ প্রদান করে না?**
K স্থায়ী হিসাবে L চলতি হিসাবে
M সঞ্চয়ী হিসাবে N ডি. পি. এসে

**৬. KYC এর পূর্ণরূপ কী?**
K Know Your Customer
L Knowledge Your Customer
M Known Your Customer
N Knew Your Customer

**৭. নমুনা স্বাক্ষর কার্ডে কয়টি স্বাক্ষর করতে হয়?**
K ২ L ৩
M ৪ N ৫

**৮. মেয়াদ শেষে কোন হিসাব হতে অর্থ উত্তোলন করা হয়?**
K চলতি হিসাব L সঞ্চয়ী হিসাব
M স্থায়ী হিসাব N ঋণ হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. A মি. B কে একটি চেক প্রদান করে। মি. B চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংকার চেকের অর্থ পরিশোধে অপারগতা প্রকাশ করে।

**৯. উদ্দীপকে আলোচিত চেকটি কোন ধরনের চেক ছিল?**
K দাগকাটা চেক L বাহক চেক
M হুকুম চেক N ভ্রমণকারীর চেক

**১০. কোন ধরনের চেক হলে মি. A ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারতেন?**
K দাগকাটা চেক L বাহক চেক
M হুকুম চেক
N বিশেষভাবে দাগকাটা চেক

**১১. চেকের মূল পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি M ৪টি N ৫টি

**১২. বিনিময় বিল কে তৈরি করেন?**
K দেনাদার L ব্যাংক
M প্রাপক N পাওনাদার

**১৩. ডেবিট কার্ডের মাধ্যমে–**
i. পণ্য ক্রয় করা যায়
ii. নগদ টাকা উত্তোলন করা যায়
iii. ফান্ড ট্রান্সফার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. নিচের কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে?**
K মোবাইল ব্যাংকিং
L প্রত্যয়পত্র
M ডাকযোগে অর্থ প্রেরণ
N ব্যাংক ড্রাফট

**১৫. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K প্রিমিয়াম L বোনাস
M বৃত্তি N লভ্যাংশ

**১৬. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIA L BIDC
M IDRA N BIDA

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. তোহার একটি ডেইরি ফার্ম রয়েছে। ভবিষ্যৎ অনিশ্চিত, তাই বিপদ আপদ এবং আর্থিক সুবিধার কথা চিন্তা করে একটি বিমাচুক্তি করেছেন।

**১৭. দেশের অর্থনীতিতে বিমা যে প্রভাব ফেলতে পারে তা হলো–**
i. কর্মসংস্থান সৃষ্টি
ii. রপ্তানি আয় বৃদ্ধি
iii. জাতীয় উৎপাদন বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. মি. তোহা কোন ধরনের বিমাচুক্তি করেছেন?**
K শস্য বিমা L স্বাস্থ্য বিমা
M গবাদিপশু বিমা N দুর্ঘটনা বিমা

**১৯. বিমাযোগ্য স্বার্থের ভিত্তি কোনটি?**
K অর্থ L সুনাম
M মালিকানা N সম্পর্ক

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সুমন একজন ক্ষুদ্র ব্যবসায়ী। নিজের অবর্তমানে পরিবারের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে একটি বিমাপত্র গ্রহণ করেন এবং মাসিক ২,০০০ টাকা করে নিরবচ্ছিন্নভাবে জমা দিচ্ছেন।

**২০. মি. সুমন কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K আজীবন বিমাপত্র L নিরাপত্তা বিমাপত্র
M ভবিষ্যৎ বিমাপত্র N সচ্ছলতা বিমাপত্র

**২১. মি. সুমনের মাসিক প্রদত্ত ২,০০০ টাকাকে কী বলা হয়?**
K বিনিয়োগ L সঞ্চয়
M প্রিমিয়াম N বোনাস

**২২. নিচের কোন বিমাটি ক্ষতিপূরণের চুক্তিবহির্ভূত?**
K জীবন বিমা L নৌবিমা
M অগ্নি বিমা N দুর্ঘটনা বিমা

**২৩. জীবন বিমার দাবি উত্থাপনের জন্য প্রয়োজন–**
i. উত্তরাধিকার সনদপত্র
ii. বয়সের প্রমাণপত্র
iii. মৃত্যুর প্রমাণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. বিমাগ্রহীতার মৃত্যুতে কে বিমাকৃত অর্থ পাবে?**
K স্ত্রী L পুত্র
M উত্তরাধিকারী N মনোনীত ব্যক্তি

**২৫. ব্যাংকের প্রধান কাজ কী?**
K আমানত গ্রহণ ও ঋণদান
L বিল বাট্টাকরণ
M অর্থ স্থানান্তর
N মূলধন গঠন

**২৬. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K সোনালী L রূপালী
M জনতা N কৃষি

**২৭. একক ব্যাংকের অসুবিধা হলো–**
i. ঝুঁকি বণ্টনে অসুবিধা
ii. সুদের হারের তারতম্য
iii. তারল্য সমস্যা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
'A' ব্যাংকটি খুলনাতে ব্যবসা পরিচালনা করছে। গঠনগত ও আইনগত সীমাবদ্ধতার কারণে ব্যাংকটি তাদের ব্যবসা প্রসার করতে পারছে না।

**২৮. 'A' ব্যাংক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক?**
K শাখা ব্যাংক L একক ব্যাংক
M গ্রুপ ব্যাংক N চেইন ব্যাংক

**২৯. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির বৈশিষ্ট্য কোনটি?**
K বৈদেশিক বাণিজ্যে অধিক ভূমিকা
L অধিক মুনাফা
M কম পরিচালনা ব্যয়
N ঋণদান ক্ষমতা বেশি

**৩০. ব্যাংক হার পরিবর্তন করতে পারে–**
K বাণিজ্যিক ব্যাংক L বিশ্ব ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

# শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। 'সন্ধ্যা ব্যাংক' জনগণের নিকট থেকে বিক্ষিপ্ত সঞ্চয় আমানত হিসেবে সংগ্রহ করে ও মূলধন গঠন করে। এছাড়াও জনগণকে সঞ্চয় করতে উদ্বুদ্ধ করে। ব্যাংকটি ব্যাংকিং ব্যবসা সম্প্রসারণের জন্য পরবর্তীতে বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানকে দীর্ঘমেয়াদি মূলধন সরবরাহ করে এবং অবলেখক ও দায়গ্রাহকের ভূমিকাও পালন করে।

ক. তফসিল ব্যাংক কী? ১

খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'সন্ধ্যা ব্যাংক'-এর প্রাথমিক কার্যক্রম বিবেচনায় কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যাংকিং ব্যবসা সম্প্রসারণের জন্য 'সন্ধ্যা ব্যাংক' এর পরবর্তী কার্যক্রম যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২। রমজান মাসে দেশের খাদ্যদ্রব্যের দাম বৃদ্ধি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংক দেশে খাদ্যদ্রব্য আমদানি করে এমন খাতগুলো চিহ্নিত করে। খাতগুলোতে ঋণের পরিমাণ বৃদ্ধির নির্দেশ প্রদান করে যেন রমজানে দ্রব্যমূল্যের দাম নিয়ন্ত্রণে থাকে। এছাড়া বাজারে আর্থিক সংকট মোকাবিলায় বাংলাদেশ ব্যাংক সুদের হার ২% কমানোর সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. দ্রব্যমূল্যের দাম নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংক কোন নীতি প্রয়োগ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত সর্বশেষ ঋণ নিয়ন্ত্রণ কার্যক্রমটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩। জনাব রফিক ব্যবসা পরিচালনা করতে গিয়ে হঠাৎ আর্থিক সংকটে পরলে 'গোলাপ ব্যাংক' এর শরণাপন্ন হন। 'গোলাপ ব্যাংক' এর কর্মকর্তা তাকে ঋণ প্রদান করতে সম্মত হন এবং উক্ত ব্যাংকে একটি হিসাব খোলার পরামর্শ দেন। যে হিসাবে তার ঋণকৃত অর্থ জমা হবে। অপরদিকে, শফিক সাহেব তার কারখানা বিক্রি করে সেই টাকা নির্দিষ্ট সময়ের জন্য ব্যাংকে জমা রাখতে চান। উক্ত টাকা উত্তোলনের জন্য তাকে ব্যাংক বরাবর একটি নোটিশ প্রদান করতে হবে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. "ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে KYC ফর্ম অত্যন্ত গুরুত্বপূর্ণ।"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ব্যাংক কর্মকর্তা জনাব রফিককে কোন হিসাব খোলার কথা বলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. শফিক সাহেবের জন্য ব্যাংকে কোন হিসাব খোলা উপযোগী বলে তুমি মনে কর? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৪। জনাব আজিজ জনাব হানিফের নিকট ২০ লক্ষ টাকা পান। জনাব আজিজ টাকা ফেরত চাইলে জনাব হানিফ ২৭-০৪-২০২৩ তারিখে ২০ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। চেকটিতে জনাব আজিজের নামের পাশে "অথবা আদেশ অনুসারে" লেখাটি উল্লেখ ছিল। পরবর্তীতে, ৩০-০৪-২০২৩ তারিখে চেকটি ব্যাংকে জমা দিতে গেলে জনাব আজিজ খেয়াল করেন যে তিনি চেকটি হারিয়ে ফেলেছেন। বিষয়টি বুঝতে পেরে তৎক্ষণাৎ তিনি তা জনাব হানিফকে অবগত করেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব হানিফ কোন চেকের মাধ্যমে অর্থ পরিশোধ করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. চেকটি হারিয়ে ফেলার পর জনাব হানিফকে বিষয়টি জানানোর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫। জনগণ যাতে ব্যাংক থেকে বেশি সেবা পেতে পারে সে বিষয়ে কেন্দ্রীয় ব্যাংক সতর্ক। গ্রাহকদের পক্ষে ব্যাংকগুলো অর্থ আদায় ও পরিশোধ করছে। শেয়ার কেনা বেচা করছে, অর্থ ও সম্পদের নিরাপদ সংরক্ষণ করছে। এছাড়াও অন্যান্য অনেক কাজ যা কেন্দ্রীয় ব্যাংক তদারকি করে। বাংলাদেশ ব্যাংক লক্ষ করছে কিছু ব্যাংক তাদের মূল কাজের বাইরে গিয়ে শেয়ারবাজারে বেশি বিনিয়োগ করছে। বেশি ঝুঁকিপূর্ণ খাতে ঋণ বরাদ্দ দিচ্ছে। যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করছে না। তাই ব্যাংকগুলোর বিরুদ্ধে কেন্দ্রীয় ব্যাংক কঠোর ব্যবস্থা নিতে যাচ্ছে।

ক. গ্রুপ ব্যাংক কী? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ব্যাংকের কাজগুলো কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংকের কঠোর ব্যবস্থা গ্রহণ উদ্দীপকের আলোকে কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৬। জনাব ইসলাম একজন চাকরিজীবী। তিনি তার পরিবার থেকে দূরে রাজধানী ঢাকায় একটি স্বনামধন্য প্রতিষ্ঠানে চাকরি করেন। প্রতি মাসে সংসারের খরচ বাবদ কিছু টাকা তার বাবাকে পাঠানোর ব্যবস্থা করতে চায়। তার বৃদ্ধ বাবার পক্ষে বারবার যাতায়াত করে ব্যাংক থেকে টাকা তোলা কষ্টকর। তাই ইসলাম ই-ব্যাংকিং ব্যবস্থার একটি তারবিহীন টেলিকমিউনিকেশন সেবার মাধ্যমে তার বাবাকে প্রতি মাসে টাকা পাঠান। অন্যদিকে জনাব আকবর একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। প্রতিদিন তাকে অনেক ধরনের লেনদেন দ্রুত সম্পন্ন করতে হয়। এজন্য তিনি তার ব্যক্তিগত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করে ঘরে বসেই ব্যাংক হিসাবের বিভিন্ন তথ্য সম্পর্কে জানতে পারেন।

ক. বিক্রয় বিন্দু সেবা কী? ১

খ. "স্বয়ংক্রিয় নিকাশঘর আন্তঃলেনদেন সহজ করেছে।"– ব্যাখ্যা কর। ২

গ. ইসলাম কোন ই-ব্যাংকিং সেবা ব্যবহার করে তার বাবাকে টাকা পাঠান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আকবর কী ধরনের ব্যাংকিং সেবা গ্রহণ করেন? বিশ্লেষণ কর। ৪

৭। কলি ও পুষ্প দুইজন একই প্রতিষ্ঠানে কর্মরত সহকর্মী। অফিস শেষে দুইজন একসাথে কেনাকাটা করতে শপিং সেন্টারে যান। কলি কেনাকাটার টাকা একটি ইলেকট্রনিক কার্ড ব্যবহার করে পরিশোধ করে। অপরদিকে, পুষ্প তার ইলেকট্রনিক কার্ড নিয়ে অর্থ পরিশোধ করতে নিলে জানতে পারে যে তার হিসাবে পর্যাপ্ত অর্থ নেই। তখন কলি তার ব্যবহৃত কার্ডটি সম্পর্কে পুষ্পকে অবগত করে যে, হিসাবে টাকা না থাকলেও উক্ত কার্ডটি ব্যবহার করে কেনাকাটা করা যায়। এমনকি কার্ডটি ব্যবহার করতে ব্যাংকে হিসাব থাকাও বাধ্যতামূলক নয়।

ক. SWIFT কী? ১

খ. বর্তমানে ATM-এর ব্যবহার এত জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পুষ্প কোন ধরনের কার্ড ব্যবহার করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "হিসাবে টাকা না থাকলেও কার্ডটি ব্যবহার করে কেনাকাটা করা যায়।"– কলির উক্তির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮। আজমল সাহেবের ইস্পাত তৈরির কারখানাটিতে ঝুঁকিপূর্ণ কাজ হওয়ায় তিনি কারখানাটি দুটি বিমা কোম্পানির নিকট বিমা করতে চান। এই উদ্দেশ্যে তিনি 'আলফা বিমা কোম্পানি' ও 'বিটা বিমা কোম্পানি'- এর নিকট ১ কোটি টাকার পৃথক দুটি বিমাচুক্তি করেন। পরবর্তীতে, দুর্ঘটনাজনিত কারণে কারখানাটির ৩০ লক্ষ টাকার ক্ষতি হলে তিনি বিমা কোম্পানির নিকট ৩০ লক্ষ টাকার পৃথক বিমাদাবি জানান। 'আলফা' ও 'বিটা' কোম্পানি তার বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানিয়ে তাকে পৃথকভাবে ১৫ লক্ষ টাকা পরিশোধ করে।

ক. ঝুঁকি কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আজমল সাহেব তার কারখানাটির জন্য কোন ধরনের বিমা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. আজমল সাহেবের পৃথক ৩০ লক্ষ টাকার বিমাদাবি পরিশোধে বিমা কোম্পানির দুটির অস্বীকৃতির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯। জনাব আশরাফ তার পরিবারের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। তাই তিনি তার স্ত্রীকে নমিনি করে ৫০ লক্ষ টাকার একটি জীবন বিমা করার সিদ্ধান্ত নেন। বিমাচুক্তি অনুযায়ী তার মৃত্যুর পর তার স্ত্রীকে বিমাদাবি পরিশোধ করা হবে। অপরদিকে, রহমান সাহেব নিঃসন্তান। তিনি ৫ বছরের জন্য এমন একটি বিমা করেন যে, বিমায় তার মৃত্যুতে কেউ টাকা পাবে না; বরং মেয়াদ শেষে তিনি জীবিত থাকলে নিজেই বিমাদাবির অর্থ লাভ করবেন।

ক. বোনাস কী? ১

খ. মৃত্যুপঞ্জী বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আশরাফ কোন ধরনের জীবন বিমা করার সিদ্ধান্ত নেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উত্তরাধিকার না থাকায় রহমান সাহেবের নির্বাচিত জীবন বিমার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০। শুভ সাহেব তার সদ্য ক্রয়কৃত ২৫ লক্ষ টাকার গাড়িটি একটি বিমা কোম্পানির নিকট বিমা করেন। কিছুদিন পর হঠাৎ এক দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ রূপে ক্ষতিগ্রস্ত হয়। বিমা কোম্পানি গাড়িটির ক্ষতিপূরণ বাবদ সম্পূর্ণ টাকা শুভ সাহেবকে বিমাদাবি হিসেবে পরিশোধ করে এবং ক্ষতিগ্রস্ত গাড়িটির বাকি অংশ বিক্রি করে ২ লক্ষ টাকা পায়। শুভ সাহেব গাড়ি বিক্রির ২ লক্ষ টাকা বিমা কোম্পানির নিকট দাবি করলে বিমা কোম্পানি তা পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. "কিছু কিছু ঝুঁকি নিয়ন্ত্রণ অযোগ্য"– ব্যাখ্যা কর। ২

গ. বিমা কোম্পানি কোন নীতি অনুসরণ করে শুভ সাহেবকে গাড়িটির সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি ক্ষতিগ্রস্ত গাড়িটির বিক্রয়ের টাকা শুভ সাহেবকে পরিশোধ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। কবির ঝুঁকিপূর্ণ পেশায় নিয়োজিত। কর্মরত অবস্থায় হঠাৎ কোন দুর্ঘটনায় তার মৃত্যু হলে তার পরিবারের যেন আর্থিক দুরবস্থার শিকার না হয়, তাই তিনি ২ বছরের জন্য জীবন বিমা করার সিদ্ধান্ত নেন। বিমাচুক্তি অনুযায়ী যদি উক্ত সময়ের মধ্যে তিনি মারা যান তাহলে তার পরিবারকে বিমাদাবি পরিশোধ করা হবে। অন্যথায় জীবিত থাকলে বিমাদাবি পাওয়া যাবে না। কিন্তু তার ভাই তাকে ৬ বছরের জন্য জীবন বিমা করার পরামর্শ দেন যে, বিমা তিনি মারা গেলে মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধ করা হবে এবং মারা না গেলে মেয়াদ শেষে নিজেই বিমাদাবির অর্থ লাভ করতে পারবেন।

ক. পুনর্বিমা কী? ১

খ. গ্রুপ বিমা কাদের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. কবির কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করতে চান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে কবিরের পেশাগত ঝুঁকি বিবেচনায় তার ভাইয়ের পরামর্শ গ্রহণ করা উচিত কিনা বিশ্লেষণ কর। ৪

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ➤ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ 'মেঘনা ইনভেস্টমেন্ট' আর্থিকভাবে সচ্ছল একটি ব্যাংক। ব্যাংকটি বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানকে মধ্য ও দীর্ঘমেয়াদি ঋণ দেয় এবং নতুন প্রতিষ্ঠান বাজারে শেয়ার বিক্রি করতে চাইলে অবলেখকের ভূমিকা পালন করে। অন্যদিকে, 'পূর্বাচল ব্যাংক' বিভিন্ন ধরনের ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে দক্ষতার সাথে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। ব্যাংকটির উদ্দেশ্য হলো গ্রাহক সন্তুষ্টি অর্জনের মাধ্যমে মুনাফা অর্জন করা।

ক. ব্যাসেল-২ কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'মেঘনা ইনভেস্টমেন্ট' ব্যাংক কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'মেঘনা ইনভেস্টমেন্ট ব্যাংক' 'পূর্বাচল' ব্যাংকের তুলনায় দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে – তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ বরিশালের পিরোজপুরে জাহাজ নির্মাণ শিল্প সম্প্রতি ব্যাপক সম্প্রসারণ ঘটেছে। এই ব্যবসায় সংশ্লিষ্ট ব্যবসায়ীদের ঋণ সুবিধা প্রদানের উদ্দেশ্যে 'কমল ব্যাংক পিএলসি' নামে একটি ব্যাংক প্রতিষ্ঠিত হয়। অন্যদিকে, 'পদ্ম ব্যাংক' দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্প্রতি দেশে দ্রব্যমূল্য দ্রুত বৃদ্ধি পাওয়ায় পদ্ম ব্যাংক CRR ৪% থেকে ৫% এ বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তীতে ব্যাংকটি বাজারে সুবিধাজনক শর্তে কিছু বন্ড ও বিল বাজারে ছাড়ার সিদ্ধান্ত নেয়। এতে যথেষ্ট সাড়া পরিলক্ষিত হচ্ছে।

ক. বিধিবদ্ধ তারল্য সংরক্ষণ হার কী? ১
খ. বাংলাদেশ কৃষি ব্যাংককে মিশ্র ব্যাংক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কমল ব্যাংক পিএলসি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দেশের অর্থনৈতিক অবস্থা স্থিতিশীল রাখতে পদ্ম ব্যাংক কর্তৃক গৃহীত কোন পদ্ধতিটি অধিক কার্যকর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ বর্তমানে বাংলাদেশ সরকার নিরাপদ সড়ক ও যোগাযোগ ব্যবস্থা ভালো করার লক্ষ্যে বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করে চলেছে। তাই ঢাকা শহরে মোটরসাইকেলের চাহিদা কমানোর লক্ষ্যে সরকারের পক্ষে 'Q' ব্যাংক ঢাকার সকল ব্যাংককে এই খাতে প্রদত্ত ঋণের পরিমাণ ১৫% থেকে কমিয়ে ৭%-এ আনার নির্দেশনা জারি করে। ঢাকার প্রায় সকল ব্যাংক উক্ত নির্দেশনা মানলেও 'M' ব্যাংক লি. ও 'N' ব্যাংক লি. এই নির্দেশনা অনুসরণ করছে না। তাই 'Q' ব্যাংক 'M' ব্যাংক লি.-কে ঋণের উপর অতিরিক্ত সুদ জরিমানা করলেও 'N' ব্যাংক লি.-কে কোনো জরিমানা করতে পারেনি।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের প্রকল্প সহায়ক ব্যাংক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'Q' ব্যাংকের নির্দেশনা মতে ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'M' ব্যাংক লি.-কে জরিমানা করতে পারা এবং 'N' ব্যাংক লি.-কে জরিমানা করতে না পারার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ মি. সাব্বির একজন ব্যবসায়ী। তিনি চেকে লেনদেন করতেই পছন্দ করেন। তিনি তার পাওনা বাবদ মি. আজিজের নিকট থেকে ২৪.৩.২০২৪ তারিখে লেখা ৫০,০০০ টাকার একটি চেক পেলেন। চেকটি তিনি তার পাওনাদার মি. আসাদকে দিতে চান। এজন্য তিনি চেকের পিছনে স্বাক্ষর করে 'প্রদান করুন শুধু মি. আসাদকে' লিখে ২৪.৪.২০২৪ তারিখে মি. আসাদকে প্রদান করেন। মি. আসাদ দীর্ঘদিন বিদেশে অবস্থান করার পর দেশে ফিরে গত ২৫.১১.২০২৪ তারিখে চেকটি ব্যাংকে জমা করে টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক কর্তৃপক্ষ টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. হারানো চেকের ক্ষেত্রে করণীয় কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. সাব্বির কর্তৃক মি. আসাদকে প্রদত্ত চেকে কোন ধরনের অনুমোদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক চেকের অর্থ পরিশোধ না করার বিষয়টি কি গ্রহণযোগ্য? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ মি. শাকিল একজন পাইকারি ব্যবসায়ী। তিনি অনেক সময় বাকিতে বিক্রয়কৃত পণ্যের মূল্য বাবদ চেক গ্রহণ করেন। তিনি তার একজন নিয়মিত ক্রেতা মি. মুকুলের নিকট হতে ২ লক্ষ টাকার একটি চেক প্রাপ্ত হন। উক্ত চেকটি ব্যাংকে উপস্থাপনের সাথে সাথে টাকা উত্তোলন করতে পারলেন। অপর একজন ক্রেতা মি. আরিফের নিকট হতে বিক্রীত পণ্যের মূল্য বাবদ ৪ লক্ষ টাকার আরেকটি চেক প্রাপ্ত হন। চেকটি যথাসময়ে ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক কর্তৃপক্ষ সরাসরি চেকের টাকা দিতে অপারগতা প্রকাশ করেন এবং চেকটি তার ব্যাংক হিসাবে জমা দেওয়ার পরামর্শ দেন।

ক. মার্কেট চেক কী? ১
খ. বিনিময় বিল অপেক্ষা চেকের ব্যবহার সর্বজনীন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. মুকুল মি. শাকিলকে কোন ধরনের চেক প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত চেক দুটির মধ্যে কোনটি চেকদাতা এবং চেকগ্রহীতা উভয়ের জন্য অধিক নিরাপদ? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. রাকিব হাসান একজন সরকারি কর্মকর্তা ছিলেন। ২০১৬ সালে মি. রাকিব তার ১০ম শ্রেণিতে পড়ুয়া মেয়ে অনন্যার নামে উত্তরা ব্যাংকে একটি হিসাব খুলে দেন। গত বছর খুলনা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করেছে অনন্যা। বর্তমানে পড়াশোনা শেষে স্বাবলম্বী হওয়ার উদ্দেশ্যে সে অনলাইনে একটি ব্যবসায় শুরু করে। কিন্তু ব্যবসায়ের লেনদেনের প্রয়োজনে বারবার চেকের মাধ্যমে উত্তরা ব্যাংকের উক্ত হিসাব হতে টাকা তুলতে গেলে, হিসাবে পর্যাপ্ত টাকা থাকা সত্ত্বেও ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি প্রকাশ করে। এ অসুবিধা দূরকল্পে স্বাভাবিক লেনদেনের জন্য ব্যাংক কর্মকর্তা তাকে একটি নতুন হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ঋণ আমানতি হিসাব কী? ১
খ. কোন হিসাবে ব্যাংক সর্বাধিক সুদ দেয়? ব্যাখ্যা কর। ২
গ. মি. রাকিব তার মেয়ের জন্য কোন ধরনের হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে অনন্যার ব্যবসায়ে স্বাভাবিক লেনদেন বজায় রাখার জন্য ব্যাংক কর্মকর্তার পরামর্শটি কতটুকু যৌক্তিক তা মূল্যায়ন কর। ৪

৭ ▸ মিস রুবিন একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি 'চিত্রা ব্যাংক' এ একটি হিসাব পরিচালনা করেন। সহজে ও দ্রুততম সময়ে ব্যাংকিং সুবিধা প্রদানের লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ তার ব্যক্তিগত কম্পিউটারে একটি সফটওয়্যার স্থাপন করে দেয় যাতে তিনি তার ব্যাংক হিসাবের যাবতীয় তথ্য জানতে পারেন এবং বিভিন্ন ধরনের বিল পরিশোধ করতে পারেন। এছাড়া 'চিত্রা ব্যাংক' মিস রুবিনকে একটি ইলেকট্রনিক কার্ড প্রদান করে যেটা তিনি হিসাবে টাকা থাকাসাপেক্ষে ব্যবহার করতে পারবেন। পরবর্তীতে তিনি বিদেশ যাওয়ার উদ্দেশ্যে কার্ডটি ব্যবহার করতে চাইলে ব্যাংক কর্মকর্তা তাকে অন্য একটি কার্ড নেওয়ার পরামর্শ দেন যেখানে হিসাবে টাকা না থাকলেও কার্ডটি ব্যবহার করা যায়।

ক. SWIFT কী? ১
খ. ATM কার্ডে PIN ব্যবহার করা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মিস রুবিন প্রথমে কোন ধরনের ই-ব্যাংকিং সেবা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত নতুন কার্ডটি কি মিস রুবিনকে প্রদত্ত প্রথম কার্ডের সীমাবদ্ধতাকে অতিক্রম করতে পারবে? যুক্তিসহকারে মতামত দাও। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▸ বাঁধন সি ট্রান্সপোর্ট কোম্পানি তার নিজস্ব ৩টি জাহাজ এবং অন্য কোম্পানির সাথে চুক্তিতে ভাড়া নেওয়া ২টি জাহাজে মাল বহন করে। কোম্পানিটি একত্রে ৫টি জাহাজ বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার ৩টি জাহাজ বিমা করতে রাজি হয়। পরবর্তীতে বিমাকৃত ১টি জাহাজ দুর্ঘটনায় কবলিত হয়ে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে বাঁধন কোম্পানি বিমা প্রতিষ্ঠানের কাছে ক্ষতিপূরণের জন্য আবেদন করে। বিমা প্রতিষ্ঠান দাবির সম্পূর্ণ অর্থ পরিশোধ করলেন এবং উদ্ধারকৃত জাহাজের ধ্বংসাবশেষ ৫০ হাজার টাকায় বিক্রি করার পর উক্ত কোম্পানি সেটিও দাবি করে। কিন্তু বিমা প্রতিষ্ঠানটি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. মৌলিক ঝুঁকি কী? ১
খ. বিমাচুক্তি কি লিখিত হওয়া আবশ্যক? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বিমাচুক্তির কোন উপাদানের অনুপস্থিতির কারণে বিমা কোম্পানি পরবর্তী ২টি জাহাজ বিমা করেনি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা প্রতিষ্ঠান কর্তৃক বাঁধন কোম্পানির সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯ ▸ জনাব শফিক শেয়ারবাজারে তার জমি বিক্রির সম্পূর্ণ অর্থ বিনিয়োগ করেছেন। ঝুঁকি আছে জেনে তিনি বিমা কোম্পানির কাছে তার বিনিয়োগকৃত অর্থের বিমা করতে গেলে বিমা কোম্পানি বিমা করতে অস্বীকৃতি জানায়। অন্যদিকে, জনাব রাফি ২০২০ সালে ভবিষ্যতের অনিশ্চয়তার কথা চিন্তা করে ১০ বছর মেয়াদি একটি জীবনবিমাপত্র গ্রহণ করেন এবং মাসিক নির্দিষ্ট হারে প্রিমিয়াম প্রদান করেন। ২০২৪ সালে জনাব রাফির মৃত্যুতে তার সন্তান বিমাকৃত অর্থ দাবি করলে বিমা কর্মকর্তা তাকে একটি সনদপত্র দাখিল করার পরামর্শ দেন।

ক. দায় বিমা কী? ১
খ. বিমা ব্যবসায় উন্নয়নে বাংলাদেশের বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কী ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বিমা কর্মকর্তা জনাব রাফির সন্তানকে কোন সনদপত্র দাখিলের পরামর্শ দেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব শফিকের প্রস্তাবে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০ ▸ জনাব নয়ন EPZ এ অবস্থিত একটি গ্লাস কারখানার মালিক। তিনি তার ঝুঁকিবহুল গ্লাস কারখানাটির জন্য 'বিটা' বিমা কোম্পানি ও 'গামা' বিমা কোম্পানির সাথে ত্রিশ লক্ষ টাকার পৃথক দুটি বিমাচুক্তি সম্পাদন করেন। দুর্ঘটনায় কারখানাটির দশ লক্ষ টাকা ক্ষতি হলে 'বিটা' বিমা কোম্পানি জনাব নয়নকে পাঁচ লক্ষ টাকা ক্ষতিপূরণ প্রদানে সম্মত হয়। জনাব নয়ন 'গামা' বিমা কোম্পানির কাছে ক্ষতিপূরণের বাকি অংশ দাবি করেন। অন্যদিকে, তার ভাই জনাব চয়ন একটি কোম্পানির মালিক। তিনি তার কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীর নিরাপত্তার কথা চিন্তা করে তাদের কল্যাণের জন্য 'ডেল্টা' লাইফ ইন্স্যুরেন্সের সাথে একটি বিমাচুক্তি করেন।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. কোন বিমায় নৈতিক ঝুঁকি কম? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব চয়ন কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'গামা' বিমা কোম্পানি কর্তৃক জনাব নয়নের বিমাদাবির বাকি অংশ পরিশোধের যৌক্তিকতা বিমা নীতির আলোকে মূল্যায়ন কর। ৪

১১ ▸ জনাব আসিফ একজন চাকরিজীবী। তিনি মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একটি জীবন বিমা চুক্তি করেছেন যেখানে তিনি তার স্ত্রীকে মনোনয়ন দেন। চুক্তির শর্তমতে জনাব আসিফকে মৃত্যুর পূর্ব পর্যন্ত নির্দিষ্ট হারে প্রিমিয়াম দিতে হবে। ৫ বছর নিয়মিত কিস্তি প্রদানের পর হঠাৎ শারীরিক অসুস্থতার দরুন তিনি কর্মে অক্ষম হয়ে যান এবং আর্থিক সংকটে পড়েন। এমতাবস্থায় তিনি বিমাকোম্পানির নিকট বিমাপত্র ও প্রিমিয়াম প্রদানের রসিদ নিয়ে গিয়ে বিমাদাবির জন্য আবেদন করলে বিমা কোম্পানি দাবি প্রত্যাখ্যান করে ও তাকে তার প্রদত্ত অর্থের কিছু অংশ প্রদান করবে বলে জানায়।

ক. বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র কী? ১
খ. বিমায় বোনাস দেওয়া হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব আসিফ কোন ধরনের জীবন বিমাপত্র সংগ্রহ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মেঘনা বিমা কোম্পানি বিমাদাবি পরিশোধ না করে যে অর্থ প্রদানে সম্মতি দিয়েছে তা কতটা যৌক্তিক? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

# রাজশাহী কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব জব্বার আলী এবং জনাব আব্বাস বিশ্ববিদ্যালয় থেকে সদ্য এমবিএ পাস করে বের হয়েছে। সম্প্রতি জব্বার আলী 'ইছামতি' ব্যাংকের সহকারী পরিচালক পদে যোগদান করে, যেটি দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষা ও ঋণ নিয়ন্ত্রণের সাথে সংশ্লিষ্ট। অন্যদিকে, জনাব আব্বাস 'যাদুকাটা' ব্যাংকের সিনিয়র অফিসার পদে যোগদান করে। ব্যাংকটি আমানত সংগ্রহ ও ঋণদান মাধ্যমে মুনাফা অর্জন করে। জনাব আব্বাসের ব্যাংক জনাব জব্বারের ব্যাংকের প্রতি দায়বদ্ধ।

ক. ব্যাংক কী? ১
খ. ব্যাংককে অর্থ ও ঋণের ব্যবসায়ী বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. কার্যাবলির ভিত্তিতে জনাব জব্বার আলীর ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আব্বাসের কর্মরত ব্যাংককে জনাব জব্বারের ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২▶ যমুনা ব্যাংক সম্প্রসারণের লক্ষ্যে বড়াল ব্যাংক ও মহানন্দা ব্যাংকের ৫১% শেয়ার ক্রয়ের প্রস্তাব দেয়। উক্ত ব্যাংকদ্বয় যমুনা ব্যাংকের প্রদত্ত প্রস্তাব প্রত্যাখ্যান করে এবং সহযোগিতা ও সমঝোতার মাধ্যমে ব্যবসা পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে। এতে বড়াল ব্যাংক ও মহানন্দা ব্যাংকের ব্যবসা বৃদ্ধি পায় এবং কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

ক. নিকাশঘর কাকে বলে? ১
খ. "ব্যাংক বিনিময়ের মাধ্যমে সৃষ্টি করে"— আলোচনা কর। ২
গ. "যমুনা ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রস্তাব কোন ধরনের ব্যাংকিংয়ের আওতায় পড়ে"— ব্যাখ্যা কর। ৩
ঘ. বড়াল ব্যাংক ও মহানন্দা ব্যাংকের গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৩▶ জনগণকে বৃহৎ পরিসরে ব্যাংকিং সেবা প্রদান ও মুনাফা অর্জনের লক্ষ্যে 'বরাক ব্যাংক লি.' দেশের বিভিন্ন অঞ্চলে তাদের কার্যক্রম সম্প্রসারিত করেছে এবং আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করতে সক্ষম হচ্ছে। অন্যদিকে বাংলাদেশ ব্যাংকের পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, ব্যাংকটি দীর্ঘদিন ধরে কয়েকজন ঋণখেলাপি ব্যক্তিকে ঋণ প্রদান করেছে এবং পর্যাপ্ত পরিমাণ সঞ্চিতি সংরক্ষণ ছাড়াই শেয়ারবাজারে অধিক ঝুঁকিপূর্ণ শেয়ার বিনিয়োগ করেছে। আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী মূলধনের আদর্শমান সংরক্ষণ না করায় বাংলাদেশ ব্যাংক 'বরাক ব্যাংক লি.' এর বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. KYC ফর্ম কেন গুরুত্বপূর্ণ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'বরাক ব্যাংক লি.' সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'বরাক ব্যাংক লি.' এর বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক কঠোর অবস্থান গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে সেটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪▶ 'করতোয়া' ব্যাংক একাধিক শাখার মাধ্যমে ব্যবসা পরিচালনা করে থাকে। অন্যদিকে ইছামতি শুধু একটি অফিস মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে থাকে। করতোয়া ব্যাংকের কর্ম পরিধি, গ্রাহক সংখ্যা ও সেবা বিস্তৃত হওয়ায় এই ব্যাংকের আয় ও ব্যয় ইছামতি ব্যাংকের আয় ও ব্যয় অপেক্ষা অধিক।

ক. ব্যাংকের সংজ্ঞা দাও। ১
খ. করতোয়া ব্যাংক কী ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ২
গ. করতোয়া ব্যাংকের তুলনামূলক সুবিধাগুলো আলোচনা কর। ৩
ঘ. করতোয়া ব্যাংক ও ইছামতি ব্যাংকের পার্থক্যগুলো আলোচনা কর। ৪

৫▶ জনাব রহমত ব্যবস্থাপনা বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করে। তিনি তাদের পারিবারিক জমিতে কৃষি খামার গড়ে তোলার লক্ষ্যে জলসিঁড়ি ব্যাংক (কৃষি ক্ষেত্রে অগ্রগণ্য ভূমিকা পালন করে) নিকট কৃষি ঋণের আবেদন করে। জলসিঁড়ি ব্যাংক সকল প্রকার ব্যাংকিং কার্য পরিচালনা করে। জলসিঁড়ি ব্যাংক জনাব রহমতের প্রস্তাব বিবেচনা করে সহজ শর্তে ও কম সুদের হারে ঋণ মঞ্জুর করে।

ক. আইনগত ক্ষমতা কাকে বলে। ১
খ. ব্যাংকের ঋণদান ক্ষমতা কীসের সাথে সম্পর্কযুক্ত? ২
গ. জলসিঁড়ি ব্যাংক কোন ধরনের ব্যাংক ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব রহমতের কোন বিষয়টির বিবেচনা করে জলসিঁড়ি ব্যাংক ঋণটি মঞ্জুর করে"— যৌক্তিকতা তুলে ধর। ৪

৬▶ জনাব জামিলুর রহমান পদ্মা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক। বিশ্ববিদ্যালয় হতে ফেরার পথে তিনি দুর্ঘটনা কবলে পড়ে মৃত্যুবরণ করেন। জনাব জামিলুরের স্ত্রী তার ২০ বছর মেয়াদি বিমা পলিসি সম্পর্কে জানতেন এবং বিমা কোম্পানিতে তিনি বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি সেই বিমাদাবি পরিশোধের ব্যবসা করেন।

ক. প্রিমিয়াম কী? ১
খ. জীবন বিমাকে কেন নিশ্চয়তার চুক্তি বলা হয়? ২
গ. জনাব জামিলুর কী ধরনের বিমা পলিসি গ্রহণ করেছিলেন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব জামিলুরের পরিবারের কাছে বিমা গুরুত্ব আলোচনা কর। ৪

৭▶ মি. রাইয়ান খান একজন স্বনামধন্য ব্যবসায়ী। তিনি তার ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংকে এমন একটি হিসাব পরিচালনা করেন, যেখানে যতবার খুশি টাকা উত্তোলন করতে পারেন। প্রয়োজনে জমার অতিরিক্ত ঋণ নিতে পারেন তবে জমার বিপরীতে কোনো সুদ পান না। তবে তারই বন্ধু সরকারি চাকরিজীবী মি. ইমন ব্যাংক হিসাব খুলতে চাইলে ব্যাংক কর্মকর্তা তাকে এমন একটা হিসাব খোলার পরামর্শ দেন, যেখানে প্রয়োজনে টাকা উত্তোলন করা যাবে এবং জমাকৃত টাকার উপর সুদ পাওয়া যাবে।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. ব্যাংক হিসাব কীভাবে সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি করে? ২
গ. মি. রাইয়ান খান কোন ধরনের ব্যাংক হিসাব পরিচালনা করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. ইমনকে ব্যাংক কর্মকর্তা যে পরামর্শ দিলেন তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮▶ জনাব মশিউর রহমান একজন ব্যবসায়ী। তিনি জনাব ফরমান সাহেবের নিকট হতে পাওনা বাবদ ত্রিশ লক্ষ টাকার চেক আনতে অফিস স্টাফকে পাঠালেন। চেকটি বড় অঙ্কের হওয়ায় জনাব মশিউর রহমান জনাব ফরমান সাহেবকে দাগকাটা চেক প্রদানের অনুরোধ জানান এবং ফরমান সাহেব চেকের বাম পাশের উপরের দিকে দুটি আড়াআড়ি দাগকাটা চেক প্রদান করেন।

ক. বাসি চেক কাকে বলে? ১
খ. চেকের অনুমোদনের প্রয়োজন হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চেকটি কী ধরনের দাগকাটা চেক বলে তুমি মনে কর? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে চেকটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৯▶ জনাব রহিম সাহেব কাপড় ব্যবসায়ী। তিনি সিটি ব্যাংক লিমিটেড এর মাধ্যমে তার ব্যবসায়িক লেনদেন করে থাকেন। জনাব রহিম সিটি ব্যাংক লি. ও জনতা ব্যাংক লি. এর দুটি চেকের মাধ্যমে পণ্য বিক্রয় করলেন। জনতা ব্যাংকের চেকটির অর্থ তিনি সেই দিন উত্তোলন করতে পারলেন তবে সিটি ব্যাংক লি. এর চেকের অর্থ দুই কার্য দিবস পরে ব্যাংক হিসেবে জমা হলো।

ক. দাগকাটা চেক কাকে বলে? ১
খ. চেক প্রত্যাখ্যাত হওয়ার কারণসমূহ লেখ। ২
গ. জনতা ব্যাংকের চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব রহিম সাহেবের প্রাপ্ত চেকদ্বয়ের মধ্যে কোন চেকটি নিরাপদ"— যৌক্তিকতা উপস্থাপন কর। ৪

১০▶ জনাব আব্বাস ডাচ্-বাংলা ব্যাংক লি. এ তার সঞ্চয়ী হিসাব পরিচালনা করেন। ব্যাংক হতে তাকে একটি কার্ড প্রদান করে যার মাধ্যমে তিনি ২৪/৭ ব্যাংকিং সুবিধা ভোগ করেন। অপরদিকে জনাব রাশেদ একজন চাকরিজীবী। তার চাকরিস্থলে এসে ব্যাংকের প্রতিনিধি ক্রেডিট কার্ড নেওয়ার অনুরোধ করে এবং তিনি তা গ্রহণ করেন। ব্যাংক একটি অর্থ উত্তোলনের লিমিট নির্ধারণ করে দেয়। জনাব রাশেদ সেই পরিমাণ অর্থ উত্তোলনের মাধ্যমে কেনাকাটা করতে পারেন যা পরবর্তীতে পরিশোধ করে দেন।

ক. ডেবিট কার্ড কী? ১
খ. বর্তমানে ATM এর ব্যবহার এত জনপ্রিয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব আব্বাসের ব্যবহৃত কার্ডটি কী ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত কার্ডদ্বয়ের মধ্যে কোনটি উত্তম"— যৌক্তিকতা উপস্থাপন কর। ৪

১১▶ জনাব শাহিদা রাজশাহী শহরের একজন বাসিন্দা এবং বাংলাদেশ ব্যাংকে কর্মরত আছেন। তিনি একটি বিমা কোম্পানিতে গিয়ে রাজশাহী কলেজের বিমাচুক্তি করার আগ্রহ প্রকাশ করে যা বিমা কোম্পানি প্রত্যাখ্যান করে।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২
গ. একটি বিমাচুক্তি সম্পাদনে কী কী নীতিগুলো অনুসরণ করা হয়? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানি কর্তৃক বিমাচুক্তির প্রস্তাব প্রত্যাখ্যানের বিষয় তোমার যৌক্তিকতা উপস্থাপন কর। ৪

# ক্যান্টনমেন্ট কলেজ, যশোর

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ A ব্যাংক লি. একটি ব্যাণিজ্যিক ব্যাংক, যেটা দেশের মুরুব্বী ব্যাংকের নিয়মনীতি মেনে ব্যাংকিং কার্যাবলি পরিচালনা করে। B ব্যাংক লি. একটি ব্যাংক, যেটা নিজের নিয়ম দ্বারা পরিচালিত হয়। আবার C ব্যাংক দেশের মুদ্রানীতি প্রণয়নসহ অন্যান্য ব্যাংককে সহযোগিতা করে।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১
খ. ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে A ব্যাংক লি. এবং B ব্যাংক লি. এর মধ্যে তুলনামূলক পার্থক্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের কোন ব্যাংকটি C ব্যাংকের সহযোগিতা পাবে এবং কেন? বিশ্লেষণ কর। ৪

২▸ জনাব নাহিদ জনতা ব্যাংকের মহেশখালী শাখায় একটি হিসাব খুলে নির্দিষ্ট সময়ের জন্য টাকা জমা রাখেন। ব্যবসার প্রয়োজনে টাকার দরকার হওয়ায় হিসাব খোলার কিছুদিন পর ব্যাংকে গেলে ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি জানায়। পরে তিনি ব্যবসা সহায়ক একটি হিসাব খুলেন।

ক. ব্যাংক হিসাব বিবরণী কী? ১
খ. পাস বই বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব নাহিদের প্রথম হিসাবটি কী ধরনের ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব নাহিদের পরের খোলা হিসাবটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৩▸ জনাব শাকিল ৮,০০০ টাকার মাল বিক্রি করেছেন । ক্রেতা জনাব রাজ্জাক ১ মাস পর টাকা দিতে চান। জনাব শাকিল বললেন, আপনি স্ট্যাম্পযুক্ত একটা কাগজে ১ মাস পর আমাকে টাকা দিবেন এটা লিখে দিন। জনাব শাকিল নিজেই জনাব আতাউরের কাছ থেকে ১৫,০০০ টাকার মাল কিনেছেন। এক মাস পর টাকা দিতে চাইলে জনাব আতাউর বললেন, আমি স্ট্যাম্পযুক্ত সাদা কাগজে একটা দলিল তৈরি করে দিই, আপনি তাতে স্বীকৃত লিখে স্বাক্ষর করবেন। জনাব শাকিল স্বাক্ষর কেন করতে হবে এ নিয়ে ভাবছেন।

ক. MICR-এর পূর্ণরূপ কী? ১
খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. জনাব রাজ্জাকের প্রদত্ত দলিলটি কোন ধরনের দলিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব আতাউরের লিখিত দলিলে জনাব শাকিলের স্বাক্ষরের আবশ্যকতা বিশ্লেষণ কর। ৪

৪▸ ব্যাংকের ইতিহাস পড়তে গিয়ে আকরাম জানতে পারে, আধুনিক ব্যাংকিং ব্যবস্থার পিছনে বিভিন্ন শ্রেণি পেশার মানুষের অবদান রয়েছে। তাদেরকে বিবেচনা করা হয় আধুনিক ব্যাংকের পূর্বসূরি হিসেবে। তাদের সেই অর্থনৈতিক কার্যাবলির (যেমন– জমা রসিদ, উত্তোলন রসিদ ইত্যাদি) সাথে আজকের আধুনিক ব্যাংকিং কার্যক্রমের অনেক মিল পরিলক্ষিত হয়।

ক. বিশেষায়িত ব্যাংক কী? ১
খ. ব্যাংক তারল্য সংরক্ষণ করে কেন? ২
গ. "পূর্বেকার ব্যাংক ব্যবস্থার উত্তরসূরিদের অনেক কাজ বর্তমান আধুনিক ব্যাংক ব্যবস্থায় পরিলক্ষিত হয়"– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী আধুনিক ব্যাংক ব্যবস্থার উন্নয়নের পেছনে উত্তরসূরিদের অবদান সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৫▸ ভোগ্যপণ্যের বাজার দর বৃদ্ধির প্রেক্ষিতে কেন্দ্রীয় ব্যাংক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে ঋণের ব্যয় ও শর্ত পরিবর্তনের নির্দেশ দেয়। বাস্তবে দেখা যায় যে, এই নির্দেশ কার্যকর হওয়ার পরও জিনিসপত্রের দাম কমছে না। এখন কেন্দ্রীয় ব্যাংক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে বিভিন্নভাবে উপদেশ ও পরামর্শ প্রদানের মাধ্যমে নৈতিকভাবে প্রভাবিত ও প্ররোচিত করে ঋণ নিয়ন্ত্রণের চেষ্টা করে।

ক. ব্যাংক হার নীতি কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন সরকারের ব্যাংক বলা হয়? ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক প্রথমে কোন ধরনের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর কেন্দ্রীয় ব্যাংকের পরবর্তী পদক্ষেপসমূহ কাঙ্ক্ষিত উদ্দেশ্য অর্জনে সহায়ক হবে? যুক্তিসহ উত্তর দাও। ৪

৬▸ জনাব আরজু ও জনাব ওমরের পৃথক ব্যাংক হিসাব আছে। ব্যাংক তাদেরকে দুটি প্লাস্টিক কার্ড দেয়। তারা শপিং মলে কেনাকাটা করতে যায়। প্লাস্টিক কার্ডের মাধ্যমে তারা কেনাকাটা করতে সক্ষম হন। এক্ষেত্রে আরজুর ব্যাংক হিসাবে টাকা থাকলেও ওমরের ব্যাংক হিসাবে টাকা ছিল না।

ক. বিক্রয় বিন্দু সেবা কী? ১
খ. স্বয়ংক্রিয় নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ব্যাংকের কোন প্লাস্টিক কার্ডের কারণে জনাব আরজু কেনাকাটা করতে সক্ষম হন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্লাস্টিক কার্ড দুটির সুবিধা-অসুবিধার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭▸ জনাব সিফাত চিত্রা ব্যাংক লি. এর নীলগঞ্জ শাখার একজন নিয়মিত গ্রাহক। ব্যাংকটি ৭১৫টি শাখার মাধ্যমে গ্রাহকদেরকে সেবা প্রদান করে চলেছে। জনাব সিফাত তার সব ব্যবসায়িক কার্যক্রম চিত্রা ব্যাংক লি. এর নীলগঞ্জ বাজার শাখার মাধ্যমে করে থাকেন। কিন্তু গতকাল ব্যাংকটির ম্যানেজার তাকে ফোন দিয়ে জানান, তার চলতি হিসাবে জমা সম্পূর্ণ ১০ লক্ষ টাকার ওপর লেনদেন বন্ধের আদালত থেকে একটি নির্দেশ এসেছে।

ক. ভোক্তা ব্যাংক কী? ১
খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আদালতের নির্দেশনাটি ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংকটি গ্রাহকদের সাথে সম্পর্ক উন্নয়নে এবং প্রবৃদ্ধি অর্জনে কী ধরনের ভূমিকা রেখেছে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ জনাব হাসেম এবং তার স্ত্রীর জীবনের ওপর ১৫ বছরের জন্য একটি বিমা পলিসি গ্রহণ করেন। চুক্তি অনুযায়ী ১৫ বছরের মধ্যে যেকোনো একজন মারা গেলে বিমাদাবি পরিশোধ করা হবে। আবার উভয়ই জীবিত থাকলে মেয়াদ শেষে বিমাদাবি পরিশোধ করা হবে।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. বিমায় বোনাস দেওয়া হয় কেন? ২
গ. জনাব হাসেমের গৃহীত বিমাটি কোন ধরনের জীবন বিমা? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব হাসেমের গৃহীত বিমা পলিসিটি বিনিয়োগ ও প্রতিরক্ষা দু'দিকেই কাজ করে– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯▸ জনাব কামাল একটি আমদানি-রপ্তানি প্রতিষ্ঠানের মালিক। ব্যবসায়িক কাজে বিদেশ যাওয়ার আগে পরিবারের ভবিষ্যতের চিন্তা করে ৬ মাসের জন্য একটি জীবন বিমাপত্র গ্রহণ করে। তাছাড়া অধিক নিরাপত্তার জন্য তার প্রতিষ্ঠানে রক্ষিত গুদামে পণ্য ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের লক্ষ্যে প্রগতি বিমা কোম্পানি ও সাধারণ বিমা কোম্পানির নিকট বিমাপত্র গ্রহণ করে।

ক. গোষ্ঠী বিমা কী? ১
খ. জীবন বিমায় নৈতিক ঝুঁকির পরিমাণ কম কেন? ২
গ. উদ্দীপকের জনাব কামাল পরিবারের ভবিষ্যতের চিন্তা করে কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. গুদামের পণ্যের জন্য গৃহীত বিমাপত্রটির গুরুত্ব মূল্যায়ন কর। ৪

১০▸ মিসেস রাবেয়ার উত্তরা হাউজিংয়ে একটি বাড়ি আছে। উক্ত বাড়িতে তার বড় ভাই পরিবারসহ বসবাস করে এবং বাড়িটির দেখাশুনা করে। বাড়িটি মিসেস রাবেয়ার ভাই বিমা প্রতিষ্ঠানের কাছে বিমা করতে গেলে বিমা প্রতিষ্ঠান বিমা করতে অস্বীকৃতি জানায়।

ক. IDRA-এর পূর্ণরূপ কী? ১
খ. "বিমা হলো ক্ষতিপূরণের চুক্তি"– ব্যাখ্যা কর। ২
গ. মিসেস রাবেয়ার ভাই কেন বাড়িটি বিমা করতে পারলো না? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বাড়িটি কীভাবে বিমা করা যাবে? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১১▸ জনাব তুহিন তার ব্যক্তিগত গাড়ির জন্য ২০ লক্ষ টাকার বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। জনাব তুহিন বিমাদাবি পেশ করলে বিমা প্রতিষ্ঠানটি দাবিকৃত ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি একজন ব্যবসায়ী ১,০০,০০০ টাকায় কিনেন। গাড়ি বিক্রি থেকে পাওয়া অর্থ জনাব তুহিন দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমা কী? ১
খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের জনাব তুহিন কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে অর্থলাভ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠানটি কর্তৃক জনাব তুহিনের সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

SURE SUCCESS

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১▶ গোমতি ব্যাংক দেশের অনেক ছোট ছোট ব্যাংকের শেয়ার কিনে নিয়ন্ত্রণ নেয় এবং দেশের ব্যাংকিং জগতের অন্যতম সেবাদানকারী প্রতিষ্ঠানের মর্যাদা পায়। পরবর্তীতে পরিচালনা পর্ষদ পরিবর্তন হওয়ায় ব্যাংকটি আগ্রাসী নীতি ও কার্যক্রম গ্রহণ করে। দেশের প্রত্যন্ত অঞ্চলগুলোতে ব্যাংকের শাখা প্রতিষ্ঠা করা হয়। কিন্তু কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা আরোপে প্রতিষ্ঠানটি হিমশিম খাচ্ছে।

ক. গারনিশী অর্ডার কী? ১
খ. ব্যাসেল-২ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের গোমতি ব্যাংক সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থা গড়ে তুলেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকটির পক্ষে কার্যকর নিয়ন্ত্রণের ব্যর্থতার মূল্যায়ন কর। ৪

২▶ বাণিজ্যিক ব্যাংকসমূহ ঋণদান কার্যক্রম বৃদ্ধি করায় দেশের দ্রব্যমূল্য ক্রমাগত বৃদ্ধি পায়। ফলে সরকার বাংলাদেশ ব্যাংককে মুদ্রাস্ফীতি রোধে বিশেষ ভূমিকা পালন করার নির্দেশ দেয়। এ প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোর নগদ জমার হার ৪% থেকে ৬% এ উপনীত করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদান সামর্থ্য কমলেও তা আশানুরূপ না হওয়ায় বাংলাদেশ ব্যাংক পরবর্তীতে বাজারে কিছু বন্ড ও সিকিউরিটি বিক্রয় করে। এতে দেশের আর্থিক বাজার স্থিতিশীল হয়।

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. ঋণের সুদের হার জীবনযাত্রার মানের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে প্রথমে কোন পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর বাংলাদেশ ব্যাংকের পরবর্তী পদক্ষেপটি কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সহায়ক হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩▶ জনাব জাওয়াদ ৬ বছর মেয়াদি একটি ব্যাংক হিসাবে ৫ লক্ষ টাকা জমা রাখেন। ব্যাংক তাকে কোনো চেক বই দেয়নি। অন্যদিকে তার বন্ধু ফাইয়াজ প্রতি মাসে ৫,০০০ টাকা করে ব্যাংকে জমা রাখার সিদ্ধান্ত নিয়েছেন। চুক্তি অনুযায়ী তিনি আগামী ৫ বছরব্যাপী তার ব্যাংক হিসাবে টাকা জমা রাখবেন এবং মেয়াদশেষে এককালীন সম্পূর্ণ অর্থ উত্তোলন করবেন।

ক. চেক বই কী? ১
খ. নমুনা স্বাক্ষর কার্ড কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকে জনাব জাওয়াদ কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব ফাইয়াজের ব্যাংক হিসাব একাধারে সঞ্চয় ও বিনিয়োগ সুবিধা প্রদান করবে।" – তুমি কি একমত? মতামত দাও। ৪

৪▶ নাজির ও রহিম দুজনেই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। মি. রহিম তিন মাস পর মূল্য পরিশোধের শর্তে বাকিতে মি. নাজিরকে ৫,০০,০০০ টাকার মালামাল দেন, কিন্তু মি. নাজির পারিবারিক কিছু দুর্ঘটনার কারণে ব্যবসায়ে সময় দিতে না পারায় মন্দাবস্থা দেখা দেয় এবং মি. রহিমের টাকা পরিশোধ না করেই তিনি তার ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে দেন। উপায়ান্তর না পেয়ে মি. রহিম আদালতের শরণাপন্ন হন। আদালত মি. নাজিরের ব্যাংক হিসাবের বিপরীতে স্থগিতাদেশ জারি করেন।

ক. চেইন ব্যাংকিং কী? ১
খ. ব্যাংক তারল্য সংরক্ষণ করে কেন? ২
গ. উদ্দীপকে আদালত মি. নাজিরের ব্যাংক হিসাবের বিপরীতে যে ধরনের আদেশ জারি করেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. আদালতের মাধ্যমে মি. রহিম কি তার টাকা ফেরত পাওয়ার আশা করতে পারেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫▶ কুমিল্লার মনির ব্যবসায়ের প্রয়োজনে ঢাকার চাঁদনী চকের ব্যবসায়ী রাসেলকে ৩০ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন। জুনের ১ তারিখে ইস্যুকৃত চেকটি রাসেল ডিসেম্বরের ১০ তারিখে তার ব্যাংক হিসাবে জমা দেন।

ক. প্রত্যয়পত্র কী? ১
খ. বিনিময় বিল কি শর্তযুক্ত হতে পারে? ২
গ. উদ্দীপকে বর্ণিত চেকটি কোন ধরনের? এ চেকের সুবিধা বর্ণনা কর। ৩
ঘ. রাসেল কীভাবে তার প্রাপ্য টাকা আদায় করতে পারবেন? ব্যাখ্যা কর। ৪

৬▶ জনাব শাওন এমবিএ পাস করে একটি ব্যাংকে 'সহকারী পরিচালক' পদে যোগদান করেন, ব্যাংকটি দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষা ও ঋণ নিয়ন্ত্রণের সাথে সংশ্লিষ্ট। অন্যদিকে, তার বন্ধু সাগর আরেকটি ব্যাংকে 'সিনিয়র অফিসার' পদে যোগদান করে যেটি জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে এবং প্রয়োজনে ঋণদানের মাধ্যমে প্রতিষ্ঠানের জন্য প্রয়োজনীয় মুনাফা অর্জন নিশ্চিত করে। কার্যাবলি ভিন্ন হলেও সাগরের কর্মরত ব্যাংককে শাওনের কর্মরত ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকতে হয়।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কোন ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় এবং কেন? ২
গ. কার্যাবলির ভিত্তিতে শাওনের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাগরের কর্মরত ব্যাংককে শাওনের কর্মরত ব্যাংকের নিকট দায়বদ্ধ থাকার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▶ জনাব রফিক সম্প্রতি ব্যাংক থেকে টাকা উত্তোলন ও ঋণের কিস্তি পরিশোধে এক ধরনের কার্ড ব্যবহার করেন। কিন্তু ব্যাংক হিসাবে পর্যাপ্ত টাকা না থাকলে এ কার্ডের কোনো কার্যকারিতা থাকে না। অপরদিকে তার ভাই শফিক ভিন্ন ধরনের আরেকটি কার্ড ব্যবহার করেন যা নগদ অর্থের বিকল্প হিসেবে যেমন ব্যবহৃত হয় তেমনি হিসাবে টাকা না থাকলেও নির্দিষ্ট পরিমাণ অর্থ পর্যন্ত পণ্য বা সেবা ক্রয় ও নগদ অর্থ উত্তোলন করতে পারেন।

ক. SWIFT এর পূর্ণরূপ কী? ১
খ. বিক্রয় সেবা বিন্দু (POS) বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রফিক কোন ধরনের কার্ড ব্যবহার করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রফিক ও শফিকের ব্যবহৃত কার্ডের মধ্যে সার্বক্ষণিক ও তাৎক্ষণিক লেনদেনে কোনটি শ্রেয়? ব্যাখ্যা কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮▶ জনাব রাতুল তার ঝুঁকিবহুল গ্লাস কারখানার জন্য আলফা বিমা কোম্পানি ও বিটা বিমা কোম্পানি নামে দুটি বিমা কোম্পানির সাথে যথাক্রমে ১২ লক্ষ ও ৮ লক্ষ টাকার পৃথক পৃথক দুটি বিমাচুক্তি করেন। দুর্ঘটনায় কারখানাটির ১০ লক্ষ টাকা ক্ষতি হলে আলফা বিমা কোম্পানি জনাব রাতুলের দাবিকৃত অর্থ ক্ষতিপূরণ করেন। পরবর্তীতে আলফা বিমা কোম্পানি বিটা বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণের অংশ দাবি করে।

ক. দায় বিমা কী? ১
খ. "বিশ্বাসই হলো বিমাচুক্তির মূলধন"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রাতুল দুটি বিমা কোম্পানির সাথে কোন ধরনের বিমাচুক্তি করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. আলফা বিমা কোম্পানি যে নীতির আলোকে বিটা বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবি করে তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯▶ মি. কায়েস ভবিষ্যতের কথা চিন্তা করে একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন যার উত্তরাধিকারী করা হয় তার একমাত্র ছেলে সামিনকে। বিমা পলিসি গ্রহণকালে তিনি তার একটি মারাত্মক রোগের তথ্য গোপন করেন। পাঁচটি প্রিমিয়াম প্রদানের পর মি. কায়েস মৃত্যুবরণ করেন। সামিন বিমাদাবি করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. সমর্পণ মূল্য কী? ১
খ. মৃত্যুহারপঞ্জি বলতে কী বোঝায়? ২
গ. মি. কায়েস কোন ধরনের বিমা করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি সামিনের দাবি প্রত্যাখ্যান করে কেন? বুঝিয়ে লেখ। ৪

১০▶ মি. রাকিব একটি পোশাক কারখানার মালিক। তিনি তার শ্রমিকদেরকে পর্যাপ্ত বেতন-ভাতা দিয়ে থাকেন। তিনি কারখানার স্থায়িত্বের কথা চিন্তা করে উক্ত কারখানার জন্য একটি বিমাপত্র খোলেন। তিনি শ্রমিকদের জন্যও একটি বিমা করেন। এতে শ্রমিকগণ উৎসাহের সাথে কারখানার কাজ করছেন।

ক. প্রিমিয়াম কী? ১
খ. "বিমা হলো ক্ষতিপূরণের চুক্তি"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মি. রাকিব কারখানার জন্য কোন ধরনের বিমা করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মি. রাকিবের কারখানার শ্রমিকদের জন্য বিমাপত্র খোলার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▶ জনাব শিমুল ১২ বছরের জন্য পাঁচ লক্ষ টাকার একটি জীবন বিমা চুক্তি সম্পাদন করেন। ৫ বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থ্যের কারণে বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে তিনি বিমা কোম্পানিকে জানান এবং প্রিমিয়ামের টাকা দাবি করেন। বিমা কোম্পানি তাকে দাবিকৃত পাঁচ লক্ষ টাকা পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক. আজীবন বিমাপত্র কী? ১
খ. পুনর্বিমার ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. জনাব শিমুল কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিমা কোম্পানির বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানো কি যৌক্তিক? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ জনগণকে বৃহৎ পরিসরে ব্যাংকিং সেবা প্রদান ও মুনাফা অর্জনের লক্ষ্যে 'সুরমা ব্যাংক পিএলসি' দেশের বিভিন্ন অঞ্চলে তাদের কার্যক্রম সম্প্রসারিত করেছে। এর ফলে ব্যাংকটি প্রচুর পরিমাণে আমানত সংগ্রহসহ গ্রাহকদের বিভিন্ন ধরনের আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদান করতে সক্ষম হচ্ছে। অন্যদিকে 'বাংলাদেশ ব্যাংকের' পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, ব্যাংকটি দীর্ঘসময় ধরে কয়েকজন ঋণখেলাপি ব্যক্তিকে ঋণ প্রদান করছে এবং পর্যাপ্ত পরিমাণে সঞ্চিতি সংরক্ষণ ছাড়াই শেয়ারবাজারে অধিক ঝুঁকিপূর্ণ শেয়ারে বিনিয়োগ করছে। আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী মূলধনের আদর্শমান সংরক্ষণ না করায় 'বাংলাদেশ ব্যাংক' ব্যাংকটির বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১

খ. KYC ফরম কেন গুরুত্বপূর্ণ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'সুরমা ব্যাংক পিএলসি' সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'সুরমা ব্যাংক পিএলসি'-এর বিরুদ্ধে 'বাংলাদেশ ব্যাংক' কর্তৃক কঠোর অবস্থান গ্রহণের সিদ্ধান্তটি কোন আন্তর্জাতিক চুক্তি অনুসারে যৌক্তিক তা মূল্যায়ন কর। ৪

২▸ আইটি ব্যবসায়ী জনাব রহমান তার হিসাবের একটি চেক জনাব সিফাতকে দিলেন যে চেকে প্রাপকের ঘরে কোনো নাম লেখা ছিল না। জনাব সিফাত চেকটি তার হিসাবে জমা দেওয়ার জন্য চেকের বাম পাশে দুটি রেখা টেনে রেখাদ্বয়ের মধ্যে তার ব্যাংক হিসাব নং লিখে এক কর্মচারীকে ব্যাংকে পাঠালেন। প্রাপকের নাম না থাকায় ব্যাংক কর্মকর্তা ম্যানেজার সাহেবকে বিষয়টি জানান। ম্যানেজার সাহেব বললেন, "চেকের টাকা মি. সিফাতের হিসাবে জমা করে দিলে কোনো সমস্যা নেই।"

ক. বাসি চেক কী? ১

খ. চেকের অনুমোদন-এর ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. জনাব রহমান সিফাতকে কী ধরনের চেক প্রদান করেছিলেন? বর্ণনা কর। ৩

ঘ. চেকটি জনাব সিফাতের হিসাবে জমা দেওয়ার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ রংপুরের অমর একজন ক্ষুদ্র উদ্যোক্তা। মাসিক সকল খরচ মেটানোর পর তিনি কিছু কিছু অর্থ চিত্রা ব্যাংক পিএলসিতে একটি হিসাব খুলে জমা করেন এবং জমার বিপরীতে ব্যাংক সুদ প্রদান করে থাকে। এ হিসাবে যখন ইচ্ছে টাকা জমা করা গেলেও অর্থ উত্তোলন করতে বাধ্য-বাধকতা রয়েছে। তাই তিনি নিয়মিত অর্থ জমা ও উত্তোলন করা যায় এমন একটি হিসাব খোলার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা দাও। ২

গ. প্রথমে অমর ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ৩

ঘ. অমর নতুন হিসাব খোলার যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা কতটুকু বাস্তবসম্মত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৪▸ মি. খালেদ কোম্পানির একজন ব্যবস্থাপক। তিনি আলফা ব্যাংক পিএলসি'-এ একটি সঞ্চয়ী হিসাব খোলে আর্থিক লেনদেন সম্পাদন করেন। ব্যাংক কর্তৃপক্ষ মি. খালেদকে সাংকেতিক নম্বরযুক্ত বিশেষ ধরনের একটি প্লাস্টিক কার্ড প্রদান করে। যা দ্বারা চেকের বিকল্প হিসেবে জমাকৃত অর্থ উত্তোলন, পণ্যদ্রব্য ক্রয় করা যায়। তিনি কোম্পানির কাজে ব্যস্ততার কারণে বিমার প্রিমিয়াম, গ্যাস, পানি, বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন। তিনি সমস্যাসমূহ ব্যাংক কর্তৃপক্ষকে জানালে, ব্যাংক কর্তৃপক্ষ ব্যাংকের ওয়েবসাইটে নাম ও নির্দিষ্ট পাসওয়ার্ড ব্যবহার করে ব্যাংকিং সেবা গ্রহণের পরামর্শ দেয়।

ক. ই-ব্যাংকিং কী? ১

খ. বর্তমানে ATM-এর ব্যবহার এত জনপ্রিয় কেন? ২

গ. উদ্দীপমে মি. খালেদ ব্যাংক থেকে কোন ধরনের কার্ড পেয়েছেন বলে তুমি মনে কর? এই কার্ডের গুরুত্ব মূল্যায়ন কর। ৩

ঘ. তুমি কী মনে কর বর্তমানে প্রায় সকল ধরনের লেনদেন ব্যাংককেন্দ্রিক হওয়া সম্ভব? উদ্দীপকের মন্তব্য কর। ৪

৫▸ সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো বিলাসবহুল দ্রব্য ক্রয়ে অধিক পরিমাণ ঋণ দেওয়ায় বাজারে মুদ্রাস্ফীতি দেখা দেয়। তাই বাংলাদেশ ব্যাংক সঞ্চিতি বৃদ্ধির সিদ্ধান্ত নেয়। কিন্তু তাতে ঋণ সরবরাহ পরিস্থিতি তেমন পরিবর্তন না হওয়ায় বাংলাদেশ ব্যাংক কিছু বন্ডও বাজারে ছেড়েছে। এতে গ্রাহকদের মধ্যে যথেষ্ট সাড়া পাওয়া যাচ্ছে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কোন ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে সর্বপ্রথম কোন পদ্ধতি অবলম্বন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশ ব্যাংক কর্তৃক গ্রহণকৃত ঋণ নিয়ন্ত্রণের পরবর্তী পদ্ধতিটি মুদ্রাস্ফীতির ওপর কীরূপ প্রভাব ফেলবে? বিশ্লেষণ কর। ৪

৬▸ মিসেস জোহরা একটি কলেজে অধ্যাপনা করেন। তিনি ব্যাংকে একটি হিসাব খোলার জন্য প্রয়োজনীয় তথ্য পূরণ করে একটি ফরম জমা দেন। তিনি বেতন হতে কিছু পরিমাণ অর্থ মাঝে মাঝে তার সেই ব্যাংক হিসাবে জমা করেন। কয়েক বছর পর তিনি ব্যাংক হিসাবে জমানো টাকাগুলো একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে আরও লাভজনক খাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে রাখা যায় কিনা তা ভাবলেন। সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার পরামর্শ পেয়েছেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. চলতি হিসাবের বিপরীতে ব্যাংক সুদ প্রদান করে না কেন? ২

গ. উদ্দীপকে মিসেস জোহরা প্রথমে ব্যাংক হিসাব খোলার জন্য কোন ফরম পূরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস জোহরার ২য় পর্যায়ে হিসাব খোলার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ বাংলাদেশ ব্যাংক বেশ কিছুদিন ধরেই লক্ষ করছে দেশের বাণিজ্যিক ব্যাংকগুলো সকল খাতে ঋণ না দিয়ে কিছু নির্দিষ্ট খাতে বিশেষ করে ভোগ্যপণ্যের ওপর বেশি ঋণ দিচ্ছে যা একটি সুসম অর্থনীতির জন্য কল্যাণকর নয়। তাই কেন্দ্রীয় ব্যাংক এসব ঋণ নিয়ন্ত্রণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করে ও সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় উপদ্রুব এলাকার সকল ব্যাংকের শাখাকে ৪০% কৃষিখাতে ঋণ দেওয়ার জন্য নির্দেশনা জারি করে।

ক. গারনিশি অর্ডার কী? ১

খ. "কেন্দ্রীয় ব্যাংক ঋণদানের শেষ আশ্রয়স্থল"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের ১ম গৃহীত পদক্ষেপ ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘূর্ণিঝড় পরবর্তী কৃষকদের ঋণ প্রাপ্তিতে কেন্দ্রীয় ব্যাংক যে নীতি ব্যবহার করছে তার যথার্থতা মূল্যায়ন কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ রফিক ও শফিক দুই বন্ধু। তারা একই সাথে সুরমা লাইফ ইন্স্যুরেন্স কোং লি.-এ ১০ বছর মেয়াদি ১০ লক্ষ টাকার দুইটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। নির্দিষ্ট সময়ের পূর্বে জনাব রফিক চাকরিচ্যুত হওয়ায় বিমার প্রিমিয়াম দেওয়া তার পক্ষে আর সম্ভব হয়ে উঠে না। তবে শফিক তার বিমা পলিসির মেয়াদ পূর্ণ করেন।

ক. আজীবন বিমাপত্র কী? ১

খ. "জীবন বিমা মানুষের প্রাত্যহিক জীবনের আর্থিক হাতিয়ারস্বরূপ"– কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ২

গ. উদ্দীপকের শফিক বিমা কোম্পানির নিকট থেকে কী ধরনের সুবিধা পাবেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দুই বন্ধুর বিমা সুবিধার চিত্র তুলে ধর। ৪

৯▸ মি. শিকদার একজন প্রতিষ্ঠিত শিল্পপতি। তিনি তার শিল্পের সম্প্রসারণে এমন একটি নতুন প্রকল্প হাতে নিতে চাচ্ছেন, যেখানে মোটা অঙ্কের বিনিয়োগ প্রয়োজন সেখানে ঝুঁকিও প্রচুর। তার বিনিয়োগযোগ্য মূলধন (সম্পত্তি) হারানোর ভয়ে বিমা কোম্পানির কাছে বিমা করতে গেলে বিমা কোম্পানি বিমা করতে অপারগতা জানায়।

ক. বিশুদ্ধ ঝুঁকি কী? ১

খ. আর্থিক ক্ষতিপূরণের নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. শিকদারের বিনিয়োগযোগ্য মূলধন কোন ধরনের ঝুঁকির অন্তর্গত? বিমা ব্যবসায়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মি. শিকদারের নতুন প্রকল্প বিমা প্রতিষ্ঠান বিমা করতে অপারগতা জানানো কি ন্যায়সঙ্গত হয়েছে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

১০▸ মি. সিহান তার বাবার সাথে একই বাড়িতে থাকে। বাড়িটি সিহানের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে মি. সিহান বাড়িটি বিমা করতে গেলে বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন মি. সিহানের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। তারপর মি. সিহান বিমা কোম্পানিকে না জানিয়ে বাড়ির ২য় তলায় কাজ শুরু করেন। ২য় তলায় কাজ শেষ হওয়ার পরপরই বাড়িটি এক পাশে হেলে গেছে। মি. সিহানের বাবা বিমাদাবি করেন।

ক. বিমা কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২

গ. কোন নীতির জন্য মি. সিহানের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সিহানের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? কারণ বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. মারজুক একজন সরকারি চাকরিজীবী ছিলেন। প্রতি মাসে তার বেতন থেকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জীবন বিমার প্রিমিয়াম হিসেবে কেটে রাখা হতো। চাকরিতে যোগদানের বিশ বছর পর তিনি হঠাৎ করেই একদিন মারা যান। পরবর্তীতে তার ছেলে ও মেয়ের বিমাদাবির টাকা আদায় করতে গেলে বিমা কোম্পানি ছেলেকে টাকা না দিয়ে তার মেয়েকে টাকা প্রদান করে।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. বোনাস বলতে কী বোঝায়? ২

গ. মি. মারজুক কোন ধরনের জীবন বিমা করেছিলেন? মতামত দাও। ৩

ঘ. বিমা কোম্পানি বিমাদাবির টাকা মি. মারজুক সাহেবের ছেলেকে প্রদান না করে তার মেয়েকে প্রদান করার কারণ কী বলে তোমার মনে হয়? যুক্তি দাও। ৪

# জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১। X ব্যাংক এবং Y ব্যাংক দেশের বিভিন্ন অঞ্চলে শাখা স্থাপন করে ব্যাংকিং কার্যাবলি পরিচালনা করে। ব্যাংক দুটি সঞ্চয় সংগ্রহ এবং ঋণদানের ব্যবসায়ে জড়িত। অধিক ব্যাংকিং সুবিধা লাভের জন্য ব্যাংক দুটি নিজেদের অস্তিত্ব বজায় রেখে একত্রে কার্যক্রম পরিচালনা করতে চায়।

ক. মিশ্র ব্যাংক কী? ১
খ. একক ব্যাংক অপেক্ষা শাখা ব্যাংক কেন উত্তম? ব্যাখ্যা কর। ২
গ. কার্যাবলির ভিত্তিতে উদ্দীপকে বর্ণিত X এবং Y ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. অধিক সুবিধা গ্রহণের জন্য তারা যে ধরনের ব্যাংকিং কাঠামোতে প্রবেশ করতে চায় তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। শফিক এবং তুহিন সাহেব দুইজনই ব্যবসায়ী। তারা প্রায়ই নিজেদের মধ্যে আর্থিক লেনদেন করে থাকেন। ইদানীং শফিক সাহেবের ব্যবসায় ভালো যাচ্ছে না। তাই তিনি তুহিন সাহেবের পাওনা টাকা পরিশোধ করতে পারছেন না। তুহিন সাহেবও অনেক দিন চেষ্টা করে তার পাওনা আদায় করতে ব্যর্থ হন। পরবর্তীতে তুহিন সাহেব আদালতের শরণাপন্ন হন। আদালত তাৎক্ষণিক শফিক সাহেবের যে ব্যাংকে হিসাব আছে সেই ব্যাংককে একটি লিখিত আদেশ দেন যেন শফিক সাহেবের ব্যাংক হিসাব বন্ধ করে রাখা হয়।

ক. ব্যাংক ব্যবস্থায় তারল্য কী? ১
খ. "তালিকাভুক্ত ব্যাংক কম ঝুঁকিপূর্ণ"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উদ্ভূত পরিস্থিতি আদালত কী জারি করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুহিন সাহেব আদালতের মাধ্যমে পাওনা টাকা ফেরত পাবেন কি? তোমার মতামত দাও। ৪

৩। মি. নয়ন এমন একটি ব্যাংকে চাকরি করেন যে ব্যাংককে সকল ব্যাংকের মুরুব্বি বলা হয়। দেশের বিভিন্ন অঞ্চলে ব্যাংকটির আঞ্চলিক কার্যালয় রয়েছে। সব আঞ্চলিক কার্যালয়ে একটি নির্দিষ্ট কক্ষ রয়েছে যেখানে বিভিন্ন ব্যাংকের চেক ও ড্রাফট এসে জমা হয় আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তির জন্য।

ক. ব্যাংক হার কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে ঋণদানের শেষ আশ্রয়স্থল বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব নয়নের ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃক সম্পাদিত কাজটি ব্যাংক ব্যবসায়কে গতিশীল ও শক্তিশালী করতে কীভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ কর। ৪

৪। বাংলাদেশ ব্যাংক সম্প্রতি লক্ষ করছে যে, বাণিজ্যিক ব্যাংকসমূহ বেশি মুনাফার আশায় প্রচুর পরিমাণে ঋণ দিচ্ছে যার ফলে দেশে মুদ্রাস্ফীতি বেড়েছে। এমতাবস্থায় মুদ্রাস্ফীতি কমানোর জন্য বাংলাদেশ ব্যাংক প্রথম শ্রেণির বিল ও সিকিউরিটিজসমূহের বাট্টার হার বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে।

ক. BACH-এর পূর্ণরূপ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে বাণিজ্যিক ব্যাংকের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন কৌশলটি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঋণ নিয়ন্ত্রণ করতে বাংলাদেশ ব্যাংকের গৃহীত সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫। নিচের চিত্র থেকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. চেকের অনুমোদন কী? ১
খ. চেক হারিয়ে গেলে কী করতে হবে? ব্যাখ্যা কর। ২
গ. উপরিউক্ত চিত্রে কোন ধরনের চেক উপস্থাপন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত চেকটি ব্যবসায়ের ক্ষেত্রে ব্যবহার করা কতটা যৌক্তিক বলে তুমি মনে কর? ৪

৬। জনাব শফিক একজন চাকরিজীবী। তিনি একটি ব্যাংক হিসাব খুলে চেক বই ও পাস বই পেয়েছেন। কিন্তু তাঁর আয় স্বল্প হওয়ায় ঐ হিসাবে কোনো টাকাই জমা করতে পারেননি। তাঁর এক বন্ধুর পরামর্শে আরেকটি হিসাব খুলে প্রতি মাসে ৫০০ টাকা করে জমা দেন। এভাবে নিয়মিত জমা দিলে ৫ বছর পর ৫০,০০০ টাকা পাবেন। এই হিসাবে ব্যাংক তাঁকে কোনো চেক বই দেন নি।

ক. চলতি হিসাব কী? ১
খ. "ব্যাংক হিসাব হলো ব্যাংকিং সেবা গ্রহণের প্রবেশদ্বার"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব শফিক প্রথমে কোন ধরনের হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নতুন হিসাবটি জনাব শফিকের আর্থিক সচ্ছলতা বৃদ্ধিতে সহায়ক"– বক্তব্যের যথার্থতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। মিসেস মোনালিসা মোহনা ব্যাংকের সিলেট শাখার একজন গ্রাহক। তার ছেলে ঢাকায় থেকে কলেজে লেখাপড়া করছে। বিশেষ প্রয়োজনে হঠাৎ তার ছেলের জরুরি ভিত্তিতে দ্রুত টাকার প্রয়োজন পড়ে। একদিনের মধ্যে সিলেট শাখা থেকে ঢাকার শাখায় টাকা পাঠানোর জন্য তিনি মোহনা ব্যাংকের শরণাপন্ন হন। ব্যাংক প্রায় সাথে সাথেই তার লেনদেনটি সম্পাদন করে দেয়।

ক. ক্রেডিট কার্ড কী? ১
খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ব্যাখ্যা কর। ২
গ. মিসেস মোনালিসা যে ব্যাংকে লেনদেন করেছেন তা কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিসেস মোনালিসা যে ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করেছেন তা সনাতন ব্যাংকিং ব্যবস্থায় পাওয়া সম্ভব না– উদ্দীপকের আলোকে উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

## খ-বিভাগ : বিমা

৮। জনাব আহসান তার ব্যক্তিগত গাড়ির জন্য বিশ লক্ষ টাকার একটি বিমা করেন। একটি দুর্ঘটনায় গাড়িটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। জনাব আহসান বিমাদারি পেশ করলে, বিমাপ্রতিষ্ঠান সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। এদিকে ক্ষতিগ্রস্ত গাড়িটি একজন ব্যবসায়ী ত্রিশ হাজার টাকায় কিনে নেয়। জনাব আহসান গাড়ি বিক্রির টাকা দাবি করলে, বিমা প্রতিষ্ঠান তাকে উক্ত টাকা দিতে অস্বীকৃতি জানায়।

ক. বিমা কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জনাব আহসান কোন নীতির আওতায় বিমা প্রতিষ্ঠান থেকে অর্থলাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা প্রতিষ্ঠান জনাব আহসানের সর্বশেষ দাবি পূরণ না করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯। রাজু একটি বাড়ি ভাড়া নিয়ে পোশাক শিল্পের গুদাম তৈরি করেন। তার পোশাক শিল্প ও শিল্পের মূল্যবান যন্ত্রপাতির জন্য একটি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি করেন। বিমাচুক্তিতে পোশাক ও শিল্পের মূল্যবান যন্ত্রপাতির মূল্য সঠিকভাবে উল্লেখ না করায় বিমা কোম্পানি বিমাচুক্তি বাতিল করেন। বিমা কোম্পানির সাথে তিনি নিজ নামে ভবনটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১
খ. "বিমাচুক্তি ক্ষতিপূরণের চুক্তি"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মি. রাজুর বিমাচুক্তি কোন কারণে বাতিল হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা কোম্পানি কর্তৃক জনাব রাজুর প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কী? যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

১০। মনির তার বন্ধুর কাছ থেকে এমন এক ধরনের ব্যবসায় সম্পর্কে জানতে পারে যা মানুষের জীবন ও সম্পদের সাথে জড়িত বিভিন্ন ধরনের ঝুঁকির বিপরীতে আর্থিক সহায়তা করে। বর্তমানে ব্যবসায়টি সবার কাছে জনপ্রিয় হয়ে উঠছে। তাছাড়া ব্যবসায়টি একটি শক্তিশালী প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রিত হয়।

ক. নৈতিক ঝুঁকি কী? ১
খ. আনুপাতিক অংশগ্রহণের নীতি বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কোন ব্যবসায়ের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টির উন্নয়নে নিয়ন্ত্রক প্রতিষ্ঠানটির অবদান বিশ্লেষণ কর। ৪

১১। জনাব হারুন ১০ বছর মেয়াদি জীবন বিমা গ্রহণ করেছেন। বিমাচুক্তি অনুসারে উক্ত মেয়াদের মধ্যে তিনি মারা গেলে কোনো ধরনের বিমা সুবিধা পাওয়া যাবে না। অন্যদিকে, জনাব রাফি ৮ বছর মেয়াদি এমন এক ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন যেখানে তিনি মারা গেলে কিংবা জীবিত থাকলে উভয় ক্ষেত্রে বিমা সুবিধা পাওয়া যাবে।

ক. IDRA কী? ১
খ. মৃত্যুহারপুঞ্জি কেন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. মেয়াদের ভিত্তিতে জনাব হারুনের গৃহীত বিমাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. "জনাব রাফি কর্তৃক গৃহীত বিমাপত্রটির প্রিমিয়াম বেশি হলেও অধিক জনপ্রিয়" তুমি কি একমত? উদ্দীপকের আলোকে মতামত দাও। ৪

# বরিশাল সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ 'মেঘনা ব্যাংক' দেশে বিভিন্ন জেলা ও উপজেলায় জনগণের আমানত সংগ্রহ, ঋণ প্রদানসহ অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করে। পরবর্তীতে তাদের কার্যক্রম দেশের বাইরেও বিস্তৃত করে। অপরদিকে 'সুরমা ব্যাংক' শুধু সিলেট সদরে অবস্থিত একমাত্র অফিসের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

ক. স্বায়ত্তশাসিত ব্যাংক কী? ১
খ. গারনিশি অর্ডার কেন জারি করা হয়? — ব্যাখ্যা কর। ২
গ. কাঠামোর ভিত্তিতে মেঘনা ব্যাংক কোন ধরনের ব্যাংক?— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে "মেঘনা ব্যাংক থেকে সুরমা ব্যাংক দেশের অর্থনীতিতে অধিক ভূমিকা পালন করে।" — তুমি কি একমত? যুক্তি দাও। ৪

২▶ আরজু রাজ্জাক এর কাছে বাকিতে চার লক্ষ টাকার পণ্য বিক্রি করেন। দুই মাসের মধ্যে রাজ্জাকের টাকা ফেরত দেওয়ার কথা। কিন্তু রাজ্জাক আরও বেশ কয়েকজন ব্যবসায়ীর কাছ থেকেও ঋণ নিয়েছেন। ঋণের চাপে রাজ্জাক তার ব্যবসা বন্ধ করে দেন। টাকা ফেরত না পাওয়ায় আরজু আদালতের শরণাপন্ন হন। আদালত রাজ্জাকের ব্যাংক হিসাবের বিপরীতে স্থগিতাদেশ জারি করেন।

ক. আঞ্চলিক ব্যাংক কী? ১
খ. চেইন ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে আদালত ব্যাংক হিসাবের বিপরীতে যে স্থগিতাদেশ জারি করেন, তা কী আদেশ? ব্যাখ্যা কর। ৩
ঘ. আদালতের মাধ্যমে আরজু কী তার পাওনা টাকা ফেরত পাওয়ার আশা করতে পারেন? যুক্তি দাও। ৪

৩▶ রমনা ব্যাংক দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্প্রতি দেশে নগদ অর্থের প্রবাহ বৃদ্ধি পাওয়ায় রমনা ব্যাংক তার নিয়ন্ত্রণাধীন ব্যাংকগুলোকে গাড়ি, ফ্রিজ, টিভি, আসবাবপত্র প্রভৃতি ক্রয়ের জন্য প্রদত্ত ঋণের কিস্তির সংখ্যা হ্রাস করার নির্দেশনা দেয়। এছাড়া উচ্চ সুদের হারে ট্রেজারি বিল, বন্ড, ঋণপত্র প্রভৃতি বিক্রয়ের ঘোষণা দেয়।

ক. BEFTN-এর পূর্ণরূপ কী? ১
খ. খোলাবাজার নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. রমনা ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. দ্রুততার সাথে অর্থের নগদ প্রবাহ নিয়ন্ত্রণের জন্য উদ্দীপকে বর্ণিত কোন কৌশলটি অধিকতর উপযোগী? বিশ্লেষণ কর। ৪

৪▶ রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্ববাজারে জ্বালানির দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় সার ও বিদ্যুৎসহ অন্যান্য খাতে সরকারের ভর্তুকির চাহিদা বেড়ে গিয়েছে। আমদানি বৃদ্ধি পাওয়ায় সরকারের কোষাগারে নগদ টাকার ঘাটতি দেখা দেয় এবং সরকারের ভর্তুকি বাবদ অনেক বকেয়া তৈরি হয়। এমন পরিস্থিতিতে সরকারকে কেন্দ্রীয় ব্যাংক টাকা ছাপিয়ে ঋণ দেওয়া শুরু করেছিল। তবে মূল্যস্ফীতি বেড়ে যাওয়ায় সে পথ থেকে সরে এসে 'বিশেষ বন্ড' ইস্যু করার মাধ্যমে সরকার সমস্ত পাওনা পরিশোধের সিদ্ধান্ত নিয়েছে। এর পরেও মূল্যস্ফীতি না কমায় কেন্দ্রীয় ব্যাংক আমানতি অর্থের জমার হার বৃদ্ধি করে।

ক. নিকাশ ঘর কাকে বলে? ১
খ. বিধিবদ্ধ তারল্য সংরক্ষণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রথমে ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতি গ্রহণ করা হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক গৃহীত দ্বিতীয় পদক্ষেপ কি মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সক্ষম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫▶ সফল ব্যবসায়ী জনাব সাকিব 'ক' ব্যাংকে একটি হিসাব খোলেন যেখানে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করা যায় কিন্তু কোন মুনাফা দেয় না। মুনাফার কথা বিবেচনা করে তিনি আরেকটি হিসাব খোলেন এবং নির্দিষ্ট সময়ের জন্য অর্থ জমা রাখেন কিন্তু ব্যাংক তাকে কোনো চেক বই প্রদান করেনি। তিনি পূর্বের হিসাব খোলা থেকে পরের হিসাব খোলার পদ্ধতিকে অনেক সহজ মনে করেন।

ক. KYC কী? ১
খ. নাবালক কি ব্যাংক হিসাব খুলতে পারে? ২
গ. জনাব সাকিব প্রথমে কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রথম হিসাবের চেয়ে পরবর্তী হিসাব খোলা সহজ হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৬▶ আরাফাত সাহেব একজন ব্যবসায়ী। তিনি একটি চেক পেয়েছেন যার উপর বাম দিকে আড়াআড়িভাবে দুটি দাগ টানা এবং দুই দাগের মধ্যে একটি ব্যাংকের নাম উল্লেখ করা। চেক পাওয়ার পরের দিনই আরাফাত সাহেবকে দেশের বাইরে যেতে হয় এবং দশ মাস পর ফিরে এসে ঐ চেকটি তিনি ব্যাংকে উপস্থাপন করেন। ব্যাংক চেকটি প্রত্যাখ্যান করে।

ক. বাহক চেক কী? ১
খ. বিল অব এক্সচেঞ্জ ও প্রমিসরি নোটের মধ্যে পার্থক্য কর? ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেকটি কোন ধরনের দাগকাটা চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যানের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭▶ বরিশালের বনি ব্যবসায়ের প্রয়োজনে ঢাকার চকবাজারের মনুকে ১ জানুয়ারি ২ কোটি টাকার একটি চেক দেন। মনু সেই চেকটি ৮ জুলাই ব্যাংকে জমা দেন।

ক. হস্তান্তরযোগ্য দলিল কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ২
গ. উদ্দীপকের চেকটির সুবিধাগুলো কী কী? ৩
ঘ. মনু কীভাবে তার প্রাপ্য টাকা আদায় করতে পারবেন? ৪

৮▶ জনাব হাসানকে তার হিসাবকারী ব্যাংক একটি কার্ড সরবরাহ করে। এই কার্ডটি দিয়ে তিনি হিসাবে টাকা থাকা সাপেক্ষে বিভিন্ন কেনাকাটা ও বিল পরিশোধ করতে পারছেন। অন্যদিকে জনাব জামান ব্যাংকে হিসাব না থাকা সত্ত্বেও এমন একটি কার্ড ব্যবহার করছেন যা নির্দিষ্ট সীমা পর্যন্ত অর্থ ব্যয়ের সুযোগ দেয়।

ক. ATM এর পূর্ণরূপ কী? ১
খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২
গ. উদ্দীপকে জনাব হাসানের ব্যবহৃত কার্ডটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জামানের ব্যাংক হতে প্রাপ্ত সুবিধা, ঋণ প্রাপ্তিকে সহজ করেছে। উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৯▶ মি. ফুয়াদ চুম্বকীয় কার্ড দিয়ে টাকা উত্তোলন করতে পারেন। অন্যদিকে মি. রুহুল একই কার্ড ব্যবহার করে পণ্য কিনতে ও বিল পরিশোধ করতে পারেন। তার হিসাব থেকে অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারেন। পরে এই অর্থ সুদসহ পরিশোধ করতে হয়।

ক. EFT-এর পূর্ণরূপ কী? ১
খ. এজেন্ট ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. মি. ফুয়াদ কোন ধরনের কার্ড ব্যবহার করেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন কার্ডটি উত্তম? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▶ জনাব মিরাজ তার আবাসিক ভবনটির জন্য 'ক' ইন্স্যুরেন্স কোম্পানির সাথে ৬ মাস মেয়াদি বিমাচুক্তি করেন। মেয়াদ শেষ হলে জনাব মিরাজ কোম্পানিটির নিকট বিমাদাবির আবেদন জানায়। 'ক' কোম্পানি জনাব মিরাজের বিমাদাবি পরিশোধ করতে অস্বীকৃতি জানায়।

ক. ঝুঁকি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব মিরাজ কোন ধরনের বিমাচুক্তি করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমা নীতির আলোকে 'ক' কোম্পানি কর্তৃক বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা আছে কী? বিশ্লেষণ কর। ৪

১১▶ রায়হান ও সুজন দুই বন্ধু।রায়হান নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদানের শর্তে দুই বছরের জন্য একটি মেয়াদি বিমাপত্র গ্রহণ করে। চুক্তির শর্তানুসারে ২ বছরের মধ্যে তার মৃত্যু হলে মনোনীত ব্যক্তি বিমাদাবি পাবে। তবে মৃত্যু না হলে কেউ কোনো অর্থ পাবে না। অপরদিকে সুজন যে বিমাপত্রটি গ্রহণ করেছেন তার মেয়াদ ১০ বছর। মেয়াদের মধ্যে সুজন মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমাদাবি আদায় করতে পারবে অথবা তিনি বেঁচে থাকলে বিমাদাবি আদায় করতে পারবেন।

ক. পুনর্বিমা কী? ১
খ. মৃত্যুহারপঞ্জি কেন ব্যবহার করা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত রায়হানের বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুজন কর্তৃক গৃহীত বিমাপত্রটি নমিনির জন্য আর্থিক নিরাপত্তা ও সুজনের জন্য সঞ্চয় বিশ্লেষণ কর। ৪

# ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর, নীলফামারী

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। আর্থিক দিক দিয়ে শক্তিশালী ব্যাংক 'ক' অপেক্ষাকৃত দুর্বল তিনটি বাণিজ্যিক ব্যাংক এ, বি ও সি এর বেশির বাগ শেয়ার ক্রয়ের মাধ্যমে নিয়ন্ত্রণ গ্রহণ করেছে। ব্যাংক তিনটি এখন আগের চেয়ে অপেক্ষাকৃত বেশি ব্যাংকিং সুবিধা প্রদান করতে পারছে তার গ্রাহকদের। অন্যদিকে, মি. হাসান একজন ব্যবসায়ী, যিনি 'খ' নামক একটি ব্যাংক হিসাব সংরক্ষণ করেন, যে ব্যাংকের কার্যক্রম শুধু একটি অফিসের মধ্যে সীমাবদ্ধ থাকে। তাই মি. হাসানের দেশের বিভিন্ন স্থানের ব্যবসায়ীদের সঙ্গে লেনদেন সম্পন্ন করতে সমস্যা হচ্ছে।

ক. গারনিশি আদেশ কী? ১

খ. কোন প্রতিষ্ঠানকে এবং কেন আর্থিক মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান বলা হয় তা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'খ' ব্যাংকটি কাঠামোগতভাবে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ক' ব্যাংক কর্তৃক তিনটি বাণিজ্যিক ব্যাংক এ, বি ও সি এর নিয়ন্ত্রণ গ্রহণের মাধ্যমে তারা কি বাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে সক্ষম হবে? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২। ভোগ্যপণ্যের বাজার দর বৃদ্ধির প্রেক্ষিতে কেন্দ্রীয় ব্যাংক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোকে ঋণের ব্যয় ও শর্ত পরিবর্তনের নির্দেশ দেয়। বাস্তবে দেখা যায় যে, এই নির্দেশ কার্যকর হওয়ার পরেও জিনিসপত্রের দাম কমছে না। এই অবস্থায় কেন্দ্রীয় ব্যাংক এবার সরাসরি সিকিউরিটিজ বিক্রয় শুরু করে। পাশাপাশি বাণিজ্যিক ব্যাংকগৃলোর ব্যবস্থাপকদেরও ঋণ প্রদানে নিরুৎসাহিত করার জন্য বিভিন্ন সেমিনারের আয়োজন করে।

ক. বিধিবদ্ধ রিজার্ভ কী? ১

খ. "কেন্দ্রীয় ব্যাংক ঋণদানের সর্বশেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করে"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে প্রথমে কেন্দ্রীয় ব্যাংকের কোন ধরনের ঋণ নিয়ন্ত্রণের পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়েছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক সর্বশেষ গৃহীত সিদ্ধান্তগুলো কাঙ্ক্ষিত উদ্দেশ্য অর্জনে সহায়ক হবে? এ সম্পর্কে তোমার মতামত উপস্থাপন কর। ৪

৩। বাংলাদেশ ব্যাংক দেশের মুদ্রাবাজারের স্থিতিশীলতা রক্ষায় দায়িত্বপ্রাপ্ত একটি আর্থিক প্রতিষ্ঠান। সম্প্রতি দেশে মুদ্রাস্ফীতি দেখা দিলে ব্যাংকটি তার সুদের হার ৭% থেকে বৃদ্ধি করে ৮% এ উন্নীত করে। তবু মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে না আসায় ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে কতকগুলো খাত সুনির্দিষ্ট করে দেয়। এতে ঋণ সরবরাহ স্থিতিশীল হয়।

ক. খোলাবাজার নীতি কী? ১

খ. ব্যাংকের রাজা বলা হয় কোন ব্যাংককে এবং কেন? ২

গ. বাংলাদেশ ব্যাংক প্রথম অবস্থায় ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের সংখ্যাত্মক পদ্ধতি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দ্বিতীয় পর্যায়ে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ঋণ নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ কতটুকু যৌক্তিক? উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও: ৪

৪। জনাব জসিম একটি কলেজের অধ্যাপনা করেন। তিনি বেতন হতে কিছু পরিমাণ অর্থ মাঝে মাঝে তার ব্যাংক হিসাবে জমা করেন। কয়েক বছর পর তিনি ব্যাংক হিসাবে জমানো টাকাগুলো একত্রে অন্য একটি ব্যাংক হিসাবে আরও লাভজনক খাতে দীর্ঘমেয়াদের ভিত্তিতে রাখা যায় কিনা তা ভাবলেন, সে মোতাবেক তিনি ব্যাংকের সাথে যোগাযোগ করে একটি অধিক লাভজনক ব্যাংক হিসাবে জমা রাখার পরামর্শ পেয়েছেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. KYC কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে জনাব জসিম প্রথমে কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব জসিমের ২য় পর্যায়ে হিসাব খোলার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫। জনাব হাকিম ঢাকার বাবু বাজারের একজন পাইকারি বিক্রেতা। তিনি হাসমত সাহেবের নিকট ৫০,০০০ টাকার মাল বিক্রয় করেছেন এই শর্তে যে, হাসমত সাহেব জনাব হাকিমকে লিখিত এবং স্বাক্ষরিত একটি স্ট্যাম্পযুক্ত কাগজ দিবেন। ঐ লিখিত কাগজে দুইমাস পর টাকা প্রদানের প্রতিশ্রুতি থাকবে। হাসমত সাহেব তাতে রাজি হলেন এবং ঐ স্ট্যাম্পযুক্ত কাগজে স্বাক্ষর দিলেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১

খ. বড় অঙ্কের লেনদেনের জন্য চেক অপেক্ষা কোন দলিলটি উত্তম– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উল্লিখিত জনাব হাসমত কর্তৃক স্বাক্ষরিত দলিলটি কোন ধরনের তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে দলিলটির আইনগত বৈধতার জন্য জনাব হাসমতের স্বাক্ষরের আবশ্যকতা ব্যাখ্যা কর। ৪

৬। জনাব পলাশ একজন প্রতিষ্ঠিত রপ্তানি ব্যবসায়ী। প্রতিদিন তাকে দ্রুত অনেক ধরনের লেনদেন করতে হয়। সেজন্য তিনি তার ব্যক্তিগত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করে ঘরে বসেই ব্যাংক হিসাবের বিভিন্ন তথ্য জানতে পারেন। পরবর্তীতে তিনি মুঠোফোনে ব্যাংকিং সেবা নেওয়ার সিদ্ধান্ত নিলেন। ফলে তিনি তার ব্যক্তিগত মুঠোফোনেই ইন্টারনেটের সাহায্যে ব্যক্তিগত গোপনীয় সংখ্যা ব্যবহার করে যেকোন সময় নিজের হিসাবের তথ্য সংগ্রহ ও তহবিল স্থানান্তর করতে পারেন।

ক. রেডি ক্যাশ কী? ১

খ. VISA CARD কোন ধরনের কার্ড? ব্যাখ্যা কর। ২

গ. জনাব পলাশ প্রথমে কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা নিতেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব পলাশ মুঠোফোনের মাধ্যমে যে ব্যাংকিং করার সিদ্ধান্ত নিয়েছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। মিস শম্পা হক একজন ক্ষুদ্র উদ্যোক্তা। তিনি তার ব্যবসায়ের দৈনন্দিন লেনদেনগুলো নগদ ও চেকের মাধ্যমে করে থাকেন। তবে তিনি নিরাপত্তা ও হিসাব রাখার সুবিধার কথা ভেবে চেকের মাধ্যমে লেনদেন করতে বেশি পছন্দ করেন। একদিন তিনি একজন ক্রেতার নিকট থেকে প্রাপ্ত চেক তার ব্যাংক হিসাবে জমা দেন। কিছুদিন পর তার ব্যাংক তাকে অবগত করে যে জমাকৃত চেকের টাকা আদায় করার সম্ভব হয়নি কারণ ঐ চেকের আদেষ্টার হিসাবে পর্যাপ্ত টাকা জমা নেই। মিস শম্পা চেকের বিষয়টি তার ক্রেতাকে জানিয়ে দেন।

ক. পূর্ব তারিখের চেক কী? ১

খ. একটি চেককে কীভাবে অধিক নিরাপদ করা যায় তা ব্যাখ্যা কর। ২

গ. মিস শম্পা হক চেক ব্যবহারে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন কেন? বর্ণনা কর। ৩

ঘ. মিস শম্পা হক তার জমাকৃত চেকের টাকা ব্যাংক কর্তৃক আদায় না হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮। জনাব বারেক সাহেব হঠাৎ করেই ক্যান্সার নামক দুরারোগ্য রোগে আক্রান্ত হন। এই সময় তিনি তাঁর পরিবারের ভবিষ্যতের কথা চিন্তা করে একটি বিমা প্রতিষ্ঠানের সাথে ২০ লক্ষ টাকার ক্ষতিপূরণের জন্য চুক্তিবদ্ধ হয়ে একটি বিমাপত্র গ্রহণ করেন। তিনি অধিক প্রিমিয়াম প্রদানের ভয়ে চুক্তির সময় তার রোগের বিষয়টি চুক্তিতে উল্লেখ করেননি। ২ বছর পর তিনি হঠাৎ মারা গেলে বিমা কোম্পানির নিকট তার উত্তরাধিকারীরা নিয়মমাফিক বিমাদাবি পেশ করে। কিন্তু বিমা কোম্পানি সকল কিছু বিবেচনা করে বিমাদাবি পরিশোধে সরাসরি অস্বীকৃতি জানায়।

ক. প্রিমিয়াম কী? ১

খ. বিমাকে একতরফা চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে জনাব বারেক সাহেব বিমাচুক্তির কোন বিষয়টি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জনাব বারেকের উত্তরাধিকারী কর্তৃক উপস্থাপিত বিমাদাবি পরিশোধে অস্বীকৃতির বিষয়টি বিমা কোম্পনির জন্য কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯। জনাব জামিলের একটি পোশাক তৈরির কারখানা আছে। তিনি তার প্রতিষ্ঠানটি ৫০ লক্ষ টাকায় বিমা করেছিলেন। দুর্ঘটনায় প্রতিষ্ঠানটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় এবং জনাব জামিল বিমাদাবি পেশ করেন। বিমা কোম্পানি সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। উদ্ধারকৃত সম্পত্তি বিমা কোম্পানি দাবি করায় জনাব জামিল শুরুতে তা হস্তান্তরে অস্বীকৃতি জানালেও পরবর্তীতে তা প্রদানে বাধ্য হন।

ক. বোনাস কাকে বলে? ১

খ. স্বার্থ ছাড়া বিমাচুক্তি সম্পন্ন হয় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সম্পত্তি হস্তান্তর বিমার কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? আলোচনা কর। ৩

ঘ. সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার পরেও জনাব জামিলের সম্পত্তি হস্তান্তরে অস্বীকৃতির সিদ্ধান্ত সঠিক ছিল কিনা? তোমার মতামত দাও। ৪

১০। জনাব বাবু একটি ভাড়া বাড়িতে বসবাস করেন। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে জনাব বাবু বাড়িটি একটি বিমা কোম্পানিতে ক্ষতিপূরণের বিমা করার জন্য আগ্রহী হয়। তিনি বিমা কোম্পানিতে আবেদন করলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়। পরবর্তীতে বাড়ির মালিক নিজেই ক্ষতির জন্য বিমাপত্র গ্রহণ করেন। বিমাচলাকালীন সময়ে বিমা কোম্পানিকে না জানিয়েই তিনি দ্বিতীয় তলার বর্ধিতকরণ কাজ শুরু করেন। ভিত্তি দুর্বল হওয়ার কারণে কাজ চলাকালীন বিল্ডিংটি একপাশে হেলে পড়তে শুরু করে। এমতাবস্থায় বাড়ির মালিক বিমা কোম্পানিতে ক্ষতিপূরণের জন্য আবেদন করেন। কিন্তু বিমা কোম্পানী ক্ষতিপূরণ দিতে অস্বীকৃতি জানায়।

ক. পুনর্বিমা কী? ১

খ. "প্রিমিয়াম হলো ঝুঁকি গ্রহণের প্রতিদান"– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে কোন নীতির কারণে জনাব বাবুর সাথে বিমা কোম্পানি বিমাচুক্তিতে আবদ্ধ হয়নি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে উপস্থাপিত বিমাদাবি পরিশোধে অস্বীকৃতির বিষয়টি কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১১। জনাব বাসেত আলী ২০১৮ সালে 'ইউনিক লাইফ ইন্স্যুরেন্স' কোম্পানির সাথে মাসিক প্রিমিয়াম প্রদানের বিনিময়ে ১২ বছরের জন্য একটি বিমাচুক্তিতে আবদ্ধ হন। বিমা করার সময় তিনি উল্লেখ করেন ১২ বছরের মধ্যে তিনি মারা গেলে তার মনোনীত ব্যক্তিরা বিমাদাবির সম্পূর্ণ অর্থ পাবেন আর বেঁচে থাকলে তিনি বিমাদাবির মালিক হবেন। ৩ বছর পর আর্থিক অসঙ্গতির কারণে তিনি বিমাটি চালিয়ে যেতে অপারগ হন এবং এসময়ে তিনি বিমাটি বন্ধের জন্য বিমা কোম্পানির নিকট আবেদন করেন এবং সেই সাথে তার জমাকৃত প্রিমিয়াম ফেরতের জন্য দাবি উপস্থাপন করেন।

ক. স্থলাভিষিক্তকরণের নীতি কী? ১

খ. জীবন বিমায় মৃত্যুহার পঞ্জি ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে জনাব বাসেত আলী কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছিলেন বলে তুমি মনে কর?– ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর জনাব বাসেত আলীকে বিমা কোম্পানি তার দাবিকৃত প্রিমিয়াম প্রদান করবে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

# শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১। ফেনীর ব্যবসায়ী জনাব নবী ঢাকার চক বাজারের ব্যবসায়ী জনাব করিমকে পাওনা টাকা পরিশোধের নিমিত্তে ১ জানুয়ারি ২০২২ তারিখে একটি চেক প্রদান করে। জনাব করিম ১ আগস্ট তারিখে চেকটি নিয়ে ব্যাংকে গিয়ে টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক টাকা প্রদানে অপারগতা প্রকাশ করে।

ক. উপহার চেক কী? ১
খ. "বাহক চেক কম নিরাপদ"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেকটির টাকা প্রদানে ব্যাংকের অপারগতার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব করিমের পক্ষে তার প্রাপ্য টাকা আদায় করা সম্ভব কি না? এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২। চিত্রা ব্যাংক লি. ময়মনসিংহ সদরে একটি অফিসের মাধ্যমে স্থানীয় গ্রাহকদেরকে ব্যাংকিং সেবা দিয়ে আসছে। ব্যাংকটি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসলেও কোভিড-১৯ পরবর্তী সময়ে ভালোভাবে কার্যক্রম পরিচালনা করতে ব্যর্থ হচ্ছে। এরূপ পরিস্থিতিতে চিত্রা ব্যাংকসহ অনুরূপ আরও তিনটি ব্যাংক একত্রিত হয়ে তিস্তা ব্যাংক লি.-এর অধীনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেয়।

ক. তালিকাভুক্ত ব্যাংক কী? ১
খ. ব্যাংককে কেন নিরাপত্তার প্রতীক বলা হয়? ২
গ. কাঠামোর ভিত্তিতে চিত্রা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের তিস্তা ব্যাংক লি. এর পক্ষে নিয়ন্ত্রকের ভূমিকা পালন করা সম্ভব? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৩। সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার সার্বভৌম বন্ড 'সুকুক' ইস্যু করেছে। সাম্প্রতিককালে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণদান কার্যক্রম বেড়ে যাওয়ায় দেশে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক ব্যাংকিং খাতের অতিরিক্ত অর্থ কমানোর উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোকে 'সুকুকে' সম্ভব না হওয়ায় কেন্দ্রীয় ব্যাংক আমানতি অর্থের জমার হার বৃদ্ধি করে।

ক. ব্যাংক রেট কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক আন্তর্জাতিক মুদ্রার রিজার্ভ নিয়ন্ত্রণ করে — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন ধরনের নীতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাংলাদেশ ব্যাংকের গৃহীত দ্বিতীয় পদক্ষেপটি কি দেশের মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সক্ষম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। ঈদ উৎসবকে কেন্দ্র করে নগদ অর্থের লেনদেন বৃদ্ধি পাওয়ায় দেশের অর্থবাজারে কলমানি রেট ৩.০০% থেকে বৃদ্ধি পেয়ে ৪.০০% হয়েছে। ফলে অর্থবাজারে ব্যাংক সুদের হারও ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এরূপ পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্রীয় ব্যাংক ভোগ্য পণ্যের ঋণের হার ৬% থেকে হ্রাস করে ৫% করার সিদ্ধান্ত নিয়েছে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন ঋণের শেষ আশ্রয়স্থল বলা হয়? ২
গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণের কোন পরিমাণগত পদ্ধতি গ্রহণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত সিদ্ধান্তটি দেশের অর্থবাজারে নগদ অর্থের যোগান বৃদ্ধিতে সহায়ক? মতামত দাও। ৪

৫। জনাব সিফাত একজন চাকরিজীবী। তিনি বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পেয়ে থাকেন। তিনি তার ব্যাংক হিসাবে দৈনিক ব্যাংকিং কর্মঘণ্টায় যতবার ইচ্ছা টাকা জমা দিতে পারেন এবং সপ্তাহে দুবার টাকা উত্তোলন করতে পারেন। তিনি তার ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা নিয়ে খুব চিন্তিত। তার ব্যাংকার ভাই তাকে ১২ বছর মেয়াদি একটি স্কীম খোলার পরামর্শ দিলেন যেটিতে প্রতি মাসে পাঁচ হাজার টাকা করে জমা রাখতে হবে।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১
খ. চলতি ব্যাংক হিসাব কীভাবে বন্ধ করতে হয়? ২
গ. উদ্দীপকে জনাব সিফাত কোন ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতা পেয়ে থাকেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব সিফাতের ব্যাংকার ভাইয়ের পরামর্শটি কি তার ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা সৃষ্টি করতে পারবে? মতামত দাও। ৪

৬। জনাব আমীন পণ্য বিক্রয় বাবদ ক্রেতা জনাব হামীমের নিকট হতে একটি চেক পেয়েছেন। চেকটিতে "জনাব আমীন অথবা বাহককে টাকা পাঁচ লক্ষ মাত্র দেওয়া হউক" লেখা ছিল। বড় অঙ্কের চেক হওয়ায় তিনি চেকটির উপরিভাগের বাম কোণে দুটি রেখা অঙ্কন করেন এবং অফিস সহায়ককে সেটি তার ব্যাংক হিসাবে জমা করে দেওয়ার জন্য নির্দেশনা দেন।

ক. অঙ্গীকারপত্র কী? ১
খ. চেককে প্রামাণ্য দলিল বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে জনাব আমীন ক্রেতা জনাব হামীমের নিকট হতে কোন ধরনের চেক পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আমীনের চেকের অর্থ উত্তোলনের পদক্ষেপটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭। কাপ্তাই ব্যাংক লি. এর গ্রাহকরা এটির যেকোনো শাখার মাধ্যমে সকল ধরনের ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করতে পারেন। সম্প্রতি ব্যাংকটির পরিচালনা পর্ষদের সভায় ব্যাংকিং সুবিধার বাইরে থাকা জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। তারই ধারাবাহিকতায় ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক মোবাইল প্রযুক্তির মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছেন।

ক. বিক্রয় সেবা বিন্দু কী? ১
খ. ক্রেডিট কার্ডের মাধ্যমে গ্রাহকরা কী ঋণ সুবিধা পায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কাপ্তাই ব্যাংক লি. তার গ্রাহকদেরকে কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সুবিধা প্রদান করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ব্যাংকিং সুবিধা প্রদানের উদ্যোগটি কি যথার্থ হয়েছে? তোমার মতামত ব্যক্ত কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮। জনাব রেজা তার ব্যক্তিগত গাড়ির জন্য ১৫ লক্ষ টাকার একটি বিমা করেন। দুর্ঘটায় গাড়িটি হঠাৎ সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। বিমা কোম্পানির নিকট বিমাদাবি উপস্থাপন করার পর সম্পূর্ণ ক্ষতিপূরণ পান। অতঃপর বিমা কোম্পানি ক্ষতিগ্রস্ত গাড়িটি ২ লক্ষ টাকায় বিক্রি করে দেয়। জনাব রেজা বিমা কোম্পানির নিকট গাড়ি বিক্রির টাকা দাবি করলে বিমা কোম্পানি তা প্রদান করতে অস্বীকৃতি জানায়।

ক. বিমাচুক্তি কী? ১
খ. বিমা নীতির প্রত্যক্ষ কারণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব রেজা কোন ধরনের সাধারণ বিমা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রেজার বিমাদাবিটি বিমা কোম্পানি কর্তৃক প্রত্যাখ্যাত হওয়ার যৌক্তিকতা বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। জনাব আসিফ একজন মোটর যন্ত্রাংশ উৎপাদনকারী। তিনি একটি নতুন যন্ত্র ক্রয়ের জন্য ব্যাংক হতে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন। এছাড়া তিনি তার প্রতিষ্ঠানের স্থাবর অস্থাবর সম্পত্তির জন্য একটি বিমা করেন।

ক. দায় বিমা কী? ১
খ. বিমার আনুপাতিক অংশগ্রহণের নীতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আসিফ ব্যাংক ঋণ গ্রহণ করার কারণে কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হতে পারেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আসিফ তার সমুদয় সম্পত্তি বিমা করতে পারে কী? বিমা নীতির আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। বেসরকারি চাকরিজীবী জনাব শামীম সিটি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি হতে ১০ বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। চুক্তির শর্তানুসারে নির্দিষ্ট মেয়াদের মধ্যে মৃত্যুবরণ করলে তার মনোনীত ব্যক্তিকে এবং উক্ত মেয়াদের পরে জীবিত থাকলে তাকেই বিমাদাবির সম্পূর্ণ অর্থ পরিশোধ করা হবে। তিনি ৬ বছর পর্যন্ত মাসিক কিস্তি ৩ হাজার টাকা নিয়মিত পরিশোধ করেছেন। বর্তমানে ব্যয় বেড়ে যাওয়ায় তিনি নিয়মিত কিস্তি পরিশোধ করতে পারছেন না। তাই তিনি বিমা কোম্পানির নিকট বিমাপত্রটি বাতিলের জন্য আবেদন করেন এবং বিমা কোম্পানি আবেদনপত্রটি গ্রহণ করে।

ক. বোনাস কী? ১
খ. সাময়িক বিমাপত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব শামীম কোন ধরনের মেয়াদি বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমাপত্রটি বাতিলের জন্য জনাব শামীমের আবেদনের প্রেক্ষিতে বিমা কোম্পানি যে পদক্ষেপ গ্রহণ করেছে সেটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। জনাব সাঈদ তার কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য একটি একক বিমাপত্রের আওতায় বন্ধন লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির নিকট বিমা করেন। অন্যদিকে, কোম্পানির যাবতীয় সম্পত্তির জন্য ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানির নিকট ১০ কোটি টাকার আরও একটি বিমা করেন। পরবর্তীতে ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি উক্ত বিমার বিপরীতে পিপলস ইন্স্যুরেন্স কোম্পানির নিকট ৬ কোটি টাকার বিমা করে।

ক. বার্ষিক বৃত্তি কী? ১
খ. প্রিমিয়াম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব সাঈদ তার কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের জন্য কোন ধরনের বিমাপত্র করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইউনিয়ন ইন্স্যুরেন্স কোম্পানি দক্ষতার সাথে ঝুঁকি পুনঃবণ্টন করতে সক্ষম হয়েছে"— বিমার ধরন বিবেচনায় উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশে সর্বপ্রথম ATM কার্ড প্রবর্তন করে কোন ব্যাংক?**
K জনতা ব্যাংক L উত্তরা ব্যাংক
M ডাচ্-বাংলা ব্যাংক
N স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক

**২. ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহকের জন্য সুবিধা কোনটি?**
K গ্রাহক সেবার পরিমাণ বৃদ্ধি
L সেবার ব্যয় বৃদ্ধি
M প্রতিযোগিতার সামর্থ্য বৃদ্ধি
N কাগজে নির্ভরতা হ্রাস

**৩. Causa Proxima-এর অর্থ কী?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M সমর্পণ মূল্য N প্রত্যক্ষ কারণ

**৪. মৃত্যুহার পঞ্জি সর্বপ্রথমকে তৈরি করেন?**
K এডমন্ড হ্যালি L নিকোলাস বারবান
M আর.এস শর্মা N এমএন মিশ্র

**৫. বিমা বিকাশের ক্রমানুসারে নিচের কোন ক্রমটি সঠিক?**
K জীবন বিমা ⇒ নৌ বিমা ⇒ দুর্ঘটনা বিমা ⇒ অগ্নি বিমা
L নৌ বিমা ⇒ দুর্ঘটনা বিমা ⇒ অগ্নি বিমা ⇒ জীবন বিমা
M অগ্নি বিমা ⇒ জীবন বিমা ⇒ নৌ বিমা ⇒ দুর্ঘটনা বিমা
N নৌ বিমা ⇒ অগ্নি বিমা ⇒ জীবন বিমা ⇒ দুর্ঘটনা বিমা

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
'রূপসা ব্যাংক লি. নিয়মিত আন্তঃব্যাংকিং কার্যক্রম পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। অপরদিকে, 'কাপ্তাই ব্যাংক' এসকল কার্যক্রমে উপস্থিত থাকে না?

**৬. 'রূপসা ব্যাংক'-এর সাথে নিম্নের কোন ব্যাংকের মিল আছে?**
K অগ্রণী ব্যাংক
L বাংলাদেশ কৃষি ব্যাংক
M রূপালী ব্যাংক N সোনালী ব্যাংক

**৭. 'কাপ্তাই ব্যাংক' আন্তঃব্যাংকিং কার্যক্রমে থাকে না। কারণ এটি একটি—**
K বাণিজ্যিক ব্যাংক
L অতালিকাভুক্ত ব্যাংক
M তালিকাভুক্ত ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**৮. SLR-এর পূর্ণরূপ কী?**
K Surplus Liquid Rate
L Statutory Liquidity Ratio
M Statutory Liquid Rate
N Standard Liquidity Ratio

**৯. নিচের কোনটি ঋণ নিয়ন্ত্রণের সাধারণ পদ্ধতি?**
K জমার হার পরিবর্তন নীতি
L ঋণের বরাদ্দকরণ নীতি
M ভোক্তা ঋণ নিয়ন্ত্রণ N প্রচারণা নীতি

**১০. বাংলাদেশ ব্যাংকের কাজ হলো—**
i. নোট ও মুদ্রা প্রচলন
ii. মুদ্রার মান সংরক্ষণ
iii. ঋণ নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. কোম্পানির হিসাব খুলতে নিচের কোনটি সংশ্লিষ্ট নয়?**
K ট্রেড লাইসেন্স L চুক্তিপত্র
M নিবন্ধনপত্র N স্মারকলিপি

**১২. কোন ধরনের ব্যাংক হিসাবে সুদ প্রদান করা হয় না?**
K স্থায়ী L ডিপিএস
M চলতি N সঞ্চয়ী

**১৩. নমুনা স্বাক্ষর কার্ডের অন্তর্ভুক্ত বিষয় হলো—**
i. হিসাবের শিরোনাম
ii. নমিনীর নাম ও স্বাক্ষর
iii. গ্রাহকের স্বাক্ষর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. MICR-যুক্ত চেকে কোন ঘর পূরণের প্রয়োজন হয় না?**
K হিসাব নং
L তারিখ
M টাকার পরিমাণ
N আমানতকারীর স্বাক্ষর

**১৫. কোনটি বিশেষায়িত ব্যাংক?**
K বাংলাদেশ কৃষি ব্যাংক
L এক্সিম ব্যাংক
M সোনালী ব্যাংক
N উরি ব্যাংক

**১৬. যে ঝুঁকির ক্ষেত্রে ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম তাকে কী ঝুঁকি বলা হয়?**
K উত্তম আদর্শিক L উ-আদর্শিক
M আদর্শিক N অবিমাযোগ্য

**১৭. SWIFT-এর কার্যক্রম সর্বপ্রথম শুরু হয় কত সালে?**
K ১৯৭২ L ১৯৭৩
M ১৯৭৪ N ১৯৭৫

**১৮. কোনটি ই-ব্যাংকিং সেবার মধ্যে পড়ে না?**
K চেকের মাধ্যমে ব্যাংকিং
L কার্ডের মাধ্যমে ব্যাংকিং
M মোবাইল ব্যাংকিং N অনলাইন ব্যাংকিং

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বিজয় 'এসিআই লি.' হতে একটি চেক পেলেন যেটি নিম্নোক্তভাবে দাগকাটা।

পদ্মা ব্যাংক লি.
প্রাপকের হিসাব

জনাব বিজয়ের পদ্মা ব্যাংকে কোনো হিসাব নেই।

**১৯. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক?**
K বিশেষ দাগকাটা চেক
L সাধারণ দাগকাটা চেক
M হুকুম চেক
N বাহক চেক

**২০. চেকটি নগদানের ক্ষেত্রে জনাব বিজয়ের করণীয়সমূহ হলো—**
i. পরিচিত কারো ব্যাংক হিসাবে চেকটি জমা দেওয়া
ii. পদ্মা ব্যাংকের হিসাব খুলে চেকটি জমা দেওয়া
iii. 'এসিআই লি.' কর্তৃক দাগ অপসারণ করে ব্যাংকে চেক জমা দিয়ে নগদ উত্তোলন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. অভ্যন্তরীণ ও বৈদেশিক ব্যবসায়ের ব্যাপক সম্প্রসারণ ঘটে কখন?**
K প্রাচীন যুগে L মধ্য যুগে
M শিল্পবিপ্লবের আগে N শিল্পবিপ্লবের পরে

**২২. ব্যাংক নোট ও হ্যান্ড নোটের প্রচলন ছিল কোন সভ্যতায়?**
K রোমান সভ্যতায় L চৈনিক সভ্যতায়
M ব্যবিলনীয় সভ্যতায় N মিসরীয় সভ্যতায়

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
শিপন সাহেব একজন শিল্পপতি। তার কয়েকটি শিল্প প্রতিষ্ঠান রয়েছে। তিনি এমন একটি ব্যাংকে হিসাব পরিচালনা করেন যেখানে ঋণ, শিল্প বিষয়ক আর্থিক পরামর্শ দেওয়া হয়।

**২৩. উদ্দীপকে শিপন সাহেব কোন ব্যাংকে হিসাব পরিচালনা করেন?**
K শিল্প ব্যাংক L কৃষি ব্যাংক
M বিনিয়োগ ব্যাংক N বিনিময় ব্যাংক

**২৪. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির অর্থনীতিতে অবদানসমূহ হলো—**
i. শিল্প উন্নয়ন
ii. কর্মসংস্থান সৃষ্টি
iii. পরিবেশের উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মিসেস কবিতা তার নিজের জীবনের ওপর ১০ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন। বিমাপত্রটি খোলার পর তিনি চিন্তামুক্ত জীবনযাপন করছেন।

**২৫. উদ্দীপকে মিসেস কবিতা কোন ধরনের জীবন বিমা খোলেন?**
K মেয়াদি বিমা L সাময়িক বিমা
M আজীবন বিমা N উত্তরজীবী বিমা

**২৬. উদ্দীপকে মিসেস কবিতার চিন্তামুক্ত জীবনযাপনের কারণসমূহ হলো—**
i. বিনিয়োগের সুবিধা
ii. নিরাপত্তা ও নিশ্চয়তা পাওয়া
iii. মানসিক প্রশান্তি পাওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. কোন ধরনের বিমাপত্রে বোনাস প্রদান করা হয়?**
K নৌ L অগ্নি
M জীবন N শস্য

**২৮. বিমার দৃষ্টিকোণ থেকে কোনো ব্যক্তি কমপক্ষে কত বছর নিখোঁজ থাকলে তাকে মৃত হিসেবে ধরা হয়?**
K ৫ বছর L ৭ বছর
M ৯ বছর N ১০ বছর

**২৯. চেকে যিনি আদেশপ্রাপ্ত হন তাকে কী বলে?**
K আদিষ্ট L আদেষ্টা
M প্রাপক N ধারক

**৩০. চেকের ব্যবহার কোথায় প্রথম শুরু হয়?**
K বাংলাদেশ L ভারত
M ইংল্যান্ড N আমেরিকা

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. নিম্নের কোন নীতি শুধুমাত্র সম্পত্তি বিমায় প্রযোজ্য?**
i. আনুপাতিক অংশগ্রহণের নীতি
ii. আর্থিক ক্ষতিপূরণের নীতি
iii. স্থলাভিষিক্তকরণের নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**২. ATM কার্ডের সুবিধা হলো—**
K শুধু দিনের বেলা টাকা উত্তোলনের সুযোগ
L শুধু রাতের বেলা টাকা উত্তোলনের সুযোগ
M সপ্তাহে দুইদিন টাকা উত্তোলনের সুযোগ
N যেকোনো সময় অর্থ উত্তোলন ও জমাদানের সুযোগ

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মোঃ শফিউল সাহেব একজন ব্যবসায়ী হিসেবে ব্যবসায়ের আর্থিক লেনদেন সহজ করার জন্য ব্যাংকে তার একটি হিসাব আছে। কিন্তু তার হিসাবে যে ব্যালেন্স থাকে তা হতে তিনি কোনো মুনাফা ব্যাংক হতে পান না। তাই তিনি ব্যাংক ম্যানেজারের পরামর্শ নিয়ে এমন একটি নতুন হিসাব খুলতে চাচ্ছেন যেখানে পূর্বের সকল সুবিধার পাশাপাশি তিনি হিসাবের ব্যালেন্সের উপর কিছু মুনাফা লাভ করবেন।

**৩. মোঃ শফিউল সাহেবের ব্যাংকে কোন ধরনের হিসাব আছে?**
K স্থায়ী  L চলতি
M সঞ্চয়ী  N বিশেষ চলতি

**৪. মোঃ শফিউল সাহেবের জন্য নতুন হিসাবটি অধিক যৌক্তিক কেন বলে তুমি মনে কর?**
i. মুনাফা অর্জন
ii. ব্যাংক জমাতিরিক্ত সুবিধা
iii. জামানতযুক্ত ঋণ সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**৫. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিক সুবিধাজনক?**
K চেইন  L গ্রুপ
M একক  N শাখা

**৬. কোনটি অবর্তমানে কোনো বিমাচুক্তি সম্পাদিত হতে পারে না?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস  L ক্ষতিপূরণ
M বিমাযোগ্য স্বার্থ  N কিস্তি

**৭. দাগকাটা চেকে কী অধিকতর সহজ?**
K পুনরায় দাগকাটা
L যেকোনো ব্যাংকের হিসাবে জমা
M হস্তান্তর ও অনুমোদন করা
N নগদে ব্যাংকের কাউন্টার হতে উত্তোলন

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**


সোনালী ব্যাংক লি.
সোনালী ব্যাংক লি.
কমলাপুর শাখা, ঢাকা
তাং ১২|১|২০২৫
SB A/C No ০|১|৭|০|৭|৮|৫|৩|২|৯|১
প্রদান করুন জনাব মান্নানকে অথবা বাহককে
পঞ্চাশ হাজার টাকা মাত্র।
টাকা =
স্বাক্ষর
আজিজ

**৮. উদ্দীপকে উল্লিখিত চেকটি কোন প্রকারের চেক?**
K বাহক  L হুকুম
M দাগকাটা  N বিশেষ দাগকাটা

**৯. উদ্দীপকের চেকটি ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হয়েছে। এর কারণ কী?**
K বাসি চেক বলে
L চেকে দাগকাটা হয়েছে
M সহজে হস্তান্তরযোগ্য বলে
N চেকটি ফাঁকা চেক বলে

**১০. কোন বিমা নিশ্চয়তার বিমা?**
K অগ্নি বিমা  L জীবন বিমা
M দ্বৈত বিমা  N নৌ বিমা

**১১. কোন ধরনের ব্যাংক হিসাবে গ্রাহককে চেকবই প্রদান করা হয় কিন্তু অর্থ উত্তোলনের ব্যাপারে বাধ্যবাধকতা রয়েছে—**
K সঞ্চয়ী  L স্থায়ী
M বিশেষ চলতি  N চলতি

**১২. নিচের কোনটি আন্তর্জাতিক ব্যাংক?**
K বিশ্ব ব্যাংক  L গ্রামীণ ব্যাংক
M বাংলাদেশ ব্যাংক  N IDB

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
মিস ফারিয়া একজন বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী। সে একটি ব্যাংকের হিসাবের বিপরীতে ইস্যুকৃত প্লাস্টিক কার্ড ব্যবহার করে যা সে মীনাবাজার থেকে বিভিন্ন পণ্য কিনে মূল্য পরিশোধে ব্যবহার করে। এছাড়াও সে তার মোবাইলে 'রকেট' নামক অ্যাপস ব্যবহার করেও মূল্য পরিশোধ করে।

**১৩. মিস ফারিয়া মীনা বাজারে প্লাস্টিক কার্ডটি দিয়ে মূল্য পরিশোধে কোনটি ব্যবহার করছে?**
K ATM  L POS
M ACH  N One Stop Service

**১৪. মিস ফারিয়া উল্লিখিত অ্যাপস ব্যবহার করলে কী সুবিধা পাবে বলে তুমি মনে কর?**
i. ব্যাংক হিসাবের প্রয়োজন হয় না
ii. মোবাইল অ্যাপস-এ ব্যালেন্সই যথেষ্ট
iii. আধুনিক স্মার্ট মোবাইল প্রয়োজন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**১৫. প্রয়োজনের তুলনায় নোট ইস্যুর পরিমাণ কম হলে কী হয়?**
K ঋণের পরিমাণ বৃদ্ধি  L ঋণের পরিমাণ হ্রাস
M মুদ্রা সংকোচন  N মুদ্রাস্ফীতি

**১৬. ব্যাসেল-২ বাস্তবায়নের দায়িত্ব কোন প্রতিষ্ঠানের উপর ন্যস্ত?**
K সরকারি ব্যাংক  L বাণিজ্যিক ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক  N অর্থমন্ত্রণালয়

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. শফিক একজন আঙুর আমদানিকারক। তিনি জাহাজে তার পণ্য আমদানির সময় একটি বিমা করেন। জাহাজটি পথিমধ্যে বরফের সাথে ধাক্কা লেগে পাঁচদিন মাঝ সমুদ্রে আটকে যায় ও মি. শফিক সাহেবের পণ্য সেখানেই নষ্ট হয়ে যায়। তিনি এ বিমার ক্ষতিপূরণ দাবি করলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়।

**১৭. মি. শফিক কোন ধরনের বিমা করেছেন?**
K জীবন বিমা  L নৌ বিমা
M দায় বিমা  N দ্বৈত বিমা

**১৮. বিমা কোম্পানি কর্তৃক ক্ষতিপূরণের দাবি প্রত্যাখ্যান করার কারণ কী?**
K চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
L বিমাযোগ্য স্বার্থের অভাব
M বিমাঅযোগ্য ঝুঁকির উপস্থিতি
N প্রত্যক্ষ কারণ সম্পর্কিত সমস্যা

**১৯.**




**(?) চিহ্নিত স্থানে কী বসবে?**
K সম্পাদিত কার্যাবলি  L আর্থিক কার্যাবলি
M ব্যবসায়ী কার্যাবলি  N বাণিজ্যিক কার্যাবলি

**২০. গোষ্ঠী বিমা কার জন্য প্রযোজ্য?**
K দেশের জনগণ
L পরিবারের সদস্যবৃন্দ
M বন্ধুবান্ধব ও আত্মীয়
N প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারী

**২১. অতালিকাভুক্ত ব্যাংক কোনটি?**
K সোনালী ব্যাংক  L কর্মসংস্থান ব্যাংক
M বাংলাদেশ কৃষি ব্যাংক  N হাবিব ব্যাংক লি.

**২২. খোলাবাজারে কেন্দ্রীয় ব্যাংক বিল, সিকিউরিটিজ ও ঋণপত্র বিক্রয় করলে কী ঘটতে পারে?**
K বাজারে ঋণের পরিমাণ বাড়বে
L নগদ জমার হার হ্রাস পাবে
M ব্যাংক হার অপরিবর্তিত থাকবে
N বাণিজ্যিক ব্যাংকের ঋণদান ক্ষমতা কমবে

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
মোঃ হারুন ও মোঃ করিম সাহেব যথাক্রমে 'P' ও 'Q' ব্যাংকে চাকরি করেন। সারাদেশে 'P' ব্যাংকের কার্যক্রম বহমান থাকলেও 'Q' ব্যাংক কেবল ঢাকার মতিঝিল এলাকায় সেবা প্রদান করে। এ বছর ব্যাপক রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে দুটি ব্যাংকেই তারল্য সংকটে ভুগছে। তবুও বছর শেষে 'P' ব্যাংক 'Q' ব্যাংকের তুলনায় অধিক মুনাফা করেছে।

**২৩. 'P' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
K শাখা  L একক
M চেইন  N গ্রুপ

**২৪. 'P' ব্যাংকের তুলনায় 'Q' ব্যাংক কম মুনাফা করেছে কেন?**
K বৃহদায়তন প্রতিষ্ঠান
L সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব
M মূলধনের গতিশীলতার অভাব
N উপরিব্যয়ের আধিক্য হওয়া

**২৫. Pillar-১ এর মুখ্য বিষয় কী?**
K বাজার শৃঙ্খলা
L অধিকতর স্থিতিশীলতা
M তদারকি পর্যালোচনা ব্যবস্থা
N ন্যূনতম মূলধন পর্যাপ্ততা নিশ্চিতকরণ

**২৬. প্রকৃতির দিক থেকে কোন ধরনের বিমাপত্র সাময়িক বিমাপত্রের ঠিক বিপরীত?**
K শিক্ষাবৃত্তি বিমাপত্র  L সমকিস্তি বিমাপত্র
M রূপান্তরযোগ্য সাময়িক বিমাপত্র
N বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র

**২৭. নমুনা স্বাক্ষর কার্ড কী?**
K যে কার্ডে গ্রাহক সম্পর্কিত তথ্য থাকে
L যে কার্ড ব্যবহার করে গ্রাহক ঋণ গ্রহণ করে
M যে কার্ডে গ্রাহকের নাম ও স্বাক্ষর থাকে
N যে কার্ড ব্যবহার করে গ্রাহক অর্থ উত্তোলন করে

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ ব্যাংক নির্দেশ দিয়েছে তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের প্রদত্ত ঋণের ৬% অবশ্যই কৃষিখাতে বরাদ্দ করতে হবে। ব্যাংকগুলোকে এ নিয়ে উৎসাহী না হলেও এটা না মেনে তাদের উপায় নেই।

**২৮. উদ্দীপকে উল্লিখিত নির্দেশনা ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতি বাংলাদেশ ব্যাংক ব্যবহার করছে?**
K ঋণের বরাদ্দকরণ নীতি  L জমার হার নীতি
M প্রত্যক্ষ ব্যবস্থা  N ব্যাংক হার নীতি

**২৯. উদ্দীপকে ব্যাংকসমূহ কৃষিখাতে ঋণ দিতে উৎসাহী নয় বলে উল্লেখ করা হয়েছে। এর মুখ্য কারণে কী?**
i. কৃষকদের জমি নেই ও অসচ্ছল
ii. তারা জামানত দিতে অক্ষম
iii. কৃষকদের ঋণদান ও ঋণ আদায় কষ্টকর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii ও iii  M i ও iii  N i, ii ও iii

**৩০. ব্যাংক জমাতিরিক্তের সুযোগ থাকে কোন হিসাবে?**
K স্থায়ী  L সঞ্চয়ী
M চলতি  N ডিপিএস

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**
মিজ সামান্তা তার কোম্পানি ফ্লাই ড্রিম লি. এর জন্য ব্যাংকে একটি হিসাব খুলতে গেলে ব্যাংক কর্মকর্তা তাকে একটা হিসাব খোলার ফরম দেন এবং ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে বলেন।

**১. উদ্দীপকে মিজ সামান্তা তার কোম্পানির জন্য কোন ধরনের হিসাব খুলবেন?**
K চলতি হিসাব L সঞ্চয়ী হিসাব
M স্থায়ী হিসাব N ডিপিএস

**২. হিসাব খুলতে মিজ সামান্তার যেসব দলিলের প্রয়োজন হবে—**
i. ট্রেড লাইসেন্স
ii. স্মারকলিপি
iii. নিবন্ধনপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩. বাংলাদেশে একজন কৃষক কত টাকা দিয়ে একটি হিসাব খুলতে পারেন?**
K ১০ টাকা L ৫০ টাকা
M ১০০ টাকা N ৫০০ টাকা

**৪. কোন হিসাবের বিপরীতে ATM কার্ড দেওয়া হয় না?**
K চলতি হিসাব
L বিশেষ চলতি হিসাব
M সঞ্চয়ী হিসাব
N স্থায়ী হিসাব

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব জামি তার দেনাদার জনাব শিশিরের কাছ থেকে ১০ লক্ষ টাকার একটি চেক পান। চেকের বামকোণে আড়াআড়ি সমান্তরাল রেখা টানা এবং মধ্যে অ্যান্ড কোম্পানি লেখা।

**৫. উদ্দীপকে জনাব জামি চেকের কোন পক্ষ?**
K আদিষ্ট L আদেষ্টা
M প্রাপক N অনুমোদনকারী

**৬. উদ্দীপকে চেকটি কোন ধরনের চেক?**
K বাহক চেক L হুকুম চেক
M সাধারণ দাগকাটা N বিশেষ দাগকাটা

**৭. বাংলাদেশে চালু হওয়া প্রথম মোবাইল ব্যাংকিংয়ের নাম কী?**
K বিকাশ L রকেট
M শিওর ক্যাশ N নগদ

**৮. আদেষ্টা চেকের পিঠে কোনোকিছু না লিখে শুধু তার স্বাক্ষর প্রদান করলে সেটি হবে—**
K ফাঁকা অনুমোদন
L বিশেষ অনুমোদন
M সীমিত অনুমোদন
N শর্তসাপেক্ষে অনুমোদন

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
মিজ অনন্যা একজন উদ্যোক্তা। দেশের বিভিন্ন প্রান্ত থেকে পণ্য সংগ্রহ করে তিনি সেগুলো অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে বিক্রয় করেন। ব্যবসায়ের বেশিরভাগ লেনদেন তিনি তার ব্যবহৃত মোবাইল ফোনের মাধ্যমে সম্পন্ন করেন।

**৯. মিজ অনন্যা লেনদেনের জন্য কোন মাধ্যম ব্যবহার করেন?**
K ইন্টারনেট ব্যাংকিং L অনলাইন ব্যাংকিং
M মোবাইল ব্যাংকিং N এসএমএস ব্যাংকিং

**১০. উদ্দীপকে উল্লিখিত ইলেকট্রনিক ব্যাংকিংয়ের সুবিধা হলো—**
i. অর্থ স্থানান্তর
ii. অর্থ উত্তোলন ও জমা
iii. বিভিন্ন বিল পরিশোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. MICR কোনটির সাথে সম্পৃক্ত?**
K ডেবিট কার্ড L চেক
M ক্রেডিট কার্ড N বিনিময় বিল

**১২. সর্বপ্রথম কোন বিমাব্যবস্থার উৎপত্তি হয়?**
K নৌ বিমা L অগ্নি বিমা
M জীবন বিমা N শস্য বিমা

**১৩. কোন ধরনের বিমা থেকে সঞ্চয় সুবিধা লাভ করা যায়?**
K জীবন বিমা L নৌ বিমা
M অগ্নি বিমা N দুর্ঘটনা বিমা

**১৪. বিমাচুক্তি ক্ষতির বিপক্ষে কী হিসেবে কাজ করে?**
K সামাজিক নিরাপত্তা L ব্যক্তিগত নিরাপত্তা
M আর্থিক নিরাপত্তা N জাতীয় নিরাপত্তা

**১৫. বিমাচুক্তির আইনগত উপাদান হলো—**
i. বৈধ প্রতিদান ও উদ্দেশ্য
ii. প্রত্যক্ষ কারণ
iii. নির্দিষ্টতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. একটি বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি থাকে?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**১৭. অবিমাযোগ্য ঝুঁকি হলো—**
i. মৌলিক ঝুঁকি
ii. ফটকা ঝুঁকি
iii. অনার্থিক ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. মৃত্যুহারপঞ্জি হলো—**
K জনপ্রতি মৃত্যুহার
L বিমাকৃত ব্যক্তির সংখ্যা
M হাজারপ্রতি মৃত্যুর সংখ্যা
N বার্ষিক মৃত্যুর সংখ্যা

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সজীব ঝুঁকিপূর্ণ কাজ করে জীবিকা নির্বাহ করেন। সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে তিনি ৩ বছর মেয়াদি একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। বিমাচুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে মারা গেলেই কেবল তার মনোনীত ব্যক্তি বিমাদাবি পাবে।

**১৯. উদ্দীপকে জনাব সজীব কোন ধরনের বিমা পলিসি গ্রহণ করেন?**
K সাধারণ মেয়াদি L বিশুদ্ধ মেয়াদি
M সাময়িক বিমা N শিক্ষাবৃত্তি বিমা

**২০. উদ্দীপকে উল্লিখিত বিমার মেয়াদ সর্বোচ্চ কত বছর হতে পারে?**
K ৩ বছর L ৫ বছর
M ৮ বছর N ১০ বছর

**২১. বাংলাদেশের অর্থবাজার নিয়ন্ত্রণ করে কে?**
K অর্থ মন্ত্রণালয় L বাংলাদেশ ব্যাংক
M ঢাকা স্টক এক্সচেঞ্জ N বিএসইসি

**২২. বাংলাদেশে প্রচলিত ব্যাংক কোম্পানি আইন কত সালের?**
K ১৯৯১ L ১৯৯৪
M ২০০১ N ২০০৪

**২৩. ব্যাংক অব ভেনিস কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১১৫৭ L ১১৭৭
M ১৪০১ N ১৪৯৪

**২৪. অতালিকাভুক্ত ব্যাংক কোনটি?**
K অগ্রণী ব্যাংক L রূপালী ব্যাংক
M পল্লী সঞ্চয় ব্যাংক N প্রবাসী কল্যাণ ব্যাংক

**২৫. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিক সুবিধাজনক?**
K একক ব্যাংক L গ্রুপ ব্যাংক
M চেইন ব্যাংক N শাখা ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রনি একটি ব্যাংকে চাকরি করেন। তার বন্ধু জনাব জনি একজন কৃষক। কৃষিকাজে অর্থের প্রয়োজন হলে জনাব জনি রনির ব্যাংকে ঋণের জন্য আবেদন করে। তখন রনি জানায় তার ব্যাংক সরাসরি কোনো ঋণ প্রদান করে না; বরং বাজারে ঋণের নিয়ন্ত্রণ ও তদারকি করে।

**২৬. জনাব রনি কোন ধরনের ব্যাংকে চাকরি করেন?**
K শিল্প ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক N তালিকাভুক্ত ব্যাংক

**২৭. উদ্দীপকে জনাব জনির কোন ব্যাংকে ঋণের জন্য আবেদন করা উচিত?**
K বাণিজ্যিক ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M বিনিয়োগ ব্যাংক N কৃষি ব্যাংক

**২৮. ব্যাংক হার বৃদ্ধি পেলে—**
i. সুদের হার বৃদ্ধি পায়
ii. ঋণের পরিমাণ বৃদ্ধি পায়
iii. মূল্যস্ফীতি হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. বিশ্বের প্রথম কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?**
K ফেডারেল রিজার্ভ সিস্টেম
L ব্যাংক অব ফ্রান্স
M রিকস ব্যাংক অব সুইডেন
N ব্যাংক অব ইংল্যান্ড

**৩০. কেন্দ্রীয় ব্যাংকের প্রধান লক্ষ্য হচ্ছে—**
i. ঋণ নিয়ন্ত্রণ করা
ii. মুদ্রামান সংরক্ষণ করা
iii. মুনাফা অর্জন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# ঢাকা কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যাংক ব্যবস্থার উৎপত্তিস্থল কোথায়?**
K চীন L ইটালি
M যুক্তরাষ্ট্র N সুইডেন

**২. আধুনিক অর্থনীতির জীবনীশক্তি কোনটি?**
K অর্থ L বিনিয়োগ
M মূলধন N ব্যাংক

**৩. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে?**
K ড. মোহাম্মদ ইউনুস
L আতিউর রহমান
M তারিক সিদ্দিক
N ফজলে হোসেন আবেদ

**৪. বাংলাদেশের অর্থবাজার নিয়ন্ত্রণ করে কে?**
K অর্থমন্ত্রণালয় L বাংলাদেশ ব্যাংক
M সিএসইসি N পরিকল্পনা মন্ত্রণালয়

**৫. ঋণ নিয়ন্ত্রণের সংখ্যাত্মক পদ্ধতি হলো—**
i. খোলাবাজার নীতি
ii. জমার হার পরিবর্তন নীতি
iii. ব্যাংক হার নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. নাসির একজন প্রতিষ্ঠিত ব্যাংকার। তার কর্মরত ব্যাংকটি মুদ্রাবাজার নিয়ন্ত্রণের পাশাপাশি নোট ইস্যুর একক অধিকার ভোগ করে। তিনি উক্ত ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ কার্যাবলিতে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করেন।

**৬. মি. নাসির কোন ব্যাংকের ব্যাংকার হিসাবে কর্মরত?**
K বাণিজ্যিক ব্যাংক
L কেন্দ্রীয় ব্যাংক
M সমবায় ব্যাংক
N বাংলাদেশ উন্নয়ন ব্যাংক

**৭. মি. নাসিরের কর্মরত ব্যাংকটি ভূমিকা রাখে—**
i. আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তিতে
ii. সরকারি তহবিল ও উদ্বৃত্ত সংরক্ষণে
iii. গ্রাহকের ব্যাংক হিসাব সুষ্ঠু পরিচালনায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. প্রায়ই ঋণ সুবিধা প্রত্যাশা করে এমন একজন ব্যক্তির জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উত্তম?**
K সঞ্চয়ী L স্থায়ী
M চলতি N ডিপিএস

**৯. কোন আইন প্রবর্তনের ফলে ব্যাংক হিসাব খুলতে KYC ফর্ম পূরণ বাধ্যতামূলক করা হয়েছে?**
K ব্যাংক কোম্পানি আইন
L হস্তান্তরযোগ্য দলিল আইন
M ব্যবসায় আইন
N মানি লন্ডারিং আইন

**১০. KYC ফর্মের মাধ্যমে জানা যায়—**
i. গ্রাহকের সঠিক পরিচয়
ii. লেনদেনের প্রকৃতি
iii. গ্রাহকের ঋণ পরিশোধের মানসিকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. কোন ধরনের চেক তুলনামূলকভাবে বেশি ঝুঁকিপূর্ণ?**
K হুকুম চেক L বাহক চেক
M দাগকাটা চেক N বিশেষ চেক

**১২. ব্যাংক হতে অর্থ উত্তোলনের মূহূর্তে যার নিকট চেক থাকে তাকে কী বলে?**
K ধারক L অনুমোদনকারী
M বাহক N প্রাপক

**১৩. বিশেষ দাগকাটা চেকের উদ্দেশ্য হলো—**
i. জালিয়াতি রোধ
ii. প্রামাণ্য দলিল
iii. দ্রুত অর্থ সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. প্রীতম দেনাদারের নিকট হতে পাওনা বাবদ এমন একটি চেক পেয়েছেন যেখানে ব্যাংকের নাম উল্লেখপূর্বক আড়াআড়ি দুটো দাগ দেওয়া আছে।

**১৪. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক?**
K সাধারণ দাগকাটা L বিশেষ দাগকাটা
M দ্বৈত দাগকাটা N ফাঁকা দাগকাটা

**১৫. মি. প্রীতমের ব্যাংক হিসাব না থাকলে তিনি যা করতে পারেন—**
i. যে কারো হিসাবে চেক জমা দিতে পারেন
ii. নির্দিষ্ট ব্যাংকে হিসাব খুলে চেক জমা দিতে পারেন
iii. দেনাদার কর্তৃক দাগ অপসারণকৃত নগদ উত্তোলন করতে পারেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. বাংলাদেশে কোন ব্যাংক সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু করে?**
K ডাচ-বাংলা ব্যাংক L স্ট্যান্ডার্ড ব্যাংক
M প্রাইম ব্যাংক N এক্সিম ব্যাংক

**১৭. SWIFT কী?**
K একটি ব্যাংকিং সংস্থা
L একটি রেটিং সংস্থা
M একটি পরিশোধ পদ্ধতি
N একটি আন্তর্জাতিক ব্যাংক

**১৮. ATM এর পূর্ণরূপ কী?**
K Automated Teller Machine
L Audiovisual Teller Machine
M Alternative Teller Machine
N Automatic Teller Machine

**১৯. অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে—**
i. অন্য শাখায় নিজ হিসাবে টাকা জমা দেওয়া যায়
ii. অন্য শাখা থেকে উত্তোলন করা যায়
iii. অন্য শাখায় অতি দ্রুত টাকা স্থানান্তর করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রণ সংস্থা হচ্ছে?**
K IDRA L IBRA
M IDRB N BDRA

**২১. স্থলাভিষিক্তের নীতি কোন বিমার ক্ষেত্রে প্রযোজ্য হয়?**
K সম্পত্তি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N দুর্ঘটনা বিমা

**২২. বর্তমানে বাংলাদেশে কত সালের বিমা আইন প্রচলিত?**
K ১৯৩২ L ১৯৯১
M ১৯৯৪ N ২০১০

**২৩. বিমা ব্যবসায়ের মূলনীতিসমূহ হলো—**
i. চূড়ান্ত সদ্বিশ্বাসের নীতি
ii. স্থলাভিষিক্ততার নীতি
iii. বিমাযোগ্য স্বার্থের নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রাইহানের একটি ডেইরি ফার্ম রয়েছে। ভবিষ্যৎ অনিশ্চিত, তাই বিপদ-আপদ এবং আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে সে একটি বিমাচুক্তি করেছে।

**২৪. মি. রাইয়ান কোন ধরনের বিমাচুক্তি করেছেন?**
K শস্য বিমা L স্বাস্থ্য বিমা
M গবাদিপশু বিমা N দুর্ঘটনা বিমা

**২৫. দেশের অর্থনীতিতে বিমা যে প্রভাব ফেলতে পারে—**
i. কর্মসংস্থান বৃদ্ধি
ii. রপ্তানি আয় বৃদ্ধি
iii. জাতীয় উৎপাদন বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. সমর্পণ মূল্য কোন বিমার ক্ষেত্রে প্রযোজ্য?**
K অগ্নি বিমা L জীবন বিমা
M নৌ বিমা N দুর্ঘটনা বিমা

**২৭. জীবন বিমার দাবি উত্থাপনের জন্য প্রয়োজন—**
i. উত্তরাধিকার সনদ পত্র
ii. বয়সের প্রমাণ পত্র
iii. মৃত্যুর প্রমাণ পত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. স্নিগ্ধ তার পরিবারের কথা চিন্তা করে একতা লাইফ ইন্স্যুরেন্স ও সততা লাইফ ইন্স্যুরেন্স এ ১০ লক্ষ টাকা করে দুটি বিমাচুক্তি সম্পাদন করেন। এবং সে মোতাবেক নিয়মিত বিমা প্রিমিয়াম প্রদান করেন।

**২৮. মি. স্নিগ্ধ কোন ধরনের বিমাপত্র খোলেন?**
K দ্বৈত বিমা L গ্রুপ বিমা
M পুনর্বিমা N আজীবন বিমা

**২৯. মেয়াদ শেষে মি. স্নিগ্ধ বা তার মনোনীত ব্যক্তি কত টাকা দাবি করতে পারবেন?**
K ১০ লক্ষ টাকা L ১৫ লক্ষ টাকা
M ২০ লক্ষ টাকা N ৩০ লক্ষ টাকা

**৩০. প্রিমিয়াম কী?**
K বিমাচুক্তির খরচ L প্রতিদান মূল্য
M ক্ষতিপূরণ মূল্য N বিমা মূল্য

# ঢাকা সিটি কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. জনাব মাকিবা ১০ লক্ষ টাকার একটি জীবন বিমা খোলেন। তিন বছর পর প্রিমিয়াম দিতে অক্ষমতা প্রকাশ করেন। বিমা কোম্পানি নির্দিষ্ট খরচ কেটে রেখে তাকে কিছু অর্থ ফেরত দেয়। বিমা কোম্পানির নিকট হতে মাকিবার প্রাপ্ত অর্থকে কী বলে?**
K সমর্পণ মূল্য L বোনাস
M প্রিমিয়াম N অধিবৃত্তি

**২. ব্যাংক হার পরিবর্তন করতে পারে–**
K বাণিজ্যিক ব্যাংক L সরকারি ব্যাংক
M কেন্দ্রীয় ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইউসুফের নিকট থেকে মি. কিরণ দিগন্ত ব্যাংক লি. এর ৫০ হাজার টাকার একটি চেক পেয়েছে। তিনি অর্থ সংগ্রহের জন্যে তার ম্যানেজার মি. হাসানকে চেকটি প্রদান করেন।

**৩. উক্ত চেকটিতে হাসান কোন পক্ষ বলে বিবেচিত হবে?**
K আদিষ্ট L আদেষ্টা
M অনুমোদনকারী N ধারক

**৪. চেকটির অর্থ মি. কিরণের ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহ করার উপায় কী?**
K চেকের অনুমোদন L চেক প্রত্যাখ্যান
M চেক নগদায়ন N চেকে দাগকাটা

**৫. বাংলাদেশে প্রথম মুঠোফোন (Mobile) ব্যাংক সুবিধা চালু করে কোন ব্যাংক?**
K ডাচ্ বাংলা ব্যাংক L ব্র্যাক ব্যাংক
M ওয়ান ব্যাংক N সোনালী ব্যাংক

**৬. ব্যাংকের সাধারণ কার্যাবলি হলো–**
i. বিনিময়ের মাধ্যম সৃষ্টি
ii. আমানত সংগ্রহ
iii. ঋণ আমানত সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. মালিকানার ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক কোন শ্রেণির?**
K সরকারি ব্যাংক L স্বায়ত্তশাসিত ব্যাংক
M একক ব্যাংক N বিশেষায়িত ব্যাংক

**৮. ডেবিট কার্ড ব্যবহারকারীদের কোন ব্যাংকে হিসাব থাকতে হয়?**
K ডিপোজিট পেনশন স্কীম
L সাধারণ স্থায়ী হিসাব
M সাধারণ সঞ্চয়ী হিসাব
N বিশেষ স্থায়ী হিসাব

**৯. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K প্রিমিয়াম L বোনাস
M বৃত্তি N নগদ

**১০. নিচের কোনটি বিবেচনায় সঞ্চয়ী হিসাব অপেক্ষা চলতি হিসাব উত্তম?**
K ব্যাংক চার্জের পরিমাণ
L প্রাথমিক জমার পরিমাণ
M আমানতের উপর সুদ
N জমাতিরিক্ত ঋণ গ্রহণ

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব পিকু 'B' নামক একটি ব্যাংকে কাজ করেন। দেশের সমগ্র অঞ্চলে তার ব্যাংকের কার্যক্রম চলমান রয়েছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে বর্তমানে জনাব পিকুর ব্যাংকের অর্থনৈতিক মন্দাভাব চলছে। ফলশ্রুতিতে ঐ ব্যাংকটির তারল্য সংকট চরমে পৌঁছেছে।

**১১. জনাব পিকু যে ব্যাংকে চাকরি করেন সেটি কোন ধরনের ব্যাংক?**
K চেইন ব্যাংক L একক ব্যাংক
M শাখা ব্যাংক N গোষ্ঠী ব্যাংক

**১২. 'B' ব্যাংক লি.- এর তারল্য সংকট রয়েছে, কারণ–**
i. নতুন করে আমানত আসছে না
ii. বাজারে খাদ্যের দাম বেড়ে গেছে
iii. ঋণের টাকা অনাদায়ি থাকছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. অনলাইন ব্যাংকিং ব্যবস্থায় নিচের কোনটির ব্যবহার সবচেয়ে বেশি হ্রাস পেয়েছে?**
K পাস বই L পে-অর্ডার
M ব্যাংক ড্রাফট N ভ্রমণকারী চেক

**১৪. জীবন বিমায় বয়স প্রমাণের জন্য প্রয়োজন–**
i. জন্ম সনদ
ii. জাতীয় পরিচয়পত্র
iii. চারিত্রিক সনদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৫. কোন ধরনের ব্যাংক হিসাবের বিপক্ষে জমাতিরিক্ত ঋণ পাওয়া যায়?**
K সাধারণ স্থায়ী
L ডিপোজিট পেনশন স্কীম
M চলতি N সঞ্চয়ী

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
শফিক একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করেন। তার ব্যবসায়ের জন্য একটি ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। তাই সে একটি ব্যাংকের শরণাপন্ন হলো।

**১৬. শফিকের মতো ব্যবসায়ীদের কোন হিসাব অধিক উপযোগী?**
K চলতি হিসাব L বিশেষ হিসাব
M স্থায়ী হিসাব N সঞ্চয়ী হিসাব

**১৭. শফিকের ব্যবসায়ের কোন হিসাব অধিক উপযোগী?**
i. ট্রেড লাইসেন্স
ii. চুক্তিপত্র
iii. স্মারকলিপি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. একজন রপ্তানিকারকের জন্য কোন হিসাব সবচেয়ে উপযোগী?**
K চলতি L স্থায়ী
M বিশেষ সঞ্চয়ী N সঞ্চয়ী

**১৯. ব্যাসেল-২ এর মোট স্তম্ভ কয়টি?**
K ১ L ২
M ৩ N ৪

**২০. MICR-এর পূর্ণরূপ কী?**
K Magnetic Ink cheque Registration
L Magnetic Ink cheque Recognition
M Magnetic Ink character Registration
N Magnetic Ink character Recognition

**২১. বিমাযোগ্য স্বার্থ হলো–**
K আর্থিক স্বার্থ L প্রত্যক্ষ স্বার্থ
M নিজ স্বার্থ N পরোক্ষ স্বার্থ

**২২. আধুনিক ব্যাংকের পূর্বসূরি বহির্ভূত কোনটি?**
K পুরোহিত L মহাজন শ্রেণি
M স্বর্ণকার N বণিক সংঘ

**২৩. কোন ধরনের জীবন বিমাপত্রে মৃত্যু ও মেয়াদপূর্তি উভয় ক্ষেত্রেই বিমাদাবি পরিশোধিত হয়?**
K সাময়িক L মেয়াদি
M আজীবন N বিশুদ্ধ মেয়াদি

**২৪. পৃথিবীর প্রথম কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?**
K ফেডারেল রিজার্ভ সিস্টেম
L ব্যাংক অব ইংল্যান্ড
M ব্যাংক অব ফ্রান্স
N রিকস ব্যাংক অব সুইডেন

**২৫. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের সাধারণ কার্যাবলি?**
K তহবিল সংরক্ষণ
L হিসাব সংরক্ষণ
M আমানত সংগ্রহ ও সংরক্ষণ
N মুদ্রামান সংরক্ষণ

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
রায়হানের বাবা পেনশনের টাকা দিয়ে একটি হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করেন। বাবার অসুস্থতার কারণে রায়হান নিজেই খামারটি পরিচালনা করে। ভাইরাসের আক্রমণে হাঁস-মুরগির ক্ষতি হতে পারে এমন আশঙ্কা থেকে রায়হান খামারটি নিজের নামে বিমা করতে চাইলে বিমা কোম্পানি অপারগতা প্রকাশ করে।

**২৬. কোন নীতির কারণে বিমা কোম্পানি চুক্তি সম্পাদনে অপারগতা প্রকাশ করে?**
K চূড়ান্ত সদ্বিশ্বাস L বিমাযোগ্য স্বার্থ
M আনুপাতিক অংশগ্রহণ
N স্থলাভিষিক্তকরণ

**২৭. হাঁস-মুরগির খামারটি ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থেকে উদ্ভূত ঝুঁকিগুলো হচ্ছে–**
i. আর্থিক ঝুঁকি
ii. বিমাযোগ্য ঝুঁকি
iii. অনার্থিক ঝুঁকি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. কোন ধরনের চেকের জন্য নিকাশ ঘর ব্যবস্থার সহায়তা বিশেষভাবে প্রয়োজন?**
K বাহক L হুকুম
M ভ্রমণকারী N দাগকাটা

**২৯. বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠিত হয়–**
K বিশেষ আইনে L বিশেষ অধ্যাদেশে
M রাষ্ট্রপতির আদেশে N ব্যাংকিং আইনে

**৩০. একটা ফাঁকা চেকে কোন ঘর ফাঁকা থাকে?**
K প্রাপকের ঘর L টাকার ঘর
M তারিখের ঘর N স্বাক্ষরের ঘর

## বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

### ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ক্রেডিট কার্ডের মাধ্যমে যেসব সুবিধা পাওয়া যায় তা হচ্ছে—**
i. জমানো টাকা উত্তোলন করা যায়
ii. জমাতিরিক্ত টাকা উত্তোলন করা যায়
iii. জামানত হিসেবে ব্যবহার করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. কোন ধরনের হিসাব শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের জন্য অধিকতর উপযোগী?**
K স্থায়ী L সঞ্চয়ী
M চলতি N বিশেষ স্কীম হিসাব

**৩. কোন দলিল স্বীকৃতির পর আইনসম্মত দলিলে পরিণত হয়?**
K বিনিময় বিল L চেক
M অঙ্গীকারপত্র N ব্যাংক নোট

■ **উদ্দীপকটি পড়ে ৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব নিখিল একজন ব্যবসায়ী। তিনি লেনদেনের সুবিধার্থে ব্যাংকে একটি হিসাব খুলেছেন।

**৪. জনাব নিখিল ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন?**
K সঞ্চয়ী L স্থায়ী
M ডিপোজিট পেনশন স্কীম
N চলতি হিসাব

**৫. 'বাংলাদেশ ব্যাংক' প্রতিষ্ঠিত হয় কোন সালে?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৭৩ N ১৯৭৪

**৬. বিশ্বের প্রথম সনদপ্রাপ্ত বাণিজ্যিক ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব বার্সেলোনা
L ব্যাংক অব ইংল্যান্ড
M ব্যাংক অব সুইডেন
N ব্যাংক অব আমস্টার্ডাম

**৭. ঋণ নিয়ন্ত্রণ করার মূল দায়িত্ব কোন ব্যাংকটির?**
K বাণিজ্যিক ব্যাংক L কেন্দ্রীয় ব্যাংক
M উন্নয়ন ব্যাংক N সমবায় ব্যাংক

**৮. বাংলাদেশে 'ব্যাংকিং কোম্পানি আইন' কত সালে প্রবর্তিত হয়?**
K ১৯৯০ L ১৯৯১
M ১৯৯২ N ১৯৯৩

**৯. CRR শব্দ সংক্ষেপের পূর্ণরূপ কী?**
K Cash Reserve Rate
L Cash Reserve Ratio
M Cash Requirement Rate
N Cash Requirement Ratio

**১০. 'গারনিশি আদেশের' পক্ষ কয়টি?**
K ২ L ৩
M ৪ N ৫

**১১. ব্যাংক যে সকল ক্ষেত্রে গ্রাহকের হিসাব বন্ধ করে তা হলো—**
i. গ্রাহকের মৃত্যু হলে
ii. গ্রাহক পাগল হলে
iii. গ্রাহক হিসাব বন্ধ করার নোটিশ দিলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. বাংলাদেশের বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি?**
K BIBM L IDA
M IDRA N ADAB

**১৩. ৫০০ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?**
K অর্থ সচিব L অর্থ উপদেষ্টা
M গভর্নর N অর্থমন্ত্রীর

**১৪. অন-লাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় অধিকতর সুবিধাজনক?**
K একক L শাখা
M গ্রুপ N চেইন ব্যাংকিং

**১৫. ব্যাসেল-২ এর ভিত্তি (Pillar) কয়টি?**
K ১ L ২
M ৩ N ৪

■ **উদ্দীপকটি পড়ে ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
ক, খ ও গ নামীয় কতকগুলো ব্যাংক 'M' নামক ব্যাংকের দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়।

**১৬. এ ক্ষেত্রে ক, খ ও গ নামের ব্যাংকগুলো কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থার আওতাভুক্ত?**
K গ্রুপ L চেইন
M একক N মিশ্রব্যাংকিং

**১৭. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের নির্বাচনমূলক (Selective) পদ্ধতি কোনটি?**
K ব্যাংক হার নীতি L খোলাবাজার
M জমার হার পরিবর্তন
N ঋণের বরাদ্দকরণ নীতি

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
মি. 'X' সিঙ্গাপুর প্রবাসী। তিনি সিঙ্গাপুর যাওয়ার সময় অল্প প্রিমিয়ামের একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। দেশে ফিরে এসে তিনি বিমাপত্রটি নবায়ন করলেন।

**১৮. মি. 'X' কোন ধরনের জীবন বিমা পলিসি গ্রহণ করেছেন?**
K আজীবন L সাময়িক
M সাধারণ মেয়াদি N বিশুদ্ধ মেয়াদি

**১৯. মি. 'X' কে তুলনামূলক কম পরিমাণ প্রিমিয়াম দিতে হয়েছে, কারণ—**
i. শুধু মারা গেলে বিমাদাবি প্রদান করা হয়
ii. স্বল্প সময়ের জন্য বিমা পলিসি গ্রহণ করেছেন
iii. এ ধরনের বিমা পলিসির ক্ষেত্রে মারা না গেলে নবায়ন করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. বিমাগ্রহীতার মৃত্যুতে বিমাকৃত অর্থ পাবে কে?**
K স্ত্রী L পুত্র
M উত্তরাধিকারী N মনোনীত ব্যক্তি

**২১. জীবন বিমা চুক্তির অপরিহার্য উপাদান কোনটি?**
K ক্ষতিপূরণ L বিমাযোগ্য স্বার্থ
M স্থলাভিষিক্তকরণ N বোনাস

**২২. নমুনা স্বাক্ষর কার্ডে কার স্বাক্ষরের নমুনা থাকে?**
K আমানতকারীর L ব্যাংকারের
M ম্যানেজারের N ক্যাশিয়ারের

**২৩. SWIFT কী?**
K একটি ব্যাংকিং সংস্থা
L একটি পরিশোধ পদ্ধতি
M ক্রেডিট রেটিং সংস্থা
N একটি আন্তর্জাতিক ব্যাংক

**২৪. কোন বিমায় আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদান করা হয়?**
K পুনর্বিমা L যুগ্মবিমা
M গোষ্ঠীবিমা N দ্বৈত-বিমা

**২৫. মৃত্যুহার পঞ্জি বলতে কী বোঝায়?**
K বিমাকৃত ব্যক্তির সংখ্যা
L বার্ষিক মৃত্যুর সংখ্যা
M হাজারপ্রতি মৃত্যু হার
N জনপ্রতি মৃত্যু হার

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
নিপু একাদশ শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখায় অধ্যয়নরত। বৃত্তির টাকা পাওয়ার জন্য সে ব্যাংকে একটি হিসাব খুলল। সে তার ব্যাংক হিসাব থেকে সপ্তাহে দুই বারের বেশি টাকা উঠাতে পারবে না, তবে যতবার ইচ্ছা জমা দিতে পারবে। অন্যদিকে নিপুর বাবা বিদেশ থেকে এসে ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংকে একটি হিসাব খোলেন যা নিপুর ব্যাংক হিসাবের মতো নয়। তাঁর ব্যাংক হিসাব থেকে তিনি কোনো মুনাফা পাবেন না।

**২৬. নিপু কোন ধরনের ব্যাংক হিসাব খুলেছে?**
K চলতি L সঞ্চয়ী
M স্থায়ী N পেনশন সঞ্চয়ী

**২৭. নিপুর বাবার ব্যাংক হিসাব নিপুর ব্যাংক হিসাব থেকে সম্পূর্ণ ভিন্ন, কারণ—**
i. তিনি যতবার ইচ্ছা ব্যাংক হিসাব থেকে টাকা উত্তোলন করতে পারবেন
ii. তিনি জমার অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারবেন
iii. তিনি জমাকৃত টাকার উপর বার্ষিক সুদ পাবেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. একটি চেকের মেয়াদকাল কত মাস?**
K ৩ L ৪
M ৫ N ৬

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. রিপন তার গার্মেন্টসে ব্যবহৃত মেশিনের যেকোনো দুর্ঘটনার হাত থেকে রক্ষার জন্য একটি বিমা কোম্পানির সাথে বিমাচুক্তি সম্পাদন করেন। একটি কক্ষে আগুন লেগে তৈরি পোশাকের যাবতীয় মজুদ পুড়ে বিনষ্ট হয়ে যায়। তিনি বিমা কোম্পানির নিকট বিমাদাবি পেশ করলে তা প্রত্যাখ্যাত হয়।

**২৯. রিপন কোন ধরনের বিমা করেছিলেন?**
K অগ্নি L সম্পত্তি
M নৌ N ব্যক্তিগত দুর্ঘটনা

**৩০. বিমাদাবি প্রত্যাখ্যাত হওয়ার পেছনে বিমার কোন নীতিটি কাজ করেছে?**
K স্থলাভিষিক্ততার নীতি
L সদ্বিশ্বাসের নীতি
M বিমাযোগ্য স্বার্থের নীতি
N প্রত্যক্ষ কারণ নীতি

# ঢাকা ইমপিরিয়াল কলেজ

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'ব্যাংক' শব্দটি ইটালীয় কোন শব্দ থেকে এসেছে?**
K Banke L Banco
M Bang N Bancos

**২. চৈনিক সভ্যতাকালে যে ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল তার নাম কী?**
K ঋণ ব্যাংক L উপাসনালয় ব্যাংক
M শাস্ত্রী ব্যাংক N মহাজনী ব্যাংক

**৩. 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক' কোন ধরনের ব্যাংক?**
K আঞ্চলিক L দেশীয়
M গোষ্ঠী N আন্তর্জাতিক

**৪. পারনিশি অর্ডারের পরিসমাপ্তি ঘটে–**
i. দশ বছর পূর্ণ হলে
ii. অর্থ আদায় হয়ে গেলে
iii. আদালতের আদেশ প্রত্যাহার হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y এবং Z তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, X ব্যাংক হোল্ডিং ব্যাংক হিসাবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে সাবসিডিয়ারি ব্যাংক।

**৫. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K গ্রুপ ব্যাংক L শাখা ব্যাংক
M চেইন ব্যাংক N একক ব্যাংক

**৬. উদ্দীপকে X ব্যাংকের বৈশিষ্ট্য হলো**
i. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর অধিকাংশ শেয়ারের মালিকানা অর্জন করে
ii. অধীনস্থ ব্যাংকগুলোর উপর তদারক ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে
iii. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর পরিচালনা নীতি ও পদ্ধতি নির্ধারণ করে দেয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. কোন ব্যাংককে 'Mother of Central Bank' বলা হয়**
K রিকস ব্যাংক অব সুইডেন
L ফেডারেল রিজার্ভ সিস্টেম
M ব্যাংক অব ইংল্যান্ড
N ব্যাংক অব ফ্রান্স

**৮. ২০২০ সালের ১ জুলাই তারিখে বাংলাদেশ ব্যাংকের CRR এর হার কত ছিল?**
K ৪% L ৫%
M ৫.৫% N ৬%

**৯. ব্যাংকগুলোকে CRR সংরক্ষণ করতে হয় কীভাবে?**
K বন্ডে L নগদে
M সঞ্চয়পত্রে N নগদে ও বন্ডে

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
মি. আশরাফ বৃহৎ একটি ব্যাংকে চাকরি করেন। যেখাকে তাকে বিভিন্ন ব্যাংকের দেনা পাওনা নিষ্পত্তিতে কাজ করতে হয়। ব্যাংকটি মুদ্রাবাজারও নিয়ন্ত্রণ করে থাকে।

**১০. মি. আশরাফ কোন ব্যাংকে চাকরি করেন?**
K অগ্রণী ব্যাংকে L ডাচ-বাংলা ব্যাংকে
M বাংলাদেশ ব্যাংকে N যমুনা ব্যাংকে

**১১. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির কাজ হলো**
i. খাদ্য নিয়ন্ত্রণ করা
ii. ঋণ আমানত সৃষ্টি করা
iii. মুদ্রা প্রচলন করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. কোন ধরনের হিসাবে ব্যাংক কোনো লাভ বা সুদ দেয় না?**
K চলতি L বিশেষ চলতি
M সঞ্চয়ী N স্থায়ী

**১৩. কোন ধরনের হিসাব মালিককে ব্যাংক চেক বই সরবরাহ করে না?**
K সঞ্চয়ী L চলতি
M বিশেষ চলতি N স্থায়ী

**১৪. MICR-এর পূর্ণরূপ কী?**
K Magnetic Ink Cheque Registration
L Magnetic Ink Cheque Recognition
M Magnetic Ink Charater Registration
N Magnetic Ink Charater Recognition

**১৫. চেকের অমর্যাদা হতে পারে**
i. চেকে তারিখ না থাকলে
ii. পরবর্তী তারিখে চেক হলে
iii. আদেষ্টার স্বাক্ষর থাকলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. চেক জালিয়াতি ও প্রতারণার বিরুদ্ধে রক্ষাকবচ হলো–**
i. নমুনা স্বাক্ষর যথার্থভাবে মিলানো
ii. প্রাপকের যথার্থতা নিরূপণ
iii. চেকের শুদ্ধতা যাচাই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ইউসুফের নিকট থেকে মি. কিরণ দিগন্ত ব্যাংক লি. এর ৫০ হাজার টাকার একটি চেক পেয়েছে। তিনি অর্থ সংগ্রহের জন্য তার ম্যানেজার মি. হাসানকে চেকটি প্রদান করেন।

**১৭. উক্ত চেকটিতে হাসান কোন পক্ষ?**
K আদিষ্ট L আদেষ্টা
M অনুমোদনকারী N ধারক

**১৮. চেকটির অর্থ মি. কিরণের ব্যাংক হিসাবের মাধ্যমে সংগ্রহ করার উপায় কী?**
K চেকের অনুমোদন L চেক প্রত্যাখ্যান
M চেক নগদায়ন N চেকে দাগকাটা

**১৯. ইলেকট্রনিক ব্যাংকিং সেবা কোন দেশে প্রথম শুরু হয়?**
K যুক্তরাজ্য L যুক্তরাষ্ট্র
M ইতালি N নিউজিল্যান্ড

**২০. বাংলাদেশে প্রথম মুঠোফোন ব্যাংকিং সুবিধা চালু করে কোন ব্যাংক?**
K ডাচ-বাংলা ব্যাংক L ব্র্যাক ব্যাংক
M ওয়ান ব্যাংক N সোনালী ব্যাংক

**২১. একটা বিমাচুক্তিতে অপরিহার্য কয়টি পক্ষ থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

**২২. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K বোনাস L প্রিমিয়াম
M সুদ N সমর্পণ মূল্য

**২৩. বিমা ব্যবসায় সংশ্লিষ্ট মূলনীতির মধ্যে পড়ে**
i. বিমাযোগ্য স্বার্থের নীতি
ii. সঞ্চয় ও বিনিয়োগ নীতি
iii. স্থলাভিষিক্ততার নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মাসুদ কাপড় বোঝাই করার শর্তে জাহাজ কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করলেন। পথিমধ্যে জাহাজটি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে, দেখা যায় জাহাজটিতে সিমেন্ট বোঝাই করা হয়েছিল।

**২৪. উদ্দীপকে জনাব মাসুদ বিমার কোন নীতিটি লঙ্ঘন করেছে?**
K বিমাযোগ্য স্বার্থ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M স্থলাভিষিক্তকরণ N প্রত্যক্ষ কারণ

**২৫. উদ্দীপকে উল্লিখিত প্রেক্ষাপটে বিমা প্রতিষ্ঠানের করণীয় কী?**
K বিমাদাবি প্রত্যাখ্যান করা
L সমর্পণ মূল্য পরিশোধ করা
M পূর্ণদাবি পরিশোধ করা
N প্রিমিয়াম ফেরত দেওয়া

**২৬. সাময়িক বিমাপত্রের মেয়াদ সর্বোচ্চ কত বছর?**
K ১ L ২
M ৫ N ১২

**২৭. আদর্শিক ঝুঁকির পরিসর কোনটি?**
K ৭৫ নম্বর এর নিচে
L ৭৫-১২৫ এর মধ্যে
M ১২৫-৫০০ এর মধ্যে
N ৫০০ নম্বরের উপরে

**২৮. যে বিষয়গুলো জীবন বিমার প্রিমিয়ামের হার নির্ধারণের ক্ষেত্রে বিবেচ্য**
i. বিমাগ্রহীতার বয়স
ii. বিমাপত্রের মূল্য
iii. বিমাগ্রহীতার সামাজিক মর্যাদা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
মি. দত্ত ১০,০০,০০০ টাকায় জীবন বিমাপত্র খুলতে চান। যাতে মৃত্যু না হলেও নির্দিষ্ট সময় পরে একত্রে অর্থ পাওয়া যায়। অন্যান্য বিমাপত্র অপেক্ষা বেশি প্রিমিয়াম দিতে হবে জেনেও তিনি খুশি হন।

**২৯. মি. দত্ত কোন ধরনের বিমাপত্র খুলতে আগ্রহী?**
K বৃত্তি L মেয়াদি
M সাময়িক N এককালীন

**৩০. মি. দত্তকে এ ধরনের বিমাপত্র সংগ্রহে বেশি প্রিমিয়াম দিতে হবে, এর কারণ–**
i. এক্ষেত্রে সঞ্চয় ও বিনিয়োগ সুবিধা পাওয়া যায়
ii. এক্ষেত্রে বিমাদাবি প্রাপ্তি নিশ্চিত
iii. এক্ষেত্রে ঋণপ্রাপ্তির সুযোগ রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

# নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 2 9 3

সময়–৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন চেক হস্তান্তরের জন্য অনুমোদনের প্রয়োজন হয় না?**
K দাগকাটা চেক L হুকুম চেক
M বিশেষ চেক N বাহক চেক

**২. কোন চেকের অর্থ প্রাপক ছাড়া অন্য কেউ উত্তোলন করতে পারে না?**
K বিশেষ চেকের L বাহক চেকের
M দাগকাটা চেকের N হুকুম চেকের

**৩. দাগকাটা চেক কয় প্রকার?**
K ২ প্রকার L ৩ প্রকার
M ৪ প্রকার N ৫ প্রকার

**৪. প্রমিসরি নোটে দরকার হয়–**
i. স্বাক্ষরের
ii. অনুমোদনের
iii. তারিখের

**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও iii N i, ii ও iii

**৫. বাহক চেক ও হুকুম চেকের মধ্যে যে মিল রয়েছে তা হলো–**
i. উভয় চেকে প্রাপকের নাম উল্লেখ আবশ্যক নয়
ii. উভয় চেকেই আদেষ্টাকে স্বাক্ষর দিতে হয়
iii. উভয় চেকেই দাগকাটা যায়

**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. নিচের কোনটি অতালিকাভুক্ত ব্যাংক?**
K সোনালী L জনতা
M পূবালী N গ্রামীণ

**৭. নিচের কোনটি ব্যাংক নোট?**
K ১ টাকা L ২ টাকা
M ৫ টাকা N ১০ টাকা

**৮. কেন্দ্রীয় ব্যাংকের প্রতিনিধি হিসেবে কাজ করে কোন বাণিজ্যিক ব্যাংক?**
K জনতা L অগ্রণী
M সোনালী N রূপালী

**৯. 'অথবা বাহককে' লেখা চেকে নিচের কোন ঘর পূরণ না করলেও চলে?**
K টাকার L তারিখ
M প্রাপক N স্বাক্ষর

**১০. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K প্রিমিয়াম L বোনাস
৮▸ জনাব সজল একজন ব্যবসায়ী। তিনি ২০২৪ সালে ৩ লক্ষ টাকা দিয়ে একটি রয়েল এনফিল্ড মোটরসাইকেল কিনেন এবং তার বড়ো ভাইকে উপহার দেন। তার ভাই মোটরসাইকেলটি বিমা করতে চাইলে বিমা কোম্পানি বিমাচুক্তি করতে রাজি হয় না। পরে জনাব সজল নিজেই বিমাচুক্তি করেন এবং মোটরসাইকেলের ক্রয়মূল্য ৪ লক্ষ টাকা উল্লেখ করেন। মোটরসাইকেলটি দুর্ঘটনায় সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে বিমা কোম্পানির নিকট বিমাদাবি উপস্থাপন করা হয়। বিমা কোম্পানি যাচাই বাছাই করে বিমাদাবি প্রদান করতে অস্বীকৃতি জানায়।

ক. মৌলিক ঝুঁকি কী? ১
খ. বিমাযোগ্য স্বার্থ বিমা ব্যবসায়ে গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সজলের ভাই কেন মোটরসাইকেলটি বিমা করতে পারেনি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক বিমাদাবি প্রদান করতে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব আশিক তার ব্যক্তিগত ব্যবহৃত গাড়িটি ২০ লক্ষ টাকায় দুটি কোম্পানির নিকট পৃথকভাবে বিমা করেন। দুর্ঘটনায় গাড়িটির ৫ লক্ষ টাকার ক্ষতি সাধিত হয়। জনাব আশিক দুটি বিমা কোম্পানির নিকট পৃথকভাবে ৫ লক্ষ টাকার ক্ষতিপূরণ দাবি করে এবং বিমা কোম্পানিগুলো তার দাবি প্রত্যাখ্যান করে।

ক. প্রত্যক্ষ কারণ কী? ১
খ. "বিমাচুক্তি বাজি ধরার চুক্তি নয়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আশিক কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমা কোম্পানিগুলো কর্তৃক জনাব আশিকের বিমাদাবি প্রত্যাখ্যানের কারণ বিশ্লেষণ কর। ৪

১০▸ জনাব তাসিন একজন চাকরিজীবী। তিনি তার সন্তানের ভবিষ্যতের কথা চিন্তা করে ১০ বছর মেয়াদি বিমাপত্র গ্রহণ করেন। ১০ বছরের মধ্যে তিনি মারা গেলে বা ১০ বছর শেষে তার সন্তান নির্দিষ্ট সময় পর্যন্ত শিক্ষাবৃত্তি পাবে। ৪ বছর পরে আর্থিক অসঙ্গতির কারণে তিনি বিমা চালু রাখতে অসমর্থ হন এবং প্রদত্ত প্রিমিয়াম ফেরত পাওয়ার আবেদন করেন।

ক. পুনর্বিমা কী? ১
খ. গ্রুপ বিমা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জনাব তাসিন কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কী মনে কর বিমা কোম্পানি জনাব তাসিনকে তার দাবিকৃত অর্থ প্রদান করবে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

১১▸ মিজ সাদিকা ১০ বছর মেয়াদি একটি বিমা পলিসি গ্রহণ করেন। বিমা পলিসি অনুযায়ী মেয়াদের মধ্যে মারা গেলে তার নমিনি বা মেয়াদ শেষে তিনি বিমাদাবি পাবেন। অন্যদিকে মিজ ফাতিহা ১০ বছর মেয়াদি একটি বিমা পলিসি গ্রহণ করেন। বিমা পলিসি অনুযায়ী শুধু মেয়াদ শেষেই বিমাদাবি দেওয়া হবে।

ক. প্রিমিয়াম কী? ১
খ. জীবন বিমা কি ক্ষতিপূরণের চুক্তি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মিজ সাদিকার গৃহীত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মিজ ফাতিহার বিমাপত্রের জন্য নমিনির প্রয়োজনীয়তা আছে কি? মতামত দাও। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 2 9 3

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক-বিভাগ : ব্যাংকিং

১▸ জনাব সারওয়ার একজন স্বনামধন্য ব্যাংকার ছিলেন। তার জীবদ্দশায় কিছু ছোট ব্যাংক আর্থিকভাবে সমস্যায় পড়ায় তার নিজের হাতে গড়া পায়রা ব্যাংক সেই ছোট ব্যাংকগুলোর শেয়ার কিনে নিয়ন্ত্রণ নেয় এবং দেশের ব্যাংকিং জগতের অন্যতম সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মর্যাদা পায়। অন্যদিকে, জনাব হাসান তার দেনাদার রাতুলের নিকট ১০ লক্ষ টাকা পাওনা, যা তিনি আদায় করতে না পেরে আদালতের শরণাপন্ন হলে আদালত জনাব রাতুলের ব্যাংক হিসাবের সব লেনদেন বন্ধ করার আদেশ দেয়।

ক. চেইন ব্যাংকিং কী? ১

খ. ব্যাসেল-২ কেন প্রণয়ন করা হয়েছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত পায়রা ব্যাংক সংগঠন কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থা গড়ে তুলেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আদালত জনাব রাতুলের ব্যাংক হিসাবের সব লেনদেন বন্ধ করার যে আদেশ দিয়েছে, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২▸ সুন্দরবন ফাইনান্স লি. দেশের বিভিন্ন জায়গায় ইহার শাখা স্থাপন করে ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করছে। কিন্তু তাদের উপর জনগণের আস্থা কম, কারণ প্রতিষ্ঠানটি কোনো শক্তিশালী ব্যবসায় সংগঠনের অধীনে পরিচালিত হচ্ছে না। তাছাড়া প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়লে উদ্ধার করার কেউ নেই। প্রতিষ্ঠানটি তাদের ব্যবসার ভবিষ্যৎ নিয়ে অনেক চিন্তিত, সেইজন্য তাদের ব্যবসায় সংগঠনের ধরন পরিবর্তন করে একটি শক্তিশালী ব্যাংকের অধীনে পরিচালিত হতে চায় যেটি তার ঋণদানের শেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করবে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. খোলাবাজার নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে শক্তিশালী ব্যাংকের কথা বলা হয়েছে তা মালিকানার ভিত্তিতে কোন ধরনের ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি তার ধরন পরিবর্তনের ফলে দেশের অর্থনৈতিক উন্নয়নে কি বেশি ভূমিকা রাখতে পারবে? তোমার সপক্ষে যুক্তি দাও। ৪

৩▸ দেশের কেন্দ্রীয় ব্যাংক অর্থনৈতিক অবস্থা স্থিতিশীল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশে হঠাৎ বাণিজ্যিক ব্যাংকগুলোতে তারল্য সংকট দেখা দেওয়ায় কেন্দ্রীয় ব্যাংক খুব উদ্বিগ্ন। কেন্দ্রীয় ব্যাংক নির্দেশনা জারি করেছে যে, এখন থেকে ব্যাংকগুলোর নগদ জমা সংরক্ষণের বাধ্যবাধকতা ১% কমিয়ে ৪% করে দেওয়া হলো। এ ছাড়াও তৈরি পোশাকখাত মুনাফাসমৃদ্ধ হওয়ায় এই খাতে ব্যাংকগুলোকে আরও ঋণ বেশি দেওয়ার পরামর্শ প্রদান করা হয়।

ক. MICR এর পূর্ণরূপ কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্তির শর্তসমূহ উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে তারল্য সংকট নিরসনে ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতি প্রয়োগ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক পোশাক শিল্প খাতে আরও ঋণ বেশি দেওয়ার পরামর্শের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪▸ মি. হাসিব চাকরীজীবন শেষে একত্রে টাকা পেয়ে ব্যাংক কর্মকর্তার পরামর্শে এমন একটি হিসাবে রাখলেন যেখানে মাসিক ভিত্তিতে সুদ বা লাভ দেওয়া হবে। তবে ব্যাংক কর্মকর্তা আরেকটি হিসাব খুলতে বলেছেন, যেখানে সুদ বা লাভ জমা হবে এবং তিনি চেক কেটে টাকা উঠাতে পারবেন। অন্যদিকে, মি. ইফাজ এক বন্ধুর পরামর্শে একটি ব্যাংকে ৬ বছর মেয়াদি একটি হিসাব খোলেন, যেখানে তিনি প্রতি মাসের শুরুতে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দেন। মেয়াদ শেষে সুদসহ সম্পূর্ণ টাকা পাওয়া যাবে।

ক. ঋণ আমানতি হিসাব কী? ১

খ. চলতি হিসাবের গ্রাহকদের ব্যাংক সুদ দেয় না কেন? ২

গ. মি. ইফাজ ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. অধিক ব্যাংকিং সুবিধা প্রদানের দিক দিয়ে মি. হাসিবের পরবর্তী হিসাবটি এগিয়ে থাকবে – মন্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▸ মি. কামাল একটি অফিসে চাকরি করেন। বেতন বাবদ তিনি একটি ২৫,০০০ টাকার চেক পেলেন। চেকটি তিনি তার পাওনাদার মি. হাসানকে দিতে চান। এজন্য তিনি চেকের পিছনে স্বাক্ষর করে 'মি. হাসানকে অথবা তার আদেশ অনুসারে দেয়' লিখে দিলেন। অন্যদিকে, জনাব কবীর একজন মোবাইল ব্যবসায়ী। তিনি সানির কাছ থেকে ৭০ হাজার টাকার একটি চেক পেলেন। প্রাপ্ত চেকের বাম কোণে আড়াআড়িভাবে দুটি রেখা টেনে মাঝখানে 'কর্ণফুলী ব্যাংক লি.' কথাটি লেখা ছিল। জনাব কবীর চেকটি সুরমা ব্যাংকে জমা দিতে গেলে ব্যাংক তা জমা নিতে অস্বীকৃতি জানায়।

ক. চেক কী? ১

খ. শুধুমাত্র অর্পণের দ্বারাই স্বত্ব হস্তান্তর হয় কোন ধরনের চেকের ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. কামাল কোন ধরনের অনুমোদন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সুরমা ব্যাংক কর্তৃপক্ষের চেকটি জমা নিতে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬▸ জনাব তাবিদ চেক গ্রহণ করে বাকিতে পণ্য বিক্রয় করেন। কিন্তু অনেক সময় চেকের অর্থ সংগ্রহে বিলম্ব হয়। এজন্য ব্যাংক ব্যবস্থাপক তাকে পরামর্শ দিলেন, আপনি এমন একটি দলিলের ফর্ম তৈরি করে রাখুন যেটা পূরণ করে স্বাক্ষরের স্থানে গ্রাহকের স্বীকৃতি নিয়ে স্বাক্ষর করিয়ে নিবেন। প্রয়োজনে যেকোনো সময় কিছু বাট্টা দিয়ে ব্যাংক থেকে তা ভাঙানো যাবে। অন্যদিকে, মি. ফরহাদ ১৫ মার্চ ২০২৪ তারিখে মি. তরুণের কাছ থেকে একটি চেক পেলেন। চেকটি ২০ মার্চ ব্যাংকে ভাঙাতে গিয়ে দেখলেন চেকে ১৫ এপ্রিল ২০২৪ লেখা রয়েছে।

ক. অঙ্গীকারপত্র কী? ১

খ. কোন ধরনের অনুমোদনের ফলে হুকুম চেক বাহক চেকে রূপান্তরিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. ফরহাদ কোন ধরনের চেক পেয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ব্যাংক ব্যবস্থাপক যে দলিলের পরামর্শ দিলেন তা দ্রুত অর্থ প্রাপ্তিতে ভূমিকা পালন করে। বিশ্লেষণ কর। ৪

৭▸ রাতুল তার ব্যাংকে প্রদত্ত বিশেষ চুম্বকীয় কার্ড ব্যবহার করে যেকোনো সময় তার হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করতে পারেন। অপরদিকে, সাফাত তার ব্যাংক প্রদত্ত একই প্রকৃতির কার্ড ব্যবহার করে তার হিসাবে পর্যাপ্ত পরিমাণ টাকা না থাকলেও যাবতীয় কেনাকাটা এবং বিল পরিশোধ করতে পারেন, যা তিনি পরবর্তীতে সুদসহ ব্যাংককে পরিশোধ করেন। অন্যদিকে, জনাব সাকিব একজন প্রতিষ্ঠিত কম্পিউটার ব্যবসায়ী। প্রতিদিন তাকে দ্রুত অনেক ধরনের লেনদেন সম্পন্ন করতে হয়। সেজন্য তিনি তার ব্যক্তিগত কম্পিউটারে ব্যাংক প্রদত্ত সফটওয়্যার এবং পিন নম্বর দিয়ে ইন্টারনেট ব্যবহার করে ঘরে বসেই ব্যাংক হিসাবের বিভিন্ন তথ্য সম্পর্কে অবগত হতে পারেন।

ক. SWIFT পূর্ণরূপ কী? ১

খ. ওয়ান স্টপ সার্ভিস কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব সাকিব কোন ধরনের ইলেকট্রনিক ব্যাংকিং সেবা গ্রহণ করতেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রাতুল ও সাফাতের কার্ড দুটির মধ্যে কোনটি উত্তম? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ-বিভাগ : বিমা

৮▸ জনাব হাকিম হৃদরোগজনিত মৃত্যুর কারণে বিমাদাবি পরিশোধ করা হবে এই মর্মে বিমা করেন। তিনি হৃদরোগে আক্রান্ত হন এবং হাসপাতালে চিকিৎসাধীন থাকেন। সুস্থ হয়ে হাসপাতাল থেকে বাড়ি যেতে সড়ক দুর্ঘটনায় মারা যান। বিমা কোম্পানি বিমাদাবি পরিশোধ করেনি। অন্যদিকে, মি. শিহাব নতুন ব্যবসায় শুরু করেছেন। দেশের রাজনৈতিক অস্থিরতায় ব্যবসায়ের মুনাফা কমে যেতে পারে বলে তিনি চিন্তিত। ঝুঁকি আছে জেনে তিনি বিমা কোম্পানির কাছে তাঁর ব্যবসায়ের বিনিয়োগকৃত অর্থের বিমা করতে গেলে বিমা কোম্পানি অপারগতা প্রকাশ করে।

ক. বিশ্বস্ততা বিমা কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বিমার কোন নীতি ভঙ্গের কারণে জনাব হাকিমের পরিবারকে বিমাদাবি পরিশোধ করেনি বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক মি. শিহাবের প্রস্তাবে অপারগতা প্রকাশ করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব ফারদিন একটি পোশাক কারখানার মালিক। তিনি তার কোম্পানির ৫০০ শ্রমিকের নিরাপত্তার জন্য একক বিমাপত্রের অধীনে সুরমা বিমা কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করেন। অন্যদিকে, জনাব তনয় মেঘনা বিমা কোম্পানির সাথে ১০ বছর মেয়াদি একটি জীবন বিমাপত্র খোলেন। বিমাপত্র অনুযায়ী কেবল মেয়াদপূর্ণ হলেই জনাব তনয় বা তার উত্তরাধিকারী বিমাদাবি প্রাপ্য হবেন, কিন্তু এই মেয়াদের মধ্যে তিনি মারা গেলে তার উত্তরাধিকারী কোনো অর্থ পাবে না।

ক. বোনাস কী? ১

খ. মৃত্যুহারপঞ্জি কী? নমুনাসহ ব্যাখ্যা কর। ২

গ. জনাব তনয় কোন ধরনের জীবন বিমা করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব ফারদিন যে বিমাপত্রটি গ্রহণ করেছেন তা শ্রমিকস্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০▸ জনাব জাহিন এমন বিমাপত্র সংগ্রহ করেন যেখানে তাকে নির্দিষ্ট সময় পর্যন্ত কিস্তিতে প্রিমিয়াম দিতে হবে। এ সময়ের মধ্যে তিনি মারা গেলে, পঙ্গু হলে, অসুস্থ হলে ও বেকার হলে কোম্পানি বিমাদাবি পরিশোধ করবে। নির্দিষ্ট সময় পার হলেও তিনি বোনাসসহ বিমাকৃত অর্থ পাবেন। অন্যদিকে, চালের ব্যবসায়ী মোঃ আমিন চালের গুদামের বিমা করেছিলেন। কিছুদিন আগে তিনি ৩০ মণ চাল বিক্রি করেছেন তা উল্লেখ না করে সম্পূর্ণ চালের ওপর বিমা করেন।

ক. আজীবন বিমাপত্রের মধ্যে সবচেয়ে জনপ্রিয় কোনটি? ১

খ. কোন বিমায় স্থলাভিষিক্তকরণ নীতি প্রযোজ্য হয় না? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মোঃ আমিন বিমার কোন নীতি ভঙ্গ করেছেন বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জনাব জাহিনের গ্রহণকৃত বিমা পলিসিটিতে স্বাভাবিকভাবেই প্রিমিয়ামের হার বেশি হয়"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. তামিম জাহাজের নাবিক। তিনি দুই বছরের জন্য জীবন বিমা খুলেছেন। এই সময়ের মধ্যে মারা গেলেই কেবল তার নমিনি অর্থ পাবে। অন্যদিকে, তিস্তা বিমা কোম্পানি তাদের গৃহীত বিমার ঝুঁকি অত্যধিক বিবেচনায় সুরমা বিমা কোম্পানির কাছে গৃহীত দায়ের অংশবিশেষ অর্পণ করে। ঝুঁকি গ্রহণের জন্য ভিন্ন বিমা কোম্পানি, সুরমা বিমা কোম্পানিকে আংশিক প্রিমিয়াম দিবে।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. বিমা কোম্পানির বিনিয়োগ সুবিধা কীভাবে প্রিমিয়ামের হার নির্ধারণে সহায়তা করে? ২

গ. মি. তামিম কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে তিস্তা ও সুরমা কোম্পানির মধ্যে সম্পাদিত চুক্তি বিমা ব্যবসায়ের উন্নয়নে কোনো প্রভাব ফেলবে কি? মতামত দাও। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ গ্রাহকের লেনদেনের মাধ্যমে 'ক' ব্যাংক 'খ' ব্যাংকের নিকট ১০ কোটি টাকা এবং 'খ' ব্যাংক 'ক' ব্যাংকের নিকট ১২ কোটি টাকা পাওনা হয়। উভয় ব্যাংক নিয়ন্ত্রণকারী ব্যাংকের শরণাপন্ন হলে ব্যাংকটি দ্রুততার সাথে উভয়ের লেনদেন নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে। নিয়ন্ত্রণকারী ব্যাংকটি স্বয়ংক্রিয় উপায়ে নিজেদের অভ্যন্তরীণ লেনদেন সম্পন্ন করার ওপর তাগিদ দিয়েছে।

ক. CHIPS কী? ১

খ. মোবাইল ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. নিয়ন্ত্রণকারী ব্যাংক কোন পদ্ধতিতে 'ক' ও 'খ' ব্যাংকের লেনদেন নিষ্পত্তি করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. কী উপায়ে 'ক' ও 'খ' ব্যাংক নিজেদের অভ্যন্তরীণ লেনদেন দ্রুততার সাথে সম্পাদন করতে পারবে বলে মনে কর? মতামত দাও। ৪

২▸ মি. আহাদ ফিন্যান্স বিষয়ের একজন প্রভাষক। তিনি তার কর্মস্থল রাজশাহীতে 'A' ব্যাংকে একটি হিসাব খোলেন। দেশের বিভিন্ন জায়গায় এই ব্যাংকটি দেখতে পাওয়া যায়। মি. আহাদের বন্ধু মি. খান ঢাকা শহরের একজন স্কুল শিক্ষক। তিনি তার কর্মস্থলের পাশে অবস্থিত 'P' ব্যাংকে একটি হিসাব খোলেন। 'P' ব্যাংকের সব কার্যক্রম ঐ অফিস থেকে পরিচালিত হয়। একদিন তারা দুই বন্ধু ভ্রমণে যাওয়ার সিদ্ধান্ত নিলেন। যাওয়ার সময় তারা যথেষ্ট টাকা এবং চেকবই সাথে নিলেন। জাফলং-এ পৌঁছানোর পর হঠাৎ তাদের টাকার ঘাটতি ঘটে। তারা উভয়েই তাদের চেক ইস্যু করে টাকা সংগ্রহের চেষ্টা করেন। তবে মি. আহাদ চেকের মাধ্যমে টাকা সংগ্রহ করতে পারলেও মি. খান ব্যর্থ হন।

ক. গারনিশি অর্ডার কী? ১

খ. চেইন ব্যাংকিং বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে মি. খান কোন ধরনের ব্যাংকে হিসাব খোলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মি. আহাদের পক্ষে চেকের মাধ্যমে টাকা সংগ্রহের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ রানার কাছ থেকে ৫ লক্ষ টাকার একটি চেক পেল রেজা। রানা চেকটির বাম কোণে আড়াআড়িভাবে দুটি রেখা টেনে তার মাঝখানে প্রাইম ব্যাংক লিমিটেড কথাটি লিখে দিল। রেজা চেকটি তার এক্সিম ব্যাংক শাখায় উপস্থাপন করলে ব্যাংকটি তাকে তার চেকটি প্রাইম ব্যাংক শাখায় উপস্থাপনের পরামর্শ দিল।

ক. আদেষ্টা কে? ১

খ. হস্তান্তরযোগ্য ঋণের দলিল বলতে কী বোঝ? ২

গ. রেজা কী প্রক্রিয়ায় চেকে টাকা উত্তোলন করতে পারবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের চেকটি কি আমানত সৃষ্টি করতে পারে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৪▸ জনাব আবির টগর ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খোলেন। যেখানে তিনি টগর ব্যাংকের যেকোনো শাখায় ব্যাংকিং সময়ের মধ্যে সব ধরনের ব্যাংকিং লেনদেন করতে পারেন। এছাড়াও তিনি 'মুন ব্যাংক' থেকে এমন এক ধরনের কার্ড সংগ্রহ করেছেন যা দিয়ে ঋণ সুবিধা পাওয়া যায় এবং নির্দিষ্ট সীমা পর্যন্ত বাকিতে পণ্য কেনা যায়।

ক. SWIFT কী? ১

খ. অনলাইন ব্যাংকিং জগতে কাগজি মুদ্রার ব্যবহার কমে যাওয়ার কারণ কী? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আবির 'মুন ব্যাংক' থেকে কোন ধরনের কার্ড সংগ্রহ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে জনাব আবিরের টগর ব্যাংক থেকে প্রাপ্ত সেবার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫▸ বাবু ও পাপ্পু সদ্য ডিগ্রি পাস করেছে। দু'জনেরই লক্ষ্য হলো কোনো ব্যাংকে চাকরি করা। সেই লক্ষ্যে বাবু কুমিল্লার একটি ব্যাংকে জুনিয়র এক্সিকিউটিভ পদে যোগদান করেন, যেটি শুধু দেশের শিল্পোন্নয়নে কাজ করে। অপরদিকে পাপ্পুও একটি নামকরা ব্যাংকে যোগদান করেন। ব্যাংকটি একটি কেন্দ্রীয় অফিসের মাধ্যমে পরিচালিত হয়। ব্যাংকটির মূল কাজ আমানত সংগ্রহ, ব্যবসা-বাণিজ্যে ঋণদান ও আমদানি-রপ্তানি বাণিজ্যে নানা রকম সহায়তা করা।

ক. ব্যাংক কাকে বলে? ১

খ. ব্যাংক কীভাবে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বাবুর ব্যাংক কোন ধরনের ঋণ প্রদান করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পাপ্পুর ব্যাংকটি বাবুর ব্যাংক অপেক্ষা কেন আলাদা প্রকৃতির? বিশ্লেষণ কর। ৪

৬▸ মুদ্রাস্ফীতি ও মুদ্রা সংকোচন উভয়ই দেশের অর্থনীতির জন্য ক্ষতি করে। মুদ্রাস্ফীতি ও মুদ্রা সংকোচন নিয়ন্ত্রণ করার জন্য R ব্যাংক প্রয়োজনীয় পদক্ষেপ নেয়, যার অংশ হিসেবে R ব্যাংক ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি প্রয়োগ করে। S ব্যাংককে তার সংগৃহীত আমানতের একটি নির্দিষ্ট পরিমাণ টাকা বাধ্যতামূলকভাবে R ব্যাংকের নিকট জমা রাখতে হয়। R ব্যাংক জমার পরিমাণ হ্রাস-বৃদ্ধি করে ঋণ নিয়ন্ত্রণ করে থাকে।

ক. কল মানি রেট কী? ১

খ. খোলাবাজার নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত R ব্যাংক মালিকানার ভিত্তিতে কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. R ব্যাংকটির পক্ষে ঋণ নিয়ন্ত্রণ করা কি সম্ভব? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭▸ বাংলাদেশ ব্যাংক আমাদের দেশে অর্থ ও ঋণের যোগান নিয়ন্ত্রণের একক ক্ষমতার অধিকারী। এ ব্যাংক দেশের চাহিদা ও অন্যান্য অর্থনৈতিক বিষয়ের সাথে সঙ্গতি রেখে নোট ইস্যু করে, অর্থের যোগানে ভূমিকা পালন করে; যা বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ এর বিভিন্ন ধারায় আলোচনা করা হয়েছে। এক্ষেত্রে ভারসাম্য নীতি ও আন্তর্জাতিক বিভিন্ন নিয়মকানুনও বাংলাদেশ ব্যাংককে অনুসরণ করতে হয়। অন্যদিকে বাংলাদেশ ব্যাংক দেশের অর্থনীতিতে ঋণ নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন সংখ্যাত্মক পদ্ধতি ব্যবহার করলেও জমার হার পরিবর্তন নীতিই এদেশের অর্থনীতিতে অধিক কার্যকর বলে বিশেষজ্ঞরা মত দিয়েছেন।

ক. ঋণের বরাদ্দকরণ নীতি কী? ১

খ. ঋণ নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২-এ বাংলাদেশ ব্যাংকের নোট ইস্যু সম্পর্কে কী ধারণা দেওয়া হয়েছে? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে কেন জমার হার পরিবর্তন নীতিকে অধিক কার্যকর বলা হয়েছে? অন্যান্য সংখ্যাত্মক পদ্ধতিগুলোর সাথে তুলনামূলক আলোচনা কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ জনাব X এবং জনাব Y দুইজন সরকারি চাকরিজীবী। জনাব X দুই বছরের জন্য জাতিসংঘ মিশনে সোমালিয়া যান। তিনি তার সন্তানদের ভবিষ্যতের কথা বিবেচনা করে দুই বছরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন। যেখানে তিনি মারা গেলেই কেবল তার সন্তানেরা বিমাদাবি পাবেন। অপরদিকে জনাব Y বার্ষিক ২৫,০০০ টাকা বিমা কিস্তিতে ১০ বছরের জন্য তিন লক্ষ টাকার একটি বিমাপত্র গ্রহণ করেন, যেখানে তিনি মারা না গেলেও নির্দিষ্ট সময় শেষে বিমাদাবি পাবেন।

ক. মৃত্যুহারপঞ্জি কাকে বলে? ১

খ. দ্বৈত বিমা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব X-এর গৃহীত বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব X এবং জনাব Y গৃহীত দুটি বিমাপত্রের মধ্যে কোনটি বেশি লাভজনক বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯▸ জনাব তপু একজন ব্যবসায়ী। তিনি তার ব্যক্তিগত ব্যবহারের জন্য একটি গাড়ি জাপান থেকে আমদানি করেছেন। তিনি তার গাড়িটি প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানির কাছে বিমা করেন। প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানি তার ঝুঁকি কমানোর জন্য গাড়িটি রূপালী ইন্স্যুরেন্স কোম্পানির কাছে বিমা করে। অন্যদিকে জনাব তপু তার গুদামে রক্ষিত পণ্যের জন্য আরেকটি বিমাপত্র সংগ্রহ করেছেন। পণ্যের পরিমাণ সঠিকভাবে উল্লেখ না করায় পরবর্তীতে তার বিমাপত্রটি বাতিল হয়ে যায়।

ক. প্রিমিয়াম কী? ১

খ. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথ ব্যবস্থা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে জনাব তপুর বিমাপত্রটি কেন বাতিল হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানির সাথে রূপালী ইন্স্যুরেন্স কোম্পানির সম্পাদিত চুক্তির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১০▸ মোস্তফা সাহেবের কাছে জীবনের নিরাপত্তাটাই সর্বোচ্চ অগ্রগণ্য। তাই তিনি ১২ বছরের জন্য একটি বিমাপত্র খোলেন তার জীবনের ওপর ডেল্টা বিমা কোম্পানিতে। সম্প্রতি তিনিসহ তার দুই বন্ধু চুক্তির ভিত্তিতে একটি সুপার শপ চালু করেন। দেশের নানা প্রান্ত থেকে পণ্য আনার জন্য কাউকে না কাউকে ঢাকার বাইরে যেতে হয়। এক্ষেত্রে সকলের নিরাপত্তার জন্য একটি বিমার কথা ভাবছেন।

ক. গোষ্ঠী বিমা কাকে বলে? ১

খ. জীবন বিমা কোন ধরনের চুক্তি এবং কেন? ২

গ. মোস্তফা সাহেব নিজের জীবনের ওপর বিমাগ্রহীতার সংখ্যার ভিত্তিতে কোন ধরনের বিমা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. অংশীদারি ব্যবসায় হওয়ায় মোস্তফা সাহেব ও তার বন্ধুদের জন্য কোন ধরনের জীবন বিমা চুক্তি উত্তম হবে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

১১▸ চট্টগ্রামের আহমেদ শাহিনের পাঁচটি গাড়ি আছে। দুর্ঘটনাজনিত ঝুঁকি এড়াতে তিনি বিমা কোম্পানিতে তিন কোটি টাকার একটি চুক্তি সম্পাদন করে ১ লাখ টাকা প্রিমিয়াম পরিশোধ করেন। দুর্ঘটনায় এক কোটি টাকা মূল্যের দুটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। তবে গাড়িগুলোর ইঞ্জিন মোটামুটি ভালো আছে বলে জানা যায়।

ক. স্বাস্থ্য বিমা কী? ১

খ. বিমা কীভাবে বৈদেশিক বাণিজ্যের প্রসার ঘটায়? ২

গ. বিমাকারীর সাথে আহমেদ শাহীনের সম্পাদিত বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. আহমেদ শাহীনের বিমাদাবি পরিশোধিত হলে দুর্ঘটনা কবলিত গাড়িগুলোর অবশিষ্ট নির্ধারণে তোমার মতামত দাও। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১▸ X ব্যাংক একটি প্রতিষ্ঠিত ব্যাংক। ব্যাংকটি বৈদেশিক বাণিজ্যে গ্রাহকদের পক্ষে প্রত্যয়পত্র ইস্যু করে। এছাড়াও ব্যাংকটি বিদেশ হতে পণ্য বা যন্ত্রপাতি ক্রয় করে ভাড়া ক্রয় বা কিস্তিতে ক্রয় পদ্ধতিতে গ্রাহকদের সরবরাহ করে। সম্প্রতি ব্যাংকটি ক্ষতির সম্মুখীন হলে Y ব্যাংকের সাথে একীভূত হয়ে ব্যাংকটি কার্যক্রম পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করে।

ক. সীমাবদ্ধ গারনিশি আদেশ কী? ১

খ. ব্যাসেল-২ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে Y ব্যাংকের সাথে একীভূত হওয়ার যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২▸ জুলাই বিপ্লবের পর দেশে একধরনের অর্থনৈতিক অস্থিরতা দেখা দেয়। আবির যমুনা ব্যাংকে তার গচ্ছিত অর্থ উত্তোলন করতে গেলে ব্যাংকটি তা পরিশোধ করতে অসমর্থ হয়। ব্যাংকটি তার সুনাম হারানোর ভয়ে মেঘনা ব্যাংকের কাছ থেকে অল্প সময়ের জন্য ঋণ গ্রহণ করে।

ক. গ্রুপ ব্যাংক কী? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২

গ. যমুনা ব্যাংক কোন নীতির লঙ্ঘন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে মেঘনা ব্যাংকের কাছ থেকে ঋণ গ্রহণের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৩▸ X, Y ও Z তিনটি তফসিলভুক্ত একই মালিকানাধীন ব্যাংক। ব্যাংক তিনটির নিজেদের মধ্যকার লেনদেন নিষ্পত্তি করার জন্য একটি নিকাশঘর ব্যবস্থা আছে যদিও কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক তাদের নিকাশ ঘরের সুবিধা দেয়া হয়। তারা গ্রাহকদের সুবিধার কথা চিন্তা করে 88 bit এর Txn-id ব্যবহার করে।

ক. SWIFT-এর পূর্ণরূপ লেখ? ১

খ. "নিরাপত্তাই হলো ইলেকট্রনিক ব্যাংকিংয়ের প্রধান অন্তরায়"– ব্যাখ্যা কর। ২

গ. ব্যাংকগুলো নিজেদের মধ্যে লেনদেন নিষ্পত্তির জন্য কোন ধরনের নিকাশ ঘরের সাহায্য নেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংকগুলোর Txn-id ব্যবহারের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪▸ বর্তমানে বাণিজ্যিক ব্যাংকগুলোর কাছে ২০ হাজার কোটি টাকা অলস পড়ে আছে। তাই বাণিজ্যিক ব্যাংকগুলো ইচ্ছামতো ঋণ প্রদান করতে সক্ষম। এই কারণে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংককে যে হারে ঋণ প্রদান করতো তার শতকরা ২% বৃদ্ধি করে। এতেও বাণিজ্যিক ব্যাংকে ঋণ সামর্থ্যকে প্রভাবিত না করলেও কেন্দ্রীয় ব্যাংক তার কাছে রক্ষিত শেয়ার ও বন্ড সরাসরি বাজারে বিক্রয় শুরু করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ প্রদান ক্ষমতা হ্রাস পেতে থাকে।

ক. নিকাশ ঘর কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রাবাজারের অভিভাবক বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের জন্য প্রথম পদক্ষেপে কোন পদ্ধতি গ্রহণ করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংকের দ্বিতীয় পদক্ষেপ সফল হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

৫▸ বাণিজ্যিক ব্যাংকসমূহের অত্যধিক ঋণদান কার্যক্রমের কারণে বাজারে মুদ্রাস্ফীতি দেখা দেয়। এতে দ্রব্যমূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায়। এমতাবস্থায়, কেন্দ্রীয় ব্যাংক CRR পূর্বের তুলনায় ২% বাড়িয়ে দেয়। কিন্তু কিছু কিছু ব্যাংক এ নির্দেশ অমান্য করায় কেন্দ্রীয় ব্যাংক তাদের বিল বাট্টাকরণে অস্বীকৃতি জানায়। ফলে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ নির্দেশ পালনে বাধ্য হয়, বাজারে মুদ্রা সরবরাহ ও ঋণের পরিমাণ কাম্যস্তরে ফিরে আসে।

ক. SLR এর পূর্ণরূপ কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে সরকারের ব্যাংক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত প্রথম পদক্ষেপ ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মূল্যস্তরের স্থিতিশীলতা আনয়নে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত ব্যবস্থা কতটুকু যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

৬▸ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

> ডেল্টা ব্যাংক পিএলসি
> ভেলানগর, নরসিংদী তারিখ : ১৫.১.২৫
> জনাব আব্বাসকে অথবা বাহককে প্রদান করুন।
> কথায় : পাঁচ লক্ষ টাকা মাত্র।
> অঙ্কে : ৫,০০,০০০/-

কিন্তু চেকটি ১০.০৫.২০২৬ তারিখে জমা দিতে গেলে প্রত্যাখ্যাত হলো।

ক. হুকুম চেক কী? ১

খ. চেকের অনুমোদন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের চেকটি প্রত্যাখ্যাত হলো কেন? বিশ্লেষণ কর। ৪

৭▸ ২০২৪ সালের মার্চ মাসে মেঘনা ব্যাংক হবিগঞ্জ শাখার বিভিন্ন ধরনের চেকের বিপক্ষে যে অর্থ প্রদত্ত হয়েছে তার সংখ্যা ও টাকার পরিমাণ নিচে দেওয়া হলো।

| চেকের ধরন | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|
| বাহক চেক | ২০০০ | ২০ |
| দাগকাটা চেক | ৪০০ | ১৮ |
| হুকুম চেক | ১০০ | ২ |

ক. চেকের আদেষ্টা কে? ১

খ. বিনিময় বিল বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. কোন চেকের বিপক্ষে সর্বোচ্চ পরিমাণ অর্থ প্রদত্ত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চেকের সংখ্যা বিচারে কোন চেকের প্রতি গ্রাহকদের আস্থার প্রমাণ পাওয়া যায়? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮▸ মিজান সাহেবের ঢাকায় একটি বাড়ি আছে। তিনি তার ভাতিজা রিমনকে নিজের বাড়িটি বিমা করানোর জন্য একটি বিমা কোম্পানিতে পাঠান। চাচার বয়সের কথা বিবেচনা করে রিমন নিজের নামে বাড়িটি বিমা করাতে চাইলে বিমা কোম্পানি তাতে অস্বীকৃতি জানায়। অন্যদিকে, রিমনের ভাই সুমন একজন পাট ব্যবসায়ী। কিছুদিন আগে তিনি তার পাটের গুদাম বিমা করেন। পাটের সঠিক পরিমাণ উল্লেখ না করায় বিমা কোম্পানি তার বিমাচুক্তি বাতিল করে।

ক. ঝুঁকি কী? ১

খ. আনুপাতিক অংশগ্রহণের নীতি কী? ২

গ. উদ্দীপকের আলোকে বিমা কোম্পানি রিমনের প্রস্তাব গ্রহণের অস্বীকৃতি জানানোর কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক সুমনের বিমাচুক্তি বাতিল করার কারণ বিশ্লেষণ কর। ৪

৯▸ জামাল সাহেবের খামারে ১০০টি অস্ট্রেলিয়া জাতের গাভি আছে। খামারে রোগ আক্রান্তের ঝুঁকি এড়াতে তিনি ১০,০০,০০০ টাকার বিমাপত্র গ্রহণ করেছেন। শত্রুতাবশত তার পাঁচটি গাভি মেরে ফেলা হয় যার আনুমানিক মূল্য ৪,০০,০০০ টাকা। তিনি বিমাকারীর কাছে বিমার দাবি পেশ করেন।

ক. পুনর্বিমা কী? ১

খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝায়? ২

গ. জামাল সাহেব কোন ধরনের বিমাচুক্তি করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জামাল সাহেব কত টাকা বিমাদাবি পাবেন? মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

১০▸ রায়হান ও সুজন দুই বন্ধু। রায়হান নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদানের শর্তে দুই বছরের জন্য একটি মেয়াদি বিমাপত্র গ্রহণ করে। চুক্তির শর্তানুসারে ২ বছরের মধ্যে তার মৃত্যু হলে মনোনীত ব্যক্তি বিমাদাবি পাবে। তবে মৃত্যু না হলে কেউ কোনো অর্থ পাবে না। অপরদিকে সুজন যে বিমাপত্রটি গ্রহণ করেছেন তার মেয়াদ ১০ বছর। মেয়াদের মধ্যে সুজন মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমাদাবি আদায় করতে পারবে অথবা তিনি বেঁচে থাকলে বিমাদাবি আদায় করতে পারবেন।

ক. দ্বৈত বিমা কী? ১

খ. মৃত্যুহারপঞ্জি কেন ব্যবহার করা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রায়হানের বিমাপত্রটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সুজন কর্তৃক গৃহীত বিমাপত্রটি নমিনির জন্য আর্থিক নিরাপত্তা ও সুজনের জন্য সঞ্চয়' – বিশ্লেষণ কর। ৪

১১▸ মি. জাওয়াদ একটি কোম্পানির মালিক। নির্দিষ্ট বিমা পলিসির ভিত্তিতে তিনি তার ৫,০০০ কর্মীর নিরাপত্তার জন্য জনতা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একটি বিমাচুক্তি করলেন। আবার জনতা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি প্রগতি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে একই বিষয়বস্তুর উপর একটি বিমাচুক্তি করল।

ক. তাৎক্ষণিক বোনাস কী? ১

খ. নিট প্রিমিয়াম কী? ২

গ. মি. জাওয়াদ কোন ধরনের বিমা করলেন উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রগতি লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি জনতা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির সাথে কোন ধরনের বিমা করল? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **পাঁচটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক-বিভাগ : ব্যাংকিং

১ ▸ আজমাইন এ বছর রাজশাহী মেডিক্যাল কলেজে ভর্তি হয়েছে। টাকা পাঠানোর জন্য তার বাবা জনাব খালেদ তাকে একটি ব্যাংক হিসাব খুলতে বলল। এজন্য সে সোনালী ব্যাংকের ব্যবস্থাপকের নিকট গেল এবং ব্যাংক ব্যবস্থাপক তাকে একটি হিসাব খোলার উপদেশ দিল যেটি তার জন্য উপযোগী।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. চলতি হিসাব কী সুদ প্রদান করে? ২
গ. ব্যাংক ব্যবস্থাপক আজমাইনকে কোন ব্যাংক হিসাব খোলার পরামর্শ দিল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ব্যাংক হিসাবটির গ্রহণযোগ্যতা সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

২ ▸ জনতা ব্যাংক লি. দেশের বিভিন্ন স্থানে শাখা স্থাপন করে মক্কেলদের নিকট হতে আমানত সংগ্রহ করে। মুনাফা অর্জন করা এই ব্যাংকের মূল উদ্দেশ্য। অন্যদিকে মেঘনা ব্যাংক লি. যার মুনাফা অর্জন মূল উদ্দেশ্য নয়। মেঘনা ব্যাংক লি. ঋণ নিয়ন্ত্রণে বিরাট ভূমিকা রাখে। যার মূল্য বৃদ্ধির সময় জনতা ব্যাংক লি. মেঘনা ব্যাংক লি. কে সহায়তা করে।

ক. ব্যাংকিং কী? ১
খ. KYC ফরম কেন গুরুত্বপূর্ণ? ২
গ. জনতা ব্যাংক লি. কোন ধরনের ব্যাংক? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যাংক দুটির মধ্যে কোন ব্যাংক দেশের উন্নয়নে এবং ব্যাংক ব্যবস্থার শৃঙ্খলা রক্ষায় অধিক ভূমিকা রাখে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মি. হাসান একজন ব্যবসায়ী। তিনি মাল বিক্রয় করে করিমের নিকট হতে চেকের মাধ্যমে অর্থ সংগ্রহ করেন। তিনি দুটি চেক সংগ্রহ করেন যার একটি ৫ লক্ষ টাকার এবং অন্যটি ১০ লক্ষ টাকার। ৫ লক্ষ টাকার চেকটি হতে তিনি সরাসরি অর্থ সংগ্রহ করতে পারেন। কিন্তু ১০ লক্ষ টাকার চেকটি হতে সরাসরি অর্থ সংগ্রহ করতে পারেন না। এই ১০ লক্ষ টাকা তার ব্যাংক হিসাবে জমা হয়।

ক. চেক কী? ১
খ. বিনিময় বিল বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে ১০ লক্ষ টাকার চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "১০ লক্ষ টাকার চেকটি ৫ লক্ষ টাকার চেক অপেক্ষা অধিক নিরাপদ" — উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

৪ ▸ ঢাকায় একটি ব্যাংক আছে যাকে সকল ব্যাংকের মুরুব্বি বলা হয়। ঢাকা ছাড়াও দেশের বিভিন্ন শহরে এটির আঞ্চলিক কার্যালয় আছে যেগুলো এটির কার্যক্রম পরিচালনায় সহায়তা করে। সব আঞ্চলিক কার্যালয়ে একটি নির্দিষ্ট কক্ষ থাকে যেখানে আন্তঃলেনদেন নিষ্পত্তি করা হয়। সব ব্যাংকের চেক ও ড্রাফটগুলো এখানে নিষ্পত্তির জন্য আনা হয়।

ক. ব্যাংক হার কী? ১
খ. খোলা বাজার কার্যক্রম বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে এটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা কর। ৩
ঘ. "অন্যান্য ব্যাংকগুলো এরূপ কাজ করতে পারে না"— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. কাশেম একজন ব্যবসায়ী। তিনি তার ব্যবস্থাপককে তার দেনাদারের নিকট ৫০,০০,০০০ টাকার চেক সংগ্রহের জন্য পাঠালেন। কিন্তু তিনি বেশ উদ্বিগ্ন ছিলেন কারণ টাকার পরিমাণ অনেক বেশি ছিল। চেকের বাম কোণে সমান্তরাল রেখা দেখে তিনি আশ্বস্ত হলেন।

ক. নিকাশ ঘর কী? ১
খ. ব্যাংক নোট ও সরকারি নোট কী একই জিনিস? ২
গ. উদ্দীপকের আলোকে এটি কোন ধরনের চেক? ব্যাখ্যা কর। ৩
ঘ. এই চেকটির কোনো তাৎপর্য আছে কী? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ মি. আসাদ চুম্বকীয় কার্ড দিয়ে টাকা উত্তোলন করতে পারেন। অন্যদিকে মি. সাব্বির একই কার্ড ব্যবহার করে পণ্য কিনতে ও বিল পরিশোধ করতে পারে। তার হিসাব থেকে অতিরিক্ত অর্থ উত্তোলন করতে পারেন। পরে এই অর্থ সুদসহ পরিশোধ করতে হয়।

ক. EFT এর পূর্ণরূপ কী? ১
খ. এজেন্ট ব্যাংকিং বলতে কী বোঝ? ২
গ. মি. আসাদ কোন ধরনের কার্ড ব্যবহার করেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. কোন কার্ডটি উত্তম? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বাজারে যাওয়ার সময় তৃষার বাবা তাকে ৫ টাকা এবং ১০ টাকার কিছু নোট দিল। সে নোটগুলোতে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম এবং বাংলাদেশ ব্যাংক গভর্নর এর স্বাক্ষর লক্ষ্য করে। আবার তার মা তাকে ২ টাকার কিছু নোট দিল যেখানে সে অর্থ সচিবের স্বাক্ষর এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার লেখা দেখতে পেল।

ক. ব্যাংক ড্রাফট কী? ১
খ. মোবাইল ব্যাংকিং কেন জনপ্রিয়? ২
গ. তৃষা তার মায়ের নিকট হতে কোন ধরনের নোট পেল? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. বড় অঙ্কের অর্থ লেনদেনের ক্ষেত্রে তৃষার বাবার দেওয়া নোট তার মায়ের দেওয়া নোট থেকে অধিক গুরুত্বপূর্ণ— উদ্দীপকের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

### খ-বিভাগ : বিমা

৮ ▸ জনাব বাতেন ৩০ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি ক্রয় করেন। উক্ত গাড়িটির জন্য তিনি ২৫ লক্ষ টাকার একটি বিমা করেন। হঠাৎ এক দুর্ঘটনায় তার গাড়িটি ক্ষতিগ্রস্ত হয় এবং তিনি নিজেও মারাত্মকভাবে আহত হন। দুর্ঘটনার পর জনাব বাতেন বিমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে গাড়ির জন্য ক্ষতিপূরণ পেলেও নিজের চিকিৎসা ব্যয় বাবদ কোনো ক্ষতিপূরণ পাননি।

ক. সেবার নীতি কী? ১
খ. "বিমা হলো পরম বিশ্বাসের চুক্তি" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব বাতেনকে তার গাড়ির জন্য ক্ষতিপূরণ প্রদানের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৩
ঘ. বিমাকারী প্রতিষ্ঠান কর্তৃক দুর্ঘটনাজনিত কারণে জনাব বাতেনকে ক্ষতিপূরণ প্রদান করার সিদ্ধান্ত ছিল যৌক্তিক। — তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৯ ▸ জনাব হৈমন্তি দে ৫ লক্ষ টাকার ১২ বৎসর মেয়াদি একটি বিমাচুক্তি সম্পাদন করেন। চার বৎসর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসচ্ছলতার কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানান এবং বিমাদাবি আদায়ের জন্য আবেদন করেন।

ক. সমকিস্তি বিমাপত্র কী? ১
খ. নিশ্চয়তার চুক্তি বলতে কী বোঝায়? ২
গ. জনাব হৈমন্তি দে কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব হৈমন্তি দে কি বিমাকারী কোম্পানি থেকে বিমাদাবি পাওয়ার অধিকারী হবেন? যুক্তি দাও। ৪

১০ ▸ AB লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি প্রিমিয়ামের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে বিমাদাবির সাথে বিমা প্রতিষ্ঠানের সম্ভাব্য বিভিন্ন খরচ যোগ করে। মুনাফাযুক্ত পলিসির ক্ষেত্রে মুনাফার পাওয়ার অধিকারী হবেন।

ক. গোষ্ঠী বিমা কী? ১
খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২
গ. প্রিমিয়াম নির্ধারণের পদ্ধতি বিবেচনায় AB ইন্স্যুরেন্স কোম্পানির ধার্যকৃত প্রিমিয়াম কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. সম্ভাব্য খরচ ও মুনাফা বিবেচনা না করে কীভাবে প্রিমিয়াম নির্ধারণ সম্ভব? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জনাব খালেদ তার বাবার সাথে একই বাড়িতে বসবাস করেন। বাড়িটি তার বাবার নামে। ভূমিকম্পনজনিত কারণে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এ আশঙ্কা হতে জনাব খালেদ বাড়িটি বিমা করতে গেলে বিমাকারী প্রতিষ্ঠান অস্বীকৃতি জানায়। তাই খালেদের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। পরবর্তীতে খালেদের বাবা বিমা প্রতিষ্ঠানকে না জানিয়ে বাড়িটির আকৃতিগত কিছু পরিবর্তন সাধন করেন। এতে বাড়িটি এক পাশে হেলে যায়। খালেদের বাবা বিমাদাবি পেশ করলে বিমাকারী প্রতিষ্ঠান তা দিতে অস্বীকৃতি জানায়।

ক. দায় বিমা কী? ১
খ. "কিছু কিছু ঝুঁকি নিয়ন্ত্রণ অযোগ্য"— ব্যাখ্যা কর। ২
গ. কোন নীতির জন্য জনাব খালেদের প্রস্তাবে বিমা প্রতিষ্ঠান বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব খালেদের বাবা কি বিমাদাবি পাওয়ার যোগ্য? বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 9 3

সময়—৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় চেইন ব্যাংক গড়ে ওঠে?**
K একক ব্যাংক L শাখা ব্যাংক
M গ্রুপ ব্যাংক N মিশ্র ব্যাংক

**২. অভ্যন্তরীণ ও বৈদেশিক ব্যবসায় ব্যাপক সম্প্রসারণ ঘটে—**
K প্রাচীন যুগে L মধ্যযুগে
M শিল্পবিপ্লবের আগে N শিল্পবিপ্লবের পরে

**৩. নগদে জমা ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির সাথে সম্পর্কিত?**
K ব্যাংক হার নীতি
L খোলাবাজার নীতি
M জমার হার পরিবর্তন নীতি
N জামানতের প্রান্তিক হার পরিবর্তন নীতি

**৪. চলতি মূলধন সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে কোনটি?**
K মুদ্রাবাজার L কাঁচাবাজার
M শেয়ারবাজার N স্বর্ণের বাজার

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. ফয়সাল তার বন্ধু মি. তমালের নামে একটি চেক ইস্যু করেছেন। চেকের সব তথ্য যথাযথভাবে পূরণ করলেও টাকার অঙ্ক লিখেননি। তবে তিনি চাচ্ছেন চেকটি এমনভাবে অনুমোদন করবেন যাতে মি. তমাল চেকটি অন্য কাউকে হস্তান্তর করতে না পারেন।

**৫. উদ্দীপকের চেকটি কোন ধরনের?**
K উপহার চেক L বাসি চেক
M ফাঁকা চেক N মার্কেট চেক

**৬. কোন ধরনের অনুমোদন মি. ফয়সালের জন্য উপযুক্ত হবে?**
K পূর্ণ অনুমোদন
L সাধারণ অনুমোদন
M শর্তসাপেক্ষে অনুমোদন
N সীমিত অনুমোদন

**৭. মুদ্রাস্ফীতি যে কারণে হতে পারে—**
i. অর্থের ক্রয়ক্ষমতা কমে যাওয়া
ii. অর্থের যোগান বেড়ে যাওয়া
iii. উৎপাদন কমে যাওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. ব্যাংক তহবিলের প্রাথমিক ব্যবহার হচ্ছে—**
K লভ্যাংশ প্রদান L ঋণদান
M স্থায়ী সম্পত্তি ক্রয় N বিল বাট্টাকরণ

**৯. ব্যাংক টাকা প্রদানে অস্বীকৃতি জানানোর কারণ—**
i. নির্ধারিত তারিখের পূর্বে চেকটি উপস্থাপন
ii. হিসাবে যথেষ্ট পরিমাণ টাকা না থাকা
iii. নমুনা স্বাক্ষরে মিল না থাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. খেলাপি ঋণ বা মন্দ বিনিয়োগের ১০% প্রভিশন হিসেবে কী থেকে সংরক্ষণ করতে হবে?**
K মুনাফা L দেনাদার
M আমানত N মূলধন

**১১. চৈনিক সভ্যতায় যে ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল?**
K গভর্নর ব্যাংক L ব্যাংক অব চায়না
M শান্সী ব্যাংক N মহাজনী ব্যাংক

**১২. হুকুম চেকের সমস্যা নয় নিচের কোনটি?**
K লিখতে L অর্থ সংগ্রহে
M হস্তান্তরে N নিরাপত্তায়

**১৩. হস্তান্তরের মাধ্যমে প্রাপ্ত চেকের স্বত্বাধিকারীকে কী বলে?**
K আদিষ্ট L আদেষ্টা
M অনুমোদনবলে প্রাপক N প্রাপক

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
মি. X একজন আমদানি এবং রপ্তানিকারক। তিনি তার অধিকাংশ ব্যাংকিং কার্যক্রম তার ব্যবহৃত মোবাইল ফোনের মাধ্যমে সম্পন্ন করে থাকেন। তিনি মাঝেমধ্যে ব্যবসায়িক প্রয়োজনে বিদেশ ভ্রমণে যান। বিদেশে তিনি মাঝেমধ্যে আর্থিক সংকটে পড়েন।

**১৪. মি. X কীভাবে তার ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করেন?**
K ইন্টারনেট ব্যাংকিং
L মোবাইল ব্যাংকিং
M এসএমএস ব্যাংকিং
N ফোন ব্যাংকিং

**১৫. মি. X বিদেশে গিয়ে কীভাবে আর্থিক সংকট দূর করতে পারবেন?**
i. ক্রেডিট কার্ডের মাধ্যমে
ii. ভ্রমণকারীর চেকের মাধ্যমে
iii. ভ্রমণকারীর প্রত্যয়ণপত্রের মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. অনলাইন ব্যাংকিং সুবিধা নিচের কোনটির ব্যবহার হ্রাস করেছে?**
K ব্যাংক ড্রাফট L পে-অর্ডার
M ব্যাংক নোট N প্রত্যয়পত্র

**১৭. নতুন ধরনের MICR চেকে কোন ঘর পূরণের প্রয়োজন পড়ে না?**
K তারিখ
L হিসাব নং
M টাকার পরিমাণ
N আমানতকারীর স্বাক্ষর

**১৮. বৃহদায়তন দোকানে পণ্যের মূল্য পরিশোধের জন্য যে ইলেকট্রনিক অর্থ স্থানান্তর পদ্ধতি ব্যবহার করা হয় তাকে কী বলা হয়?**
K বিক্রয় সেবা বিন্দু L সুইফট
M স্বয়ংক্রিয় নিকাশ ঘর
N মার্কেট চেক

**১৯. ডেবিট কার্ড ব্যবহারকারীদের কোন ব্যাংকে হিসাব থাকতে হয়?**
K ডিপোজিট পেনশন স্কীম
L সাধারণ স্থায়ী হিসাব
M সাধারণ সঞ্চয়ী হিসাব
N বিশেষ স্থায়ী হিসাব

**২০. মিসেস রত্না জীবন বিমা চুক্তি সম্পাদনকালে কম প্রিমিয়াম প্রদানের উদ্দেশ্যে তার বয়স ২ বছর কম উল্লেখ করেছেন। তিনি বিমার কোন নীতি ভঙ্গ করেছেন?**
K বিমাযোগ্য স্বার্থ L পরম সদ্বিশ্বাস
M প্রত্যক্ষ কারণ N স্থলাভিষিক্ততা

**২১. কখন বিমাগ্রহীতা সমর্পণ মূল্য পাবেন?**
i. ন্যূনতম ২ বছর বিমার কিস্তি পরিশোধ করলে
ii. বিমা পলিসি চালাতে অপারগ বা অনিচ্ছুক হলে
iii. মেয়াদি ও আজীবন বিমাপত্রের ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. কোন বিমার ক্ষেত্রে তুলনামূলকভাবে কম প্রিমিয়াম প্রদান করতে হয়?**
K মেয়াদি বিমায় L আজীবন বিমা
M সাময়িক বিমা N গোষ্ঠী বিমা

**২৩. ঝুঁকি ব্যবস্থাপনার কোন পদ্ধতি বিমার সাথে সম্পর্কিত?**
K ঝুঁকি হস্তান্তর L ঝুঁকি পরিহার
M ঝুঁকি নির্মূল N ঝুঁকি ধারণ

**২৪. বিমাগ্রহিতা কত বছর নিখোঁজ থাকলে আদালত মৃত ঘোষণা করতে পারে?**
K ৩ L ৫
M ৭ N ৯

**২৫. কোন নীতি অনুসারে একটি সম্পদ তিনটি প্রতিষ্ঠানের কাছে বিমা করা যায়?**
K আর্থিক ক্ষতিপূরণের নীতি
L বিমাযোগ্য স্বার্থের নীতি
M আনুপাতিক অংশগ্রহণের নীতি
N স্থলাভিষিক্তকরণের নীতি

**২৬. কোন ব্যক্তি বিমাচুক্তি সম্পাদনের অযোগ্য?**
K প্রাপ্তবয়স্ক L সচ্ছল
M প্রকৃতস্থ N দেউলিয়া

**২৭. জীবন বিমাদাবি উত্থাপনের জন্য প্রয়োজন—**
i. পারিবারিক তথ্য
ii. বয়সের প্রমাণপত্র
iii. মৃত্যু প্রমাণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. বিমাযোগ্য স্বার্থের ভিত্তি হলো—**
K অর্থ L সুনাম
M মালিকানা N সম্পর্ক

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তামিম তার পরিবারের কথা চিন্তা করে ফার-ইস্ট লাইফ ইন্স্যুরেন্স ও যমুনা লাইফ ইন্স্যুরেন্সে ১০ লক্ষ টাকা করে দুটি বিমাচুক্তি সম্পাদন করলেন এবং সে মোতাবেক বিমার প্রিমিয়াম নিয়মিত প্রদান করেন।

**২৯. জনাব তামিম কোন ধরনের বিমাপত্র খোলেন?**
K গ্রুপ বিমা L দ্বৈত বিমা
M পুনর্বিমা N আজীবন বিমা

**৩০. মেয়াদ শেষে জনাব তামিম বা তার নমিনি কত টাকার দাবি করতে পারবেন?**
K ১০ লক্ষ টাকা L ১৫ লক্ষ টাকা
M ২০ লক্ষ টাকা N ৩০ লক্ষ টাকা

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অনলাইন ব্যাংকিং সুবিধা কোনটির ব্যবহার হ্রাস করেছে?**
K ব্যাংক ড্রাফট L সরকারি নোট
M ব্যাংক নোট N প্রত্যয় পত্র

**২. কোনটির মাধ্যমে সীমাহীন ব্যাংকিং সেবা সরবরাহ করা যায়?**
K মোবাইল ব্যাংকিং
L ই-ব্যাংকিং
M হোম ব্যাংকিং
N এসএমএস ব্যাংকিং

**৩. নিচের কোন ব্যাংকটি অনলাইন সেবা থেকে বঞ্চিত?**
K শাখা ব্যাংকিং L গ্রুপ ব্যাংকিং
M একক ব্যাংকিং N চেইন ব্যাংকিং

**৪. ইলেকট্রনিক ব্যাংকিংয়ের জন্য অসুবিধা কোনটি?**
K দ্রুত লেনদেন L মেশিননির্ভর
M নির্ভুল হিসাবরক্ষণ N হিসাবের নিরাপত্তা

**৫. নগদ টাকা ও চেকের বিকল্প হলো—**
i. মোবাইল ব্যাংকিং
ii. ক্রেডিট কার্ড
iii. ডেবিট কার্ড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. বিমার উদ্দেশ্য হলো—**
K ঝুঁকি হ্রাস L সময়ের সাশ্রয়
M মুনাফা বৃদ্ধি N অর্থ স্থানান্তর

**৭. হুকুম চেকের উপর কোন শব্দ লেখা থাকে?**
K অথবা বাহককে L হস্তান্তরযোগ্য নয়
M অথবা আদেশ অনুসারে
N অ্যান্ড কোং

**৮. বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**৯. বিমার সূচনা হয় কোন বিমার মাধ্যমে?**
K জীবন L নৌ
M অগ্নি N সম্পত্তি

**১০. বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের?**
K ১৯৩৮ L ১৯৯১
M ২০০৩ N ২০১০

**১১. জীবন বিমার গুরুত্ব হলো—**
i. কর্মসংস্থান সৃষ্টিতে
ii. আর্থিক নিরাপত্তা
iii. বৃদ্ধ বয়সের নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
আবির একজন অটোচালক। নিজের অবর্তমানে পরিবারের আর্থিক নিরাপত্তার কথা চিন্তা করে একটি বিমাপত্র গ্রহণ করেন এবং মাসিক ২০০০ টাকা করে জমা দেন।

**১২. আবির কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন?**
K জীবন বিমা L নিরাপত্তা বিমা
M ভবিষ্যৎ বিমা N সচ্ছলতা বিমা

**১৩. আবিরের প্রদত্ত মাসিক ২,০০০ টাকাকে কী বলা হয়?**
K বিনিয়োগ L সমর্পণ মূল্য
M প্রিমিয়াম N বোনাস

**১৪. কমপক্ষে কত বছর প্রিমিয়াম দেওয়ার পর সমর্পণ মূল্য পরিশোধ করা হয়?**
K এক বছর L দুই বছর
M তিন বছর N চার বছর

**১৫. কোন বিমার ক্ষেত্রে গ্রুপ বিমা প্রযোজ্য?**
K নৌ বিমা L শস্য বিমা
M অগ্নি বিমা N জীবন বিমা

**১৬. ব্যাংক কীসের ব্যবসা করে?**
K মূলধনের L মুনাফার
M ঋণের N স্বর্ণের

**১৭. বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ভেনিস
L শাপ্সী ব্যাংক
M ব্যাংক অব সানজর্জিও
N ব্যাংক অব বার্সালোনা

**১৮. শাখা ব্যাংকের বৈশিষ্ট্য হলো—**
i. কেন্দ্রীয় ব্যাংকের সাথে সম্পর্ক
ii. প্রধান অফিস কর্তৃক নিয়ন্ত্রণ
iii. অধিক মূলধন গঠন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
X, Y ও Z তিনটি বেসরকারি ব্যাংকের পরিচালনা পর্ষদ জোটবদ্ধ হয়ে কাজ করার জন্য একত্রিত হয়। সিদ্ধান্ত হয় যে, ব্যাংক X হোল্ডিং ব্যাংক হিসেবে কাজ করবে। অন্য ব্যাংকগুলো হবে সাবসিডিয়ারি ব্যাংক।

**১৯. উদ্দীপকের ব্যাংকগুলো কী ধরনের ব্যাংকিং কাজের সিদ্ধান্ত নিয়েছে?**
K গ্রুপ L শাখা
M চেইন N একক

**২০. উদ্দীপকের ব্যাংকগুলোর বৈশিষ্ট্য হলো—**
i. সাবসিডিয়ারি ব্যাংকের অধিকাংশ শেয়ারের মালিকানা অর্জন
ii. অধীনস্থ ব্যাংকগুলোর উপর তদারক ও নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা
iii. সাবসিডিয়ারি ব্যাংকগুলোর পরিচালনা নীতি ও পদ্ধতি নির্ধারণ করে দেয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?**
K আমানত সংগ্রহ L মুনাফা অর্জন
M ঋণ নিয়ন্ত্রণ N ঋণ প্রদান

**২২. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?**
K ব্যবস্থাপনা পরিচালক
L মহাব্যবস্থাপক
M প্রেসিডেন্ট
N গভর্নর

**২৩. ব্যাংক হার বাড়লে—**
i. সুদের হার বাড়ে
ii. ঋণ সরবরাহ কমে
iii. বৈদেশিক বাণিজ্য বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
'M' ব্যাংক প্রায়ই আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংক উপস্থিত থাকলেও 'L' ব্যাংক তাতে উপস্থিত থাকে না।

**২৪. কোন ব্যাংকটির সাথে 'M' ব্যাংকের মিল আছে?**
K বাংলাদেশ ব্যাংক L পূবালী ব্যাংক
M ডাচ্-বাংলা ব্যাংক N জনতা ব্যাংক

**২৫. 'L' ব্যাংক আন্তঃব্যাংকিং কার্যাবলিতে উপস্থিত থাকে না, কারণ হলো—**
K তালিকাভুক্ত ব্যাংক
L অতালিকাভুক্ত ব্যাংক
M বাণিজ্যিক ব্যাংক
N কেন্দ্রীয় ব্যাংক

**২৬. ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশকে কী বলে?**
K চেক L পে-অর্ডার
M ব্যাংক ড্রাফট N বিনিময় বিল

**২৭. বিনিময় বিলের পক্ষসমূহ হলো—**
i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. প্রাপক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. কোন চেকের অর্থ ব্যাংকের মাধ্যমে সংগ্রহ করা হয়?**
K বাহক চেক L দাগকাটা চেক
M হুকুম চেক N উপহার চেক

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
রিমা লি. থেকে তমা লি. ৫,০০,০০০ টাকার একটি চেক পায়। চেকটি প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব জাহিদকে ব্যাংক থেকে ভাঙানোর জন্য দিলেন।

**২৯. উদ্দীপকে জনাব জাহিদ কোন পক্ষ বিবেচিত হবেন?**
K অনুমোদনকারী L ধারক
M আদেষ্টা N আদিষ্ট

**৩০. তমা লি. কর্তৃক প্রাপ্ত চেকটি কোন ধরনের?**
K বাহক চেক L হুকুম চেক
M দাগকাটা চেক N সার্টিফাইট চেক

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. শান্সী ব্যাংক কোন দেশে প্রতিষ্ঠিত হয়?**
K ইংল্যান্ড L মিশর
M জার্মানি N চীন

**২. সবচেয়ে ঝুঁকিপূর্ণ বিনিময় মাধ্যম কোনটি?**
K চেক L ড্রাফট
M বিল N নগদ অর্থ

**৩. বিশ্বেরও প্রথম কেন্দ্রীয় ব্যাংক কোনটি?**
K ব্যাংক অব ভেনিস
L শান্সী ব্যাংক
M ব্যাংক অব ইংল্যান্ড
N ব্যাংক অব সুইডেন

**৪. কোনটি ব্যাংকের অর্থনৈতিক কার্যাবলি বহির্ভূত?**
K আমানত গ্রহণ L অর্থের নিরাপত্তা দান
M ঋণদান করা N বিনিময় বিল বাট্টা

**৫. কোনটি ব্যাংকের সামাজিক কার্যাবলি নয়?**
K শিল্প উন্নয়ন L অর্থ স্থানান্তর
M কর্মসংস্থান সৃষ্টি N অর্থনৈতিক উন্নয়ন

**৬. নোট ইস্যু করা কোন ব্যাংকের কাজ?**
K সোনালী ব্যাংকের
L অগ্রণী ব্যাংকের
M বাংলাদেশ ব্যাংকের
N আইএফআইসি ব্যাংকের

**৭. স্বর্ণমান সংরক্ষণ নীতি অনুসরণ করে কোন ব্যাংক?**
K বাণিজ্যিক ব্যাংক
L কেন্দ্রীয় ব্যাংক
M শিল্প ব্যাংক
N আমদানি-রপ্তানি ব্যাংক

**৮. বাংলাদেশে নতুন ব্যাংক গঠন করার জন্য কোন ব্যাংকের অনুমতি লাগে?**
K এইচএসবিসি ব্যাংক
L আইএফআইসি ব্যাংক
M এক্সিম ব্যাংক
N বাংলাদেশ ব্যাংক

**৯. কেন্দ্রীয় ব্যাংক যে সুদের হারে বাণিজ্যিক ব্যাংকগুলোকে তাদের ঋণপত্র বা বিনিময় বিলসমূহের বিনিময়ে অর্থ ঋণ দেয় তাকে কোন নীতি বলে?**
K ব্যাংক হার L খোলাবাজার
M জমার হার পরিবর্তন N ঋণ রেশনিং

**১০. বাংলাদেশের সর্ববৃহৎ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক কোনটি?**
K জনতা ব্যাংক লি.
L সোনালী ব্যাংক লি.
M রূপালী ব্যাংক লি.
N অগ্রণী ব্যাংক লি.

**১১. অমুনাফাভোগী ব্যাংক হিসাবে গণ্য করা হয় নিচের কোনটিকে?**
K সমবায় ব্যাংক L কৃষি ব্যাংক
M কর্মসংস্থান ব্যাংক N কেন্দ্রীয় ব্যাংক

**১২. মুদ্রাস্ফীতি যে কারণে হতে পারে—**
K অর্থের ক্রয়ক্ষমতা কমে যাওয়া
L অর্থের যোগান কমে যাওয়া
M উৎপাদন বেড়ে যাওয়া
N অর্থের ক্রয়ক্ষমতা বেড়ে যাওয়া

**১৩. কেন্দ্রীয় ব্যাংকের ব্যাংক হার বৃদ্ধির ফলে—**
i. বাজারে অর্থের পরিমাণ হ্রাস পায়
ii. মুদ্রাস্ফীতি বৃদ্ধি পায়
iii. দ্রব্যমূল্য হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৪. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ?**
K ঋণ আমানত সৃষ্টি
L চেকের অর্থ সংগ্রহ ও পরিশোধ
M তথ্য সরবরাহ
N বিনিময় বিল বাট্টাকরণ

**১৫. কেন্দ্রীয় ব্যাংকের প্রতিনিধি হিসেবে কাজ করে কোন বাণিজ্যিক ব্যাংক?**
K সোনালী L জনতা
M অগ্রণী N রূপালী

**১৬. KYC-এর পূর্ণরূপ কোনটি?**
K Known Your Customer
L Known Your Consumer
M Know Your Customer
N Know Your Consumer

**১৭. ব্যাংককে 'ধার করা অর্থের ধারক' বলার পেছনে অধিকতর যৌক্তিক কারণ কোনটি?**
K আমানতকৃত অর্থ জমা করে বলে
L আমানতকৃত অর্থ ধার দেয় বলে
M ব্যাংক থেকে ধার নিয়ে ধার দেয় বলে
N ঋণদাতাদের থেকে ঋণ নিয়ে ঋণ দেয় বলে

**১৮. ব্যাংক তহবিলের ঋণকৃত উৎস হলো—**
K আমানত L শেয়ার মূলধন
M সাধারণ সঞ্চিতি N বিধিবদ্ধ রিজার্ভ

**১৯. একজন সরকারি চাকরিজীবীর বেতনভাতা জমা ও উত্তোলনের জন্য তুমি কোন হিসাব সুপারিশ করবে?**
K চলতি হিসাব
L সঞ্চয়ী
M স্থায়ী
N ডাকঘর সঞ্চয়ী হিসাব

**২০. চেক চাহিবামাত্র পরিশোধ্য একটি—**
K বিল L দলিল
M সাদা কাগজ N প্রত্যয়নপত্র

**২১. পৃথিবীর প্রাচীনতম বিমার নাম কী?**
K জীবন বিমা L বিবিধ বিমা
M অগ্নি বিমা N নৌ বিমা

**২২. কোনটি না থাকলে বিমাচুক্তি করা যায় না?**
K মালিকের স্বার্থ
L ব্যবসায়িক মুনাফা
M বিমাযোগ্য স্বার্থ
N জমাকৃত অর্থের মুনাফা

**২৩. ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
K বোনাস L প্রিমিয়াম
M সমর্পণ মূল্য N মুনাফার অংশ

**২৪. নমিনি নির্বাচন কোন বিমার জন্য বাধ্যতামূলক?**
K অগ্নি বিমা L নৌ বিমা
M জীবন বিমা N সাধারণ বিমা

**২৫. বিমা মানুষের জীবনে ব্যক্তিক ও সামাজিক নিরাপত্তা সৃষ্টি করে—**
i. বিপদ দূর করে
ii. অনিশ্চয়তা দূর করে
iii. ঝুঁকি দূর করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৬. সমর্পণ মূল্য প্রদান করা হয়—**
K বিমামূল্যের উপর
L বিমা দাবির উপর
M প্রাপ্ত প্রিমিয়ামের উপর
N বিমার মেয়াদকালের উপর

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাগর মণ্ডল তার পাটের গুদাম বিমা করেছিলেন। কিন্তু তিনি বিমা প্রিমিয়াম কমানোর জন্য কৌশলে পাটের পরিমাণ কম উল্লেখ করেছিলেন। এতে বিমা কোম্পানি তার চুক্তিটি বাতিল করে।

**২৭. জনাব সাগর মণ্ডল গুদামের পাটের জন্য কোন ধরনের বিমা করেছিলেন?**
K দায় বিমা L দুর্ঘটনা বিমা
M নৌ বিমা N অগ্নি বিমা

**২৮. নিচের কোন নীতি ভঙ্গের কারণে বিমা কোম্পানি চুক্তিটি বাতিল করে?**
K প্রত্যক্ষ কারণ L চূড়ান্ত সদ্বিশ্বাস
M বিমাযোগ্য স্বার্থ N সেবা নীতি

**২৯. মানুষের নিকট সবচেয়ে মূল্যবান হলো তার—**
K টাকা L সম্পদ
M সম্মান N জীবন

**৩০. কোন হিসাবের বিপরীতে ব্যাংক জমাতিরিক্ত ঋণ মঞ্জুর করে?**
K চলতি হিসাব
L সঞ্চয়ী হিসাব
M স্থায়ী হিসাব
N বিশেষ সঞ্চয়ী হিসাব

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৯

বিষয় কোড : 2 9 3

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. গারনিশি অর্ডার জারি করেন কে?**
K পাওনাদার L দেনাদার
M আদালত N গ্রাহক

**২. কোন সালে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭১ সালে L ১৯৭২ সালে
M ১৯৭৩ সালে N ১৯৭৪ সালে

**৩. CRR-এর পূর্ণরূপ কী?**
K Cash Reserve Ratio
L Cash Reserve Rate
M Cash Requirement Ratio
N Cash Reserve Requirement

**৪. জীবন বিমার দাবি উত্থাপনের জন্য প্রয়োজন—**
i. উত্তরাধিকার সনদপত্র
ii. বয়সের প্রমাণপত্র
iii. মৃত্যু প্রমাণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. ব্যাসেল-২ এর মোট স্তম্ভ কয়টি?**
K ৫টি L ৪টি
M ৩টি N ২টি

**৬. বিশ্বের কোন দেশে শাস্তি ব্যাংক প্রতিষ্ঠিত হয়?**
K ইংল্যান্ড L ইতালি
M জার্মানি N চীন

**৭. KYC-এর পূর্ণরূপ কী?**
K Know your consumer
L Know your creditor
M Know your criteria
N Know your customer

